[illegible]—কলিকাতা অমরকোষ (১৮৫০), সংবাদ বিলাস (১৮৫৫) সংবিধি বিলাস (১৮৫৮) এই তিনটি গ্রন্থ। তাঁর প্রেস থেকে সমাচার চন্দ্রিকা এবং সাপ্তাহিক পত্রিকাও প্রকাশিত হয়। সমাচার চন্দ্রিকার পৃষ্ঠায় আমরা ছাপাখানা সম্পর্কিত যে গুরুত্বপূর্ণ তথ্য পেয়েছি, তাঁর ছাপাখানার নাম ছিল বটতলার বটিয়াপোতে প্রত্যক্ষ কোনো যুক্তির সম্পর্ক নেই। উত্তরকালে সেই যুক্তির সম্পর্কটা আবিষ্কার করে উপেন্দ্রকিশোর—সুকুমার সিনহার 'ছাপার কথা' (১৯৬১-৬২) এবং সোমেন্দ্রনাথ বসুর 'ভূতের বাপের শ্রাদ্ধ' ইত্যাদি গ্রন্থে। শেষের গ্রন্থ দুটি রচিত হবার আগে পর্যন্ত জানা ছিল। উনবিংশ শতাব্দীর তৃতীয় দশক শেষ হবার আগেই বটতলা অঞ্চলকে কেন্দ্র করে ছোট্টো-বড় অনেক ছাপা প্রেস প্রতিষ্ঠিত হয়েছিলো। বিশ্বনাথ মুখিপাড়া, কুমোরটুলি, সোনাগাছি, অহিরীটোলা, গরানহাটা ও পটুয়াপাড়া ইত্যাদি স্থানে। একটা সময়ে আমার চিৎপুর রোডের দু ধারে বাহুড়ের ঝাড়ের মতো গজিয়ে উঠেছিলো বটতলার প্রেস। এই সমস্ত প্রেসগুলি থেকে ইংরেজদের গ্রন্থ প্রকাশের আগে যে সুযোগ ছিল তা এখানকার পরিশীলিত অধিবাসী ছাপাখানার আগে বটতলার অবস্থানকে ধরিয়ে গরীবের জীবনকে ধরেছিল। সেই সঙ্গে ছাপাখানার কাগজের কাটতি বেড়েছিল।

নিবুদ্ধি মানুষের হাতেও সব ক্ষেত্রে যে মহান গ্রন্থ প্রকাশিত হয়েছে তা নয়। ধর্মগ্রন্থ ছাড়াও এর সঙ্গে ধর্মগ্রন্থ মিশতে গেছে। আর তাদের সেই ছাপিয়ে পুরাণের বর্ণিত নিয়েছিল বটতলার ছাপাখানাগুলি, যেমন শ্রীরামপুর মিশন বা অন্যান্য উচ্চ মানের মুদ্রণালয় থেকে প্রকাশিত ধর্মগ্রন্থগুলি তেমন সহজে সাধারণ মানুষের ছিলো না, তাই বটতলায় সস্তা কাগজে, সস্তা প্রেসে ছাপা বইয়ের সমাদর দিন দিন বেড়েই চলেছিল। বটতলার বইয়ের দাম খুব কম ছিল—তার কারণ শুধু কম দামী কাগজ আর কম ছাপার খরচ বলেই নয়—প্রতিষ্ঠানগত আর অন্যান্য না থাকায় তাঁরা কম লাভে বই বেচে বেশী মানুষের কাছে পৌঁছে দিতেন। এছাড়া লাভের প্রত্যাশা তাঁরা খুব একটা করতেন না। শেষে যখন বটতলার ছাপা বইয়ের ক্ষেত্রে লাভ-লোভের বিষয়টি প্রধান হয়ে দেখা দিল—তখনও কিন্তু প্রকাশকদের মধ্যে তা ছিলো সীমাবদ্ধ।

এখানের বিশিষ্ট অনুষ্ঠের ধারণা—বটতলার বই মানে রাশিকৃত ফুলের ছাপার ওপর তার দাঁড়িয়ে থাকা। এ ধারণা কিন্তু ঠিক নয়। এ প্রসঙ্গে আশাবাদ সুকুমার সেন জানিয়েছেন—'পুরনো বটতলার বই অতি বিরল হয়ে পড়েছে। আমি অবশ্য পনেরো বছর আগেও সস্তায় সংগ্রহ করতে পেরেছি।' এ কথা জোরের সঙ্গে বলাই যে, সে সময়ে যত না দামী প্রেসে ছাপা বইয়ের তুলনায় বটতলার ছাপা বইয়ের মূল্যবৃদ্ধি হয়ে কম ছিলো। সুকুমার সেনের অভিজ্ঞতায় যে অসত্য নয়—তা আমরা দেখ কয়েকটি বটতলার বই-এ প্রত্যক্ষ ভাবে খুঁজতে পেয়েছি।

বিষয়ের দিক থেকে কোনো কোনো ক্ষেত্রে রীতিমত নতুন পেরিয়ে গেছেন বটতলার ছাপাখানা ও বটতলার ছাপা বই আধুনিক বাংলা সাহিত্যের একটি

কিতাব কালচার ফোরাম
ফিনাব কাল্চিজ ফোর্টবলিয়ম
বুক কালেজ ফোর্টবলিয়ম

[illegible] [illegible] [illegible] [

বাংলা গ্রন্থচিত্রণ : একটি রূপরেখা

মানসী রায়চৌধুরী

বিদেশে বিশেষ করে ইউরোপে মুভেবল টাইপ দিয়ে বই ছাপা শুরু হয় ১৪৫৪ বা ১৪৫৬ খ্রিস্টাব্দে। এদেশে প্রথম মুভেবল টাইপ ব্যবহার করে বই ছাপা শুরু হয় ১৭৭৮ সালে। হ্যালহেড সাহেবের 'এ গ্রামার অব দি বেঙ্গল ল্যাঙ্গুয়েজ'। ছাপাখানা ও ছাপার আরিশকীরান অবশ্যের দেশে এসেছে বিদেশ থেকে। সেই সঙ্গে এসেছে বুক ডিজাইনের ধারণা। বুক ডিজাইন বলতে বইয়ের কাগজ, মলাট, বাঁধাই, প্রচ্ছদ, ছবি, বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ, বই শুরুর নামপত্র ও অন্যান্য প্রাথমিক বিষয়গুলিতে ব্যবহৃত হরফের বৈচিত্র্যের সামঞ্জস্য, বইয়ের ভিতরে হরফ-পরিচ্ছন্নতার আলো, তার চারপাশে ছাড়া জায়গা আর সব মিলিয়ে যে পরিবেশ তৈরি হয়, প্রযুক্তিবিদ্যা ও অলঙ্করণের ব্যবহার ইত্যাদি।

ছাপাখানা আসার আগে এদেশে পুঁথিপত্র, নথিপত্র, সরকারি নকশা, মানচিত্র ইত্যাদির প্রতিলিপি করা হত একান্তভাবে হাতের কাজ। এ ব্যাপারে হরফের শ্রী-ছাঁদ, ছাড় বা মার্জিন, ছবির ব্যবহার, হরফের ব্যবহার ইত্যাদির নিজস্ব পদ্ধতি ও নিয়মকানুন ছিল।

পঞ্চানন কর্মকার হলেন প্রথম দেশীয় কারিগর যিনি সাহেবদের কাছে কাজের অর্ডার, অক্ষর ঢালাই করা ও ছবি ছাপার জন্য প্রয়োজনীয় ব্লকে কাটারও কাজ শেখেন। এদেশে সর্বপ্রথম যাঁরা ব্লক কাটতেন তাঁরা একাধারে ছিলেন চিত্রকর ও ব্লক এনগ্রেভার। পঞ্চাননের ছাত্রদের ছেলেরা ১৮৪১ সালে স্থাপিত 'চন্দ্রোদয়' নামে একটি প্রেস চালাতেন। এঁদের ছাপা চিত্রিত শঙ্খিকার জন্য ছবির ব্লক নিকেরাই কাটতেন।

আমরা সচিত্র বাংলা বইয়ের প্রথম সাক্ষাৎ পাই ১৮১৬ সালে। বইটি গঙ্গাকিশোর ভট্টাচার্য প্রণীত 'ভাষাতন্ত্রের 'অন্নদামঙ্গল' বইটিতে দু'খানা ছবি আছে। 'অন্নদামঙ্গল' প্রকাশিত হবার পর অনেকগুলি সচিত্র বাংলা বই প্রকাশিত হয়। এর মধ্যে ১৮১৮ সালে রাধামোহন সেন প্রকাশিত 'সংগীততরঙ্গ' বইয়ে ছটি কপার প্লেট এনগ্রেভিং আছে।

কলকাতা বুক সোসাইটি প্রতিষ্ঠিত হয় ১৮১৭ সালে। সোসাইটি প্রকাশিত বইগুলিতে পাওয়া যায় বহু চিত্রাঙ্কনের আঁকা ছবি। উনিশ শতকের প্রথম তিন দশকে ছাপা বাংলা বইয়ের চিত্রণের ক্ষেত্রে উল্লেখ্য ব্যাপার হল



উনিশ শতকের গ্রন্থচিত্রণ: ১৮৪৬

'আইকন ইলাস্ট্রেটেড' বইয়ের প্রচ্ছদ : মোড়ল পেঙ্গুইন ও তার সঙ্গিনী

পুরস্কৃত ২৭ ডিসেম্বর, ২০০০

সংখ্যার সংযোজন

পুরস্কৃত ২৭ ডিসেম্বর, ২০০০ সংখ্যার ১১ পৃষ্ঠায় 'ইঁদুরের পার্টি' শীর্ষক সংবাদে অনবধানতাবশত একটি শব্দ মুদ্রণ পড়ে গেছে। এজন্য আমরা দুঃখিত। ছবিতেই শেষ লাইন দুটি সংযোজিত হলে হবে। পৌষলাভের বিনোদন অনুষ্ঠানে ইঁদুরদের অংশগ্রহণ অনুমোদন করা হয়নি।

—সম্পাদক

ঠাকুরমা'র ঝুলি

শিল্পী: দক্ষিণারঞ্জন মিত্রমজুমদার

সেনী দেখি সোমদত্ত উঠিল তখন।
হুড়াহুড়ি মহা যুদ্ধ করে দুই জন॥

তবে সেনী মহা কোপে ধরে তার চুলে।
দেখিয়া হইল হাস্য সভা সকলে॥

কোপে ধরি চড় মারে বক্ষের সমানে।
এক চড়ে দন্ত ভাঙ্গি পড়ে খানে খানে॥

তবে সভে উঠি গহা নিবারণ কৈল।
অভিমানে সোমদত্ত দেশেরে চলিল॥

সভা মধ্যে সোমদত্ত পাইয়া অভিমান।
তপস্যা করিতে বলে করিল পয়ান॥

দ্বাদশ বৎসর সেই কৈল অনাহারে।
একচিত্তে সোমদত্ত সেবে মহেশ্বরে॥

তপস্যায় বস হইল দেব দিগম্বর।
বৃষভে চড়িয়া আইল বলের ভিতর॥

শিব বলে বর মাগ সুনহ বাজন।
এত বলি সোমদত্তে তাকে পঞ্চানন॥

খাঁন

[illegible] [illegible] [illegible] [





[illegible]



[illegible]

শকুন্তলা [illegible]

'আবর্জনার ঝেঁপ' : [illegible]

ঋতুরঙ্গশালা'। এর প্রচ্ছদ-নামকরণ রবীন্দ্রনাথ আর সেই প্রচ্ছদকে চিহ্নিত করলেন শিল্পাচার্য নন্দলাল বসু। প্রচ্ছদ থেকে শুরু করে শেষ পাতা পর্যন্ত এই বইটির এমন একটি ভারসাম্য রয়েছে, বাংলা গ্রন্থচিত্রণে যার তুলনা খুঁজে পাওয়া যায় না। প্রথমেই নজর কাড়ে বইয়ের পুষ্পসজ্জা। ভিতরে কবিতাগুলির বিষয় অনুসারে পাতায় পাতায় অলঙ্করণ। কোথাও পরিপূরক করা হয়েছে অতি পরিচিত দৃশ্য—কাঁধে বোঝাই গোরুর গাড়ি সার বেঁধে চলেছে, রিক্ত প্রান্তরের মধ্য দিয়ে। সমস্ত অলঙ্করণই সৃষ্টি হয়েছে সরু ও মোটা তুলির অনায়াস ও অমোঘ টানে।

প্রথম সংস্করণের মলাট

বইয়ের আর এক অসামান্য গ্রন্থচিত্রণ হল 'সহজপাঠ'। প্রথম ভাগ, দ্বিতীয় ভাগ ও আংশিক তৃতীয় ভাগ। পাঠ্য-পুস্তকের প্রাথমিক পর্ব পুরোপুরি বজায় রেখেও শিশু শিক্ষার বইয়ের চিত্রবস্তু কতখানি শিল্প মূল্যমণ্ডিত হতে পারে তার অবিস্মরণীয় নজির রেখে নন্দলাল বসুর 'সহজপাঠে'র গ্রন্থচিত্রণে। 'সহজপাঠ' প্রথম ভাগের চিত্রকর্মে তিনি ব্যবহার করেছেন লিনোকাট ছবির কৌশল—সাদা-কালোর আশ্চর্য জাদু। আবার দ্বিতীয় ভাগে এসে নন্দলাল অঙ্কনরেখার শ্রীময় সরল ও ভাস্কর্য সৌন্দর্যযুক্ত চিত্র এঁকেছেন।



পঞ্চানন কর্মকার, সুকুমার চিত্র

১৯২৫ থেকে ১৯৪৩ সালের মধ্যে যাঁরা বাংলা বইয়ের প্রচ্ছদচিত্রণের কাজে আত্মনিয়োগ করেছিলেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন শৈল চক্রবর্তী, প্রফুল্ল রায়, সুকুমার বন্দ্যোপাধ্যায়, সমর সে, প্রমুখ। তাঁদের যোগদানের ফলে প্রচ্ছদ ছবি, বিশেষ করে ওষধ বৈজ্ঞানের ছবির জন্য প্রসিদ্ধ।

চল্লিশের দশক থেকে বিজ্ঞাপন সংস্থা বা অ্যাডভার্টাইজিং এজেন্সির কাজকর্মের বেশ কিছুটা রদবদল হয় এসেছে। কমার্শিয়াল আর্টিস্টদের বেশ চাহিদা হয়। এই দশকেই আমরা দেখতে পাই কমার্শিয়াল আর্ট বা প্রচারিক চিত্রকলার ক্ষেত্রে এক নতুন মোড় যার উদ্ভব হয় তৎকালীন বিজ্ঞাপন সংস্থার কর্মরত আর্টিস্টদের প্রচেষ্টায়।

এই দশকে বাংলা প্রকাশনার ক্ষেত্রে বুক জ্যাকেট ও গ্রন্থচিত্রণের ব্যাপারে যে কয়জন শিল্পী বিশেষভাবে সন্ধান নিয়েছেন তাঁদের পুরোধা ছিলেন সত্যজিৎ রায়। এই সময়েই বাংলা প্রকাশনার ক্ষেত্রে কলাভবন পথপ্রদর্শক ডি কে গুপ্তের

[illegible]

নেতৃত্বে শিল্পটে ব্লকের আবির্ভাব। শিল্পটে ব্লকের প্রবর্তনিদের বহু অনবদ্যে-বেওয়া বইয়ের ডিজাইনার হলেন সত্যজিৎ রায়। এক্ষন থেকে শুরু করে নামপত্র, ডিতরের পাতার অলঙ্করণ বিন্যাস, অলঙ্করণ, প্রচ্ছদচিত্রণ সব কাজেই তাঁর অনন্যতা। বাংলা প্রকাশনার জগতে আধুনিকতা এনেছেন সত্যজিৎ রায়।

সত্যজিৎ রায় বিজ্ঞাপন সংস্থায় যোগ দেন ১৯৪৭ সালে আর এ কাজ ছেড়ে [illegible] অবধি [illegible] করেন ১৯৪৮-৪৯। সুকুমার রায়ের লেখা 'পাই পাই', 'অবাক পাই', 'পাগলা দাশু' বইগুলিতে, 'আম আঁটির ভেঁপু', 'পরশপাথর শ্রীশ্রীরামকৃষ্ণ', জীবনানন্দের 'জলপাই রাঙের', 'অবলা সেন', অবনীন্দ্রনাথের 'রাজকাহিনী', 'ভিন্ন অবতেটের ঘুমাবনের', 'মনুষ্যখেকো বাঘ' প্রভৃতি গ্রন্থের প্রচ্ছদ ও গ্রন্থচিত্রনে সত্যজিতের অসাধারণ প্রতিভার সাক্ষাৎ পাওয়া যায়। পরে ১৯৬১ সাল থেকে 'সন্দেশ' পত্রিকা নতুন করে শুরু হলে আমরা সত্যজিৎকে একাধারে সাহিত্য ও চিত্রকলের মৈত্র ভূমিকায় অবতীর্ণ হতে দেখি।

সত্যজিতের সমসাময়িক আরেক একজন শিল্পী হলেন মাখন দাশগুপ্ত। অতিন্দ্রকুমার সেনগুপ্তের 'মেঘে' ও

[illegible]

অবনীন্দ্রনাথ ঠাকুরের 'শকুন্তলা' বইতে তাঁর সবল চিত্রকর্ম আমাদের মন টানে।

ত্রিশ থেকে পঞ্চাশের দশকের অন্যতম শক্তিমান গ্রন্থ চিত্রকরের মধ্যে আছেন সমর ঘোষ, শৈল চক্রবর্তী, সুধীর মৈত্র, সতীশ সরকার প্রমুখ।

ত্রিশ শতকের গ্রন্থচিত্রকরদের জগৎ ছিল কলিকাতা, চিৎপুর বা কলকাতার আশেপাশে সীমাবদ্ধ ; সেই সঙ্গে তাদের চেতনায় ছিল তৎকালীন ঔপনিবেশিক অলঙ্করণের ধারা সম্পূর্ণ রূপে প্রভাবিত। পরবর্তীকালের শিল্পীদের ক্ষেত্রে বিশ্বের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ যা তাদের মূলের দিককে প্রসারিত করেছে। তার প্রকাশ আমরা দেখেছি তাঁদের কাজে।

[illegible] থেকে (১৯৭৪)

কৃতজ্ঞতা স্বীকার :

অতিন্দ্রকুমার সেনগুপ্ত — বাংলা বইয়ের বিজ্ঞাপন : শত শতকে

রঞ্জনা ঘোষালী — দুই শতকের গ্রন্থচিত্রন

পরিতোষ সেন — ভিন্ন সত্যজিৎ রায়

শিল্পী: সুপ্রিয় চক্রবর্তী

'ঠেলুদা আর খোকা': সরাসরি রঙ

শিল্পী: শৈলা চক্রবর্তী

শিল্পী: সমীর সরকার



শিল্পী: সমর দে

শকুন্তলা: মানস বন্দ্যোপাধ্যায়

'বহুরূপী' ও 'আমপাতির ঠোঙ্গা': সরাসরি রঙ

কলকাতার অহংকার : বইমেলা

কালিদাস হাজরা

সময়টা ছিল ১৯২৭ সাল। জার্মানির 'লাইপজিগ' শহরে প্রথম বইমেলার আয়োজন থেকেই, ব্যাপকভাবে—১৯৪৯ সালে ফ্রাঙ্কফুর্ট শহরে বড় আকারের বইমেলার যাত্রা শুরু হয়েছিল। আসলে পঞ্চদশ শতাব্দীর থেকেই পশ্চিম দুনিয়ায় বইমেলার আয়োজন চলছিল বিভিন্নভাবে।

তাৎপর্য, যা হবার তাই হল,—অর্থাৎ ইংল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, ফ্রান্স প্রভৃতি স্থানে বিশ্ব বইমেলা শুরু হয়ে যায়—একে অপরের দেখাদেখি... সেই সব বিশ্ব বইমেলাগুলিতে ভারতীয়, তথা কলকাতার বুদ্ধিজীবী বাঙালি ও অন্যান্যরা প্রকাশকরাও সামিল হয়ে অংশ নিতে বিশ্বের দরবারে—কলকাতা ও কলেজ স্ট্রিটের ঐতিহ্যের ধারাকে অক্ষুণ্ণ রেখেছিল, যা আজও কলকাতার গৌরব।

আধুনিক চিন্তাধারায় ভারত, তথা কলকাতা কয়েকটি ক্ষেত্রে পিছিয়ে রয়েছে, তাই আধুনিকতম ক্ষেত্রগুলি যে কোন দেশের হয়ে থাকে, তবে তা হল—শিল্প-সংস্কৃতির বড় অঙ্গ হিসাবে কলকাতার বুকে নতুন শতাব্দীর (২০০০) ২৪তম বইমেলা।

শিক্ষার উৎকর্ষের সঙ্গে সঙ্গে জীবন যাত্রার নানা প্রশ্ন জাগে আকাঙ্ক্ষার প্রতিনিয়ত, প্রকাশনাগুলিরাজ্যের ব্যাপক হারে হোলো, তাই তাদের দীর্ঘদিন

পাঠাসূচি থেকে, মনের খোরাক, বইয়ের লেখকদের সংকীর্ণ পরিসর থেকে কিশোর বইমেলার যুক্তাঙ্গনে খুঁজে পেতে চায় তার অজানা—উত্তরগুলি।

তার বাস্তব রূপায়ণ পশ্চিমবঙ্গে ঘটে গেল। পশ্চিমবঙ্গ সরকার জনমানসে নতুন সংস্কৃতির পরিমণ্ডল গড়ে তোলার জন্য কয়েকটি কর্মসূচি গ্রহণ করেন, তা হল, (১) বইমেলা, (২) গ্রন্থাগার আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করা, আরও বই ও পাঠাগার একে অপরের পরিপূরক।

তাই আজকাল অর্থ সংকোচে পশ্চু গ্রন্থাগারগুলিকে সতেজ সুস্থ করে তোলার অভিপ্রায় নিয়ে বিভিন্ন মহকুমাতেও। যেমন উলুবেড়িয়া, মেদিনীপুর, নতুন নতুন গ্রন্থাগার ও মেলা। সেগুলি নতুন কর্মসূচিতে প্রকাশ করা হয়,—সাধারণ গ্রন্থাগারগুলি, শুধু উচ্চ বা শহরে শ্রেণীর ও মধ্যবিত্তদের মানসিক চাহিদা পূরণের বা, চিত্তবিনোদন সামগ্রী হিসাবে চিন্তা করলে চলবে না। তাদের কাজ হবে—(ক) জনসাধারণের শিক্ষা ও সংস্কৃতির মান উন্নয়ন, (খ) জীবন ও জীবিকার প্রয়োজনে জ্ঞান ও তথ্যের পরিবেশন, প্রভৃতি গুরুত্ব সহকারে গ্রন্থাগারগুলিকে বাজার ও বিভিন্ন



কর্মসূচির আওতায় গ্রন্থাগারকে নারিয়া ও অবহেলিত, অল্প শিক্ষিত ও নানা সাধারণ মানুষের কাছে নিয়ে যাওয়া। এটা কেবল মুখের কথা, কাজের কথা।

বই থেকে, পশ্চিমবঙ্গ সরকারের কর্মসূচির প্রত্যেক প্রস্তাব পেশ করেছি বিভিন্ন ক্ষেত্রে যেমন, (১) বাজার বইয়ের প্রকাশনার ক্ষেত্রে সবচাইতে উপযোগী প্রকাশন, (২) বইমেলা, বই কেনা, মানের উপযোগী প্রকাশন, (৩) গ্রন্থাগারের চাহিদা অনুযায়ীই বই প্রকাশ, সংগ্রহ ও বিশেষভাবে বইমেলা থেকে সুলভ মূল্যে বই কেনা। শেষ পর্যন্ত তার সঙ্গের গ্রন্থাগার পশ্চিমবঙ্গে বলিল,—ঈদসূচি বইমেলার কথা নিয়ে।

২

বস্তুতপক্ষে একদিকে আজকের বইমেলা আর্থনিক ব্যবসাক্ষেত্রে তুলে ধরে তুলেছে, অন্যদিকে মানের আকাঙ্ক্ষার—প্রতিটির সমস্ত দিকটি ধরিয়েছে। এই দিকটি মেলার বিভিন্ন রূপ—বিভিন্ন ধরনের নানা সূচির, নানা প্রকারের, অনেকের আকারবৃদ্ধিসহিয়ার নানাও। পাঠকের সঙ্গে প্রকাশকের, লেখকের কথা—কবি, সাহিত্যিকের, প্রকাশকদের সঙ্গে পাঠকের মুখোমুখি আলাপ-আলোচনা, কর্মচারীর এক বড় সম্পদ ও উচ্চ সাংস্কৃতিমানের শক্তিরূপ। আজকেই আধুনিক সমাজের একদিনকেন্দ্রিক হল—আজকের বইমেলা ; অর্থাৎ বিজ্ঞানের যন্ত্র সভ্যতার যুগে এটাই আমাদের সবচেয়ে বড় পাওনা।

ঠিক এইভাবে পশ্চিমবঙ্গের জনজীবনে প্রেই পার্বণের সঙ্গে গ্রোকজনের পার্বন হিসাবে জনজাতার বইমেলা সকলের প্রিয় হয়ে উঠেছে।

৩

বিশেষ বইমেলাগুলি

১৯৭৫ সালে বই-এর আধারে সাংস্কৃতিক চেতনার উন্মেষ বা বিকাশ বইমেলার কল্পিকা নিয়ে সেই দিন থেকে রয়েছিল রাজধানী কলকাতায় প্রথমে বইমেলা। উদ্যোক্তারা ছিলেন পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স সিভিলের ১৪ জন সদস্য নিয়ে। বর্তমানে তাঁদের সদস্য সংখ্যা প্রায় ৪০-এর কাছাকাছি। উদ্যোগের উদ্যোক্তা ছিল বই ছাপান ; প্রচার ও প্রসার ঘটানো। বস্তুতপক্ষে তখন বই কেনার তেমন ভাল সেকাল ছিল না, সেখানে শহরের কলিকাতায় বই-এর আকাশে বিকাশ করতে পারছেন না, গ্রন্থাগার বিভাগের পারছেন না, তাই পাঠকের কাছে মনে হত নানা ছিল, ও সংকট। আসল কথা মনের মত বই না পেয়ে আক্ষেপ করতেন। সেদিনের এই আক্ষেপ থেকেই যে চিন্তা-ভাবনার প্রথা সৃষ্টি হয়েছিল—সেটাই কলকাতায় বইমেলার জন্ম নিয়েছে।

১৯৭৬, ১লা মার্চ প্রকাশ্যে পেশ করি বিড়লা অ্যাকাডেমির বিশাল বিকে প্রথম কলকাতার বইমেলা, উদ্যোগে করেছিলেন,—রাজ্যপাল, এ এল ডায়াস প্রথম বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশকের সংখ্যা ছিল মাত্র ৫৪ জন। এরপরে শুরু হল প্রতি বছরের বইমেলার কর্মসূচি।

১৯৭৭

শুরু হল মধ্যগগনে দ্বিতীয় বইমেলা। মেলার উদ্বোধক ছিলেন বসুরাজ বন্দ্যোপাধ্যায়।

১৯৭৮

তৃতীয় বইমেলা। স্থান ছিল রবীন্দ্রসরোবরের বিশাল বিকের মাঠে। উদ্বোধন করেন—সুনীতিকুমার চট্টোপাধ্যায় এবং ১১৫ জন প্রকাশক অংশ নিয়েছিলেন। এই বইমেলা থেকেই কলকাতার ও পশ্চিমবঙ্গের মানুষের আগ্রহ বাড়তে থাকে।

১৯৭৯

শুরু হল চতুর্থ কলকাতার বইমেলা, এই মেলার বৈশিষ্ট্য ছিল যে—পাঠক ও প্রকাশকের উদ্যোগে, উদ্বীপনা থেকে পশ্চিমবঙ্গ সরকার নতুন করে শিক্ষা-ভাবনার প্রসার ঘটান।

১৯৮০

এলো পঞ্চম কলকাতার বইমেলা। ২০ ডিসেম্বর বিশ্ব পার্থিবার নিয়ম উপলক্ষে দিনের প্রতিদ্বন্দ্বী হিসাবে আজকাল সংবাদপত্র—"বাঙালীর প্রকাশক ও পুস্তক বিক্রেতার সভা" শুরু করল,—

বইমেলার এই মেলায় পাঠকের ভিড়

"পশ্চিমবঙ্গ পুস্তক মেলা" উদ্বোধন করেছিলেন তৎকালীন মন্ত্রী। এই মেলার লক্ষ্য ও উদ্দেশ্য ছিল,—বইয়ের ব্যাপক প্রচার ও আগ্রহ সৃষ্টি, তার জন্য বই প্রেমিকদের সঙ্গে, বঙ্গের পাঠাগারগুলি, যেন বইমেলা থেকে সুলভ মূল্যে প্রকাশিত বই কিনতে পারে। এই মেলার পৃষ্ঠপোষক ছিলেন রাজ্য সরকার।

১৯৮১

আবার ছাব্বিশদল নিয়ে কলকাতার বুকে শুরু হল, ৬ষ্ঠ বইমেলা। উদ্বোধক ছিলেন সদ্য ভারতের নোবেল জয়ী তাঁর অবদান নেন। অবশ্য তখন তাঁকে অবাঙালিবিদি হিসেবেই পেয়ে দেশের সকলেই খুশি হয়েছিলেন।

১৯৮২

শুরু হল ৭ম কলকাতা বইমেলা, উদ্বোধন করেছিলেন প্রফুল্ল চন্দ্র। গতবারের তুলনায় প্রকাশক ও পাঠকের সংখ্যা গেল বেড়ে। ওই মেলা থেকেই পুরোপুরি স্বাধিত্ব পেল পশ্চিমবঙ্গ সরকার। ওই দায়িত্বে ছিল ১০-১১ বছর। তারপর সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে—আর দুটি মেলা নয়, কলকাতার বুকে যৌথভাবে একটি মেলাই করা হবে। পরিচালনার ভারও দিল্লি-এর কর্তৃপক্ষ, নামকরণ হবে,—"কলকাতার বইমেলা" ধীরে ধীরে ছড়িয়ে তা পড়ল পশ্চিমবঙ্গের ১৮টি জেলায়।

১৯৮৩

এলো ৮ম বইমেলা। বৈশিষ্ট্য ছিল—এবার রবীন্দ্রসদনের উল্টোদিকের ময়দান ছেড়ে বিড়লা তারামণ্ডল পর্যন্ত গেটি ময়দানে বইমেলার আয়োজন হয়েছিল। শুধু তাই নয়—২৮৪ জন প্রকাশক ও পুস্তক বিক্রেতা পসরা সাজিয়ে তুলেছিলেন। ফলে মেলার মর্যাদা অনেক যেমন বেড়েছিল তেমনি প্রকাশকগণ লাভও করেছিলেন, উদ্বোধক ছিলেন, দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়।

১৯৮৪

শুরু হল ১৭ বইমেলা। সেবার কলকাতার বইমেলা "অলচিল রিপোর্ট গ্যারেড গ্রাউন্ডে। উদ্বোধক ছিলেন : মুখ্যমন্ত্রী আনন্দ। স্টলে-গ্রহণকারী প্রকাশক ও পুস্তক সংস্থার সংখ্যা ছিল, ৩৮৩ জন। পূর্বের তুলনায় এই মেলায় ভীড়ও গেল আরও বেড়ে।

১৯৮৫

এবার আবার মেলা ফিরে এলো পূর্বের জায়গায়। শুরু হল ১৩ম বইমেলা, উদ্বোধন করেছিলেন—রামকৃষ্ণ মুখোপাধ্যায়। ছোট-বড়

প্রকাশকের সংখ্যা এই মেলায় বৃদ্ধি পায়।

১৯৮৬

বিপুল উৎসাহ নিয়ে শুরু হল ১১তম বইমেলা। মেলা উদ্বোধন করেছিলেন—সুনন্দা ভাদুরি। ক্রেতা ও বিক্রেতাদের সংখ্যা গেল বেড়ে।

১৯৮৭

কলকাতার বুকে আবার দেখা দিল ১২তম বইমেলা। পূর্বের তুলনায় মেলার আয়তন প্রকাশক ও পাঠকের সংখ্যা বিগুণ হল, মেলা উদ্বোধক ছিলেন—অমীন বাসবন্তু।

১৯৮৮

এল কলকাতার বুকে ত্রয়োদশ বইমেলা। এই মেলার উদ্বোধক ছিলেন—রাজা রামান্না। মেলার আয়োজন ও উৎসাহ পূর্বের তুলনায় অনেক বেড়ে ছিল, যা উল্লেখযোগ্য।

১৯৮৯

১৪তম বইমেলার উদ্বোধক ছিলেন—আন্দ্রে লেভিন। বইবিপণি থেকে কিনু কিনু প্রকাশক ও পাঠকের সংখ্যা বাড়তে থাকে। জনসাধারণ উল্লেখযোগ্য।

১৯৯০

১৫তম কলকাতার বইমেলা শুরু হল। উৎসাহ ও উদ্দীপনায় ছিল না কোন ভাটার টান। পর বছরের মতো সাংস্কৃতিক জীবনে বইমেলা এনেছিল নতুন জোয়ার। মেলা উদ্বোধক ছিলেন অমীয়া চট্টোপাধ্যায়।

১৯৯১

কলকাতার স্মরণীয় বইমেলার বছর। ষোড়শ, অর্থাৎ ১৬তম কলকাতার বইমেলা এই মেলার স্থানের পরিবর্তন ঘটিল। অর্থাৎ পার্ক স্ট্রিটের ক্রসিং-এর কাছে ফিরে এলো। এই মেলায় পূর্বের তুলনায় অংশগ্রহণকারী প্রকাশকদের সংখ্যা পূর্বের তুলনায় বেড়ে গিয়েছিল। শুধু তাই নয়, বইপ্রেমী, পাঠক, লেখক ও প্রকাশকদের প্রত্যাশা গেল আরও বেড়ে। মেলার উদ্বোধক ছিলেন বি ডি নাগচৌধুরী।

অষ্টাদশ মেলার অন্যতম আকর্ষণ ছোটদের আসর

আরম্ভ এই মেলায় একটা বৈশিষ্ট্য সৃষ্টি হয়েছিল, তা হল বইয়ের জন্য পদযাত্রা। সেদিন সকালে কলকাতার সবাইকে অবাক করে দিয়েছিল। কলকাতার সড়কে বইয়ের জন্য পদযাত্রায় অংশ নিয়েছিলেন কয়েক হাজার মানুষ। মিছিলে ধ্বনিত হল, বই পড়ুন, বই কিনুন ইত্যাদি। বইপ্রেমিকদের সঙ্গে যুক্ত হয়েছিলেন সাহিত্যিক, কবি, শিল্পী, শিক্ষক ও প্রগতিশীল মানুষেরা। উদ্বোধন করেছিলেন ফেডারেশন-এর বিদায়ী সভাপতি পূর্ণচন্দ্র পাত্রমেল, এবং বক্তিদের মেলপ্রিয় পার্ক হয়ে পদযাত্রা মিলিত হয়েছিল বইমেলা প্রাঙ্গণে।

১৯৯২

বইপ্রেমিক মানুষ ভুলতে পারল না বইয়ের জন্য পদযাত্রা। কলকাতা সহ বিভিন্ন মানুষ সামিল হল বই মিছিলে। পরে উঠল সংস্কৃতির মেলবন্ধন। শুরু হল বৃহৎ এলাকা জুড়ে ১৭তম বইমেলা। মেলা উদ্বোধন করেছিলেন অরুণ কর। প্রতিদিন বিভিন্ন প্রান্ত থেকে আসত বিভিন্ন শ্রেণীর সাহিত্যিক, কবি, প্রবন্ধকার, নাট্যকার, শিল্পীরাও বিভিন্ন সমস্যের ও সাহিত্যের আড্ডায় অংশ নিতেন। বড় বড় প্রকাশকদের সঙ্গে ছোট ছোট প্রকাশকরাও অংশ নিলেন। বইপ্রেমিকরা পেলেন নতুন স্বাদ।

১৯৯৩

বইমেলার উৎকর্ষের শ্রীবৃদ্ধি, ক্রেতা-বিক্রেতা ছড়িয়ে পড়ল। কলকাতার বইমেলার জন্য প্রকাশকদের আগ্রহ সবচেয়ে বেশি আকার জন্য প্রসার বেড়েছিল এটাই বড় প্রশ্ন। যাই হোক বিপুল উৎসাহ নিয়ে ১৮তম বইমেলার উদ্বোধন করলেন—মৃণাল সেন।

১৯৯৪

এলো ১৯তম কলকাতার বইমেলা। বিপুল আয়োজন নিয়ে বিপুল সংখ্যক লোক কলকাতার বইমেলার ময়দানে উপস্থিত হলেন প্রথম দিন। ১৯তম মেলা উদ্বোধন করেছিলেন ইউ আর অনন্তমূর্তি। পূর্ববর্তের তুলনায় ক্রেতা, বিক্রেতা ও পাঠকের সংখ্যা অনেক বেশি হওয়ায় পরিচালনার ব্যাপারে অনেক বেড়ে গিয়েছিল। দেখা দিয়েছিল নানা অসুবিধা। তবুও শান্তিপূর্ণভাবে সমাপ্ত হয়েছিল সেই মেলা। কোন পাঠক কোন অভিযোগ করেননি। উল্লেখ যে বহু নবীন ও প্রবীন লেখক বই প্রকাশ করেন এই কলকাতার বইমেলায়। এটা কলকাতার বইমেলার একটি নতুন বৈশিষ্ট্য।

১৯৯৪

বইমেলার এক গৌরবময় সাল। জানুয়ারির শেষ সপ্তাহে, বিপুল উদ্দীপনা নিয়ে ২৮তম কলকাতার বইমেলা উদ্বোধন হল। মেলা উদ্বোধক ছিলেন—রঘুনাথ গোস্বামি। পৌরাণ্য যে, কলকাতার জন্মলগ্নে এসে বইমেলায় অসম্ভাবনার, আজ কলকাতায় বইমেলার সর্বদিক দিয়ে শ্রীবৃদ্ধি দেখে। শুনে, রাজ্য সরকার প্রায় ৪০ হাজার বর্গফুট এলাকা জুড়ে মেলা করার অনুমতি দিয়েছিলেন সিদ্ধান্তে। ৪১৫ জন বই প্রকাশকের সঙ্গে, আটত্রিশ ১২০টি স্টলে আগন্তুক সংখ্যা অনেক নিয়ে কলকাতার বইমেলাকে সার্থক রূপ দিয়েছিল সেদিন। এছাড়া মেলা প্রাঙ্গণে হাজির হয়েছিল সেদিন। এছাড়া মেলা প্রাঙ্গণে হাজির হয়েছিল নানা শ্রেণীর জাতীয় ও নানা রাজ্যের ও বিদেশি পাঠকের ভোজন।

উল্লেখ্য যে বই বছর, অর্থাৎ ১৯৯৩ সালে "বাঙালি প্রকাশক ও পুস্তক বিক্রেতার সভা" নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আলো বইয়ের মেলার আয়োজন করেছিলেন। উদ্বোধক ছিল, (১) বই কিনুন, (২) বই পড়ুন, (৩) বই উপহার দিন, (৪) বই উপহার নেবার অভ্যাস নিয়ে আসুন। এসব নতুন চিন্তাধারা। বই মেলা, এবারে, বইমেলার এক অনুষ্ঠ পরিবেশ করিয়ে ১৯৯৬ সাল থেকে একটানা বইমেলার সিদ্ধান্ত নেওয়া হয়। অর্থাৎ, সুস্থ পরিবেশ নিয়ে আসে।

১৯৯৬

২১তম কলকাতার বইমেলা উদ্বোধন করলেন রাজ্যপাল বাগচী। বছর বছর বইমেলার চেহারা বৃদ্ধি পাচ্ছিল, বোঝা যায় সাংস্কৃতিক জীবনে বইমেলা এনে দিয়েছে নতুন দিশা। বই মেলা কর্তৃপক্ষ সাংস্কৃতিক ও অর্থনৈতিক দিকগুলির সঙ্গে সঙ্গে, শিক্ষার দায়িত্বটিকে এগিয়ে নিয়ে যাবার জন্য বই-পড়াকে যেমন ও প্রাথমিক উপকরণ হিসাবে বেছে নেন। বই মেলার সঙ্গে যুক্ত করলেন নানা বিষয়ের ওপর সভা, সেমিনার, আলোচনা, সাহিত্য ও নানা আকর্ষণীয় বিষয়। ৩০০-এর অধিক প্রকাশক এই মেলায় ভাগ নেন। এছাড়া একেবারে কলকাতার বইমেলাকে স্বরণ করে রাখার জন্য প্রকাশ করলেন 'মেমরি অফ বইমেলা' উদ্বোধন রাজ্যের প্রকাশিত গ্রন্থের সন্ধান মতে এক নজরে পাওয়া যায়। এখানেই বইমেলার সার্থকতা।

২১তম বইমেলার সঙ্গে, পাশাপাশি ছোটদের লিটল ম্যাগাজিনগুলির গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্মরণ করে, সংস্থাগুলিকে আবেদন করা হয়।

আসল কথা হল—২১তম বইমেলার বৈশিষ্ট্য ছিল যে, আগামী দিনে শিল্প সংস্কৃতির অগ্রগতির বাহক এই অঙ্গন প্রজন্মকে প্রতিনিধি না করলে ভবিষ্যতে থাকবার, সে কথা মিছা করে নিশ্চয় কর্তৃপক্ষ চিত্রলিপিদের লিটল ম্যাগাজিনের পাশে আনা হয়েছিল। তার প্রতিফলটি ঘটল নানা শ্রেণীর লিটলের নতুন প্রতিভাকে বিকশ করার জন্য লিটলের নতুন মঞ্চ তৈরি করা হয়, যাতে লিটলের প্রায় ও শহরের কথা সাহিত্যিক, কবি, প্রবন্ধকারের মত বিষয়বস্তুর আলোকে প্রকাশ করতে পারেন।

১৯৯৭

জানুয়ারি মাস। শেষ সপ্তাহ, শুরু হল ২২তম কলকাতার বইমেলা। বিরাট আয়োজন নিয়ে উদ্বোধন করলেন জ্যোতি বসু।

সবচেয়ে উল্লেখযোগ্য যে ২টি খবর তা হল, (১) '৯৭-এর মেলা বিশ্বের একমাত্র আন্তর্জাতিক বইমেলা হিসাবে স্বীকৃতি পায়, কলকাতার বইমেলা, যে কলকাতার বর্তমান বয়স হল ৩১০ বছর। (২) মেলার বন্ধ দিনে অর্থাৎ ৩ ফেব্রুয়ারি বিকালে এক ভারসাম্য আয়োজন মেলায় ৮০ শতাংশ মতন ক্রয়ক্ষমতা হ্রাস পায়। সে দিনের বই কিনা পুরিবীর কাছে হয়েছিল লজ্জা।

অনুষ্ঠানপূর্ব বিশ্ব সংস্থের রাজ্য সরকারের সহযোগিতায় আমাদের ভূমিকাকে স্মরণ করে নিয়ে, মুক্তির দিনের আগেই নজরুলমঞ্চের ছোট্ট আঙিনায় কলকাতার বইমেলা।

মেলার বই প্রেমিকদের চাহিদা, আগামে মেলা পুরোছে, বই পড়ার ইচ্ছা ও প্রবণতা পুরোছে কি ?

মেলার মেলার নতুন সম্বর এলো ঘুরে। মেলা ছিল ১৯৯৮ সাল। আবার নতুন উদ্দীপনা নিয়ে কলকাতার বুকে শুরু হল ২৩তম বইমেলা। উদ্বোধক ছিলেন আমেরিকা মুখ।

রবিও নানা বিধিনিষেধ ও জটিলতা ছিল, তবুও প্রতিবেশ বজায় রাখতে ও নিয়ন্ত্রণের জন্য বৃদ্ধি করা হল মেলা প্রাঙ্গন, যার আয়তন ২ লক্ষ ৫০ হাজার বর্গফুট। প্রকাশকের সংখ্যা ৪০০ ছাড়িয়ে।

১৯৯৯ সাল।

স্মরণীয় হল সহস্রাব্দী কলকাতার বইমেলা ও সংস্কৃতি জগৎ। সময়টা ছিল ২৭ জানুয়ারি, আজ এটাই ছিল শতাব্দীর শেষ ও ২৪তম বইমেলা। উদ্বোধন করেছিলেন সাধনপুর মুখার্জি। এছাড়া বিশেষ কতগুলি বৈশিষ্ট্য ছিল—

(১) থিম (Theme) হিসাবে চিহ্ন করা হয়েছিল, 'আলোকপ্রকাশে লক্ষ রেখে'।

(২) ওপার বাংলার প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসেছিলেন।

(৩) সহস্রাব্দি ও মেলেনিয়াম মোট ৫০টি বাংলাদেশি প্রকাশনা মেলায় অংশ নিয়েছিলেন।

(৪) এছাড়া কলকাতার বইমেলায় স্পেনদেশ প্রথমবার অংশ নিয়েছিল।

(৫) প্রথম তৈরি হয়েছিল ইন্টারনেট পাবলিশিং, সেখানে প্রতিদিন সাহিত্যের আড্ডা, দেশি-বিদেশি শিল্পীর সমাবেশ ঘটেছিল, অংশ নিয়েছিলেন বহু সাংবাদিক।

(৬) যথেষ্ট ভিড় এড়াবার জন্য টিকিট কাউন্টারের সংখ্যা বৃদ্ধি করা হয়েছিল।

(৭) মেলার আগ্নেয়াস্ত্রধারী প্রহরীর সংখ্যা দ্বিগুণ করা হয়েছিল।

(৮) হাওড়ার নোঙরে জাহাজ আসার প্রতি ঘণ্টা-কামানধ্বনি-পূর্বক একটি প্রবেশ পথ তৈরি করা হয়, পুলিশটি বিশ্ববিদ্যালয় ছাত্রদের থেকে।

উল্লেখযোগ্য বিষয়ের সমাবেশে, মেলায় সমাপ্তি ঘোষণা করা হয়েছিল।

৫

১৯৩৩

শতাব্দীর প্রথম কলকাতার বইমেলা শুরু হয়। অর্থাৎ ২৫তম বইমেলা। পুরাতন কালবাদায় সবে সব ধারাবিদ্ধ ঘুর করে সমাজের ক্রমবর্ধমান স্তরে শিক্ষার বাহন হিসাবে বইমেলা সর্বজনীন রূপ নিল। দ্বিতীয়ত, প্রকাশকের সংখ্যা, পাঠকের সংখ্যা ক্রয়ক্ষমতার তুলনায় অনেক বেশি বৃদ্ধি পেল। নির্বাচিত বিষয়ের পরপর ছোট ছোট নানা ধরনের লিটল ম্যাগাজিনের পত্র-পত্রিকার সমাবেশ উল্লেখযোগ্য। শেষ দিন পর্যন্ত ভিড় ছিল।

১৯৩৪

২৬তম কলকাতার বইমেলা শুরু হয় জানুয়ারি ৪৩ জানুয়ারি। এবার Theme বা বইমেলার মূল বিষয়বস্তু হলো—'ভারতবর্ষ' মেলা উদ্বোধন করলেন—বার্টনপার্ক থেকে আর নয়াদালান। কলেজই ও মেডিকেলটির মেলার উপলক্ষে হয়ে 'ইন্ডিয়া হো'।

তৈরি হচ্ছে 'ইন্ডিয়া দিন পাবলিশিং। এই পাবলিশিংয়ে ভারতের কৃষি ও সংস্কৃতির প্রকাশটি হবে। এছাড়া ঐতিহাসিক বই এবং রবির মাধ্যমে প্রাচীন ভারতের পরিচয়ের সম্পর্কে ধারণা থাকবে।

বাংলাদেশ সহ মোট ৫৭৫টি প্রকাশনা মেলায় অংশ নেবেন। ৮ লক্ষ বর্গফুট এলাকা নিয়ে বইমেলার আয়োজন।

মেলার বিভিন্ন প্রবেশ দ্বারগুলিকে, দেশের বিভিন্ন ঐতিহাসিক (ঐতিহ্যবাহী) স্থানীয়ের আদলে ছোট্ট সাজান হবে। এটাই হবে নতুন শতাব্দীর কলকাতার সার্বজনীন বিশ্বমেলা বইমেলার।

৫

কলকাতার বইমেলার বিশেষ খবর ১৯৮৩

কলকাতা বইমেলার একটি অনুষ্ঠানে আমন্ত্রণ দেখার সময় প্রকাশ ঘন আনন্দবাজার পত্রিকার তৎকালীন সম্পাদক অশোককুমার সরকার।

মেলা কর্তৃপক্ষ আয়োজন করলেন (১৯৮৪ সাল থেকে) অশোককুমার সরকার স্মারক বক্তৃতার। উদ্দেশ্য সেখানে বক্তৃতা দেওয়ার জন্য দেশ-বিদেশের শীর্ষস্থানীয় প্রকাশক ও সাংবাদিকদের আমন্ত্রণ জানান হবে।

৬

আশা করা যায়, একবিংশের ২৬তম বইমেলা সব বাধাবিঘ্ন দূর করে, বিশ্বমানের সম্মানীয় আসন পাবে।

আজ, বিশ্বের বহুরকমের অভিজ্ঞতা নিয়ে বলা যায়, সব ক্ষেত্রেই আমরা কিছু কিছু সাফল্য লাভ করেছি। আজ, বিশ্বের বহুরাজ্যে অনেকক্ষেত্রেই আমরা রয়েছি কলকাতা সকল প্রতিযোগী, যেমন—সাহিত্যে, অর্থে, সৌন্দর্য সাধনায় বাংলার মুখের অক্ষুণ্ণ। ইতিমধ্যেই আমরা পেয়েছি—রবীন্দ্রনাথ, অমর্ত্য সেন, জগদীশচন্দ্র, স্বামী বিবেকানন্দ, সত্যজিৎ, রবিশঙ্কর, মাদার টি প্রতিষ্ঠা, সি সি সায়েন্সের ও সৌরভ গাঙ্গুলি প্রমুখদের। আজেই ডাক্তার, ডাক্তারী, কবি, লেখক, শিল্পী ও অন্যান্যদের মহাশাখাদের সব বিশ্ব পরিবেশ আজকের বইমেলায় নিয়ে পাবে, এমন আশা করা যায়। শিল্পটি যদি ভবিষ্যতে সম্পাদ হয়, তবে শতাব্দীর প্রথম থেকেই চিন্তা-ভাবনা করতে হবে। কি আছে শিল্পের আজও বেশি করে বইমেলায় আনা যায়।

এক সময়ে অশোককুমার সরকার স্মারক বক্তৃতাগুলি

	সাল	বিভিন্ন বক্তাদের নাম
১।	১৯৮৪	জেমস আর্নল্ড ফ্রাই
২।	১৯৮৫	ডোনাল্ড ক্যাম্প
৩।	১৯৮৬	মধু রাও ফোর্ড উইল
৪।	১৯৮৭	ফ্রে এ জর্জিয়ার্ডসেন্ট
৫।	১৯৮৮	পিটার ব্রেনার
৬।	১৯৮৯	— ক্রাইস্ট বাজলি
৭।	১৯৯০	— আনন্দমিলি
৮।	১৯৯১	— জনস লি.
৯।	১৯৯২	— মিলমত স্টুডে
১০।	১৯৯৩	প্রীত মিত্র
১১।	১৯৯৪	ধ্রুবজ্যোতি মিত্র
১২।	১৯৯৫	শীতলাথ ভালোচেরা
১৩।	১৯৯৬	— এম কে আনন্দন
১৪।	১৯৯৭	— আনু ইসলাম
১৫।	১৯৯৮	— মেহিদি মিলান

প্রসঙ্গ : কলকাতা বইমেলা ও লিটল ম্যাগাজিন মেলা

সুজিৎ পাল

আধুনিক প্রযুক্তি আজকের পৃথিবীকে ক্রমবর্ধমান হিসেবে শাসিত করেছে। কম্পিউটার, ইন্টারনেট কাজেকর্মে পৃথিবীর বিভিন্ন প্রান্তের সংবাদ, বইয়ের খবর, বিভিন্ন তথ্যাদি আদান-প্রদান করছে মুহূর্তমধ্যে। সেখান থেকে প্রয়োজনীয় তথ্যাদি আংশিক বা পূর্ণ বই হোক তার প্রিন্টআউটও নেওয়া যাচ্ছে। মানুষ আজকে পৃথিবীর কোন প্রান্তে আছে সেটা বিষয়ে নয় আধুনিক প্রযুক্তির কল্যাণে। ঘরে বসেই বই বা সংবাদপত্র বা লাইব্রেরির মাধ্যমে পাঠ শুরুত্ব হারাচ্ছে বই, সংবাদপত্রের ইন্টারনেট সংস্করণের জন্য। এমতাবস্থায় আজ নিজের ঘরের টেবিলে উপবিষ্ট ইলেকট্রনিক্স বিভিন্নতার দৌলতে।

তাহলে প্রশ্ন এটাই, তাহলে বইয়ের প্রয়োজন কি একেবারেই ফুরিয়েছে, তখন আমাদের মতো তৃতীয় বিশ্বের দেশগুলোর কাছে ইন্টারনেট অনেকক্ষেত্রেই যাবতীয় পঠন-পাঠন সমাধানযোগ্য নয়। আমার প্রয়োজনীয় বইয়ের যাবতীয়ভাবার জন্যও পঠন-পাঠন যাবতে হয়। প্রয়োজনীয় বই আর পাঠক—এই যুগল সংযোগের জন্য বইয়ের প্রদর্শনী প্রয়োজন। বইমেলা ঠিক এই জায়গে বিশ্বটি সমাধানের কাজ করে, পুরোপুরি নয়।

পৃথিবীতে বিশ্বে বৈচিত্র্যের অভাব নেই। অভাব নেই সে বৈচিত্র্যপূর্ণ বিষয়ের উপর লেখার মানুষেরও। লেখকের লেখা আর ছাপার অন্তর প্রতিযোগিতা চলছে মুদ্রণযন্ত্রে আবিষ্কারের দিন থেকে আজ পর্যন্ত। এই প্রতিযোগিতার শেষ হবে না প্রতিয়াতেও। মুদ্রণযন্ত্রের ক্রমবিকাশ বই ছাপার অভাবনীয় উন্নতি করেছে। এই ক্রমবিকাশ কতগুলি কার্যকরণ নির্ভর, পাঠকের আগ্রহ, রুচি নির্ভর। যে কারণেই মুদ্রণ বিকাশের মধ্যে দিয়েই হোক তার সঙ্গে বই বিক্রয়ের কোনও সম্পর্ক নেই। কোনও গাণিতিক পদ্ধতি নেই যা দ্বারা বিক্রয় করায়। উপযুক্ত বিপণন ব্যবস্থার মাধ্যমেই বইয়ের বিক্রয় বাড়তে পারে। তা ছাড়াও বইয়ের প্রদর্শনকাল, আত্মিক সৌন্দর্য বইয়ের বিক্রয় বাড়ায়। তবে সবচেয়ে অনিশ্চয়তার জায়। আগে থেকে অনুমান করা যায় না কোন বইয়ের কতটা বিক্রয় হবে। তবে বই জহুরিরা পাণ্ডুলিপি পড়ে বই কতটির প্রকাশ আগাম বোঝ, সেটাও সকলক্ষেত্রে অনিশ্চিত। বই ছাপানো ও বই বিক্রয় এই দুটো কাজই সহজ সরীকরণে ফেলা যায় না। আজকের ভাঙা কয়ের যুগে সুলভ বিপণন ব্যবস্থা বিশ্বটি সরলীকরণের চেষ্টা চালাচ্ছে এবং কিছু মাত্রায় সফল। মানুষের মনস্তত্ত্ব আজকের অবাক, যার ফলে পাঠক যা চেয়েছে কি কিনবে, কেন কিনবে মূলে খবর সমস্যার। আজ বিজ্ঞাপন মানুষকে কিছুটা প্রভাবিত করছে। তা সত্ত্বেও মানুষ বিজ্ঞাপনের সত্যাসত্য যাচাই করে তবেই ক্রয় করছে। এই সত্যাসত্য যাচাইয়ের জন্য উপযুক্ত ব্যবস্থা চাই। এটা সম্ভব প্রদর্শনীর মাধ্যমে। আমার বইয়ের উৎপাদন ব্যয়, প্রচারের খরচ, লেখকের প্রাপ্য, অন্যান্য আনুষঙ্গিক খরচ এবং তার উপর লভ্যাংশ যোগ করে বইয়ের মূল্য নির্ধারণ হয়। এই সমস্ত কারণে বইয়ের উপযুক্ত বিপণন প্রয়োজন।

বিপণনের মধ্যেই প্রদর্শনীর সূত্রপাত হয় পাশ্চাত্যে। গুটেনবার্গের জীবিতাবস্থাতেই ১৪৬৪ সালে ফ্রাঙ্কফুর্টের একটি মেলা প্রসঙ্গে বইয়ের প্রদর্শনী শুরু হয়। সে সময়ে মুদ্রকই ছিলেন প্রকাশক। প্রাথমিক পর্যায়ে হয়তো একজন মুদ্রক-প্রকাশক অন্য একজনের মুদ্রণ-নৈপুণ্য আগ্রহ করতে আসতেন। বইও বিক্রয় করতেন। পরবর্তীকালে শুরু এই প্রদর্শনী বা বইমেলা নির্দিষ্ট সময়ে অনুষ্ঠিত হয়। মেলা লাইপজিগ-এ প্রতিবছরই হয়।

বইমেলার দিনটি ফ্রাঙ্কফুর্টের একটি পথের পাশের দৃশ্যের মতোন

দ্বিতীয় মহাযুদ্ধের বিভীষিকার বিস্মৃতিলোকে বইমেলা বন্ধ হয়ে যায়। ১৯৪৯ সাল থেকে আবার ফ্রাঙ্কফুর্টে বইমেলা নতুন উদ্যমে বসছে। এটাই পৃথিবীর সবচেয়ে বড় বইমেলা। এমন কোনও দেশ নেই যারা এই মেলায় অংশগ্রহণ করে না। প্রথমদিকে বইমেলায় বই কেনার চেষ্টা হত। ক্রমে এই মেলার প্রকৃতি বদলে গিয়ে আন্তর্জাতিক বইমেলার (International Book Fair) রূপ নেয়। প্রতি বছর অনুষ্ঠিত এই বইমেলাকে সঠিক অর্থে মেলা না বলে ট্রেড ফেয়ার বলাই ভাল। যাঁরা প্রকাশনা ব্যবসার সঙ্গে যুক্ত তাঁদের জন্যই এই বইমেলা। সাধারণ পাঠকের কোনও যোগ নেই এই বইমেলার সঙ্গে। এখানে কোনও বই বিক্রির ব্যবস্থা নিয়ম নেই। এখানে নানা ধরনের rights-এর লেনদেন হয়। এই মেলায় সাধারণ দর্শক থাকতে পারে, কিন্তু কোনও খুচরা ক্রেতা থাকবে না।

এই বইমেলার ঢেউ এসে লাগল কলকাতায়। মূলত বিশ্বায়নের সমস্যার কথা ভেবেই এই বইমেলার সৃষ্টি। প্রকৃতিগত দিক থেকে ফ্রাঙ্কফুর্ট বইমেলার সঙ্গে কলকাতা বইমেলার তফাৎ পরিলক্ষিত হয়। আন্তর্জাতিক বইমেলা প্রকাশনা ব্যবসার সঙ্গে যুক্ত যাঁরা তাঁদের মেলা, আর কলকাতা বইমেলা প্রকৃত অর্থে পাঠকের বইমেলা। ফলে পাঠক রুচির সঙ্গে প্রকাশকরা পরিচিত হওয়ার সুযোগ পায়। সর্বোপরি এই মেলা লেখক, পাঠক, প্রকাশকের বইমেলা।

১৯৭২ সালকে আন্তর্জাতিক গ্রন্থবর্ষ হিসাবে চিহ্নিত করে বলা হয়েছিল— 'যুদ্ধ নয় বই'। বইয়ের একটি পাতাও পড়তে পারেন না এমন মানুষের সংখ্যা পৃথিবীতে প্রায় অর্ধেক। এই সমস্ত মানুষের জন্যও চাই বই—এটা ছিল অন্যতম উদ্দেশ্য। এই সময়েই কলকাতার মানুষ দেখেছিল বড় আকারে বইয়ের প্রদর্শনী। অ্যাকাডেমি অব ফাইন আর্টস-এ এই বিরাট প্রদর্শনীর আয়োজন করে ন্যাশনাল বুক ট্রাস্ট। ঘটনা এই প্রদর্শনীর শুরু হয়েছিল এর আগের বছর অর্থাৎ ১৯৭১ সালে। পাঠকের চাহিদা আর বই বিক্রয়ের নতুন বাজার দেখে বিপণন সমস্যা জর্জরিত কিছু শুভবুদ্ধিসম্পন্ন প্রকাশক ও পরিবেশক একটি সমিতি গড়ার উদ্যোগ করেন। এভাবে ১৯৭৪ সালের এপ্রিল মাসে পাবলিশার্স অ্যান্ড বুকসেলার্স গিল্ড নামে একটি সংস্থা গঠিত হয়। এই সংস্থাই বইমেলা করার সিদ্ধান্ত নিলেন। ১৯৭৬ সালে বইমেলা করার কথা গিল্ড সকল প্রকাশককে জানালেন। সেদিন গিল্ডের সিদ্ধান্তে অনেক প্রকাশকই সহমত হলেন না। তাঁদের যুক্তি ছিল বই সেই অর্থে ভোগ্যবস্তু নয়, যা নিয়ে মেলা বসানো যেতে পারে।

কিন্তু নিজের সিদ্ধান্তে অটল থেকে নানা তরফ বাদ-বিসম্বাদ এড়িয়ে বইমেলার আয়োজন করল। ১৯৭৬

সালের ৫ মার্চ বিড়লা প্ল্যানেটোরিয়ামের বিপরীতে ময়দানের ছোট মাঠটিতে দশ দিনের প্রথম কলকাতা বইমেলা অনুষ্ঠিত হল। উদ্যোক্তারা সেদিন পেয়েছিলেন আশাতিরিক্ত সাড়া। তাঁরা সিদ্ধান্ত নিয়েছিলেন—এভাবে প্রতি বছরই কলকাতা বইমেলা করা হবে। প্রথম বছর কলকাতা বইমেলায় এক লক্ষেরও বেশি লোক এসেছেন, বই কিনেছেন প্রায় ১৫ লক্ষ টাকার। তখন থেকে ঝরঝরিত বকুলে মাসে ফেলা পার্থিবের মতো একটি পার্বণে পরিণত হয়েছে কলকাতা বইমেলা। এই বছর সেই বইমেলা ২৬ বছরে পা দিল।

১৯৭৬ সাল আরও কিছু কারণে বিশেষ কারণ বহন করে। ১৯৭২ সাল থেকে দিল্লিতে অনুষ্ঠিত হচ্ছে বিশ্ব গ্রন্থমেলা। ন্যাশনাল বুক ট্রাস্ট-এর উদ্যোগে অনুষ্ঠিত এই মেলায় প্রথম অংশগ্রহণ করে ভিন্ন ১৯৭৬ সালে। বিদেশের মাটিতে করে এই বছরই বাংলার প্রকাশকরা প্রথম আন্তর্জাতিক বইমেলায় অংশগ্রহণ করে। ফ্রাঙ্কফুর্ট বইমেলার অনুকরণে পৃথিবীর সব দেশে এখন বইমেলা হচ্ছে। কিন্তু কলকাতার মতো এমন প্রাণবন্ত বইমেলা পৃথিবীর কোথাও নেই। আজ কলকাতা বইমেলা অফুরান্ত জনপ্রিয়। এই জনপ্রিয়তা এবারে এবারে করে এসেছে। নানা সমস্যা কাটিয়ে আজ কলকাতা বইমেলা পৃথিবীর সেরা বইমেলাগুলোর মধ্যে স্থান করে নিয়েছে।

কলকাতা বইমেলার সাফল্য দেখে ১৯৮০ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগেও আর একটি গ্রন্থমেলার আসর বসছে কয়েক বছর। বইমেলা আয়োজনের অভিজ্ঞতা জেলার জেলায় ছড়িয়ে গেছে। কিন্তু প্রশ্ন হচ্ছে বইমেলা করে কতটা গ্রন্থ-অনুরাগ বাড়ল? বইমেলা এখন একটা লাভজনক ব্যবসায়িকতা নয় কি? 'খুকুর ঘর আলা' এই কথাটাও কতটা প্রযোজ্য বইমেলার ক্ষেত্রে বা বইমেলাগুলো কতটা উপকার করছে প্রকাশনা শিল্পের? বইমেলা প্রসঙ্গে আজ নানা প্রশ্ন উঠছে বিভিন্ন মহলে।

বইমেলার আজ যেমন ভারতের বিভিন্ন প্রকাশক অংশগ্রহণ করছেন, ঠিক তেমনই বিদেশি প্রকাশকরাও অংশগ্রহণ করছে। বইমেলায় প্রকাশকরা সরাসরি নিজের বই বিক্রয় করছেন। এতে সরাসরি পাঠক-প্রকাশক যোগাযোগ হচ্ছে। আগে সমস্ত আয়োজন-প্রয়োজন এই বই নিয়ে। কিন্তু বর্তমানে পাঠক বা প্রকাশক কোনও পক্ষেরই সে রকম আগ্রহ বা উৎসাহ বইমেলা ঘিরে নেই। বইমেলার আয়োজকরা অনেক হিসাব করে পা ফেলছেন, ঠিক তেমনই আমন্ত্রিতরাও। ফলে পাঠক-ক্রেতারাও আগ্রহ হারাচ্ছে। প্রকাশক নিজের জন্যই চিন্তায়। চড়া মূল্যে স্টল নেওয়ার ফলে অংশগ্রহণকারীদের সমস্ত খরচ-খরচা তুলে মোটা লাভের দিকে তাকিয়ে। ফলে প্রকাশক বা বিক্রেতারা অনেক আগে উপর আরোপন করেন। যেমন ছোঁড়া বই পাঠিয়ে দেওয়া। আগে বইমেলাকে বলা হত 'এগজিবিশন-কাম-সেল', এখন বলা হয় 'সেল, শুধু সেল'। নিছক কিছু প্রকাশক বইমেলাতে আসেন 'পাইকেরি এক্সিলেন' ইংরেজি বই নিয়ে। সে সব বই প্রকাশ বা বিক্রয়ের ব্যাপারে তাঁরা কোনও দীর্ঘমেয়াদি ভোগাক্কা করেন না। ফলে কলকাতার কিছু পরিবেশক তাঁরা নিয়ম মেনে বই আনান বিদেশ থেকে, তাঁরা পড়েন অসুবিধায়। আবার দেখা যায় একই প্রকাশকের বিভিন্ন বই বিভিন্ন স্টলে পাওয়া যায়। এতে অবশ্যই বা প্রকাশক-পাঠক মিলিত হওয়ার প্রধান জায়গা সমস্যা হচ্ছে।

কলকাতা বইমেলা আজ সব দিক থেকেই বেড়েছে। সেই সঙ্গে বেড়েছে নানা সমস্যা। নিছক কর্তৃপক্ষের কিছুটা দূরদর্শীতার অভাবে ১৯৯৭ সালের বইমেলার বিশ্বাসটা আগুন লাগে। পুড়ে যায় মেলার দুই-তৃতীয়াংশ স্টল। পশ্চিমবঙ্গ সরকারের সাহায্যে সেই মেলা আবার শুরু হয় কয়েকদিনের মধ্যেই। একটি মেলা পুড়ে যাওয়া এবং সেই পুড়ে যাওয়া মেলার পুনর্গঠন এক বিস্ময়কর ঘটনা। এই ঘটনা কলকাতা বইমেলাকে এক অনন্য বৈশিষ্ট্য এনে দেয়।

কিন্তু কর্তৃপক্ষকে কলকাতা বইমেলার গুণগত উন্নতিকল্পে আরও সচেষ্ট হতে হবে। মেলার স্টল বণ্টন থেকে শুরু করে মেলার সুষ্ঠু পরিচালনা সমস্ত দিকেই নজর দিতে হবে আরও ভালভাবে। বইমেলা পুড়ে যাওয়ার পর প্রত্যেক স্টলের ইনসিওরেন্সের ব্যবস্থা করা হয়েছে। এটা একটা ভাল দিক।

এখন বইমেলায় ঘাবার স্টল আগের চেয়ে অনেক বেশি প্রাধান্য পাচ্ছে। আগের আমলে স্টল সজ্জা ছিল সাদামাটা ধরনের। কেউ সেন্টার দিচ্ছে, কেউ ঝুলোশ টি দিচ্ছে। এরই ভেতর লক্ষ্য করা যাচ্ছে সেই সময় স্টলে ভিড় অনেক স্টল পাঠক-শ্রোতা থেকে বঞ্চিত হচ্ছে। আজ বইমেলা যেন একটা শিল্পমেলার আয়োজন। বইয়ের স্টলের তুলনায় আয়তনগত দিক থেকে কিছু কেন্দ্রিকের স্টলে ভীড় বেশি। এই সমস্ত সজ্জা বিনোদনের দিকে যে ঝুঁকে গিয়ে যদি উপযুক্ত ব্যবস্থা নেয়া হয়তো আগামীর লক্ষ্যে ভবে বইমেলার প্রকৃত মূল্যায়ন।

প্রসঙ্গ লিটল ম্যাগাজিন মেলা

সমকালীন বইমেলার প্রথম থেকেই লিটল ম্যাগাজিন স্টল বসেছে। তখন লিটল ম্যাগাজিনের জন্য ট্রেনিল স্পেস বরাদ্দ ছিল। লিটল ম্যাগাজিনের নাম করে যে সময় বিভিন্ন বিষয়ের উপর বই থাকত। যেমন রাজনীতি, বাজারমাল, জোতিষশাস্ত্র ইত্যাদি। আস্তে আস্তে অনিলিল ম্যাগাজিনগুলোকে আলাদা দেওয়া বন্ধ হয়। তবু পরের দিকে প্রকাশনালয়ের মতন কিছুদিনও আধিপত্য হয়েছে লিটল ম্যাগাজিন স্টল থেকে। কোনও ধরনের ম্যাগাজিন সেই সময় মান্য সাহিত্যের মাপে পর্যন্ত বিক্রয় হয় লিটল ম্যাগাজিন স্টল থেকে। ১৯৮৩ সালের আগে বইমেলা কর্তৃপক্ষ লিটল ম্যাগাজিনের কোনও পরিচয় দিত না। তাদের ঠিকমত ব্যবস্থা ছিল না। ১৯৮৭ সালের ১ জানুয়ারি লিটল ম্যাগাজিন লাইব্রেরির উদ্যোগে লিটল ম্যাগাজিন কর্মীরা মিলিতভাবে একটি মিছিল করেন বিভিন্ন দাবি নিয়ে। দাবিগুলির মধ্যে ছিল—লিটল ম্যাগাজিনের জন্য আলাদা পরিচয় দিতে হবে, খোলামেলা আয়গায় ব্যবস্থা, আলোর ব্যবস্থা, বইটেকে লিটল ম্যাগাজিনের কথা বলার ব্যবস্থা করতে হবে। এই দাবিগুলির মেনে নেওয়া হলেও লিটল ম্যাগাজিন আজও অবহেলিত বইমেলায়।

> ধ্যান ভাঙ্গি সোমদত্ত দেখিল মহেশ।
> বিভূতি ভূষন অঙ্গ জটা ভার কেশ ॥
>
> সভা মধ্যে সেনী মোরে অপমান কৈল।
> জতেক ভূপতিগন বসিয়া দেখিল ॥
>
> শ্রীকৃষ্ণকীর্তন আদিখন্ড পৃ. ৪২

অবহেলিত, উপেক্ষিত লিটল ম্যাগাজিনকে আলাদা মর্যাদা দেওয়ার জন্য পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির উদ্যোগে ১৯৯১ সাল থেকে রবীন্দ্র সদন, নন্দন, বাংলা আকাদেমি সদনের আয়তনে লিটল ম্যাগাজিন মেলা অনুষ্ঠিত হচ্ছে। লিটল ম্যাগাজিন মেলার আগে পর্যন্ত পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গ্রামের প্রতিষ্ঠা দিবসে উপলক্ষে সংপুরীয় লিটল ম্যাগাজিন আকাদেমির সামনে নিজেরাই বিক্রয়ের ব্যবস্থা করত। কিন্তু এতে লিটল ম্যাগাজিন কর্মীদের শ্রমিক ঘোচা গেলেও বিক্রির বইয়ের হিসাব নিয়েও কেউ আসত না। ফলে এই দিবসে আগ্রহ ক্রমান্বয়ে স্বাভাবিক ভাবে কমতে থাকে। এই সমস্ত কারণ, লিটল ম্যাগাজিনের আলাদা মর্যাদার সমস্ত দিকে লিটল ম্যাগাজিন মেলার সিদ্ধান্ত নেওয়া হল।

১৯৯৩ সালে লিটল ম্যাগাজিন মেলায় ভিড়ের অধিক লিটল ম্যাগাজিন অংশগ্রহণ করেছিল। এ বছর সেই সংখ্যা পাঁচশোর কাছাকাছি। এ বছর এইমেলা অনুষ্ঠিত হয়েছিল ১১ জানুয়ারি থেকে ১৫ জানুয়ারি পর্যন্ত। লিটল ম্যাগাজিন মেলার বর্ণাঢ্য সমাপনের বিভিন্ন বিক্রয় খুবই সামান্য। কোনও স্টল পাঁচদিনে ১৩০ টাকার বই বিক্রয় করে। খুব বেশি বিক্রয় হলে সেই টাকাটা পৌঁছায় ১৪০০ টাকার কাছাকাছি। তবু লিটল ম্যাগাজিন কর্মীদের উৎসাহের অন্ত নেই। তাদের সহযোগের আনুকূল্যে এই ধরনের ছোট পত্রিকাকে উৎসাহ দেওয়ার উদ্যোগের পৃথিবীর কোনও নেই হয়ত। আমরা আগামীর আমরা এরকম একটা সুযোগ পাব।

লিটল ম্যাগাজিন মেলাকে কেন্দ্র করে পাঠচক্রের জন্য একটি ছোট পত্রিকার প্রদর্শনীর আয়োজন করা হয়। লিটল ম্যাগাজিন লাইব্রেরি ও গবেষণা কেন্দ্রের উদ্যোগে আয়োজিত এই প্রদর্শনীতে মুখ্যতঃ লিটল ম্যাগাজিন থেকে ৩৩ রকম ছাড়া বেরোনো লিটল ম্যাগাজিন স্টল পায় বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে। মেলা উপলক্ষে মেলা প্রাঙ্গনে একটি মুক্তমঞ্চ থাকে, সেখানে অনুষ্ঠিত হয় কবিতা পাঠ, গল্প পাঠ।

মুক্ত মঞ্চের অনুষ্ঠান নিয়ে লিটল ম্যাগাজিন কর্মীদের ক্ষোভ তৈরি হচ্ছে কর্তৃপক্ষের উপর। মুক্ত মঞ্চে যারা কবিতা বা গল্প পাঠ করেন তাঁদের অনেকেই অলিখিতিক পত্রিকার সঙ্গে যুক্ত। কেউ কোনও বিখ্যাত কবির কবিতা চুরি করে নিজের নামে পাঠ করেন। অনেকের লেখা উপযুক্ত মানের নয়। মুক্ত মঞ্চে পাঠ করলে একটি আর্থিক অনুদান দেওয়া হয়। লিটল ম্যাগাজিনের প্রকৃত কর্মীদের ক্ষোভ এইখানেই—যেন পাইয়ে দেওয়ার প্রবণতা। তারা নতুন প্রকৃত অর্থে যারা লিখছেন তাঁদের সুযোগ দেওয়া হোক। না হলে গল্প করে দেওয়া হোক মুক্ত মঞ্চের অনুষ্ঠান। প্রয়োজনে কর্তৃপক্ষ প্রকৃত লিটল ম্যাগাজিন কর্মীদের সঙ্গে আলোচনার বসে ঠিক করুন কিভাবে আর্থিক ইতরিত করা যায় লিটল ম্যাগাজিন মেলায়। একটু দেখবারটি অনোযোগ দেখান কর্তৃপক্ষ।

বইমেলা ২৬ বছরে

তন্ময় সেন

বই, কিতাব, Book—আঞ্চলিক থেকে জাতীয়, জাতীয় থেকে আন্তর্জাতিক। দুই থেকে তিন ও চার অক্ষরের এই শব্দটির শক্তি অসীম। নতুন সময়। সহস্রাব্দ থেকে সহস্রাব্দ। শতাব্দী থেকে শতাব্দী। বছর থেকে বছরে। এমন সন্ধি সময়ের সাক্ষী থাকার সুযোগ আমরা পেলাম। ভাগ্যবান আমরা নিশ্চয়ই। ক্রোড়পতি হওয়ার চেয়েও এই সময়ের ১০০ কোটি তারুণ্যের সংযোগ করতে পারেন আর-এর। দুঃখ, বই দিয়েই কথা শুরুটা। এই নতুন সহস্রের প্রান্তে 'ইবুক', 'কিন্ডেল' এবং 'নেক্সাস'। অসম্ভব গতির জীবনে। হাঁটা চলবে না। দৌড়াতে হবে। সব কিছুই হাতের মধ্যেই চুকিয়ে ফেলতে হবে। শুধু প্রযুক্তির সময়। মোবাইলে সিরিয়ালে কিংবা ইন্টারনেটের পর্দায় চোখ রেখে অনেকক্ষণ কথা। শিক্ষককে অভিনন্দন আর স্মৃতির বাসিন্দা না করে। রোদ-বিরোধ-ঝড়-ডাক জানার প্রয়োজন নেই—ঘরে আলোকুলেটরে। মোহাম্মদ টিপেই অনলাইন। বই পড়া অনেই সময় নষ্ট। তথ্য প্রযুক্তি যন্ত্রের পর্দায় সব তথ্যই লাইব্রেরি অভিধান। কিন্তু না জেনেই সব জানতা হওয়ার সময় এটা। বিজ্ঞান ও বিদ্যুতিনে আমরা এই সময়কে শত্রুর হতে দেবে না। এবং দেবে না।

তবুও বই বড় প্রিয় ধন। তার কোনও বিকল্প নেই। এই নতুন সময়ে '২৬তম বইমেলা'। কলকাতা ময়দানে অতিরিক্ত আগমনের জন্যও ছোট বইপ্রেমিদের তাড়নায় মেলার এলাকা আকারে আরও বড় হয়েছে। বইয়ের সংখ্যা বেড়েছে নিশ্চয়ই। বইমেলার জনপ্রিয়তাকে কোনদিন ঠেকা আরতে পারবে না বৃষ্টিপ্রবৃত্তি কোনও মেলা। বইয়ের সঙ্গে সম্পর্ক হৃদয়ের বড় গভীর। পুরোই অন্তরঙ্গ। হাতে কিংবা চোখে।

নতুন শতাব্দী বা সহস্রাব্দের ২৬তম বইমেলার স্লোগান ছিল "ভারত"। ৩১-এ জানুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত বইমেলা হবে। থাকবে 'ফিকশন', ও 'মনোর্ট'। 'বুকস ইন প্রিন্ট হলে' থাকবে প্রতিটি বিষয়ে প্রকাশিত বইয়ের প্রদর্শনী। দেখা যাবে, মোরা আছে বি বি সি ওয়ার্ল্ড সার্ভিস, ব্রিটিশ, বাংলাদেশ, আই এস ও, ফ্রান্স, পাকিস্তান এবং আরও অনেক অনেক দেশ—শুধু বই আর বই।

বইমেলায় কোন প্রবেশ পথ দিয়ে

বইমেলায় বিদেশি ভাষাভিত্তিক স্টলগুলোর বিষয় বৈচিত্র্য লক্ষণীয়

মেলা এখনো শুরু হয়নি ঠিক তবে, তবু মেলা প্রাঙ্গণের ছবিতে এই

প্রবেশ করব ? চারটি তোরণ থাকছে। 'ভারত', 'ব্রিটেনিয়া', 'জাতীয় গ্রন্থাগার' এবং 'শতাব্দী'। এই চারটি তোরণ দিয়েই ঢুকতে এবং বেরোতে পারব। প্রতিটি প্রবেশ পথে সাহায্য করার জন্য থাকবে স্বেচ্ছাসেবক ও পুলিশ। ঘুলো উড়বে না। পৌরসভা চেষ্টা করবেন নিয়মিত জলের গাড়ি জল ছড়াবে। কিন্তুদিন মাথায় তার কী ঢুকেছে কৈতব নিয়েও আমাদের পরিত্রাণকে কেড়ে নিতে পারবে না। সারা বিশ্বে ক্রমশ বই ছাপার সংখ্যা বেড়ে যাচ্ছে। জনপ্রিয় চাহিদা বাড়ছে। তার জোগানকে ঠিকমতো রাখতে নতুন নতুন কাগজের কারখানাও বসছে। কেন দুর্ভিক্ষ হলে মানুষের পাঠস্পৃহা কীরকম হয়ে যাচ্ছে। জানুয়ারি মাসেই ১১ থেকে ১৫—পাঁচদিন ধরে 'লিটল ম্যাগাজিন মেলা'—এ স্টলের সংখ্যার বৃদ্ধির সঙ্গে সঙ্গে দর্শকের সংখ্যাও বেড়েছে। কই বিক্রিও বেড়েছে। সেই সংখ্যাটি এখনও জানতে পারিনি। তবুও ভাল লাগে লিটল ম্যাগাজিন মেলা তার মাত্র তিন বছর বয়সেই সে যদি ভরা যৌবনে পৌঁছে যায়। তাহলে ছাব্বিশ বছরের 'বইমেলা' তার তারুণ্যের জোয়ারে ফুলে ফেঁপে সাগরের যৌবনই তো প্রকাশ করবে।

আগেই বলেছি বইমেলায় এলাকা বিস্তৃত হয়েছে। তবে তার আনুপাতিক হারে স্টলের সংখ্যা বাড়ছে না। স্টলের সংখ্যাও গতবছরের তুলনায় কিছু বেড়েছে। তাই মনে হয় এবার বইমেলার পথে একটু হাঁটতে লাগবে। স্কুল-কলেজের ছেলেমেয়েরা (টিন এজ) একদিন আর নন্দন-সদন চত্বরে যাবে না। এই বইমেলাই হবে তাদের বৃন্দাবন। তারা তাদের আগামী দিনের সৃষ্টি রোমাঞ্চনের কুলিতে কিছু রোমাঞ্চের রসদীয় রসদভার রচনা করবে অনুজদের যৌনক। হয়তো দেখা যাবে একটু নিরালায় কোনও একজনী যুবকের করতল টিক আলিঙ্গনে নিত্ত— শঙ্খবাহক যত্নে সেতারে-সরোদের ঝুলাবন্দীতে মেতে উঠেছে রাগ 'কামোদ'। এবং এ সবেরই এপাশে-ওপাশে-সেদিকে-এদিকে অনেক-দে'ঞ্চ-এ মুখার্জী-দীপা-প্রমা-রূপা... এরকমই ৬০৩ স্টলে পড়ুয়া পাঠকের কৌতূহলী চোখে অভিপ্রেত জ্ঞানার্জনের জন্য আবাধ্য।

লিটল ম্যাগাজিন তথা ছোট পত্রিকা তথা সমান্তরাল পত্রিকার জন্য নির্দিষ্ট রাখা ১৬০টি স্টলে। রক্তমাংসে, আনন্দবাজার, চৌরঙ্গীবাজার, এখন সর্বজন, থিয়েটার এখন, বিষয়মুখ, এবং মুখোমুখি, বিজ্ঞান, আমাদের জন্য...আরও অনেক স্টলে আগামী দিনের পাঠকের, কবি, নাটককার সহ আমাদের কলমকর্মীর উচ্ছল দৃষ্টিকে আগামী পৃথিবীর বুকে নতুন ইতিহাস সৃষ্টি করার সেই বিশেষণী তীব্র আবেগের রূপায়েণায় নতুন সূর্যের সেই ভোর স্বপ্ন।

মেলায় থাকছে 'নাটকঘর'—বাংলা নাটকের নাট্যজনেরা তাদের না-পাওয়ার কিছু ধন আহরণ করবেন নাট্যশপ্ত কিংবা

বাঙালির শুধু এই খেলা নয়, এরপর ঘরে ঘরে ক্যারম পেশাদার ক্যারম ক্লাব

ছাড় কিংবা ক্যাফেটেরিয়ার নির্বাচিত সংগ্রহ থেকে। হয়তো এরই সামনে শোনা যাবে কিছু মজাদারি, ঘরোয়া গল্প এবং আরও কিছু যা আমাদের হৃদয় ও মনকে কিছু সময় ধরে যায়। এরই কিছু দূরে রমার্ড-এর পাশে আলোকিত চিত্রীর ভীড়ে দেখা যাবে অরুন মল্লিককে—যে শুধু সাধারণের দেওয়া যে কোনও 'আর্থ'—থেকে সৃষ্টির সৃজনে রেখে চলেছে সূর্যোদয়ের সেই রঙ।

বিশ ফুট স্টল এবং সিলিল ম্যাগাজিন টেবিলের প্রতিষ্ঠিত প্রচ্ছদ লেখক এবং আগামী দিনের সমস্তকে যারা নিজেদের অনবদ্যনে প্রোজ্জ্বলিত প্রোডেকর্ম সংগ্রহে বিভোরিত করবেন তাদের অনেক ধারায় পাঁচমেশালি অনুভবে পাওয়া যাবে ৫০টি স্টলের প্যাভিলিয়নে। একটি আলোনে কিংবা প্রশ্ন এখানে সন্নিবেশে রাখার ইচ্ছেটাকে প্রকাশ করি। ১৬০টি টেবিল এবং ৫০টি স্টলের প্যাভিলিয়ন—মোট ২১০টি ছোট পত্রিকার প্রকাশনাকে একটি ছাতার তলায় কিংবা একটি এলাকুরে রাখতে পারলে ভাল হত।

তরুণ কলমচেতে পার পৃথিবীর অনেক দেশকে। প্রোবল ভিলেজ তথা বিশ্বায়নের একটি চেহারা আমরা স্পষ্ট দেখতে পাব। আলো করার ক্লাস, টিলি, কিউবা—এসবের আমাদের মেধা ও হৃদয়কে নান্দনিক কুশলতায় ঋদ্ধ করবে।

বাঙ্কসহ অডেটোরিয়ামটি ১২ দিনের ঠৌদ্ধ সংখ্যক এই বাঙালির পার্বণটিকে আলোচনা, সংবর্ধনা, আবৃত্তি এবং সংগীত ও নাটক বক্তৃতার সমৃদ্ধ হয়ে থাকবে বসন্তরের মতো।

আরেকটি জরুরি প্যাভেলিয়ন থাকছে। ফার্স্ট-এইড সহ প্রাথমিক চিকিৎসা কেন্দ্র এবং খাদ্যসেবিয়া সংক্রান্ত জন-সচেতনতার জন্য জরুরি স্টল।

বাঙালি জীবন স্বাস্থ্যসচেতন। স্বাস্থ্যের স্টল বা পসরা থাকছে ৬৫ থেকে চল্লিশটি। থাকছে মেডটে 'ফুড পার্ক'-এর অন্তর্গত। এটি একদমের নতুন সংযোজন। শিশুউদ্যান সহ থাকছে সাধারণের জন্য ছোট ছোট পার্কের বরনীয় আয়োজন। অনুসন্ধান কেন্দ্র থাকছেই।

এমন উৎসব কারালিরাই পালন করতে পারে। বাঙালির এই অনন্যের মিলটি ১৫ দিনের হলে ভাল লাগত। মেলা অবশ্যরে খাদ্য-পানীয়ের দাম যদি নাম্য মহের সঙ্গে সঙ্গতি রেখে ধার্য করা হয় তবে ভাল লাগবে। এই মেলা প্রাঙ্গণটি শহরের এমন স্থানে অবস্থিত—যেখান থেকে মেলাশেষে বাস বা রিকশায় বা পাতাল রেলেও ওঠা এক বিড়ম্বনা। ট্রাফিকীর মতো বিশাল রাজধানী শহরে ইপ্রয়া বড়ই বিপদজনক। মেলা সংগঠকের কাছে অনুরোধ—পরিবহন মন্ত্রীর সঙ্গে আলাপ-আলোচনা করে মেলা শেষে নিয়মিত বিশেষ কয়েকটি রুটের বাস যদি মেহেরু-পাশদেশ থেকে রাত সাড়ে নটা পর্যন্ত যাত্রা শুরু করে তাহলে জনসাধারণ সত্যিই উপকৃত হবেন।

সংযোগ মাধ্যম বা বিনোদন মাধ্যমে 'নাইক'-এর মতো 'জাস্ট দু ইট' নয় যতই সহজ ও মনোরঞ্জনাত্মক হোক বইয়ের কোনও বিকল্প নেই। বই মানুষের প্রথম প্রেম।

বইমেলা : পাঠকের চোখে

বিশ্ব সেন

বইমেলায় বিভিন্ন পাঠকের বিভিন্ন ধরনের অভিজ্ঞতা আছে। মেলার মাঠে কত ধরনের ঘটনা ঘটে তা নিয়ে রম্যরচনা লেখা যায়, কলম লেখা যায়, কলকাতার কড়চা বা আয়নার তুলে ধরা যায়। বই কেনা আর না কেনা নিয়েও ঘটনা ঘটে বিস্তর। আসলে বইমেলায় পাঠক বা দর্শক সাধারণের রয়েছে বিভিন্ন প্রবণতা। কারুর ভালবাসা বা কারুর অনুযোগ গা জানানো সে তর্কে না গিয়েও বলা যায় বইমেলার চরিত্র অন্য আর দশটি মেলার থেকে স্বতন্ত্র। কলকাতার প্রাণের মৌচাক বইমেলার সর্বত্র। চেষ্টা চলেছে প্রাণচঞ্চলতা ভরা মেলায় যেন পাঠক-লেখক-প্রকাশকের মিলন ঘটানোর।

বইকেনার ব্যাপারে রবীন্দ্রসংগীত, সলিল চৌধুরির গান, রবিশঙ্করের সেতার, শম্ভু মিত্রের আবৃত্তির মতো আলোকিত বইয়ের ক্যাসেটগুলি যেখানে মনে হয় এত বই, এত ধরনের বই যে ক্রেতা নাড়াচাড়া করে তারা যেখানে একটু আলাদা। যাদের নিয়মিত বই কেনার অভ্যাস আছে, যা বইমেলার আকর্ষণে অনেকটা পড়ে উঠেছে বলে আমি মনে করি, তাদের প্রত্যেকের বাড়িতে গত পঁচিশ বছরে অন্তত কম করে দেড়শো / দুশো বইয়ের লাইব্রেরি গড়ে উঠেছে। পঁচিশ বছর আগে যে শিশু বাবা-মার হাত ধরে মেলায় আসত আজ সে প্রেমিকার সঙ্গে আসে। আজকে তার ঠেকানায় যৌবন টলমল করছে। ছোটবেলার হাবোল-তাবোল-এর সঙ্গে পেরিয়ে সে আজকে নিজের পছন্দসই বই নিজেই বেছে নিতে পারছে।

এই বেছে নেওয়ার শুরু থেকেই পাঠকের চাহিদা পড়ে ওঠে। প্রতি বছর মেলায় যে ধরনের বাংলা বই বেশি বিক্রি হয় তার ভিত্তিতেও অবশ্যই উপন্যাস ও

চেনা মুখে পাঠক খুঁজছেন প্রিয় লেখা

পক্ষ। কিন্তু লক্ষণীয় গবেষণাধর্মী ও ভাল প্রবন্ধ গ্রন্থের সংখ্যা কিন্তু আশানুরূপভাবে বেড়েছে। প্রকাশনা জগতের একশ্রেণির প্রকাশক সস্তা প্রবন্ধের বই বার করার দিকে ঝুঁকে দিয়েছেন।

বইমেলায় কলকাতার প্রকাশকদের পাশাপাশি দিল্লি থেকে এলাহাবাদ থেকে এবং অন্যান্য রাজ্য থেকেও প্রকাশকেরা অংশগ্রহণ করেন। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাও যোগ দিতে শুরু করেছে। কলকাতার বইমেলার উদ্যোক্তাদের কাছে এই ঘটনা আনন্দের বিষয় হলেও সাহিত্যের একনিষ্ঠ পাঠকের কাছে কিন্তু উদ্বেগের কারণ হয়েছে। নিম্নির অধিকাংশ প্রকাশক টেক্সট বুক বিক্রির ব্যাপারে বেশি উৎসাহী। যদিও এই বইগুলি কলকাতার অনেক বিশ্ববিদ্যালয় ও উচ্চতর শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের খুবই কাজে লাগছে। টেক্সট বুক ছাড়াও বিভিন্ন গোয়েন্দা কাহিনী, থ্রিলার জাতীয় বই আছেন। বইগুলির কাটতিও খুব কম নয়। মধ্যবিত্ত পাঠকদের বই কেনার বাজেট নির্দিষ্ট থাকে, তার মধ্যে যদি এই সব বই কেনাতেই অধিকাংশ খরচ হয়ে যায় তবে বাংলা সাহিত্যের ভাল বই কিনবেন কি ভাবে? অথচ বইমেলার উদ্দেশ্যই হলো বই নেড়েচেড়ে, বিষয় পছন্দ করে কেনা—যে সুযোগ সাধারণ অবস্থায় যেন বইয়ের দোকানে ক্রেতারা পান না।

সাধারণত অনেক স্ট্রিট পত্রিকা প্রকাশকেরা বই বিক্রেতাদের ২৫ শতাংশ, কোন কোন প্রকাশক সংস্থা ৩৩; থেকে ৪০ শতাংশও ছাড় দেন। অথচ বইমেলায় ছাড়ের পরিমাণ মাত্র ১০ শতাংশে। বাংলা বইয়ের ক্ষেত্রে বইমেলা চলাকালীন ছাড়ের পরিমাণ বৃদ্ধি করলে যেমন একদিকে পাঠক আরও বেশি বই কেনার দিকে ঝুঁকবেন সঙ্গেই নেই অন্যদিকে যে সব পুস্তক-বিক্রেতারা সরাসরি পুস্তকের প্রকাশনার সঙ্গে জড়িত নেই তারা অনুপ্রাণিত হবেন। তাছাড়া বইমেলায় ইদানীং দেখা যায় একই বই বিভিন্ন স্টলে বিক্রি হচ্ছে। এমন পরিস্থিতিতে দাঁড়িয়ে পাঠক সমাজ যদি প্রকাশনা সংস্থাগুলির কাছ থেকে আরও একটু উদারতা আশা করেন তা কি অযৌক্তিক হবে? পাঠকের সংখ্যা বৃদ্ধি হলে লাভবান হবেন প্রকাশকেরাই এবং লেখকও নতুন করে লিখতে উৎসাহী হবেন। পাঠক, লেখক ও প্রকাশকের প্রকৃত সংযোগসাধনে এই ভূমিকা পালনের ক্ষেত্র বইমেলাই হতে পারে।

বইমেলার প্রবেশ দ্বারে একটি স্টলের সামনে ভিড় জমেছে

অনেকে অভিযোগ করেন মেলায় খাবারের দোকান, চা-কফির এত দোকান কেন ? বইমেলা মনের খিদে মেটায় কিন্তু পেটের খিদে না মিটলে মন চাঙ্গা থাকে না তাছাড়া প্রতিটি বইয়ের স্টলে যে সব কর্মচারীরা মেলা চলাকালীন প্রতিদিন আনুমানিক প্রতিজন করেন তাদেরও খাবারের ব্যবস্থা এই দোকানগুলি থেকে হয়। ফলে খাবার বা পানীয়ের দোকান থাকা প্রয়োজনীয়।

গত কয়েক বছর ধরে দেখা যাচ্ছে মেলা কর্তৃপক্ষ নিউজ প্রিন্ট বা ছোট প্রকাশকদের প্রতি নজর দিচ্ছেন। তাদের একটি স্টলের তলায় আসার চেষ্টা করছেন। এই চেষ্টা যত দ্রুত হয় তত ভাল কারণ এক-একটি ট্রেডিশনে পাঁচ-ছটি পত্রিকা মিলে তাদের নিজেদের কারণে বই-ই সমানভাবে সামনে আনা যায় না। সত্যিকারের তলায় যা তাদের তলায় সবাই জায়গা নিলেও সবাই সমান গুরুত্ব পায় না।

মেলার মধ্যে স্টল চিহ্নিতকরণ বিশেষ জরুরি। অনেকেই মেলার মধ্যে তাদের কাঙ্খিত বইয়ের দোকান খুঁজে পেতে পরিশ্রম করেন, সময় অনেকটাই বয়ে যায়। টিকিট কাউন্টার থেকে মেলার ম্যাপ বিক্রি করলে বোধহয় পাঠক-দর্শকেরা এক নজরে মেলার মাঠে প্রবেশের সময়েই সমস্তটা অবগত হতে পারবেন।

বইপাড়ার বই প্রকাশের পুরনো রীতি বদল হয়েছে। এখন বইমেলার নতুন বাংলা বই প্রকাশ হয়। অনেক প্রকাশকই পুজো সংখ্যার ছাপা উপন্যাসগুলিকে বই আকারে প্রকাশ করেন। এতে পাঠকের কাছে নতুনত্ব কিছু থাকে না। প্রয়োজন পাঠকের রুচিশীল অনুযায়ী ভালমানে মান বজায় রেখে বই প্রকাশ। তাড়াহুড়ো করে প্রকাশ করার ফলে অনেক সময়ে বই-এ ছাপার ভুল, বা অন্যান্য ত্রুটি থেকে যায় এদিকেও নজর দিতে হবে।

আসলে প্রত্যেক বছরেই প্রকাশকেরা নতুন নতুন অভিজ্ঞতার মুখোমুখি হন। সেগুলিকে ব্যবহার করে যদি প্রত্যেকবারের সমস্যাগুলিকে মুছিফেলার চেষ্টা থাকে তবে প্রত্যেক বছরের বইমেলাই নব নবরূপে প্রাণে খুশির ঢেউয়ের আনতে পারে। আর বই যারা পড়ে তারা সারা বছরই পড়ে, হয়ত তাদের মধ্যে কেউ কেউ সারা বছর বই কেনে না, মেলায় কেনে। বইমেলার সার্থকতা তখনই পূর্ণ বিকশিত হবে যখন বইমেলায় আগত দর্শকের অন্তত মুষ্টিমেয় মানুষ বই কেনার কথা ভাববেন। কারণ প্রকাশকেরাই বলেন যে সংখ্যক মানুষ আসেন তার শতকরা ৫ থেকে ১০ জন মাত্র বই কেনেন। বই কেনা বাড়লেই, সুস্থ সংস্কৃতিবান রুচিবান প্রজন্ম আমরা আশা করতে পারি।

এই ধরনের বুথ-এখন

এই ধরনের বুথ-এখন কোথাও নেই

বুথের সঙ্গে কথা বলার ব্যবস্থা

কলকাতা বইমেলা : প্রকাশকের চোখে

সচ্চিদেন্দ্রনাথ রায়
(মিত্র ও ঘোষ)

বইমেলা গত পঁচিশ বছরে ছোট থেকে ধীরে ধীরে বড় হয়েছে। এই সময়ে দেশের যা পরিবর্তন হয়েছে তার ছাপ তো বইমেলায় পড়বেই। অনেকে বলেন, খাবারের স্টল বেশি, বাজে পড়ায়, ভিড়টা বাড়ে না। আমরা এযাবৎ খেয়েছি ঘুগনি। আমাদের যদি পাঁচশ একটি জায়গা মেলার জন্য থাকত তাহলে এ সমস্যা থাকতো না। জল নিষ্কাশিত হিসাবে হয় কিন্তু সে তো আমাদের আগে, পরে আমাদের পায়ে পায়ে ঘুগনি ফেড়ে যায়। আর খাবারের স্টল রাখতে হয় কারণ সমতল থেকে যারা মেলায় আসছেন তাঁরা খাবেন কোথায় বা কফীহাউস বা খাবেন কোথায় ? এর আগে একবার ঘুর্ণিঝড় ঘটে গিয়েছে তারপর থেকে যে সাবধানতা নেওয়া হয়েছে তাতে ঘুর্ণিঝড় ঘটার আশঙ্কা কমে গেছে।

যে ধরনের বই আগে প্রকাশিত হত তার থেকে বর্তমানে বিষয় বৈচিত্র্য অনেক বেড়েছে। আগে শুধু পাঠ্য-টীকা-ব্যাসের ওপর জোর দিতাম, এখন ভ্রমণ কাহিনী, স্মৃতিকথা, কবিতাবই শিশুদের বই, ক্যালেন্ডার, টেবল ক্যালেন্ডার, বই বিভিন্ন ধরনের বই আমরা প্রকাশ করি। এটা সম্ভব হয়েছে এই মেলার জন্যে। বইমেলায় গিয়ে আমরা যে ধরনের পাঠকের সম্মুখীন হয়েছি, তাদের চাহিদা অনেক কম হলে ঠকতাম। তাদের চাহিদা মেটাই।

প্রত্যেক যে বইটা প্রকাশ করেন তার সম্বন্ধে তাঁকে প্রচারধর্মী হতে হবে বই পড়ুন বা না পড়ুন। তার বিষয়বস্তু সম্বন্ধে জানতে হবে, খবরা রাখতে হবে। এখন অনেক প্রকাশককে দেখা যায় কেমন কেমন করে বই ছেপে দিয়ে হয়ে গেল। কিন্তু প্রকাশক সত্যেন্দ্রনাথ দত্ত পুরোনো মানুষ ছিলেন তাঁরা সে প্রকৃতির মানুষ ছিলেন না। প্রফুল্লচন্দ্র রায় সম্বন্ধে লিখতে, সমাজসেবার ব্যাপার আছে। লোকসেবার ব্যাপার আছে, বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ, রামানন্দ চট্টোপাধ্যায়ের মতো মানুষেরা প্রকাশনায় ছিলেন। এ জায়গা ভুলে গেলে শুধু ব্যবসার মতো— ছেলেরা ব্যবসা, কাপড়ের ব্যবসা, তেলের ব্যবসার মতো চলতে থাকবে না। আমরা অনেকজন প্রকাশক এখনও এই ব্যবসাকে সমাজসেবার অঙ্গ হিসেবেই মনে করি।

আমাদের এই বইপাড়া কলেজ স্ট্রিট-মেডিকেলের কেন্দ্রস্থল। পশ্চিম প্রান্তিকি স্ট্রিট, বঙ্কিম স্ট্রিটস, গোট এসপ্লানেড হয় ছিল প্রেসিডেন্সী কলেজ, সংস্কৃত কলেজ, হিন্দু স্কুল—ডিরোজিও, রামমোহন, বঙ্কিম, বিদ্যাসাগর সবাই এখান থেকেই আলোকপ্রাপ্ত হয়েছেন। তাই এখানে যেন আমরা জন্ম কিছু ভাবতেই পারি না।

আজকাল জেলায় জেলায় যে সমস্ত বইমেলা হচ্ছে তাতে দেখা যাচ্ছে বইয়ের প্রথম পাতাটা কেবল কম পাতা ছাপিয়ে দাম ধার্য করে দেওয়া হচ্ছে। এতেলে অসুবিধাতে পড়ে বিভিন্ন জেলার মেলা কমিটিগুলি। কিন্তু বছর বছর একই মেলা কমিটি আসছে বিভিন্ন জেলা-তাঁরা দেখা দিচ্ছে। বাঁকুড়া বইমেলা যেটা এতদিন অবধি শনিবার ছিল সেখানেও এবারে গোলা ঘটেছে। এই সমস্যা সমাধানের উপায় হিসেবে মুখ্যমন্ত্রী পুরুলেন ভট্টাচার্যের কাছে প্রস্তাব রেখেছি যা হলে সমস্ত মেলা কমিটি নেতৃত্বে আসছক কমিটি করা।

কলকাতা বইমেলার ভিত্তিটা হয় তলেতলে ইতোমধ্যে প্রস্তুত হয়ে। আর কয়েকটি দুর্বলতার ঘরে যেমন আমাদের সংস্কৃতি, অনশন, দেশ-এ তাকাই ভিড় হয়। সংখ্যার দিক থেকে আলো বইয়ের বিক্রি বেশি। আমরা কয়েক বইয়ের নাম

১৯৯৫ সালের বইমেলার শুরুর দিনের দৃশ্য

যে কোন ভাষার বই এমনকি হিন্দি ভাষার বইয়ের থেকেও কম। যেসব ইংরেজি প্রকাশনা সারা বছরে তাদের পুরনো স্টক এখানে বিক্রি করে যেগুলি তারা ছাড়ের পরে কেনে সেগুলিকে মুদ্রিত দামে বিক্রি করার জন্য তাদের লাভও প্রচুর থাকে।

বিজেন্দ্রনাথ বসু
(ডিপার্টমেন্ট, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড)

বইমেলায় তো বই বিক্রি করতেই যাই। তবে মূল লক্ষ্যটা কিন্তু অন্যরকম। আনন্দ পাবলিশার্সের সব বই পাঠক-পাঠিকা হাত দিয়ে নেড়েচেড়ে দেখবেন তাঁদের পছন্দ-অপছন্দ সরাসরি প্রকাশ করবেন, তাঁদের চাহিদা জানাবেন— এটাই তো বড় পাওয়া। যাঁদের জন্য বই, সেই পাঠককে হাতের নাগালে পাওয়া, পাঠককে পড়তে পারাটাই প্রকাশকের বড় পাওনা। পাঠকের এই চাহিদা বুঝেও তো অনেক বই প্রকাশের পরিকল্পনা করা হয়। বাংলা প্রকাশনায় ইলাস্ট্রেটিং যে বিষয়বৈচিত্র্য বেড়েছে, সেটা কিন্তু বইমেলার জন্যই।

পাঠক চাইছেন বিষয়ভিত্তিক বই, তার চাহিদা হয়তো কিছুটা বেড়েছে, কিন্তু সব মিলিয়ে বিক্রিত বইয়ের সংখ্যা বাড়েনি, কমছে। বই বিক্রি প্রতি বছরই ১৫-২০% কমছে। তার অন্যতম কারণ বইয়ের দাম বাড়ছে, প্রকাশকরাও নিরুপায়। বছরে চারবার কাগজের দাম বাড়ছে, লাফিয়ে লাফিয়ে বাড়ছে বিজ্ঞাপনের খরচ। তুলনামূলকভাবে বাংলা বইয়ের দাম অতটা বাড়ানো যায় না। পাঠকরা বেশি দাম দিয়ে বাংলা বই কিনতে অভ্যস্ত নন। অথচ মেলায় বহু বিদেশী প্রকাশক-বিক্রেতা অংশ নেন। বাংলা বইয়ের তুলনায় ইংরেজি ও বিদেশী ভাষার বইয়ের দাম পাঁচ-ছ গুণ বেশি, তবু তো সেসব বই বিক্রি হয়। তাই বলে বিদেশী প্রকাশকদের উপস্থিতিতে বাংলা প্রকাশকদের আপত্তি কোনো ক্ষতি হয় না, কারণ বাংলা বইয়ের পাঠক বাংলা বইই কিনবেন। কিন্তু বইমেলায় অনেকে আসেন নিবিষ্ট বাজেট নিয়ে। সেসব ক্রেতা প্রথমেই ইংরেজি বা বিদেশী প্রকাশনার স্টলে ঢুকলে আর বাংলা প্রকাশনার স্টলে ঢোকার সুযোগ খুব একটা পান না। বিদেশী প্রকাশনার মান নিঃসন্দেহে খুব ভালো। কিন্তু এটা বাংলা প্রকাশনাকে খুব একটা প্রভাবিত করে না। কারণ কলেজ

বইমেলার একজন ব্যস্ততম বিক্রেতার শেষ পলক দেখা

স্টলের অধিকাংশ প্রকাশকই প্রকাশনার দায় নিতে কিছু ভাবেন না। তাই বিদেশী প্রকাশকদের কাছ থেকে যেটুকু শেখার, তা বাংলা প্রকাশনা নিতে পারছে না।

ইদানিং বইমেলায় বেশি ভোগে পড়ছে কয়েকটি বড় প্রকাশনার বই বিভিন্ন স্টলে বিক্রি হচ্ছে। প্রকাশক হিসেবে আমার খুশি হওয়ার কথা যে, আমাদের বই বিক্রি হচ্ছে। ভিড় ঠেলে যাঁরা আমাদের স্টলে আসতে পারছেন না, তাঁরা অন্তত আমাদের বইটা পেয়ে যাচ্ছেন। কিন্তু বইমেলার পক্ষে এটা ক্ষতিকর দিক। পৃথিবীর অন্য কোনো আন্তর্জাতিক মানের বইমেলায় এমন হয় না। বইমেলারও একটা সৌন্দর্যের দিক আছে। বইমেলা তো শুধু ব্যবসার জায়গা নয়, অন্যও তাই হয়ে যাচ্ছে।

বইমেলার আমার খারাপ লাগে— অব্যবস্থা, ধুলো, মাঠ নোংরা, একঘেয়েমো। খাওয়ার জন্য পক্ষ বেশি। আর টয়লেট ব্যবস্থাও ভালো করা দরকার। আর এ সবই সুষ্ঠুভাবে সম্ভব, যদি মিছি না চাকাদুর্গ-এর মতো কলকাতা বইমেলার একটা স্থায়ী জায়গা হয়। সরকার যদি উদ্যোগী হয়, সেটা হওয়া কঠিন নয়।

এবারের বইমেলায় প্রকাশনার সব বছরের মতোই, গল্প-উপন্যাস-কবিতা-প্রবন্ধ সবই থাকবে। এখনও পর্যন্ত বাংলার উপন্যাসের চাহিদাই সবচেয়ে বেশি। ছোটদের বইয়ের ক্ষেত্রেও উপন্যাসই বেশি চলে। আর ছোটদের বই বড়রাও পড়েন। এসব বিষয় মাথায় রেখেই বইমেলার প্রস্তুতি চলছে।

চন্দনা দত্ত
ডিরেক্টর, শিশু সাহিত্য সংসদ

কলকাতা বইমেলায় বড় প্রাপ্তি অসংখ্য মানুষের কাছে সরাসরি সবচেয় বই নিয়ে পৌঁছে যাওয়া। বইয়ের বিজ্ঞাপনের এত ভালো জায়গা তো আর হয় না। এই সুযোগটাকে - কাজে লাগাতে চাই। পাশাপাশি বই বিক্রি তো আছেই। তবে বইমেলায় এখন পরিবেশক এবং পুস্তক বিক্রেতাদের ভিড় এত বেশি, প্রকাশকদের আসল উদ্দেশ্য নষ্ট হয়। কেউ কেউ দু-চারটে বই প্রকাশ করেই স্টল নিয়ে পুস্তকবিক্রেতার কাজ করেন। পুস্তকবিক্রেতারা অনেকেই দশ শতাংশের বেশি কমিশন দেন, তাই মানুষজন তাঁদের স্টলেই বেশি ভিড় করেন। আর এতে পাঠকের সঙ্গে সরাসরি যোগাযোগ, পাঠকের আগ্রহ-চাহিদা জানবার সুযোগটাই নষ্ট হয়, হারিয়ে যায় বইমেলার উদ্দেশ্য। নষ্ট হয় বইমেলার চরিত্র। বিষয়টাকে হাল্কাভাবে না নিয়ে শিশু কর্তৃপক্ষের গুরুত্ব সহকারে ভাবা উচিত।

গত কয়েক বছরে আমাদের বইয়ের পাঠক কমেছে বলে তো আমার মনে হয় না। বই বিক্রির সংখ্যাটা প্রায় একই রকম আছে। প্রকাশনার বিষয় ও মানের

প্রতি যত্নশীল হবার চেষ্টা করি। আবাসের লক্ষ্য থাকে ভালো বই প্রকাশ করা। আর বেশি, ভালো বই মানুষের চোখে পড়লে, এখনও তা মর্যাদার সঙ্গেই মানুষ কেনেন। শুধু কেনেন না, সঙ্গে পড়েন। এ প্রসঙ্গে বলি, অন্যান্য সমস্ত মেলার মতো কলকাতা বইমেলাতেও 'বিক্রয়কেন্দ্র আধারের' ধারণা উচিত। প্রতিদিন এক-দু' ঘণ্টা করে আলাদাভাবে এই সমস্ত নির্দিষ্ট জায়গায় পড়তে পারলে ভালো হয়।

আর মেলায় কি খারাপ লাগে? গত ক'বছর মেলার মধ্যে কেউ কেউ ত্রুটিপূর্ণ বই প্রকাশ করে চলেছেন। এ নিয়ে প্রতি বছরই হইচই হচ্ছে, কিন্তু ওইসব নিম্নমানের বই প্রকাশ বন্ধ হচ্ছে না। খাবার স্টল বন্ধ বেশি। খারাপ লাগে, কফি হাউসগুলিকে এক কোণায় ঠেলে দেওয়া হয় বলে। কফি হাউসগুলিকে একটু চোখের সামনে রাখলেই ভালো। আর মুক্তস্থ ছিন্ন প্রিন্ট হলকে বইমেলায় তো খুঁজেই পাওয়া যায় না, ওটিকে মাঝমাঠে রাখা দরকার।

বিশ্বাস ভট্টাচার্য
পরিচালক-অংশীদার,
সারস্বত লাইব্রেরি

সেই ১৯৭৮ সালে বাংলায় বইমেলা আন্দোলনের সূচনা। তখন থেকেই বইমেলা আন্দোলনের সঙ্গে আছি। তারপর ধীরে ধীরে গড়ে উঠেছে নিজস্ব। ১৯৭৯ সালে শুরু হয়েছে কলিকাতা পুস্তকমেলা। বইমেলার আসল লক্ষ্যটিই হল মানুষের কাছে বই পৌঁছে দেওয়ার চেষ্টা করা, মানুষকে বই-মুখী করা। এই বিজ্ঞাপনের যুগে অনেক বাংলা প্রকাশকেরই নিয়মিত বিজ্ঞাপন দেওয়ার সামর্থ্য হয় না, বইমেলার এই বিজ্ঞাপনের কাজটিই বড় করে হয়। এর রেশ থাকে সারা বছর। ইলেকট্রনিক মিডিয়ার দাপটে বিনোদনের জন্য বইপড়া (মহিলা ও বয়স্ক পাঠক) কমেছে। প্রয়োজনের তাগিদে যেটুকু বই পড়া দরকার, সেটা অবশ্য বেড়েছে। স্কুলিক বইয়ের বিক্রি বাড়ছে। এখন ছেলেদের বইও প্রয়োজনভিত্তিক। ছেলেদের জনপ্রিয় চরিত্রগুলি, এমনকি খেলুড়াও ফেল।

বইমেলায় বিদেশী প্রকাশকদের অংশগ্রহণে বাংলা প্রকাশনারও লাভ হচ্ছে। তাঁদের কাছ থেকে নতুন নতুন বিষয়ভাবনা বাংলা প্রকাশনায় জারিত হচ্ছে। বিদেশী প্রকাশনা দেখে বাংলা প্রকাশনার মানও বাড়ছে।

কলকাতা বইমেলা প্রকাশক ও পুস্তকবিক্রেতাদের যৌথ প্রয়াস। তবে প্রকাশকরাও ঢালাওভাবে পুস্তকবিক্রেতা হয়ে উঠলে মেলার সৌষ্ঠব তো নষ্ট হবেই। এ বিষয়টা নিয়ে কর্তৃপক্ষকে ভাবতে হবে। অতবড় মেলায় ত্রুটিটাক কিছু ত্রুটিবিচ্যুতি থাকতেই পারে, কিন্তু তা নিয়ে বইমেলার মধ্যে বিক্ষোভ মিছিল করা বইমেলার সংস্কৃতিকে নষ্ট করে। অথচ ইদানিং এমন প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এ বিষয়ে সকলেরই সতর্ক হওয়া উচিত। পানীয় জল এবং টয়লেট ব্যবস্থা আরও ভালো করা উচিত। আর ভাবা উচিত স্টলবিন্যাস ও মেলার 'লে-আউট'

বইমেলার প্রবেশদ্বারটি অবশ্য শেষবার এটি অবে হয়েছিল মুক্তমঞ্চের কাছাকাছি

নিয়ে। মেটির পাশেই বিশাল পুলিশ ব্যান্ড। এর পাশে ছোট ছোট চার-পাঁচটা স্টল। পুলিশের উর্দির ডেকরেটর সেপাই স্টল ঢাকা পড়ে যায়।

শমিত সরকার
রিপোর্টার, এম সি সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড

কলকাতা বইমেলায় বই বিক্রি প্রথম আশা হলেও পাঠকের মুখোমুখি হওয়াটাই প্রকাশকের বড় পাওয়া। পাঠকের সঙ্গে সরাসরি যোগাযোগের মাধ্যমে প্রকাশক তাঁর প্রকাশনার একটা মূল্যায়ন করতে পারেন। বইমেলায় চত্বরে ঘোরে মনে হয়, বইয়ের চাহিদা বেড়েছে। ইলেকট্রনিক মিডিয়ার আগ্রাসন সত্ত্বেও বইয়ের চাহিদা বেড়েছে। বইমেলায় বই বিক্রির সংখ্যাও বেড়েছে, অন্তত আমাদের প্রকাশনার ক্ষেত্রে তাই বলে। গল্পগুচ্ছ, প্রবন্ধের বই, ছোটদের বইয়ের চাহিদা বেশি।

ইংরেজি ও অন্যান্য বিদেশী প্রকাশনার অংশগ্রহণে বাংলা প্রকাশনার জটিল কোনো প্রশ্নই নেই, বরং লাভই হয়। তুলনামূলক প্রতিযোগিতায় ভালো প্রকাশনার মান বাড়ছে। অন্যের তুলনায় প্রকাশনা সৌকর্যও বেড়েছে।

ইদানিং বইমেলায় কম প্রকাশক মোবাইল পুস্তকবিক্রেতার মতো আসা আসছেন। এটি হওয়া উচিত নয়। বইমেলায় প্রকাশকদের স্টলে পাঠকরা সরাসরি এসে পাঠকের মন থেকে অনেক কিছু জানা যায়, দেখা যায়, যা আগামী প্রকাশনার জন্যে জরুরি। মোবাইল পুস্তকবিক্রেতাদের কাছ থেকে বই বিক্রি হলে প্রকাশক পাঠক-মন থেকে বঞ্চিত হন। সেটা নিশ্চয়ই কোনো প্রকাশকের প্রত্যাশা হতে পারে না। বইমেলা প্রতি বছর বড় হচ্ছে, আরও সুন্দর হচ্ছে, নতুন নতুন পরিকল্পনা হচ্ছে। বইমেলার শ্রীবৃদ্ধি ঘটতে থাকুক, এই কামনা করি।

দুর্মুখি চট্টোপাধ্যায়
কর্মাধ্যক্ষ, সমরায়ণী

বইমেলায় শুধু বই বিক্রি করার কথা মনে হয়, সেটাই করেন না। মেলায় ঘুরতে গেলে বইয়ের প্রচার ও প্রসার। বইয়ের জন্যে মানুষকে টেনে আনা, মানুষের হাতে বই ধরিয়ে দেওয়াটাই হলো বইমেলার আসল লক্ষ্য। গত কয়েক বছর ধরে বইয়ের ওপর ক্রেতাদের আগ্রহ আসছে। বই বিক্রির সংখ্যাটাও বাড়ছে। তবে বৈদ্যুতিন মিডিয়ার মাধ্যমের নেশা কম্পিউটারের নেশার আক্রমণ একদিন ঘটিয়ে যাবে। অনুভূতির আবার বইয়ের কাছেই ফিরতে হবে। বইয়ের মতো এমন অনবদ্য নিত্যসঙ্গী আর কেউ হতে পারে না। শুধু বৈদ্যুতিন মাধ্যমের নেশাটা কাটানোর জন্য বই নিয়ে শুধু বইমেলায় নয়, সারা বছর ধরেই বইয়ের কাটতি খুব জরুরি। শুধু প্রকাশক নন, এ ব্যাপারে সবার সচেতন হওয়া দরকার। এখনও পর্যন্ত মেটিদের বইয়ের চাহিদাই সবচেয়ে বেশি। তিনবছর আগেকার থেকে পাঠক বেড়েছেন।

বইমেলায় বিদেশী প্রকাশকদের অংশগ্রহণে বইমেলায় মর্যাদা আরও বেড়েছে। ভালো প্রকাশনা একটা সুস্থ প্রতিযোগিতার মুখে পড়ে নিজেকে আরও উন্নত করার চেষ্টা করছে। বাংলা বইয়ের পাশাপাশি বিদেশী প্রকাশনার সমাহারেই তো আন্তর্জাতিক বইমেলাতে এর জনপ্রিয় আসছে। অবশ্য, কলকাতা নিজেও তো আন্তর্জাতিক শহর।

সম্প্রতি বইমেলায় অনেক প্রকাশকই পুরুক বিক্রেতাদের মতো আচরণ করছেন, এতেই বই বিক্রির স্টলে ঘুরছে। এমনটা কাম্যিকর নয়। একজন প্রকাশকের বই তাঁর নিজস্ব স্টলেই থাকুক। যে-সব প্রকাশক মেলায় অংশ নিচ্ছে পারেন না, পুরুক বিক্রেতারা তাঁদের বই রাখুন। এ বিষয়টি বিশ্ব কর্তৃপক্ষকে আমাদের অনুরোধ করি।

এত বড় মেলার প্রবেশদ্বারেই গোলকধাঁধার মতো ঘুরতে দেখি। বইমেলার যে ছোট্ট আগ দিদি করা হয়, তা থেকে কিছু বোঝাই যায় না। এলাকাগত ভাগ করা উচিত। এত বড় মেলায় এত পাঠকের সমাগম কেন ? কিছু মানুষ বইয়ের জন্যে যান, না খেয়েই যান—কখনও কখনো সেই কারণটা বোঝা যায় না।

শঙ্করীকুমার নায়ক
পরিচালক, পুলক

বইমেলায় বই বিক্রি করে অংশগ্রহণের তেমন কোনো লাভ হয় না। অবশ্য বিজ্ঞাপন, স্টল সাজানো, মেলায় অন্যান্য সব মিলিয়ে খরচ-খরচের খুব একটা হেরফের থাকে না। কিন্তু বইমেলা থেকে বড় প্রাপ্তি হলো পাঠকের সঙ্গে প্রকাশকের সরাসরি যোগাযোগ। পাঠকদের কাছ থেকে অনেক নতুন ধারণা পাওয়া যায়, ইচ্ছের তালিকা তৈরি হয়। এই চাহিদার হাত ধরেই গত কয়েক বছরে বাংলা প্রকাশনারও একটা নিজস্ব পরিবর্তন হয়েছে। কে-কোনো বিষয়ে হালফিলের বইয়ের চাহিদা বেড়েছে। তবে সংখ্যার মধ্যপাতে বই বিক্রির পরিমাণ প্রায় একইরকম। বেচাকেনা হয় ঠিকই কিন্তু বইয়ের পাঠক কমছে, তা কিন্তু নয়। বিদ্যালয় সাহিত্যের পাঠক কমলেও গবেষণামূলক বই, জনের চাহিদা পূরণকারী বইয়ের পাঠক বাড়ছে। সেই দিক থেকে ছোটদের বইয়ের চাহিদা বাড়ছে।

ইদানিং বইমেলায় অনেক বিদেশী প্রকাশক অংশ নিচ্ছেন। এতে বাংলা বইয়ের বিক্রি কম কাজে। বিশেষত তাঁরা নির্দিষ্টির বাজেট নিয়ে বইমেলায় আসেন। তাঁরা প্রথমেই ইংরেজি বা অন্য ভাষার স্টলে ঢোকেন আর বাংলা বইয়ের স্টলে তেমন সক্রিয় হয় না। তাই শুধু বাংলা বইয়ের জন্য আলাদা একটি বইমেলা করার প্রয়োজনীয়তা দেখা দিচ্ছে। বিদেশী প্রকাশকদের থেকেও বাংলা প্রকাশনার মান কিন্তু তেমন কমছে না। বাংলা

১৯৯২ সালের প্রথম দিকে নির্মাণাধীন অবস্থায়

প্রকাশনায় উপযুক্ত প্রয়োগবিদ্যার অভাব—তা কিন্তু নয়, আসলে পাঠকরা বেশি দাম দিয়ে ভালো বই কিনতে চান না, অথচ একটি পৃষ্ঠাসংখ্যার ইংরেজি বই পাঁচ গুণ দামে রাজপথে বিক্রি হয়।

বইমেলায় পুস্তকবিক্রেতাদের তিন ধরনের। তাদের ঠিক আগের জন প্রকাশকদের পুস্তকবিক্রেতারা কয়েক হাজার বই রাখছেন। কিন্তু এতে প্রকাশকদেরই ক্ষতি হচ্ছে। তাঁরা সরাসরি পাঠকের কাছে পৌঁছুতে পারছেন না। এতে বইমেলার আসল উদ্দেশ্যটাই বিঘ্নিত হচ্ছে। এছাড়া বইমেলায় রকমফের বাড়ছে। ফলস্বরূপ ভিড়ে প্রকৃত পুস্তকপ্রেমীরা বঞ্চিত হচ্ছেন। নিয়ম করা উচিত, বইমেলায় ঢুকলেই অন্তত একখানা বইও কিনতে হবে।

প্রসূন বসু
সম্পাদক

কলিকাতা পুস্তক মেলা যাকে আমরা সংক্ষেপে বলি কলকাতা বইমেলা। আমাদের এই মেলাকে নিয়ে নানান লোকের নানান অভিমত আছে। মেলার প্রথম থেকে এর সঙ্গে জড়িত থেকে, আমার মনে নানা জিজ্ঞাসার উদয় হয়। এই মেলাটা যখন শুরু হয়েছিল, রবীন্দ্রসদনের উল্টোদিকে যখন মেলাটা হত, বাজারে একমাত্র ট্রিগেরের সরধানে হয়েছিল। তখন এতো জনসমাগম হতো না কিন্তু পাঠকের খুব উপস্থিতি লক্ষ্য করতাম। ফলে তখন আমরা একটু বেশিমাত্রায় সারা বছর অনেক স্টল পাড়ায় যে বই বিক্রি করতে পারি না অর্থাৎ তুলে ধরতে পারতাম না, অথচ জনপ্রিয় বই সেগুলো পাঠক বেশি কিনত এবং মুদ্রণসংখ্যার দিকে তারা আসতেন, বই সেগুলোকে দেখতেন।

এরপর আস্তে আস্তে মেলা যখন বৃহৎ রূপ ধারণ করলো তখন লাক্ষ করলাম পাঠকের সংখ্যা কমছে, লেখকের সংখ্যা বাড়ছে। এখন বইমেলায়, আমার নিজস্ব অভিমত, শতকরা দুটি ভাগ পাঠক আর আসি ভাগ লেখক। অনেকে বলবেন বই বিক্রি বেড়েছে। আমি বলব বই বিক্রি অঙ্কে বেড়েছে, সংখ্যায় বাড়েনি। অবশ্য বইয়ের দাম তখনকার তুলনায় কম ছিল বেড়েছে এবং ক্রমশ কমছে। এখন তাহলে উপায় পাবে এত বই প্রকাশ করেন কেন? তার উত্তরে বলা যায় আগে পালা বিশেষে ছাপলে নববর্ষে বইপাড়ায় ঘুরবার আগায় ছিল এখন সেটা বইমেলার জন্যে তোলা আছে। বছর বইপাড়ায় তেমন নিয়মিত কেনাকাটা নেই।

তাহলে এর উত্তরে আপনি কি এই বইমেলার বিরোধী। নিশ্চয়ই আমি এই চরিত্রের বইমেলার বিরোধী। আমি চাই পাঠকের বইমেলা। লেখকের বইমেলা চাই না। বিদেশের যে বই মেলা হয়, আমি নিজে কয়েকবার বিদেশে বইমেলায় গেছি, সেখানে হয় বইয়ের আলোচনা। সেখানে কলিরাইট বিক্রি হয়, যাঁরা আসেন তাদের প্রকাশকের সঙ্গে কথাবার্তা হয়, চুক্তি হয়। কিন্তু কলকাতা পুস্তক মেলা একমাত্র মেলা যেখানে প্রত্যক্ষভাবে পাঠকের সঙ্গে আলিঙ্গন হয়। ফলে সেখানে পাঠকের সঙ্গে মুখোমুখি দাঁড়িয়ে প্রকাশক তার ভবিষ্যৎ পরিকল্পনা করতে পারবে অর্থাৎ পাঠক কি চাইছে, তার চাহিদাটা কি সেখানে যদি এর ভিত্তি হয় তাহলে আসল উদ্দেশ্য কিছুটা সাধিত হবে।

মেলা কর্তৃপক্ষ অবশ্য খুব এ ব্যাপারে নজর দিচ্ছেন।

সেটা ঠেকে, চলুক কিন্তু ঠিক পথে আসতে হবে। উপরে চাকচিক্য থাকলেও ভিতরে ভিতরে ক্ষয় হচ্ছে। এর জন্য প্রকাশক সংগঠন, লেখক সংগঠন, পাঠককে সচেতন হতে হবে, সব দিকে সকলকে নজর দিতে হবে।

জয়দেব ঘোষ
পরিচালক, অভেদ পাবলিশিং হাউস

কলকাতা বইমেলার আকর্ষণগুলোর লক্ষ্য করি—বই বিক্রি এবং বইয়ের প্রচার। গত কয়েক বছরে শিক্ষামূলক বইয়ের চাহিদা বাড়ছে, বাড়ছে কুইজ বা খেলা জাতীয় বইয়ের চাহিদা। গল্প-উপন্যাসের চাহিদা কমছে। তবে আমাদের প্রকাশনার ধনির্ণাটিত ক্ষেত্রে গল্প সিরিজের চাহিদা আজও একই রকম রয়েছে।

কলকাতা বইমেলায় এখন অনেক বিদেশী প্রকাশক আসে নেন, তাদের কাছে বইয়ের বিক্রি প্রকাশিত হয় বলে আমাদের মনে হয় না। কারণ আমাদের

বইয়ের আলাদা পাঠক আছেন। তবে কম্পুসেক্টেরা, যাঁরা বইমেলায় বই কেনেন আবেগ হিসেবে, তাঁরা বিদেশী বইয়ের স্টলে ঢুকলে আর বাংলা বইয়ের স্টলে নাও আসতে পারেন। কলকাতা বইমেলায় একটা প্রতিযোগিতার আবহ থেকে কি না জানি না, ভালো বইয়ের প্রকাশনার মান ক্রমশ বাড়ছে।

গত কয়েক বছর ধরে একই প্রকাশকের বই বিভিন্ন স্টলে বিক্রির চল শুরু হয়েছে ভালোই তো। যেসব প্রকাশকের স্টলে প্রচণ্ড ভিড় হয়, তাঁদের বই পাঠকরা অন্য স্টল থেকে পেয়ে যান। তাই প্রকাশকদের তুলনায় বইমেলায় পুস্তকবিক্রেতাদের ভিড় বেশি হচ্ছে। তবে এরকম চলতে থাকলে বইমেলার চরিত্র নষ্ট হতে বাধ্য। তাই এ বিষয়ে বইমেলা কর্তৃপক্ষকে নির্দিষ্ট নিয়ম মেনে চলা উচিত।

বইমেলার পরিসর বাড়ছি বেড়েছে অনেকখানি। কিন্তু মাঠে স্টল-বিন্যাস খুব একটা সময়োপযোগী হয় না। এমন কিছু জায়গায় স্টল দেওয়া হয়, যেখানে মানুষজন একেবারেই যেতে পারেন না। বইমেলায় স্টল-সজ্জার পুনর্বিন্যাস হওয়া দরকার। আর স্টল-বণ্টনে লিটল্ ম্যাগাজিনের জন্য আলাদা প্রকাশনা দেওয়া হয়। একটি আন্তর্জাতিক মানের মেলায় এই পক্ষপাতিত্ব কী আদৌ শোভনীয়? বিষয়টি বইমেলা কর্তৃপক্ষ ভেবে দেখতে পারেন। আর একটি প্রস্তাব আছে— 'বাংলা প্রকাশনার ভবিষ্যৎ' বিষয়ে আগামী বইমেলায় একটি সেমিনারের ব্যবস্থা হোক।

প্রবীরকুমার সাহা
পরিচালক, লিটিরাম

বইমেলায় বহু মানুষকে একসঙ্গে পাওয়া যায়, তাই বইয়ের বিজ্ঞাপন ও প্রচারের বড় জায়গা হল এই বইমেলা চত্বর। গত কয়েক বছর ধরে বইয়ের চেহারার রদবদল তো হয়েছেই। নতুন লেখকদের গল্প-উপন্যাস বিক্রি হয় না; সবাই চান নামী লেখকদের উপন্যাস। তবে এর মধ্যে চাহিদা বেড়েছে কবিতা সিরিজ আর সংকলনের। শীতমশালি সংকলনে একই মলাট অনেক লেখককে পাওয়া যায়। আর এইসব সিরিজের বইমেলার প্রতি বছরই বই বিক্রির সংখ্যাটা অল্প কিছু হলেও বাড়ছে।

সম্প্রতি একই বই মেলার অনেক স্টলে পাওয়া যায়। এটা তো একটা ভালো দিক। বিশেষত যাঁরা বিজ্ঞাপন দেখে বই কেনেন, তাঁরা অযথা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে প্রকাশকের কাছে যাবেন কেন? আর বই ফ্লেক্সেচেরে দেখে বইয়ের ভালো-মন্দ বিচার করে যাঁরা নতুন নতুন বই খোঁজেন, তাঁরা তো প্রকাশকের কাছে যাবেনই।

বইমেলার মাঠে বড় স্টলের সামনে ছোট ছোট স্টল সাজিয়ে দেওয়া হয়, এটা অবশ্যই নয়। মেলার ভেতরে রাস্তা আরও পরিষ্কার হওয়া উচিত। এখানে ওখানে খানাখন্দ থাকে। এ সব সমস্যার সমাধান হয় যদি বইমেলার জন্য একটা স্থায়ী কাঠামো তৈরি করা যায়। সমস্ত প্রকাশক বন্ধুদের এ বিষয়ে উদ্যোগী হওয়া উচিত। সরকারও কী এ বিষয়টা ভাববেন?

३०८) महात्मा फुले चौक बाजार, औरंगाबाद (महा)

রুচিশীল ও মনের মত বিভিন্ন স্বাদের বই পেতে হলে কলকাতা পৌরসংস্থা প্রকাশিত বই পড়ুন

ছোটদের জন্য

আমাদের দিনোদপত্র

আমাদের সুভাষচন্দ্র

সাধারণের জন্য

মুক্তির সংগ্রাম ও কলকাতার পাঠ

C. M. Gazette C. V. Raman Birth Centenary Issue

C. M. Gazette Anthology Number 1924-1947

C. M. Gazette Netaji Birthday Com. Vol. Cent. eve-tribute

C. M. Gazette Netaji Centenary Issue

Calcutta-a set of Pictures

Calcutta at a Glance

কলকাতা সম্বন্ধে বিশদ জানতে হলে তথ্যসমৃদ্ধ পুস্তিকা নিয়মিত পড়ুন

উল্লিখিত বইগুলি কলকাতা পৌরসংস্থার তথ্য ও জনসংযোগ বিভাগ এবং রেকর্ড বিভাগের কাউন্টারে সারা বছর পাবেন।

তথ্য ও জনসংযোগ বিভাগ

১, হল স্ট্রিট, হল বিল্ডিং, কলকাতা-৭০০ ০৮৭

কারুশিল্প, প্রযুক্তিবিদ্যা কৃষ্টি
এই তিন কলকাতার সৃষ্টি



কালী মন্দির
পরেশনাথ মন্দির
মহাবোধি সোসাইটি
নাখোদা মসজিদ
আর্মেনিয়ান গির্জা
ভিক্টোরিয়া মেমোরিয়াল
রাজা রামমোহন রায়
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
রবীন্দ্রনাথ ঠাকুর
কলকাতা বিশ্ববিদ্যালয়
যামিনী রায়ের ছবি
নোবেল জয়ী অমর্ত্য সেন
দ্বিতীয় হুগলী সেতু

অনেক সম্প্রদায় অনেক সংস্কৃতি
অনেক সাহসে গড়ে উঠেছে এই শহর

কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন

কলকাতা
দূরশ্রী
থ্রীর থ্রীর থ্রীর থ্রীর

বন্যাদুর্গত মানুষের সাহায্যে
মেয়রের ত্রাণ তহবিলে
মুক্ত হস্তে দান করুন

মেয়রস রিলিফ ফাণ্ড
কলিকাতা পৌর সংস্থা
৫ সুরেন্দ্রনাথ ব্যানার্জি রোড
কলিকাতা-৭০০ ০১৩

কলকাতা

পুরশ্রী

স্টার থিয়েটার বিশেষ সংখ্যা

১৪০৭

কলকাতা পুরশ্রী

কলকাতা পৌরসংস্থার বাংলা মুখপত্র

মার্চ, ২০০১ [ ] সংখ্যা ৫

প্রধান সম্পাদক — অনুপ মিত্র

সহযোগী — অমলকুমার লাহা, পলাশ রায় ও অরূপ চৌধুরী

প্রচ্ছদ চিত্র — সুধাংশু পাল

অলঙ্করণ সূচি — পলাশ ঘোষ ও মনোমোহন গাঙ্গুলী

কৃতজ্ঞতা — দেব পণ্ডিত, পল্লিশ্রী নার্সারী অ্যাসোসিয়েশন, হিরণ্ময় ঘোষ, প্রশান্ত পণ্ডিত, কাশফুরী মিউজিয়াম সোসাইটি

প্রকাশক
বিশেষ অধিকারিক
তথ্য ও জনসংযোগ বিভাগ, কলকাতা পৌরসংস্থা
৪র্থ বিল্ডিং, ৪র্থ তল, ১ ম্যাঙ্গো লেন
কলকাতা-৭০০ ০০১
দূরভাষ : ২২৬-০৩৩০, ২২৬-০৪৭১ / এক্সটেনশন :

মুদ্রক
নবপত্রী কর্পোরেশন লিমিটেড
১৬৬ বিপিনবিহারী গাঙ্গুলী স্ট্রিট
কলকাতা - ৭০০ ০১২

দাম : ১৫ টাকা

বিষয়সূচি

সম্পাদকীয় * ৫

কলকাতা পৌরসভা কর্তৃক স্টার থিয়েটার অধিগ্রহণ * সুধীর মুখোপাধ্যায় □ ৭

পরাধীন ভারতবর্ষে স্টার থিয়েটার ধর্ম ও সংস্কৃতির পুনরুজ্জীবনের স্রষ্টা * অরুণ ঘোষ □ ১০

স্টার অধিগ্রহণ নিয়ে কলকাতার বিশিষ্ট ব্যক্তিত্বদের অভিমত * রামকুমার চট্টোপাধ্যায়, মাধবী মুখার্জি অজিত বন্দ্যোপাধ্যায়, দিলিপ মুখার্জী, তরুণকুমার, সুবেন্দ্র ভৌমিক, পি সি সরকার, শীর্ষেন্দু মুখোপাধ্যায় চিত্রাবলি কর, পরিমোষ সেন, তরুণেন্দু চট্টোপাধ্যায়, সুনিত্রা মুখোপাধ্যায় পি কে মল্লাবাজী, শিপ্রা মিত্র, গীতা দে, ছিপ্র দাশগুপ্ত, বিশ্বু ভৌমিক □ ১৪

স্টার থিয়েটার * সবিত্রী চট্টোপাধ্যায় □ ২০

স্টার থিয়েটার এবং বাংলা নাটক * অরুণ সি দাস □ ২২

স্টার থিয়েটার—বাংলা থিয়েটারের ঐতিহ্য * মহুয়া চৌধুরী □ ২৫

নাটকের হার পরিবর্তন * প্রফুল্ল পালিত □ ২৭

স্টার : অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ * চিত্তরঞ্জন ঘোষ □ ২৯

স্টারের বিজ্ঞাপন সেকাল ও একাল * প্রফুল্ল পালিত □ ৩৫

স্টার থিয়েটারের কথা * দেবনারায়ণ গুপ্ত □ ৩১

বাংলা নাট্যশালার উজ্জ্বল জ্যোতিষ্ক স্টার থিয়েটার * সন্ধ্যা বন্দ্যোপাধ্যায় □ ৩৭

নটীকণ্ঠ গিরিশচন্দ্র ও স্টার থিয়েটার * প্রভাতকুমার দাস □ ৩৯

স্ত্রী বিনোদিনী ও স্টার থিয়েটার * দেবা দে □ ৪৬

স্টার থিয়েটারের উল্লেখযোগ্য ঘটনাবলী-প্রযোজনা * মানসী রায়চৌধুরী □ ৭৩

১৮৮২ খৃষ্টাব্দের ৫ই ডিসেম্বর

প্রতিষ্ঠিত হয় বাংলার জাতীয় নাট্যশালা।

১৮৮২ খৃষ্টাব্দের ৫ই ডিসেম্বর বাংলার জাতীয় নাট্যশালা স্টার থিয়েটার প্রতিষ্ঠিত হয়। সেই থেকে আজ পর্যন্ত বাংলার নাট্যশালার ইতিহাসে স্টার থিয়েটার এক গৌরবময় অধ্যায় রচনা করে আসছে। ১৯১৩ খৃষ্টাব্দে 'বিল্বমঙ্গল' নাটকের অভিনয় দিয়ে স্টার থিয়েটার নতুন করে তার জীবনযাত্রা শুরু করেছিল। সেই থেকে আজ পর্যন্ত স্টার থিয়েটার বাংলার ঐতিহ্যের ধারক ও বাহক হয়ে বাংলার নাট্যামোদী জনসাধারণের সেবা করে আসছে।

॥ স্টার থিয়েটারের একমাত্র স্বত্বাধিকারী শ্রীললিতকুমার মিত্র ॥

● আর মাত্র আর ক'দিন অপেক্ষা করিলেই ●

স্টার থিয়েটার

বাংলার নাট্যশালার এক একটি যুগান্তরের সূচনায় বহুবার নাট্য-সাধনার অনুপম কীর্তিতে যুগান্তরের অক্ষয় রেখা রচিয়ে যার অনির্বাণ আলোকবর্তিকাকে প্রজ্জ্বলিত করে তুলেছে—

বাংলাদেশে চলচ্চিত্রের নির্বাক যুগে যিনি এক্সিস সর্বপ্রথম দি ব্রিকেন্স্ নামক ছবিতে ইংরেজ এই স্টার থিয়েটারেই শুরু করেছিলেন।

বাংলার ঐতিহ্যদীপ্ত নাট্যশালা হিসেবে স্টার থিয়েটার অনন্য

একদিকে বিচিত্র রসের ও বিষয়ের নাটকাবলী—অন্যদিকে রঙ্গ-সৌষ্ঠব ও আলোক সম্পাতের সাধুনিকতা—দুয়ের সমন্বয়ে নাট্যরূপের পরিকল্পনা ও রূপায়ণে নিয়ত যত্ন—আমার সহযোগী সহকর্মীদের আন্তরিকতাপূর্ণ সাহায্য নাট্যামোদীদের প্রতি শ্রদ্ধা ও সম্রাজ্ঞীতি—যে কোন জাতীয় কার্যে মুক্ত হস্তে অর্থ সাহায্য প্রভৃতির মধ্য দিয়ে সর্বজনপ্রিয় স্টারের নাট্য-সাধনার অগ্রগতি অব্যাহত।

অভিনেতৃবৃন্দের শ্রীযুক্ত শ্রীমতী ● শ্রীযুক্তা ● শ্রীমতী ● শ্রীযুক্ত ● শ্রীমতী ● অভিনয় শ্রীমতী ● শ্রীযুক্তা ● শ্রীমতী ● কণ্ঠসঙ্গীতে : শ্রীমতী : শ্রীযুক্তা : অর্ধ-শতাধিক প্রভৃতি নাটকগুলির মাঝে স্টারের নাট্য সাধনার ধারা বিচিত্র।

● স্টার থিয়েটারে নতুন যে কোন নাটকের নামে জড়িয়ে থাকে নতুন আশা ●

তাই নাট্যামোদী জনসাধারণের প্রিয় নাট্যগৃহ

স্টার থিয়েটার

৭৯।১।১৪, কর্ণওয়ালিশ ষ্ট্রীট,
কলিকাতা—৪

● টেলিফোন : ৫৫—১১৬৮

স্টার থিয়েটারের নিজস্ব বেতার কেন্দ্রের ঘোষণা

সম্পাদকীয়

অতি সম্প্রতি কলকাতা পৌরসংস্থা স্টার থিয়েটার অধিগ্রহণ করে পুনর্নির্মাণ শুরু করেছে। কলকাতা তথা পশ্চিমবঙ্গের নাট্য ঐতিহ্যে স্টার থিয়েটারের ভূমিকা ইতিহাসস্বীকৃত। কলকাতার সাংস্কৃতিক জগতে স্টার থিয়েটারকে ভগ্নদশা থেকে মুক্তিদানের চেষ্টা স্বাভাবিকভাবেই আলোড়ন তুলেছে। এই ঘটনাকে স্মরণ রেখে আমাদের নিবেদন এই বিশেষ সংখ্যার।

স্টার থিয়েটারের সংক্ষিপ্ত ইতিহাসের পাশাপাশি গিরিশচন্দ্র, নটী বিনোদিনী প্রমুখের সঙ্গে স্টার থিয়েটারের সম্পর্ক নিয়ে বিশ্লেষণ করেছেন গবেষক-লেখকেরা। স্টার থিয়েটারের বিজ্ঞাপন নিয়েও রয়েছে একটি মূল্যবান নিবন্ধ। অভিনেত্রী সাবিত্রী চট্টোপাধ্যায় ও অভিনেতা সত্য বন্দ্যোপাধ্যায় লিখেছেন ব্যক্তিগত অভিজ্ঞতানির্ভর দুটি লেখা। কলকাতার বিশিষ্ট ব্যক্তিত্বরা স্টার থিয়েটার অধিগ্রহণকে কী চোখে দেখছেন তা অক্পটে ব্যক্ত করেছেন। স্টার থিয়েটার পুড়ে যাওয়া মাত্র নাট্যকার চিত্তরঞ্জন ঘোষ একটি মূল্যবান প্রবন্ধ লিখেছিলেন। এখানে সেটি পুনর্মুদ্রিত হল। পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি নাট্যকার দেবনারায়ণ গুপ্তের লেখাটি পুনঃপ্রকাশের অনুমতি দিয়েছেন এইজন্য আমরা কৃতজ্ঞ।

এই সংখ্যাটি নাট্যপিপাসু, জিজ্ঞাসু পাঠকের দৃষ্টি আকর্ষণ করলে আমাদের উদ্যোগ ও পরিশ্রম সার্থক হবে।

নটরাজ শিশিরকুমার ভাদুড়ী

কলকাতা পৌরসভা কর্তৃক স্টার থিয়েটার অধিগ্রহণ

সুধীর মুখোপাধ্যায়

দেড় থেকে দু বছরের মধ্যে বন্ধ হয়ে যাওয়া স্টার থিয়েটার চালু হবে জানালেন মহানাগরিক সুব্রত মুখোপাধ্যায়। এই উপলক্ষে ১১ ফেব্রুয়ারি সকালে বিডন ভবন থেকে শুরু করে এক পদযাত্রা এসে শেষ হয় স্টার থিয়েটারে। পদযাত্রায় অসংখ্য মানুষজনের মধ্যে মহানাগরিক, মেয়র পরিষদের সকল সদস্য ছাড়াও ছিলেন মাধবী চক্রবর্তী, সুনন্দন সেন, তাপস পাল, বীনাক্ষী চৌধুরী, সুস্মিতা মুখার্জি, তরুণকুমার, বীণা দাশগুপ্তা, অরু সেনগুপ্ত, কেন্দ্রীয় মন্ত্রী অজিত পাঁজা, প্রাক্তন মেয়র কমল বসু, বিধায়ক সঞ্জয় বক্সি, সাধন পাণ্ডে, সাংসদ সুদীপ ব্যানার্জি, বিধায়কদ্বয় শীতলনাথ গাঙ্গুলি, চেয়ারম্যান অনিল মুখার্জি, বরো চেয়ারম্যান সলিল চট্টোপাধ্যায় প্রমুখ।

স্টার থিয়েটারের সামনে হাজার হাজার সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত উৎসাহ ও উদ্দীপনার মধ্যে মহানাগরিক জানান, স্টার থিয়েটার চালু করার চেষ্টা

স্টার থিয়েটার কর্মপ্রাঙ্গণ ঘিরে সাংস্কৃতিক আন্দোলনে ঘোষণাপত্রিক হয়ে উঠেছিলো। ছবি অমলা মেহর পরিবার সৌজন্যে।

কেউ করতে পারছে না। টাকা কোনও সমস্যা নয়। দরকার ছিল উদ্যোগ গ্রহণের। এরপর স্টার থিয়েটার অধিগ্রহণের নোটিশ জারি করা হয়। স্টার থিয়েটার নিয়ে রাজ্য সরকারের উদাসীনতার কথা বললেন সাধনী চক্রবর্তী, দীপালী গোস্বামী, সুমিত্রা মুখার্জি।

কলকাতা পৌরসংস্থার উদ্যোগে স্টার থিয়েটার আবার নতুন করে তার পুরনো ঐতিহ্য নিয়ে উজ্জীবিত হতে চলেছে। কলকাতা পৌরসংস্থা পুড়ে যাওয়ার বহু বছর পর স্টার অধিগ্রহণ করে প্রাথমিকভাবে তার পুনরুদ্ধারের কাজও প্রায় শেষ করেছে। পুড়ে যাওয়ার পর থেকে সেখানে এক জমাটের পরিবেশ সৃষ্টি হয়েছিল কেওলি পরিষ্কার করেছে পৌরসভা। তাই ২৭ ফেব্রুয়ারি শুধু স্টার থিয়েটার-এর মধ্যে এক সাংবাদিক সম্মেলন ডেকে মহানাগরিক সুব্রত মুখোপাধ্যায় ঘোষণা করে দিলেন মার্চের ৭ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন চেয়ারম্যান। শিলান্যাসের দিনই পুড়ে যাওয়া পুরানো ফুলিয়মান আবার উপরেই, শহরেরই বিভিন্ন নাট্য সংস্থা মিলেমিশে লিটিল থেস্পের একটি নাটক মঞ্চস্থ করবে। সেইজন্য মহানাগরিক ২ কোটি টাকার অনুদান ঘোষণা করেছেন বলে জানান। ঐতিহাসিক স্টার থিয়েটারের পুনরুজ্জীবনের জন্য মোটামুটিভাবে ১/১০ কোটি টাকা খরচ হবে বলে অনুমান করা হচ্ছে।

সাংবাদিক সম্মেলনে মেয়র বলেন, স্টার থিয়েটারের পুরনো কাঠামোটি বজায় রেখেই থিয়েটার হলটি নির্মাণ করা হবে। তিনি এ ব্যাপারে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্য চাইবেন।

তিনি জানান প্রখ্যাত স্থপতিদের সঙ্গেও যোগাযোগ করেছেন এবং সহযোগিতা করার জন্য অনুরোধ জানিয়েছেন।

শতাব্দীর প্রাচীন স্টার থিয়েটার পুনর্নির্মাণের ব্যাপারে ভিত্তিপ্রস্তর স্থাপন করায় শুধু শিল্পী বা সাংস্কৃতিক জগতের মানুষ নয়, পৌরসভার এই সিদ্ধান্তে খুশি আমজনতাও। রামকৃষ্ণদেবের আশীর্বাদধন্য এই প্রেক্ষাগৃহ পৌরসভা অধিগ্রহণ করায় কলমতনির্বিশেষে সকলেই পুর কর্তৃপক্ষকে অভিনন্দন জানিয়েছে। প্রতিবাদনের শতাব্দীর প্রাচীন স্টার থিয়েটার কলকাতা তথা বাংলার ঐতিহ্য ও অহংকারের প্রতীক। এই কথা মনে রেখেই পৌরসভা এই উদ্যোগকে সফল করতে এগিয়ে এসেছে। পৌরসভার এই উদ্যোগকে বাস্তবায়িত করতে শিল্পী ও সাংস্কৃতিক জগতের তারকারা সহযোগের হাত বাড়িয়ে দিয়েছে। বাদুকর পি সি সরকার, অভিনেতা লিলি চক্রবর্তী, নবনা দাস, গীতা দে, অভিনেতা অরুণকুমার ও যাত্রা জগতের অলোকরূপ সৃষ্টিকারী

স্টার থিয়েটার পুনর্নির্মাণ পর্যন্ত বিভিন্নভাবে ব্যবহৃত হবে। অনুষ্ঠানে কেন্দ্রীয় বেসরকারি সংস্থা বাংলাদেশ, মহানগরীর দুই মুখ্যমন্ত্রী, অন্যান্যের মধ্যে মুখ্যমন্ত্রী ও উপ-মহানগরিক প্রিয়তোষ মুখোপাধ্যায়।

নাট্যকর্মী বীণা বাগচীসহ অনেকে কলাকুশলী পৌরসভার এই উদ্যোগকে সফল করতে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে।

পৌরসভার পরিকল্পনা অনুযায়ী শতাব্দীর এই প্রাচীন প্রেক্ষাগৃহের নীচে ও উপরে কোন কিছু নির্মাণকার্য করবার সিদ্ধান্ত নিয়েছে। প্রেক্ষাকক্ষের নীচে নির্মাণ করা হবে পার্কিং প্লেস, পার্কিং প্লেসের উপরে থাকবে রঙ্গমঞ্চ। রঙ্গমঞ্চের দোতলায় থাকবে শপিং কমপ্লেক্স। শপিং কমপ্লেক্সের ভাড়া বিক্রি করে যে অর্থ সংগৃহীত হবে তা দিয়ে প্রেক্ষাগৃহের উন্নয়নের কাজে লাগানো হবে। প্রেক্ষাগৃহের কাজ দ্রুতভাবে শেষ করতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলির কাছে পৌরসভা সাহায্য চাইবে। এই সমস্ত দিক থেকে পৌরসভা আশাতীত সাহায্য পাবে বলে পুর কর্তৃপক্ষের আশা। পুরো পরিকল্পনাটি সুষ্ঠুভাবে বাস্তবায়িত করবার জন্য ইতিমধ্যে স্থপতি চলর্স কোরিয়া'র সঙ্গে যোগাযোগ করতে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

স্টার থিয়েটারের পুনর্নির্মাণের জন্য আপাতত দু' কোটি টাকার তহবিল নিয়ে কাজ শুরু করেছে। বেলঘরিয়া মহকুমা মহাকরণের নিজের বেতন থেকে ১৫ হাজার টাকা দিয়েছেন প্রেক্ষাগৃহ পুনর্নির্মাণের জন্য। বিভিন্ন সংস্থা বা শিল্পীগোষ্ঠী এ ব্যাপারে প্রয়োজনীয় সাহায্যের আশ্বাস দিয়েছে। বৃদ্ধমঞ্চীন ভিত্তিতে শুরু হওয়ার কাজ দ্রুতভাবে সঙ্গে শেষ করতে পারলে আগামী ডিসেম্বরের মধ্যে প্রেক্ষাগৃহে নতুন করে নাটক মঞ্চস্থ করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করা হচ্ছে। বাঙালির গর্বের এই সম্পদকে এবং তার পুরনো ঐতিহ্যকে ফিরিয়ে দিতেই এই মহৎ প্রয়াস শুরু করেছে পৌরসভা। শুধু স্টার থিয়েটার নয়, থিয়েটার পাড়ার অন্যান্য নাট্যশালাকে পুনরুজ্জীবন ঘটাতে উদ্যোগী হবে পুর কর্তৃপক্ষ। পৌরসভার অধিমে বলা আছে—শহরের কোনও ঐতিহ্যবাহী ভবন সংস্কার না হলে বা ভবনের মালিক কোনও উদ্যোগ না নিলে পৌরসভা নিজেই এর দায়িত্বভার নিতে পারে। প্রয়োজনে মালিকানা ভবনের মালিকদের সঙ্গে এখনকার দিনে সরকার সমবায়ে উদ্যোগী হতে পারে। শতাব্দীর প্রাচীন এই পুরো হওয়া স্টার প্রেক্ষাগৃহ এতদিন অবহেলায় অনাদরে পড়েছিল। সংস্কারের পর স্টারের পুনরুজ্জীবন ঘটানোর উদ্যোগে সমাজজীবনে একটা ব্যাপক আলোড়ন সৃষ্টি করবে। কলকাতা পৌরসভার এই উদ্যোগ শিল্পী ও কলাকুশলী মহল থিয়েটারপ্রেমী উপকৃত হবে সে ব্যাপারে কোনও সন্দেহের অবকাশ নেই। নাট্যামোদী বিশিষ্ট ব্যোম বক্সী নিজস্ব ভিটে পড়ে থাকতে দেখেছিলেন স্টার থিয়েটার। এর পর বহু অনুরোধ করা হয়েছিল এই নাট্যমন্দিরের উপর। ১৯৯১ সালে 'ঘটক বিদায়' নাটক অভিনয়ের সময় নাট্যমন্দিরটি পুরো গিয়েছিল। ১০ ফেব্রুয়ারি স্টার থিয়েটারকে পুর কর্তৃপক্ষ অধিগ্রহণ করে।

পরাধীন ভারতবর্ষে "স্টার থিয়েটার" ধর্ম ও সংস্কৃতির পুনঃজাগরণের প্রতীক

অরীন ঘোষ

উনবিংশ শতাব্দীর শেষের দিকে আটের দশকে স্টার থিয়েটার রঙ্গমঞ্চের জন্ম তখনকার বাঙালি সংস্কৃতি পুষ্ট সমাজ ব্যবস্থায় একটা পরিবর্তন আনতে বিরাট ভূমিকা পালন করেছিলো। সাম্রাজ্যবাদীরা যেন দেশের শাসন ক্ষমতা দখল করেই শুধু সন্তুষ্ট হলো। তারা সে দেশের শাসন ক্ষমতা চিরতরে কায়েম রাখতে সেই দেশের ধর্ম ও সংস্কৃতির মধ্যেও অনুপ্রবেশ করে এবং ধীরে ধীরে তাকে গ্রাস করার চেষ্টা করে। যা ভারতবর্ষের ক্ষেত্রে ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তি করার চেষ্টা করেছিল।

সেই সময় আমাদের সামাজিক অবস্থার ছিল—সাহেবরা তখন হিন্দু ধর্মের নিন্দা করে, রাজপথের ওপর পরমহংস তত্ত্ব সাধারণ হিন্দুরা অনুভব করতে পারে না, পাদ্রীরা হিন্দুদের এতগুলি ঠাকুরদেবতাদের নিয়ে বাঙ্গ বিদ্রূপ করতো তো বটেই, রাজারা এবং নব্যশিক্ষিত হিন্দু সমাজরা এই সব পুতুল পুজায় ঘোর বিদ্বেষী। তখন শিক্ষিত সমাজরা হিন্দু ধর্মকে কুসংস্কারাচ্ছন্ন মনে করে নাস্তিকতার আস্বাদন শুরু করায় হিন্দুরা অনেকখানি গুটিয়ে গিয়েছিল. সেই কারণে অন্যদিকে ও অশিক্ষিত হিন্দুরা পূর্ব সংস্কার বিসর্জন দিয়ে নূতন কি আকারে ধরবে তা বুঝতে না পেরে দিশেহারা হয়ে গিয়েছিল। তাই সেই সময় "স্টার থিয়েটার" নামক রঙ্গমঞ্চ গড়ে ওঠার পেছনে ব্যক্তিগত ত্যাগ, মান অভিমান, কলহ ও কলঙ্কের সব ইতিহাসই তুচ্ছ, যদি সামগ্রিক পটভূমিকায় এর বিচার করা যায়। এর কর্মকুশলী ও পরিচালকরা অবশ্য জানতেন না যে এই স্টার থিয়েটার রঙ্গমঞ্চ অবলম্বন করে তারা কতটা সমাজ পরিবর্তনে অংশগ্রহণ করে যাচ্ছেন। কারণ তখন "স্টার থিয়েটার" রঙ্গমঞ্চ গিরিশ ঘোষ রচিত ও পরিচালিত "দক্ষযজ্ঞ", "ধ্রুব চরিত্র", "জনা প্রহ্লাদ", "নলদময়ন্তী" ও "চৈতন্যলীলা" নামক অসাধারণ জনপ্রিয় হয়ে ওঠা নাটকগুলির মধ্য দিয়ে সাধারণ হিন্দু সমাজ ফিরে পেল তাদের বংশানুক্রমিক বিশ্বাস।

আগে থিয়েটার দেখতে আসত শিক্ষিত উচ্চশিক্ষিত, শিক্ষিত ধনী সম্প্রদায় আর মাতাল-লম্পটের আনাগোনা। কিন্তু এইসব নাটকগুলি স্টার রঙ্গমঞ্চে অভিনীত হবার সাথে সাথে ছুটে আসতে লাগল মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, এমনকি গ্রাম থেকে ছুটে আসতে লাগল দলে দলে মানুষ। এইসব নাটকই রামায়ণ-মহাভারত আর হিন্দু পুরাণের কাহিনী এবং তাতে ভক্তিরসেরই প্রাধান্য। গিরিশ ঘোষের নাটকগুলিতে সাধারণ হিন্দু সম্প্রদায় যেন আত্ম-আবিষ্কার করতে লাগল। একটা বক্তৃতার চেয়ে একটি শিক্ষামূলক নাটকের শক্তি অনেক বেশি। গিরিশ ঘোষের নাটকগুলিতে যুক্তিবাদ ঢাকা পড়ে গেল প্রবল ভক্তিবাদে। তারা প্রকাশ্যে নিজেদের হিন্দু বলে পরিচয় দিতে সঙ্কোচবোধ করত—সেদিন তারা সকলের চোখ খুঁজানো আলোয় জগতের সঙ্গে হিন্দুত্বের জয়ঢক্কায় যেন নব বলে বলীয়ান হয়ে উঠল, ঠাকুর-দেবতায় যেন সব কিছু জীবন্ত হয়ে উঠল।



যাঁরা এখন অধিকাংশে মানুষই এসব, উপনিষদে পড়েননি বা কখনো চোখে দেখেননি, সেই সময় বেদ-উপনিষদ-গীতা প্রচারকারে শাখারাই আসলে প্রায়। বর্ষীয়ানের অধিকাংশ হিন্দুদের অতীত প্রায় জানাই, নিছক হিন্দু পরিবার ছাড়া ইতিহাস বা উচ্চারণের দর্শন সম্বন্ধে অধিকাংশেরই কোন ধারণা নেই, সেই সময় গিরিশ ঘোষের অভিনয়ের নাটকগুলি যেন জাতের অতীত গৌরবের একটা করে অধ্যায় তুলে ধরছে। তাই নাটক দেখতে এসে তাঁর গিরিশ-অনুরূপলাল-বিনোদিনীর অভিনয় দেখে না, তারা দেখতে পায় জীবন্ত শিব, বিষ্ণু, ভক্ত ধ্রুব, ভক্ত প্রহ্লাদ, চৈতন্যদেব ও শতিপরায়ণা জনকরাজাকে, যাঁরা সব হিন্দুদের আদর্শ।

"হাঁর থিয়েটার"-এর সমস্তের গৌরবজনক অধ্যায় ও যাদের নাটকের বৈপ্লবিক পরিবর্তনের সূচনাকাল হল "চৈতন্যলীলা" নাটক মঞ্চস্থ হওয়ার সময়।

১৮৮৪ সালে ২ আগস্ট তারিখে "চৈতন্যলীলা" নাটক প্রথম মঞ্চস্থ হয়। বিরিশ ফুলের বহিত ও নিবেদিত এবং "চৈতন্যলীলা" ছবিতে বিনোদিনী অভিনয় সমৃদ্ধ এই নাটক কথা আলোর চমৎকার অভিনয়ের মেলায় হয়। শুধু অভিনয়ে না, সেই সময়কার থেকে মানুষ ছুটে এসেছিল "হাঁর থিয়েটারে" চৈতন্যলীলা নাটক দেখতে। সেই সময় এই নাটকের গান ও সংলাপ লোকের মুখে মুখে ঘুরেছিল, হিন্দু সমাজ যেন আবার নতুন করে জাগছিল। হাঁর থিয়েটারে মঞ্চে চৈতন্য ঠাকুর শ্রীগৌরাঙ্গের মধ্যে যেন আবির্ভূত হয়েছেন।

দক্ষিণেশ্বরের রামকৃষ্ণ ঠাকুর তাঁর ভক্তদের নিয়ে এই নাটকের অভিনয় করে ঐ থিয়েটার দেখবার ইচ্ছা প্রকাশ করেছেন। এক ধর্মান্ধ কাহিনীকারের লেখা সাধক যাদের কৃত্রিম ভাষা-ভাষায় গান লেখা—এ এক অদ্ভুত প্রস্তাব। সেখানে অভিনয়ের মধ্যেও কলহরক্ষ ভোগী-ভক্ত-শূন্য-মাতাল থাকে, তার থেকেও ভয়ঙ্কর, নারীরা সব বেশ্যা এবং নাটগুলির চরিত্রগুলির কোন বালাই নেই। তখন নাটকার ও পরিচালক গিরিশ ঘোষ প্রথাত মাতাল বলে পরিচিত। কোম্পানির প্রতি কৃপার দেখের গণ্যমান্য অনেকেই তখন থিয়েটার বর্জন করেছেন, এমনকি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, তিনি নারীদের প্রতি ভক্তিতে সব কালের হিন্দির বেশ্যাদের নারীবৃত্তি অবলম্বন করার ব্যাপারে সহানুভূতি দেখাতে পারেননি। কেশবচন্দ্র সেন ও শিবনাথ শাস্ত্রীর দল এইসব থিয়েটার দেখা অতি পাপ বলে মনে করতেন, কিন্তু শ্রীরামকৃষ্ণ ঠাকুর তো তখনো সন্ন্যাসী নন, তিনি বলে থাকতে হবে। তিনি এই বেশ্যা অভিনয় দেখে নারীদের ঘৃণা করলেন না, তিনি বললেন আমি তাদের মা আনন্দময়ীরূপে দেখব।

১৮৮৪ সালের ২১ ডিসেম্বর ঠাকুর শ্রীরামকৃষ্ণ "হাঁরে" "চৈতন্যলীলা" অভিনয় দেখতে এলেন। নটীশ্রেষ্ঠা বিনোদিনী নাট্যাঙ্গনের তখন গৌড়ীয় বৈষ্ণবীয় ভাবে

করার নরক। সেই নরকে পা দিলেন শ্রীরামকৃষ্ণ, দেখলেন 'চৈতন্যলীলা', বাংলার নাট্যরূপের মৌলিক পরিবর্তনের সূচনা হল।

অভিনয়ের পরে ঠাকুর শ্রীরামকৃষ্ণ শিল্পীদের সঙ্গে দেখা করলেন, বিনোদিনীর মাথায় উপর হাত দিয়ে পাপ দেহকে পবিত্র করে বললেন 'মা তোমার চৈতন্য হোক'।

শ্রীরামকৃষ্ণের সঙ্গে অল্পকাল সংযোগ রাখতে স্টার থিয়েটারের সঙ্গেই সংযোগ। এই সংযোগ থেকেই তার প্রভাব সারা রঙ্গমঞ্চের ছড়িয়ে পড়ে। বিনোদিনীকে তিনি মানুষের মর্যাদা দেন শিল্পীর সম্মান দেন। সেই সম্মান পায় মঞ্চের সকল শিল্পী। শুধু অভিনেত্রী, নয় অভিনেতারাও অনেকে 'পাপ'—সঙ্গে ঘৃণিতা থেকে উত্তীর্ণ হন এমনকি দর্শকদেরও পর্যন্তরে বলবার মতন কথা যে, তারা নটী—তারা দেখতে যাচ্ছেন না, যাচ্ছেন ধর্ম—কথা করতে। নির্দেশক ও মালিকরা এই ধর্ম সঙ্কীর্তন বাড়িয়ে যেতে লাগলেন। স্টার থিয়েটার প্রতিষ্ঠাপনে বড় হরফে ঘোষণা করতে লাগল—Soul-Dissolving Hari Sankirtan.

বিডন স্ট্রিট থেকে যখন স্টার থিয়েটার কর্ণওয়ালিস স্ট্রিট বা বর্তমান বিধান সরণীতে উঠে এল তখনও এই রীতি বজায় থাকল। ১৮৮৮-র ২৪ মে বর্তমান স্টার থিয়েটারের উদ্বোধন অনুষ্ঠানে অমৃতলাল বসু গিরিশ ঘোষ রচিত কবিতা পাঠ করলেন—'হিন্দু প্রাণ কোমলতাময়, ধর্মপ্রাণ শ্রেষ্ঠ পরিচয়—ধর্ম রাখিবে।'

অবশ্য অন্তরঙ্গলিকরণে সেদিন নাটকের— নট ও নটী—পরিচালকদের অগোচরে সমাজ—সংস্কৃতি ও ধর্মকে রক্ষা করতে 'স্টার থিয়েটার' যার একটি সাধারণ রঙ্গালয় হবার কথা ছিল, সেই দিকে পদক্ষেপণ অল্প মাত্রা শুরু হয়েছিল—সে এই পর্বে পাপ রঙ্গালয়। সাধারণ রঙ্গালয় হয়ে গেল ধর্ম রঙ্গালয়। অনেকের কাছেই তখন হিন্দু—ধর্ম—জাতীয় প্রায় সমার্থক হয়ে গেল।

অভিনেত্রী বিনোদিনীর একটি পোজ

পরবর্তীকালে স্টার থিয়েটার গৌরবের পালকে আরও উজ্জ্বলতা সংযোজন করেন পথিক স্বামী বিবেকানন্দ ও ভগিনী নিবেদিতার স্টার থিয়েটার পদার্পণ। ১৮৯৫ সালে শিকাগো ধর্মসভা থেকে ফিরে আসা দিগ্বিজয়ী বীর সন্ন্যাসীকে সংবর্ধনা জানানো হয়েছিল এই স্টার রঙ্গমঞ্চে। ১৮৯৮ সালে ১১ মার্চ স্বামী বিবেকানন্দ স্টার থিয়েটারে এক নাগরিক সভার আয়োজন করেছিলেন, উদ্দেশ্য—মিস মার্গারেট নোবেলকে কার্যকরীর সঙ্গে পরিচয় করানো। সেদিন স্টার থিয়েটারে উপস্থিত বিশিষ্ট নাগরিকদের সামনে প্রারম্ভিক ভাষণ দিয়ে স্বামীজী বলেছিলেন—

'ইংলন্ড আমাদের একটি উপহার দিয়েছেন—মিস মার্গারেট নোবেল'। এরপর ভগিনী নিবেদিতা বক্তৃতা রেখেছিলেন, তার বক্তব্যের বিষয় ছিল—Influence of the Spiritual Thoughts of India in England.

উনবিংশ শতাব্দীর শেষ দশকের স্বাধীনতা আন্দোলনে স্টার থিয়েটারের ভূমিকা ছিল উজ্জ্বল। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলনে বঙ্গভঙ্গ ঘোষণার দিনে প্রতিবাদ স্বরূপ শোক দিবস পালন করতে ওইদিন অভিনয় বন্ধ রাখা হয়।

ষষ্ঠেন্দ্র গুহ রায়

রাজসিংহ

এরপর দীর্ঘ পত্রালিকায় বঙ্গদেশে ছয় সম্প্রদায়ের এমন কোনো একটির সেই অঞ্চলের অন্তর্ভুক্তিতে ঘটে উঠছিল উপস্থিতি ঘটেনি। বিভিন্নজাত থেকে বিশিষ্টজনের এবং এলাকার উচ্চবর্ণের সংখ্যা তিন চতুর্থের তাদের অধিকাংশ সমিতিতে ঘটেছে এই ঘটনা। অভিনেত্রীদের ক্ষেত্রেও বিনোদিনী থেকে আশুবালা এবং এক্ষেত্রের সবিত্রী-সুত্রিতারা এই ভাষায় ব্যবসায় সমিতি। পত্রালিক সংবেদনের প্রতীক এই নাট্যমঞ্চিক বঙ্গসংস্কৃতির ও সামাজিক সম্মোহনের ঐতিহ্যের আবহ বাহে ১৮৯৩-তে ১২ অক্টোবর তারিখে অভিনয়ে সম্পূর্ণ কর্মীভূক্ত হয়। স্টার কাজে ইওয়ার পর বই-পাড়ার হকাররা কলকাতা বুদ্ধিজীবিরা বিবৃতি দিলেন রাজ্যের মন্ত্রী এলেন ঘরবাড়ির বিবৃতি দিলেন। সেইদিন পর্যন্ত স্টারে অভিনয় করে যাওয়া আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রযোজনা পরিচালকের যেন্দ্রনাথ অভিনেতা কর্মীভূক্ত স্টার থিয়েটারকে দেখতে আসার প্রয়োজন বলে একলেনই না টিকিট বিবৃতি দিয়ে বললেন যে স্টারে নিয়ে তারবিহি না তারবিহি অভিনয়ের নাটিকটা কোন স্থলে এখন অভিনীত হচ্ছে। অভিনয়ে কর্মীভূক্তর পর বিবৃতির লড়াই, প্রতিযোগিতার জন্যায় ছেলে নিয়ে পত্রালী প্রতীম, আমাদের প্রধান প্রতীয় ভারকারাজির স্মৃতি কথা, রঙ্গ নাট্যের দীর্ঘদীন 'স্টার থিয়েটার' অভিনয় অভিনয়ে অবহেলের পরেছিল বিগতে কল অবশ্যে। আমরা কিন্তু নাট্যপ্রেমী মানুষ প্রত্যন্ত নাটিকরে, রঙ্গনা থিয়েটারের কর্মীবার শ্রীগণেশ মুখোপাধ্যায়কে সভাপতি করে ১৯৯১ সালে ২২ নভেম্বর স্টার থিয়েটারের 'সাপ্তাহিক সভা' আয়ুন করে 'স্টার থিয়েটার পুনর্নির্মাণ কমিটি' গঠন করেছিলাম। বিগত কল বন্ধের ধারে ছাড়া সরকার, পুরসভা এবং অভিনেতা অভিনেত্রীদের সরকার কর্তৃপক্ষের কাছেও স্টার থিয়েটারের জন্য কারোর ঘুম ভাঙানো যায়নি, বলিব ১৯৯২ সালে তৎকালীন কেন্দ্রীয় তথ্যমন্ত্রী স্বর্গীয় সাহেব শ্রীমতিভূষণ শীলা কেন্দ্রীয় সরকারি দল পাঠিয়ে স্টারের সমস্ত বিষয়গুলি খতিয়ে দেখে স্টার পুনর্গঠনে মাত্র তিন কোটি টাকার পরিকল্পনা পেশ করেছিলেন, কেন্দ্র ও রাজ্য যৌথ উদ্যোগে এই পরিকল্পনাকে বাস্তবায়িত করা হবে বলে ঘোষণা করা হয়েছিল। এই নিয়ে নট-নটী, বুদ্ধিজীবি, অভাবুকলী, মন্ত্রী—অনেকের সমাবেত অনোভাবের ঘুলা—ছাই উঠে উঠে তখন আমি মৃত্যুর উপক্রম তখন তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসু তাতে জল ঢেলে দিলেন। স্পষ্ট জানিয়ে দিলেন, সরকারি অধিগ্রহণের কোন প্রশ্নই ওঠে না, কারণ স্টার থিয়েটারের সম্পত্তিকার নিয়ে আইনগত জটিলতা আছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে স্টারে কোন আইনগত জটিলতা ছিল না।

গুপ্তধনের অধিক মালিক এবং এলাহাবাদ ব্যাঙ্ক (যার কাছে এই জমি বন্ধক রেখা হয়েছিল ১৯৩৩ সালে) ছাড়া আর কোন প্রকৃত আইনগত দাবিদার ছিল না।

এর ফলে তৎকালীন কেন্দ্রীয় সরকার সিদ্ধান্তে পৌঁছান, কারণ সেই কেন্দ্রীয় সরকারের অধিক মাত্রার সালকলনের সম্পর্কের উপর অনেকটা নির্ভরশীল ছিল।

কিন্তু নতুন সমস্যাকে কেন্দ্রে নতুন জোট সরকার ক্ষমতা আসতেই আমরা ছুটে গিয়েছিলাম সাংস্কৃতিক মন্ত্রক অভিনেত্রী কেন্দ্রীয় রেলমন্ত্রী শ্রীমতী মমতা বানার্জির কাছে। তিনি আমাদের আশ্বাস দিয়ে বলেছিলেন, কেন্দ্রীয় সরকারের পক্ষে সরাসরি টাকা সরকারকে দান দিয়ে স্টার থিয়েটারের জন্য কিছু করা সম্ভব নয়। কিন্তু সাহায্যই অনাকলো পুরসভার নির্বাচন, পুরসভায় ফিরে আসার এক অবস্থায় আমরা তাঁকে জানাই ছবি দিচ্ছি, আমরা স্টার থিয়েটারকে চেষ্টা করবই।

মমতা বানার্জির সেই প্রতিশ্রুতিকে সামনে রেখেই অনাকলো পুরসভায় নতুন বোর্ড গঠিত হতেই ছুটে গিয়েছিলাম অনাকলোর নতুন মহানাগরিক শ্রীসুব্রত মুখোপাধ্যায়ের কাছে, তিনি আমাদের তথ্যমন্ত্রী থাকার সময় প্রয়োজনে বহুবার কাছে যাত্রা ও নাট্য শিল্পকে প্রতিশ্রুতিবদ্ধ ছিলেন।

মাননীয় মহানাগরিককে আমরা জোরালো সঙ্গে বলেছিলাম যে স্টারে কোন প্রতিবন্ধকতা জটিলতা নেই। তিনি বুঝেছিলেন এবং যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে এক মুহূর্ত দেরি করেননি এই সাংস্কৃতিকপ্রেমী মানুষটি। এর পরের ইতিহাস আপনাদের সকলেরই জানা।

২০০১ সালে ৯ ফেব্রুয়ারি স্টার থিয়েটারে পুরস্কার অভিনেত্রী নোটিস ঝুলল। ১১ ফেব্রুয়ারি স্টার থিয়েটার পুনর্নির্মাণ কমিটির তাকে গণ পদযাত্রায় অভাবুকলী, রাজনীতিবিদ শ্রীত্রিদিব, বুদ্ধিজীবি সহ সমাজের সর্বস্তরের মানুষের উপস্থিতিতে গাজার হাজার মানুষের মশাল হাতে নিয়ে বিনোদ মোহের বাড়ীর সামনে থেকে মহানগরীর পথকে উজ্জল করে আমাদের পড়ল স্টার থিয়েটারের সামনে। মানুষ আনন্দে আপ্লুত যে স্টার আবার পুনর্গঠিত হবে।

এই মহালগ্নের মহাযজ্ঞ সম্পূর্ণ হল গত ৭ মার্চ ২০০১ সালে স্টার থিয়েটারের নব ভবনের শিলান্যাস অনুষ্ঠানে। এই নতুন ভবনের শিলান্যাস করলেন মাননীয়া রেলমন্ত্রী শ্রীমতী মমতা বানার্জি এবং অনুষ্ঠানে পৌরহিত্য করলেন মাননীয় মহানাগরিক শ্রীসুব্রত মুখোপাধ্যায়। বঙ্গ সংস্কৃতির এই মহান তীর্থ নাট্য শীঠকে আবার জমজমাট প্রতিষ্ঠিত করার জন্য বাংলার সাংস্কৃতিপ্রেমী ও সমস্ত মহাজন মানুষ সমবেতকল্পে আজ শ্রীমতী মমতা বানার্জি ও শ্রীসুব্রত মুখোপাধ্যায়কে আন্তরিক সম্মানের সঙ্গে স্মরণ করবেন।

স্টার অধিগ্রহণ নিয়ে কলকাতার বিশিষ্ট ব্যক্তিত্বদের অভিমত

গত ১০ ফেব্রুয়ারি কলকাতা পৌরসভার পক্ষ থেকে স্টার থিয়েটার অধিগ্রহণের এক বিজ্ঞপ্তি স্টার থিয়েটারের দেওয়ালে আটকে দেন মহানাগরিক সুব্রত মুখোপাধ্যায়। এর পর ৭ মার্চ কেন্দ্রীয় রেলমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জি স্টার থিয়েটার পুনর্নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই উপলক্ষে এক অনুষ্ঠান ওই দিন অনুষ্ঠিত হয়। স্টার থিয়েটার অধিগ্রহণ কলকাতার বুদ্ধিজীবীদের দীর্ঘদিনের দাবি ছিল। এই উপলক্ষে বিশিষ্ট কিছু মানুষের অভিমত এই প্রতিবেদনে রাখা হল। সাক্ষাৎকার নিয়েছেন ও অনুলেখন করেছেন শুভেন্দু রায়।

—সম্পাদক

রামকুমার চট্টোপাধ্যায় (বিখ্যাত গায়ক)

এটা ছিল 'থিয়েটারপাড়া'। একদিকে তখন ছিল মনমোহন থিয়েটার, ছিল 'মিনার্ভা'। ছিল 'নাট্য নিকেতন' আর ছিল 'স্টার'। কিন্তু কলকাতা তথা বাঙালিদের মনে 'স্টার' নামটার একটা আলাদা মনন, আলাদা ঐতিহ্য ছিল। এটার সঙ্গে অন্যগুলো মিলত না। এই 'স্টার' যখন বিডন স্ট্রিটে প্রথম নির্দিষ্ট হয়, তখন গিরিশ ঘোষের পরিচালনায় 'চৈতন্যলীলা' নাটক দেখতে 'ঠাকুর শ্রীরামকৃষ্ণদেব' এসেছিলেন। পরে 'স্বামী বিবেকানন্দ' অনেক এসেছেন এখানে। এই 'স্টার' নামটার প্রতি বাঙালিদের দুর্বলতা অনেকদিনের। সেটা এইভাবে পুরো অতীতজুড়ে এবং দীর্ঘদিন ধরে এইভাবে পড়ে থাকতে সাংস্কৃতিমনস্ক বাঙালিরা মনস্কুণ্ণ ছিলেন।

কলকাতা কর্পোরেশন সেটাকে অধিগ্রহণ করায় আমার বাঙালির মনে এক 'স্বাধীন আনন্দের' সূচনা হয়েছে। আমরা আলো দেখতে পাচ্ছি 'স্টারের' পুনর্জীবনের। যদিও বর্তমানকার দিনের মতো অডিয়েন্স-অডিয়েন্সী এখন আর নেই, হয়তো বা অতীতের মতো করে আর গড়েও তোলা যাবে না। বিখ্যাত নাট্যব্যক্তিত্বদের Oil Painting ছিল সেখার মতো। সেগুলো সবই পুড়ে গেছে। আরও অনেক কিছুই ছিল যা আর পাব না। নতুনভাবেই যদি গড়িত হয়, তবুও ওই 'স্টার' নামটাই লোকেদের মনে একটা রোমাঞ্চের অনুভূতি জাগাবে।

মাননীয়া মেয়র ও মমতা বন্দ্যোপাধ্যায়কে অসংখ্য ধন্যবাদ এমন একটা সিদ্ধান্ত নেবার জন্য। অনেক লোকই আমায় জানিয়েছেন 'স্টার' যদি আবার পুনর্গঠিত হয়, তাহলে বাঙালির কাছে এ এক বড় পাওয়া এই শতাব্দীতে।

মাধবী মুখার্জী (অভিনেত্রী)

পুজো আসার আগে স্টারের শেষ নাটক ছাড়ি অভিনয় করেছিলাম। নাটক 'ঘরের বিদেশ'। সৌম্যিত্র চট্টোপাধ্যায়ের পরিচালনায় টীমওয়ার্কে জমজমাট হয়েছিল নাটকটি। রবি ঘোষ, তরুণকুমার, শ্রীলা মজুমদার এবং আরও অনেকে ছিলেন এই নাটকে। ঠিক পুজোর মুখে, বোধ হয় মাসীর দিন রোহে এই নাটকের প্রযোজকদ্বয় অনুপকুমার ও রমাপ্রসাদ আমায় ফোন করে জানালেন যে, স্টার পুড়ে গেছে। আমি গিয়ে যেটা দেখলাম সেটার সঙ্গে বোধ হয় একমাত্র পাহাড়ি এলাকায় বনের সঙ্গে তুলনা করা চলে। 'চারদিকে কেবল যায় না সেই দৃশ্য। এমনটি জানা যায় না। যাই হোক আমরা কয়েকজন মিলে মন্ত্রী মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে Appointment করলাম স্টার নিয়ে কথা বলার জন্য। সেদিন আমাদের Appointment ছিল সেদিন আমরা গিয়ে শুনলাম যে, মন্ত্রিমশাই একটু আগেই বেরিয়ে গেছেন বিশেষ কাজে। খুব অবাক হলাম। যাই হোক এর পরে আর একদিন মুখ্যমন্ত্রীর সঙ্গে ওনার বাড়িতে দেখা করে ওনাকে সব কথা খুলে বললাম। উনি আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে একটা টাইম করিয়ে দিলেন। আমরা গেলাম। আমরা ওনাকে বললাম যে, রাজ্য সরকার যদি স্টারের জমিটি লজ্জ নেন, তবে আমরা হল তৈরির চেষ্টা করতে পারি। উনি সব কিছু খুব মন দিয়ে শুনলেন। কোনও কথা বললেন না। সেদিন এই বৃষ্টির মধ্যে একটা আলোড়ন সৃষ্টি করেছিলাম। বুদ্ধদেববাবুও সেদিন ছিলেন সেখানে। আমরা বলেছিলাম, আমরা যাঁরা অভিনয় করি তাঁদের দিন ঠিক চলে যাবে, কিন্তু যাঁরা কর্মী তাঁদের কি হবে ? বুদ্ধদেববাবু বললেন, এঁদের তার 'অভিনেতৃ সংঘ' নেবে। বলা বাহুল্য, অভিনেতৃ সংঘ কিছু তার নেয়নি। এই প্রতিক্রিয়াশীল সরকার চালানো।

গত ন-দশ বছর ধরে যাঁরা আমার মতো অনেকেই আসার চেষ্টা করে গেছি কিন্তু একটা জায়গায় ছিলেন। বিশেষে যখন যেটি তখন ওখানকার প্রবাসী বাঙালিরা প্রশ্ন করেছে, কেন আমরা কিছু করছি না স্টারকে পুনর্নির্মাণের ব্যাপারে। ওরা এটাও বলেছিল যে, আপনারা যদি 'স্টার' বানানো শুরু করেন, আমরা প্রতিটি ইটের জন্য ৫০০০ টাকা করে দেব।

যাই হোক, তখনকার রাজ্যপাল শ্যামল সেনের সঙ্গে নিয়ে বলেছি আমাদের ইচ্ছার কথা। উনি খুব ভাল ব্যবহার করেছেন। ছবিটি অনুপকুমারও খুব চেষ্টা করেছিলেন। এরপর অজিত বাঁড়ুজ্যে বলেছিলেন যে, আপনি তো ঠাকুরের 'অভিনয় করছেন 'নটী বিনোদিনী' নাটকে। নটীদের কষ্টটা তো আপনি বুঝতে পারছেন। পারেন না কিছু করতে নটীদের জন্য ? উনিও বললেন চেষ্টা করব।

অবশেষে মুখ্যমন্ত্রী দেখা হওয়ার পর ওনাকে বললাম কিছু একটা করতে। উনিও বললেন চেষ্টা করবেন। কিন্তু বিধান সভায় বাজেট পেশ করার দিন আমাদের ডেকে পাঠালেন। তখন, ওনার মুখে শুনে আমরা তো অবাক। উনি বাজেট পেশ করার পরে বলা কথাটা যে সাংবাদিক উনি আমাকে করে দেখবেন তা প্রথমে ভাবিনি। প্রথমে লজ্জায়, তারপর হিস্টিরিয়ার ব্যাপার—তখন মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রীবাবুর এটা ঐকান্ত প্রতিক্রিয়া ছিল না। আমার ধারণা, এই জন্য তখন মুখ্যমন্ত্রী, তখনকার কালচার ও তথ্যদপ্তরে দেখিয়েছিলেন আমাদের সাথে একটা দৃষ্টিভঙ্গি রাখবেন।

অজিত বন্দ্যোপাধ্যায় (বর্ষীয়ান অভিনেতা)

'স্টার'-এর সঙ্গে আমার সম্পর্ক উনবিংশের। আমার অভিনয়জীবনের শুরুতেরে মুখের সমস্তটাই 'স্টারে কেটেছে। মনে হয় যেন আজকে বিশে আমার 'স্টার'। কি মহান ইতিহাস জড়িয়ে আছে এই রঙ্গমঞ্চের। বিনোদিনী দেবী অবশ্য জায়গায় টাকাটি করে, মহিলাদের টাকা এবে দিয়ে এই স্টারের জমি কিনতে সাহায্য করেছিলেন। অবশ্যকলকাতার দিনে এটা ভাবা যায় ? আমরা সব অভিনয় করে গেলাম এই রঙ্গমঞ্চে। পরে কাঁটা দিয়ে ওঠে সেই সব দিনের কথা মনে করতে বা বলতে গেলে। এটা তো আমার কাছে এক 'পীঠস্থান'।

তাই যেদিন কর্পোরেশন শুনলাম 'স্টার' পুড়ে গেছে, সেদিন মনে হয়েছিল আমার নতুন করে 'আত্মহত্যা' হলো। তার পরে এই কদিন/এগারো বছর ধরে তো অনেক কথাই শুনলাম। কিন্তু সবই ওই 'কুমিরের কান্না'।

তাই এখন যখন দেখছি আমার নতুনভাবে 'স্টার'কে গড়িয়ে তোলার জন্য 'মেরকলাহের' নিজে এগিয়ে এসেছেন, তখন এই আনন্দ আমার প্রকাশ করতে পারব না। এর থেকে বড় কাজ আমার কাছে আর কিছুই হয় না। কোনও প্রশ্নই ওঠে না এ নিয়ে। সঠিক পদক্ষেপ।

এই জন্যই ঘরীরের যদি আমাদের কোনও কাজে প্রয়োজন হয়, আমি রাজি। অসংখ্য ধন্যবাদ 'মেরকে'কে। ধন্যবাদ 'আনন্দবাজার গ্রুপ'কে। পরিশেষে, পুরনো দিনের ঐতিহ্য নিয়ে গড়ে উঠুক 'স্টার' থিয়েটার।

লিলি চক্রবর্তী (অভিনেত্রী)

'স্টার' থিয়েটারের কথা আমার একটা আলাদা দুর্বলতা আছে। আমার নাটকে প্রথম আত্মপ্রকাশ এই স্টারেই 'মেয়েলী' নাটকে। ছবি বিশ্বাস, কমল চৌধুরী, সাবিত্রীদি এবং আরও অনেকে ছিলেন এই নাটকে।

যেদিন 'স্টার' পুড়ে গেল, সেদিন মনে হয়েছিল একটা আত্মীয়বিয়োগ হল। তারপর অনেকেই অনেক কথা বলেছেন, কিন্তু কিছুদিন হয়েছে, কিন্তু শেষ আশাটা কেউই করে ওঠেননি।

তাই যখন কলকাতার মেয়র বললেন যে, স্টারকে অভিনয়ের জন্য আমার নতুন করে গড়া হবে—তখন প্রথমেই আনন্দ পেলাম। এটা একটা দৃষ্টিনন্দনের কাজ হবে বলে বিশ্বাস করি। ওনাকে আন্তরিক ধন্যবাদ।

অরুণকুমার (অভিনেতা)

সেদিন রাতে বাড়ি ফিরে খাওয়াদাওয়া সেরে শুতে শুতে একটু বেশি রাতই হয়েছে। হঠাৎ ফোনের দিকে ফোনের আওয়াজে ঘুমটা ভেঙে গেল। যে খবরটা শুনলাম, তাতে মনে হল 'কিন্নরকণ্ঠের' কথা যেমন আমার মুখস্থ, তেমনি ওর সুরও। ১৯৬১ সালের অক্টোবর মাস, স্টার খুলে গেল। মঞ্চের সঙ্গে ছুটে গেছিলাম। তাদের একেবারে কাছ ঘেঁষিনি না। আমার সঙ্গীত শিক্ষক বিনয় এটাকে প্রথম দেখি এখানে। এখন সেটা জাদুঘর। একতলা যে মেকআপরুমটা সেটা আগে এখনও, ছাদে ওঠার সিঁড়ি দিয়ে নেমেছি, ছবিগুলি গায়ে আছে। 'শ্রীরঙ্গম' নামে আরেকটি থিয়েটারের গেট আমাদের পুরনো বাড়িটার। কাল ওখানে নাটক করেছেন, আমার দুটি সুরকার করেছি, আমিও গুনগুন নাটক করে নিজেকে বলা যায় করেছি। কত বড়ো-বড়োদের মূর্তিবিজড়িত এই 'স্টার' থিয়েটার। তাদের শ্রীরঙ্গমের অভিনেতারা এই থিয়েটার।

বুদ্ধি এটা যখন খুলে গেল, তখন বাবার আপিসে ফেরা, ফেরারপথ (?) এবং তাঁদের নিজস্ব 'অফের খুঁ' রঙ্গমঞ্চের মতো অনেক মিটি অফে ফেলল, কিন্তু Consistent কথা কেউই বলল না।

অত বড় বাড়ি হাত শুধু ফেরেনি, কিছুই কি করা যায় না ? বিটির সময়ে যখন শ্যামবাজারের রাস্তা দিয়ে আসতাম তখন দেখতাম, যেন শ্রীরঙ্গম ছাড়া পেয়ে 'থিয়েটারপাড়া'। নাটক না হয়ে 'রঙ্গমহল' ছাড়া পেরা হচ্ছে বিয়েবাড়ির জন্য, 'বিশ্বরূপা' ছেড়ে 'চুনটি বাড়ি' হচ্ছে—ভাবা যায় এটা ?

এমন সময় হঠাৎ একদিন সুরত মুখার্জি বললেন, স্টার নিয়ে একবার একটা কিছু করব। প্রথমে একটা Mass Rally হল। তারপর ডিস্ট্রিবিউটরদের ছাপল হল। আমি বললি, মুরতবাবু এবং মমতা ব্যানার্জি ছিলে যে সবু প্রস্তাবটার সূচনা করেছেন—সেটা বাস্তবায়িত হলে বলেই আমার বিশ্বাস। শুধু বিশ্বাস নয়, এটা ঘটবেই।

ঠাকুর বলেছিলেন, বিভিন্ন ঘোড়ায়—"ওরে নাটক কর, ওরে সেরেসিনে হয়"—সেই সোনালিকাকে বাঁচানোর জন্য, স্টারকে বাঁচানোর জন্য বাঁচের প্রত্যেকটির সাধুবাদ জানাই।

মুরোত্তম ভৌমিক (লেখক ও সাংবাদিক)

'স্টার' থিয়েটারের অধিগ্রহণ সম্পর্কিত যে খবরটা শুনছি, সেটা যদি শেষ পর্যন্ত হয় তাহলে এটা বাংলা নাটকের পক্ষে নিশ্চয়ই মঙ্গলজনক পদক্ষেপ। স্টারের মতো ঐতিহ্যপূর্ণ একটা রঙ্গমঞ্চকে যদি কলকাতা পৌরসভা অধিগ্রহণ করে আবার পুনর্নির্মাণ করে, তাহলে সেটা সাধুবাদ জানানোর মতো কাজ। বাংলা পেশাদার থিয়েটার এরা অনেক উত্থানপতনের মধ্যে। উত্তর কলকাতার পেশাদার নাটক আবার অতীতের গরিমা ফিরে পাবে। এরা পাশে আমার জোরার আসবে নতুনভাবে নাটক স্টারের হাতছাড়া। কলকাতা পৌরসভার মেয়রকে আমার আন্তরিক প্রতিনমস্কার জানাই এমন একটা কাজ করার জন্য। কাজটি সফল হোক—এটাই আমার বাসনা।

পি সি সরকার (জুনিয়র)

স্টার থিয়েটারের ইতিহাস ঈর্ষণীয় সমৃদ্ধ। এটা যখন খুলে হয়, তখন সবচেয়ে বেশবানী, বিশেষ করে বাঙালিরা যেভাবে সাড়া পেয়েছিলেন। আমিও কটি পেয়েছিলাম খুব ছোটবেলাতেই। বছর কয়েক আগে যখন এটা আর বিক্রি প্রতিষ্ঠানটির হাতে তুলিল। আজ যখন আবার নতুন করে স্টার খেলে উঠতে চলেছে—তখন একজন সৃষ্টিশীল মানুষ হিসেবে, বাঙালি হিসাবে আমি খুবই খুশি।

তবে আমরা অনেক আশাই শুরু করি, কিন্তু শেষ করি না। লক্ষ রাখতে হবে যে, কাজটা যেন শেষ করা যায়। থিয়েটার হলকে সাজিয়ে তোলা বা রাখা অবশ্য কাজ নিশ্চয়ই, কিন্তু আমার মনে হয় তার থেকেও বড় কাজ শিল্পীদের বাঁচিয়ে রাখা। মুখ্য শিল্পীদের বাঁচানো। এটার দিকেও নিশ্চয়ই কলকাতা পৌরসভা নজর দেবে।

আশার এই জনুবিধা—এটাও আমাদের। এগুলোও সবদিকে ভাবতে হবে। সব মিলিয়েই তো একটা শিল্পের পরিবেশ গড়ে ওঠে। সব শেষে কলকাতা পৌরসভাকে অভিনন্দন জানাই এমন একটা পদক্ষেপ নেওয়ার জন্য।

শীর্ষেন্দু মুখোপাধ্যায়

'স্টার' থিয়েটার যে কলকাতা পুরসভা অধিগ্রহণ করেছে, তা আমি কাগজে পড়েছি। অধিগ্রহণ ব্যাপারটা যে কোথেকে আসে। তার পরে অডিট-অডিট, মালিকানা ইত্যাদি আরও কতদূর আছে। সে সবের সুষ্ঠু সমাধান না হলে অধিগ্রহণের কাজটি কখনই সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। তবে একথা ঠিক যে কলকাতার এই মুহূর্তে একটা জনবহুল অঞ্চলে 'স্টারের' মতো এক প্রাচীন ঐতিহ্যবাহী সৌধ এতদিন বন্ধ অবস্থায় পড়ে আছে—এটা খুবই দুঃখজনক ঘটনা। সৌধটিকে কেবল প্রতিষ্ঠান বা ফেলে আবার নতুনভাবে খুলতে চাইছেন—এটা একটা ভাল প্রচেষ্টা। কিন্তু এই অবস্থাটা কতদিন থাকবে বা এটাকে নতুনভাবে শুরু করতে গেলে যে নিরলস প্রচেষ্টা থাকা দরকার সেটা সবার থাকবে কিনা, বা হলে হয়তো এটা আবার পরিত্যক্তই পড়ে থাকবে। এ বিষয়ে বাঁদের অভিজ্ঞতা অনেক তাঁদের সামনে দেখেছি বলেই ভয় পাই।

স্টার থিয়েটারের নাটকে একটা বর্ণাঢ্য বিনোদনের ব্যাপার থাকত। নতুন নতুন কথা প্রযুক্তি যে হত নাটক নিয়ে তা নয়।

আই আমাদের যৌথনকলে 'স্টার' থিয়েটারে যে নতুন করে কিছু একটা করেছিল তা মনে হয় না। কিন্তু কর্মক্ষ টানছে। নটিক ভালো। বেশির ভাগই নিশ্চয় অভিনেতা-অভিনেত্রী নিয়ে।

'স্টার' থিয়েটার শুরু হবার আগে শর্ত একটাই হবে এসেছে। সেই জনপ্রিয়তা কিন্তুটা ম্লান হলেও একেবারে 'ইলেকট্রনিক মিডিয়া'র দিন শুরু হয়ে গেছে। টিভি, কেবল টিভি, সিনেমার দাপটে নাটক কিন্তুটা হলেও শিল্প হটিয়ে রাখা হল। এটা কিন্তু ওই যৌথিন নাটি জনগণের ক্ষেত্রেও প্রযোজ্য। এমনকী যে বয়োপাসা প্রাক-পঞ্চাশে ভরিয়ে রাখতে আগ্রহও কিন্তুটা তাটা পড়েছে। সময়ের সঙ্গে সঙ্গেই সব পালটাচ্ছে। থিয়েটার সাজানোর ব্যাপারে কোনও প্রশ্নই হলে, বিশেষ করে এটা একটি যে ওল্ড প্রশ্নটা তাতে কোনও সন্দেহ নেই। কিন্তু টাকার অভাবে এবং জনগণের সচিত্রভাবে পৃষ্ঠপোষকতার অভাবে নাটকের ধারাটি কিন্তু নীচে টিনে ওকিয়ে আসছে। এখনও ঠিক তাটা প্রকট না হলেও, হচ্ছে। তাই নাটককে বাঁচিয়ে রাখার কথাও ভাবতে হবে। 'স্টার' থিয়েটারকে অভিপ্রেত করার পরের আজটা কিন্তু আরও বাধাসঙ্কুল। অনেক মানা আসবে। সবকিছুর পরেও আজটা হলে বাঁচিয়ে রাখবে। ওভেচ্ছা জানিয়ে রাখলাম উদ্যোক্তাদের।

চিত্রাময়ি কর

স্টার থিয়েটারকে বাঁচানোর দরকার আছে। কিন্তু তার মধ্যে যেন কোনওরকম দলীয় কোপন না থাকে।

আমার যখন ন বছর বয়স, তখন আমি স্টারে প্রথম নাটক দেখি "প্রফুল্ল"। তখন স্টারের রমরমা রীতিমতো। এটা একটা ঐতিহ্যপূর্ণ প্রতিষ্ঠান। সকলে মিলে চেষ্টা করে এটাকে আবার গড়ে তোলা উচিত।

তবে একজন স্বাধপ্রেমিকী হিসাবে বলতে চাই পড়া হয় যেন ঠিক বাগের শিল্পীটিকে বজায় রেখেই। কেননা এটা ছিল উনবিংশ শতাব্দীর এক নিদর্শন। ওটার পরিবর্তন করলে স্টারের মর্যাদা ক্ষুণ্ণ হবে। শুভেচ্ছা জানাচ্ছি পুরসভাকে।

পরিতোষ সেন (চিত্রশিল্পী)

এই দিনের একটা ঐতিহ্যপূর্ণ প্রতিষ্ঠানকে আবার গড়ে তোলার প্রচেষ্টাকে আমি সমর্থন জানাই। পুরনো অনেক কিছুই আমরা হারিয়েছি, যাচ্ছি। কিন্তু সেগুলো না করলে ভবিষ্যতের দিকে চলা যায় না, যায় না। এই ধরনের প্রচেষ্টা যা বাঙালির মনস্তাত্ত্বিকতাকে জানে বাঁচিয়ে রেখে, বিশেষ করে উনবিংশ শতাব্দীর বাঙালির শিক্ষা-সংস্কৃতি-কৃষ্টি—তা রক্ষণাবেক্ষণে এগিয়ে আসে। আমার পূর্ণ সমর্থন ও সহযোগিতা এই উদ্যোক্তাদের প্রতি।

শুভেন্দু চট্টোপাধ্যায় (অভিনেতা)

অভিপ্রেত করার পরে যদি সত্যি সত্যিই আবার 'স্টার'কে পুনর্গঠিত করা সম্ভব হয়, তাহলে তার থেকে ভালো আর কিছুই হতে পারে না। তবে 'যদি' কথাটা এখানে ব্যবহার করলাম এই জন্য যে 'স্টার'-কে নিয়ে এত অতীতি জড়িয়ে আছে যে, সেগুলোকে জড়িয়ে এসে 'স্টার' পুনর্নির্মাণ করাটা অত্যন্ত দুরূহ কাজ। তবে একথা ঠিক যে নতুন প্রায় 'স্টার' আবার তৈরি হোক। এ নিয়ে কোনও দ্বিমত নেই। অন্তত আমার নেই। এ কাজটা যেন ব্যবসাদের হাতে না যায়। যেটা হবার প্রচুর সম্ভাবনা আছে। কেননা যে সমস্ত অতিনি অভিনেতার জন্যে আজকের তাঁরা কেউই খুব সুবিধের লোক নন। এটা তাঁরাই আগ্রহ সত্য। সুতরাং কাজটি ব্যবসাদের হাতে চলে গেলে নাটকের কোনও উপকার হবে না। তাই পুরসভা অন্তত পক্ষে যদি সবকিছু করেলা তিনিয়ে এটিকে বাস্তবায়িত করতে পারেন, তাহলে তাঁরা নিশ্চয়ই জনগণের মনে জায়গা করে নেবেন।

সুস্মিতা মুখোপাধ্যায় (অভিনেত্রী)

আমি জীবন খুশি। যাতে নাটকের কর্মীদের জন্য 'স্টার' আবার তৈরি হোক। সমস্যাকে ঘিরে আসুক পুরনো দিনের জমজমাট্টা যাঁরা এখনও বেঁচে আছেন। 'স্টারের' পুরনো কর্মীদের যে কয়েকজন এখনও আছেন এখনি, তাঁর সহযোগিতা হোক। ইতি ছুটুক তাঁদের অভাব-পরিস্থিতির মুখ। ধন্যবাদ জানাই জনগণা পুরসভা ও তার 'মেয়র'কে। 'স্টার' আবার তার পুরনো গরিমা ফিরে পাক।

পি কে ব্যানার্জি (ফুটবলার)

বাঙালির ঐতিহ্য রক্ষার ক্ষেত্রে ঠিক কাজ করেছেন পুরসভা। অনেকে অনেক কথাই বলবেন। কিন্তু বাঙালির এই ঐতিহ্যপূর্ণ রঙ্গালয়কে বাঁচানোর জন্য যে কোনওভাবেই সবাইকের এগিয়ে আসা উচিত ছিল। সেটা সুব্রতবাবু করেছেন। এক এক করে তো আমরা সবই হারাচ্ছি ক্রমশ। আগে সেগুলো বাঙালির নিজস্ব ছিল, তার অনেক কিছুতেই আমরা আজ নিষিদ্ধে। বাঙালির নাটক এক সময় সারা ভারতবর্ষ জুড়ে প্রভাব ফেলেছিল। এমনকী স্বাধীনতা যুদ্ধেও পরোক্ষভাবে প্রভাব ফেলেছিল বাঙালির নাটক। সেই ভালো নাটককে ফিরিয়ে আনার জন্য, রঙ্গালয়কে বাঁচিয়ে রাখার জন্য পুরসভার এই প্রচেষ্টাকে সমর্থন জানাই।

নিভা মিত্র (অভিনেত্রী)

আমরা যখন স্টারে অভিনয় করেছি, তখন স্টার মানে 'বাঙালি', আর বাঙালি মানেই 'স্টার'। দারুণ আড্ডাবাজ সেইসব দিন। জীবন মানুষের সঙ্গলাভে যেমনই আনন্দময় হোক না কেন, কোনও শিল্পীর জীবনের এই থেকে বেশি কিছু চাওয়ার থাকতে পারে না। আমার বাবা রোজ দিন কিংবা আগে, তারপর আমরা স্টারে যাব। তবে এবার 'অনিল' হবে। বড়দা বলেছে। তবে অভিনয়ের ইচ্ছা যে হয়নি, তা নয়। সব শিল্পীর-ই ইচ্ছা থাকে জীবনের শেষ দিন পর্যন্ত অভিনয় করার। কিন্তু সময়ের সঙ্গে মানিয়ে নিতেই হয়। তাই নতুন দিনের নতুন প্রজন্মের কাছের মঞ্চ ছেড়ে আমরা আমাদের অতীত মিনার্ভাকে ফিরে পাব। 'স্টার' পুড়ে যাবার খবর শুনে চোখের জল আটকে রাখতে পারিনি। ছিল-এর দিন বাবারাজারা বন্ধ ছিল। নিজের বাড়ি আর 'স্টার'কে কখনও আলাদা ভাবিনি। তাই সব সময়ই ভাবতাম যে আগে 'স্টার' আবার হবে কি না। কলকাতার আবার হো ? শেষ না হলে কিছুই বলা যায় না। তাই যখন শুনলাম যে পুরনো 'স্টার'কে অভিনয় করেছে, তখন আবার পুরনো দিনের সেই আনন্দ আবার ফিরে এল মনে। যাঁরা করছেন তাঁদের আন্তরিক অভিনন্দন জানাই, পরিকল্পনার সফল করার জন্য। তবে সঙ্গে এটাও অনুরোধ জানা যে ছাদটার যাতে, সেদিকটার একটা ব্যবস্থা যেন হয় তখন। কেননা ভালো নাটকের ইতিহাসে সেদিনটার অবদানও কম নয়।

গীতা দে (অভিনেত্রী)

'স্টার' থিয়েটার যে আবার Renovate হয়ে নতুনরূপে তৈরী হবে, তা আমি কল্পনাও করতে পারিনি। 'স্টার' পুড়ে যাবার পর আমি বহুবার অতীত মোহের মনে ওখানে গেছি। তার একটা টান ছিল না আজো এখনও স্টারের প্রতি। শুধু 'স্টার' নামে নয়, 'অপেশাদারের নাটকের' প্রতি। এই সমিতিকে ভোলবার নয়। শিল্পী-লেখক-খেলোয়াড়-নেতা—সব ধরনের লোকেদেই। যে সমিতিরই শিল্পী হবে, তার একটা আলাদা টিমওতো থাকবেই। আমিও তাই, তার আর ছুটি পেলি বিশেষ যাই, মেতে ওঠেছিলাম ওদের কাজে। মিটিং-এ অংশগ্রহণ করেছি। তাই আবার 'স্টার'কে পেয়ে ফেলা যায়। আমি তখন ভেবেছিলাম, ঠাকুরের অনুকূলচন্দ্রের শতবার্ষিকী এই স্টেজ পুরনো কি জানে ?

'স্টারে' অভিনয় করতে করতেই মেলবন্ধনের ওপরের কথাটি, অর্থাৎ ছিলাম ২৩৩ রাজের থিয়েটারের ইতিহাসে। 'মিনার্ভা' পুড়ে যাবার পর গোকিল সেন তার কাছ থেকে লীজ নিয়ে নতুন বাড়ি তৈরি হল স্টারের। উনিই নিয়ে এলেন অমরের ওপরে। তখন স্টারে যা কিছু পেরিয়ে যেতে থিয়েটার হত। টিকিট পেতে হত। এই সময়ে ছিলেন দুর্গাদাসবাবু, মিস লাইট, ইন্দুবালা।

অভিনয় থিয়ে সমালোচনা করার পর হল 'সাজাহান'। উপেন, সাধিনী, সরযূবালা, তুলসীবাবু, শ্যাম লাহা, অনুরূপকুমার ইত্যাদিদের নিয়ে ১৯৪৩-এ। দুবার-দুপুর টিকিট নাটক। আমি তখন শ্রীরঙ্গমে কাজ করি। স্টার থিয়েটার নতুনভাবে Renovate হল। এ সি হল। এর পরে হল নাটক 'নীলাম্বর'। তার একটা পর্ব—রাজলক্ষ্মী। এতেই আমি প্রথম অভিনয় করি 'অন্নদা' চরিত্রে। নটাচার্যকে ছেড়ে আসতে চীরণ কষ্ট হয়েছিল। উনি আমার অভিভাবক। তাদের ঘরে অভিনয় শিখিয়েছেন, ১৯৪৬-এ। প্রেমাংশু বসু কি চীরণ সাহেবেরিয়া করেছিলেন তা জানা যায় না। অভূতপূর্ব সাফল্য পেল 'রাজলক্ষ্মী'। এই আমার শুরু 'স্টারে'। সম্পূর্ণ আর্থিক কারণেই 'শ্রীরঙ্গম' ছেড়ে 'স্টারে' এসেছিলাম। এর পরে আরও কথা, আরও স্মৃতি। সব বলতে গেলে একটা বই হয়ে যাবে।

দেবব্রত মুখোপাধ্যায় যে পরিকল্পনা নিয়েছেন 'স্টার'কে আবার গড়ে তোলবার জন্য, তার জন্য আগের থেকেই জানাই। তবে এটা নতুন কিছু নয়। উনি এর আগে বহুবার কলকাতার থিয়েটার ও শিল্পীদের জন্য, অভিনেতা-অভিনেত্রীদের আর্থিক সাহায্যের জন্য, যা করেছেন—তা সবাই জানেন। তাই তখনও এখনও আমাদের আশা-ভরসা অনেক। আশা করি আবারও নতুনরূপে গড়ে উঠবে 'স্টার'। আমরা ফিরে পাবো আমাদের শীতাতপ, বসিবার, ড্রেসিংরুমের সেই চিরি জায়গাগুলো।

বীণা দাশগুপ্তা (অভিনেত্রী)

স্টার থিয়েটার মানে অভিনেতা-অভিনেত্রীদের জীবনের এক পুনরাগমন। এক মহিমার। যেটা যেদিন পুড়ে গেল সেদিন জীবনটা অর্থহীন হয়েছিলাম। ভেবেছিলাম সবাই, মিলে আবার গড়ে তোলা হবে 'স্টার'কে। কিন্তু তা হয়নি। তার পরে যখন শুনলাম যে কলকাতা পুরসভা এটিকে এসেছেন এটাকে আবার তৈরি করতে—তখনই রোমাঞ্চিত হয়েছি। যদি সত্যিই হয়—তাহলে কলকাতা পুরসভার নাম স্বর্ণাক্ষরে লেখা থাকবে বাংলা নাটকের ইতিহাসে। আমরা ফিরে পাবো আমাদের প্রাণকে। 'স্টার' আমার জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। অমি যখন 'নটী বিনোদিনীর' চরিত্রে অভিনয় করতে করতে শুনলাম 'আমরা এই থিয়েটারের নাম রেখে স্টার থিয়েটার'—তখন কী যে হয়েছিল তা বলে বোঝাতে পারবো না। বিনোদিনীর জন্যই স্টার থিয়েটার। আর সেই চরিত্রে অভিনয় করছি আমি স্টারে দাঁড়িয়েই। অদ্ভুত অভিজ্ঞতা।

আমার এই স্টারেই আমাকে দেবতা হয় 'রাজলক্ষ্মী' ও পরে 'বীজের ফল' শরৎ সাহিত্যের পরে। কত স্মৃতি আছে

ওই স্টারে। আমার সাজানো বাঁটুলদা 'স্টার'।

ওখানকার যারা কর্মচারীরা ছিলেন, তাদের কথা ভেবেই আবার এটা গড়ে তোলা উচিত। ওরা ভীষণই কষ্টে আছেন। কেউ ফুল বেচেন, কেউ ফটো বিক্রি করছেন। কেউ কেউ ভাড়াও পেয়েছেন। স্টার তৈরি হলে ওনাদের পরিবার বাঁচবে। এটা যে কত বড় আশীর্বাদ, কত বড় মহৎ কাজ হবে তা জানা যায় না।

'স্টার'কে গড়ে আবার সেখানে নতুন নতুন নাটক, নতুন নতুন পালা তৈরি করতে হবে নতুন প্রজন্মের জন্য। বাঁচিয়ে রাখতে হবে নাটককে তাদের মধ্যে। ছেকে আনতে হবে গুণ-শিল্পীদের। যারা এখনও কর্মক্ষম। কাজ পেলে তারা বাঁচবেন, তাদের পরিবার বাঁচবে। এটাও আমাদের দায়িত্ব।

একটাই অনুরোধ পুরসভার কাছে। নতুন স্টারের যেদিন উদ্বোধন হবে, সেদিন যেন আমাকে পুরো 'মটি বিনোদিনী'টাই অভিনয় করার সুযোগ দেওয়া হয়। এটাই হবে আমার প্রাপ্তি।

নিমু ভৌমিক (অভিনেতা)

অভিপ্রায় হয়েছে শুনে আমার ভীষণ ভালো লাগছে। আমি খুবই খুশি। পশ্চিমবাংলার ২০০ বছরের বাংলা থিয়েটারের আজ প্রায় অবলুপ্তির পথে। কিন্তু কেন হবে ? বাঙালী নাটক-পাগলা জাত। এমনই ওখানকার মানুষ যে, কোনও হল পুড়ে যাচ্ছে, কোনও হলে বিয়ে বাড়ি ভাড়া দেওয়া হচ্ছে ইত্যাদি ইত্যাদি। এটাতো কোনও সুস্থ সংস্কৃতির লক্ষণ নয়। ১৯৪৯ সালে আমি প্রথম 'স্টারে' নাটক দেখতে যাই। মহেন্দ্র গুপ্তের 'চন্দ্রগুপ্ত'। তারপরে ওখানে বহু নাটক করেছি। স্টার থিয়েটার পুড়ে যাবার পর অনেকে অনেক কথা বলেছেন, কিন্তু কেউ-ই এটাকে কিন্তু করে উঠতে পারেননি। এতদিন পরে সুব্রতবাবু যে চেষ্টা করলেন এটা অভূতপূর্ব। মানবিকতার দিক থেকে এটি একটা গুপ্ত প্রক্রিয়া, অসাধারণ প্রচেষ্টা। আমি এর শ্রীবৃদ্ধি কামনা করি। আমি জানি সুব্রতবাবু এটা পারবেন। শিল্প-সংস্কৃতি নাটকের প্রতি ওঁর টান অবিসংবাদিত। তার পরিচয় উনি অনেক কাজকর্মে দিয়েছেন। এবারও দিলেন। ওঁনার আন্তরিকতা নিয়ে কোনও সন্দেহ নেই। আমাদেরও এগিয়ে আসা উচিত ওঁনার পাশে সর্বশক্তি নিয়ে। 'স্টার' খোলা মানে বাঙালির কাছে এক মন্দির খোলা। সেখানে বাঙালির সব কিছুর পরিচয় পাওয়া যায় বা যাবে।

স্টার থিয়েটার

সাবিত্রী চট্টোপাধ্যায়

পরমপুরুষ শ্রীরামকৃষ্ণ, স্বামী বিবেকানন্দের আশীর্বাদ-বিজড়িত ও পদধূলিধন্য স্টার থিয়েটার বাংলা তথা ভারতীয় নাট্য ইতিহাসে এক ঐতিহ্যশালী নাটমঞ্চ। নটগুরু গিরিশচন্দ্রের স্বপ্নকে বাস্তবায়িত করার অনলস প্রচেষ্টা এবং নটী বিনোদিনীর আত্মত্যাগের মধ্য দিয়ে একদিন গড়ে উঠেছিল এই থিয়েটার। স্টার থিয়েটারের গৌরবোজ্জ্বল ঐতিহ্য গড়ে উঠেছিল বহু উত্থান-পতনের মধ্য দিয়ে। সে সময়ে অভিনেতা, অভিনেত্রীদের অভিধা ছিল নট-নটী, সমাজে অপাংক্তেয় ছিলেন তাঁরা।

পান্নাজী নাটকে সাবিত্রী চট্টোপাধ্যায়

স্টারে নটগুরু গিরিশচন্দ্রের 'চৈতন্যলীলা' নাটক দেখতে এসেছিলেন ঠাকুর রামকৃষ্ণ সপার্ষদ। শ্রীচৈতন্যের ভূমিকায় নটী বিনোদিনীর অভিনয়ে অভিভূত হয়ে মঞ্চের অভ্যন্তরে দেখতে গেলেন বিনোদিনীকে এবং মাথার উপর হাত তুলে আশীর্বাদ করলেন। সেই আশীর্বাদের মধ্য দিয়ে সমগ্র নাট্যসমাজ পেল সামাজিক স্বীকৃতি। এ স্বীকৃতি ঐতিহাসিক। তারপর সামাজিক মর্যাদায় নট-নটীর বদলে অভিধা হল অভিনেতা, অভিনেত্রী।

এই স্টার থিয়েটারেই আর একটি স্মরণীয় ঘটনার উল্লেখ করা যায়—যা অলৌকিক বলা যায়। হঠাৎই স্বামী বিবেকানন্দ এলেন শুরুভাই গিরিশের

শাপমোচন নাটক অভিনেতাদের সঙ্গে বিশ্বজিৎ

নাটক দেখতে। হাউস ফুল। একটি সিটও খালি নেই। গিরিশ বললেন—আজ হবে না, আর একদিন এস। বিবেকানন্দ একটু মনঃক্ষুণ্ণ হয়েই ফিরে গেলেন। এদিকে প্রদর্শনীর সময় উত্তীর্ণ হয়ে যাওয়ার পরও নাটক আরম্ভ হচ্ছে না, দর্শক অধৈর্য। যান্ত্রিক গোলযোগে প্রথম যবনিকা বা ড্রপসিন উঠছে না। বেশ কিছুক্ষণ অতিক্রান্ত হয়ে গেল। কলাকুশলীরা প্রায় হাল ছেড়ে দিয়েছেন। এমন সময় গিরিশের কিছু একটা মনে হল। উত্তেজনায় একজনকে ডেকে বললেন— ওরে শিগগির নরেনকে ফিরিয়ে নিয়ে আয়। শ্যামবাজারের প্রায় কাছাকাছি থেকে নরেনকে ফিরিয়ে এনে একটা আলাদা আসনে বসিয়ে দেওয়া হল প্রেক্ষাগৃহে। নরেন বসতেই সরসগতিতে ড্রপসিন উঠে গেল।

নাটক দেখতে এসে একটা রূপোর টাকা প্রদর্শনীর বক্ষিণা দিয়েছিলেন ঠাকুর, মথুরবাবুর হাত দিয়ে। গিরিশ সেই টাকা শ্রদ্ধাভরে রেখে দিয়েছিলেন থিয়েটারের সিন্দুকে। আমি যখন স্টার থিয়েটারে অভিনয় করি তখনও দেখেছি সেই টাকা পবিত্রভাবে রাখা আছে। স্টার থিয়েটারে যোগদানে আমি 'শ্যামলী' নাটকে। তারপর 'পরিণীতা', 'শ্রীকান্ত-রাজলক্ষ্মী' ও 'প্রেমের' নাটকে অভিনয় করেছি।

শ্যামলী নাটকের প্রথম রজনীর অভিনয়ে মঞ্চের পাদপ্রদীপের সামনে দিয়ে যখন পা বাড়ালাম তখন যোগাক্ষ অনুভব করলাম এই ভেবে, এই সেই স্টার থিয়েটার। নাটককার গিরিশচন্দ্র, নটী বিনোদিনী থেকে কত নটী-প্রতিভার স্পর্শ এসে উপস্থিত হয়েছি। 'শ্যামলী' ইতিহাস সৃষ্টিকারী নাটক। স্টার যখন শ্যামলী মঞ্চস্থ করার সঙ্কল্প নিল তখন পেশাদারি মঞ্চের মহাপুরোধারা। অনেক শুভাকাঙ্ক্ষীরা আশঙ্কা করেছিলেন থিয়েটার বন্ধ করে দিয়ে নাট্যশালাকে অন্য ব্যবসায় রূপান্তরিত করার কথা। কিন্তু শ্যামলীর অভাবনীয় বাণিজ্যিক সাফল্যে আবার উজ্জীবিত হয়ে উঠল পেশাদারি থিয়েটারগুলি। এ যেন রক্তহীন মৃতপ্রায় শরীরে নবরক্ত সঞ্চারিত হল।

শ্যামলী নাটকে যোগ দেবার আগে মেয়ের চরিত্রে অভিনয় করে দেশ-বিদেশের বহু জ্ঞানী, গুণী নাট্যবিশেষজ্ঞের প্রশংসাধন্য হয়েছি। লন্ডন টেটেজের নাট্যবিশারদ স্যার উইলিয়াম আরচেল এবং সমর সিটিজেন ব্রুনহাইল্ড পল্সবির, আইরিশ সাংস্কৃতিবিদ এইচ এম কর্টিনিনার, রুশ সাংস্কৃতিক প্রতিনিধিদল—এঁরা স্টার থিয়েটারে শ্যামলী নাটক দেখে উচ্ছ্বসিত প্রশংসা করে গেছেন।

স্টার থিয়েটার, 'শ্যামলী' নাটক, বিশ্বজিৎ হয়ে যাচ্ছে আমার অভিনয় জীবনের সঙ্গে। শ্যামলীকে স্মরণীয় করে রাখার জন্য বাড়ির নামও দিয়েছি 'শ্যামলী'।

যেদিন ঘুম থেকে উঠে শুনলাম স্টার অগ্নিদগ্ধে ছাই হয়ে গেছে, বিশ্বাস করতে পারছিলাম না। যখন বিশ্বাস হল তখন অনুভব করছিলাম শরীরেরই কোনও অঙ্গ পুড়ে যাওয়ার অসহ্য জ্বালা যন্ত্রণা। সব জ্বালা যন্ত্রণা ভুলে আনন্দিত হয়ে উঠলাম আনন্দের পৌরপ্রধান সুব্রত মুখোপাধ্যায়ের স্টারকে নতুন করে গড়ে তোলার মহান উদ্যোগের খবরে। ধন্যবাদ, সাধুবাদ অবশ্যই প্রাপ্য। তবু ধন্যবাদ বা সাধুবাদ জানিয়ে হাত সারলে চলবে না, সাহায্যেরও হাত বাড়িয়ে এই উদ্যোগে সামিল হতে হবে কলকাতার নাট্যরসিকদেরই নয়, সমাজের সর্বস্তরের মানুষের।

স্টার থিয়েটার এবং বাংলা নাটক

বরুণ সি. দাশ

বাঙালি জীবনে বিনোদন বলতে তখন ছিল কথকতা, যাত্রাপালা, পাঁচালী, তরজালড়াই ইত্যাদি। নাটকের চর্চা এদেশে হয়েছিল, সংস্কৃত ভাষার সুবর্ণযুগে, কালিদাসের সময়ে। এরপর কয়েক শতাব্দী অন্ধকারে কাটিয়ে পর আমাদের বাঙালি জীবনে আবার নাট্যচর্চার সূত্রপাত ঘটেছিল ইংরেজদের সঙ্গে বাংলার সম্পর্ক সূত্রে। তখন এদেশে সাধারণ বা পেশাদার কোনও রঙ্গমঞ্চই ছিল না। আর ইংরেজরা তখন রঙ্গমঞ্চ ছাড়া চলতেই পারত না। সেমিনার, আলোচনা সভা, নাচগান, নাটকের জন্য রঙ্গালয় ওদের খুব দরকার হত। শিল্প বিপ্লবের পরিণতিতে ইউরোপ তখন সামন্ততান্ত্রিক অভিজাত্য মুছে ফেলে নাগরিক আভিজাত্য গড়ে তুলছে এবং ওই আভিজাত্যের অন্যতম প্রকরণ হল থিয়েটার হল। ইংরেজরা তাই কলকাতায় এসে বাসস্থানের সঙ্গে সঙ্গে একটি থিয়েটার হলও গড়ে তুলেছিলেন অধুনা জি পি ও-র কাছে।

১৭৫৬ সালে সিরাজদৌল্লা সেনাবাহিনী নিয়ে ইংরেজ প্রতিষ্ঠিত ওই রঙ্গালয়টি দখল করেছিলেন। সিরাজদৌল্লার সেনাবাহিনী ওখান থেকে কামান দেগে উড়িয়ে দিয়েছিলেন ইংরেজ স্থাপিত প্রথম দুর্গ ও গির্জাটি।

সন্ধি হবার পর নবাব মুর্শিদাবাদে ফিরে গেলে ইংরেজরা অধুনা লায়ন্স রেঞ্জে, (অধুনা মহাকরণের) পেছনে গড়ে তোলেন কালকাটা থিয়েটার। তখনকার দিনে ওই রঙ্গালয়টি গড়ার খরচ পড়েছিল এক লক্ষ টাকা এবং অভিজাত ইংরেজদের চাঁদায় ওই টাকা জোটানো হয়েছিল।

এরপর কিছু দেশীয় ভাগ্যান্বেষী গেরাসিম লেবেদেফ বাংলা শিখে এদেশে স্থিতি প্রতিষ্ঠা করেছিলেন বেঙ্গলি থিয়েটার। সেটা ছিল ১৭৯৫ সালের ২৭ নভেম্বর। কিন্তু ওই প্রয়াস সফল হয়নি কারণ চলু থিয়েটারের মালিকরা ব্যবসায়িক কারণে ওই প্রয়াসে আগুন জ্বেলে দিয়েছিলেন এবং লেবেদেফের প্রাণনাশের ব্যবস্থা করেছিলেন। শেষে লেবেদেফ পালিয়ে দেশে ফিরে যান।

এইভাবে কলকাতায় নাট্যচর্চা বেশ জমে উঠছিল। কিন্তু স্থানীয় মানুষরা তাতে বিশেষ অংশ নিতে পারছিলেন না। ইংরেজদের প্রযোজিত 'ওথেলো' নাটকে নামভূমিকায় প্রথম যে বাঙালি অভিনয় করেছিলেন, তাঁর নাম বৈষ্ণবচরণ আঢ্য। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রেই বাঙালিরা থেকে গেলেন দর্শক।

কিন্তু ১৮১৭ সালে হিন্দু কলেজ স্থাপিত হলে বাঙালিরাও থিয়েটার চর্চায় সাহসী হলেন। নাটকের প্রতি অনুরক্ত বাঙালি প্রসন্নকুমার ঠাকুর নারকেলডাঙার শুঁড়োর বাগান বাড়িতে খুললেন হিন্দু থিয়েটার। ওখানে অভিনয় শুরু হল সংস্কৃত নাটকের ইংরেজি অনুবাদ। প্রথম বাংলা নাটক অভিনীত হল ১৮৩৫ সালে, শ্যামবাজারের নবীন বসুর নিজস্ব রঙ্গালয়ে, নাটকটির নাম 'বিদ্যাসুন্দর'। ওই 'বিদ্যাসুন্দর' নাটকে মঞ্চস্থ করতে গিয়ে অভিনেত্রী সংকটে পড়তে হয়।

পেয়ে পরিচালনার এই অবস্থা সামাল দেয়। তারাসুন্দরী তুরমুণী ও চন্দ্রকুমারীর ভূমিকায় তাঁরা অভিনয় করেছিলেন, তাঁরা এসেছিলেন পরিচারাপল্লী থেকে। এইভাবে কলকাতায় বাঙলা নাটক চলা এবং রঙ্গালয় স্থাপনের প্রয়াস শুরু হয়েছিল। অনেকগুলি রঙ্গালয় গড়েও উঠেছিল তারার বন্ধও হয়েছিল।

এই সব রঙ্গালয়গুলি বাঙালি নাট্যরসিক যেমন স্বাগত জানিয়ে ফেরত পাবেনি—একমাত্র স্টার থিয়েটার ছাড়া। মনে রাখা দরকার, বাঙালি অভিনেত্রীদের আবির্ভাবের পূর্বে মহিলাদের ভূমিকায় পুরুষরাই অভিনয় করতেন। সেদিন সমাজপ্রতিষ্ঠার ফলে শিক্ষিত ভদ্রঘরের মেয়েরা এক্ষেত্রে পরিচিত হলেও নাট্যচর্চা এক সম্ভ্রান্তদের মুখরক্ষার অযোগ্য নাগরদেরই রঙ্গভূমি অধিকার করেছিল। হয়তো নাটকের ভাষাভঙ্গি, রঙ্গরসাত্মক ধরণের পরিচয়ণের পক্ষে সম্ভব ছিল, তাছাড়া লক্ষ্মীমণি-সরীসুন্দরী বাঙালি গৃহবধূ বা সম্ভ্রান্তবংশের বাঙালি কন্যাদের এর সম্ভব ছিল না। এই অভিনয়ের ক্ষেত্রে, বিশেষ করে বাণিজ্যিক অভিনয়ের ক্ষেত্রে যাঁরা আসতেন তাঁরা বেশির ভাগই চরিত্র বদ্ধ না করে আসতে পারতেন না। কোনরূপ এরকমেই ফলকাতিতে অভিনেত্রী হলেও বিনোদিনী বাংলা নাট্যরঙ্গের যে অবদান রেখে গেলেন তা নাট্যপ্রেমীদের মনে এক বিশেষ স্থান অধিকার করে রইল—দর্শকদের মনোরঞ্জনে সার্থক হলেও সাধারণের সংস্কৃতির প্রসার ঘটাতে নটী বিনোদিনীর মতো অধিকারীর অবদান আর কেউই রেখে যেতে পারেননি। নটী বিনোদিনীকে খুশি করার জন্য গুরুমুখ রায় স্টার থিয়েটার স্থাপন করলেও এই থিয়েটারের নাম বিনোদিনীর নামে করা যায়নি, কারণ সর্বাঙ্গসুন্দরীর ঐতিহ্যমণ্ডিত ভারত ইতিহাসে একজন পতিতার পতিতাকে অঙ্কে রাজকীয় রেখে গেছে? কিন্তু থিয়েটারের নাম বিনোদিনীর নামে না হলেও স্টার থিয়েটার থেকে বিনোদিনীর প্রথম অভিনয় মুছে ফেলা যায়নি। বাঙালি আজও এই অকৃতজ্ঞতার কথা ভোলেনি।

স্টার থিয়েটার

[পরিচালনা: বিনোদিনীর আবেদন]

ফোন : ২৮৮১ ● ফোন : ৩৪-১১-৩৪

অভিনয় দর্শকের কর্তৃপক্ষ কাম্যনয়।

নটী বিনোদিনী নিজেই গড় অভিনেত্রী ছিলেন, না হলে তৎকালীন প্রায় ৮০ টাকা দেনে এই থিয়েটার গড়ে দেবার কেন? না বন্ধুকৃষ্ণদেবই বা ৫৫ হাজার টাকা দেনার দেখে সমাধিস্থ হয়ে পড়লেন কেন?—অভিনয় থেকে বন্ধুকৃষ্ণের বিনোদিনীকে এমনভাবে আকৃষ্ট করেছিলেন এই আশীর্বাদ বিনোদিনী আজ পেয়েছিল। রঙ্গালয় গড়ে উঠবার পর এর ট্রাডিশনের হয়েছিল, বাকি জীবন তিনি আর অভিনয় করে কর অনুরূপকে আকৃষ্ট করেননি, সাধনের পূর্ণতার জীবনের দিয়ে গিয়েছিলেন। যেমন কালক্রমে শরীর সুস্থিতা দেন এবং অভিনয় বিসর্জিত দেবার নির্বাসিত জীবন কাটিয়েছেন।

স্টার থিয়েটারের প্রতিষ্ঠার পর এর মালিকানা অনেকবার বদলেছে—কখনও এর মালিক হয়েছে ক্লাসিক, কখনও মনোমোহন, কখনও এমারেল্ড।

ক্লাসিক যখন স্টার থিয়েটার অধিগ্রহণ করেন তখন এর কর্তৃত্বভার গ্রহণ করেন দুজন এর কর্তৃত্বভার গ

পরিচালিত প্রযোজনা 'স্টার' থিয়েটারে হয়ে উঠেছিল রঙ্গরসপ্রিয় বাঙালির প্রধান বিনোদন কেন্দ্র। কলকাতার বাণিজ্যকেন্দ্রীয় স্টার থিয়েটারের উদ্বোধনের সময় সাতটি নাটকের নাম ছিল, 'আবুহোসেন', 'আলিবাবা'—ইত্যাদি।

অমৃতলালদের নাটক প্রযোজনে অভিনেতাদের ভূমিকা বদলের প্রবণতা দেখা দিয়েছিল এবং তাঁরা তা নিষ্ঠাভরেই প্রয়োগ করেছিলেন। 'আলিবাবা' নাটকে মর্জিনার চরিত্রে কুসুমকুমারী এবং আবদল্লার ভূমিকায় বুদ্ধদেব বসুর অভিনয় দর্শকদের অভিভূত করেছিল। পরবর্তীকালে এই দুই ভূমিকায় যদু ভট্ট এবং সাধনা বসু অভিনয় করেন। সাধনা বসুর মঞ্চে আসা তখনকার যাবতীয় নাটকের অভিনেত্রীদের রূপসজ্জা ও পোশাকে। এর আগে পর্যন্ত থিয়েটারের নারী চরিত্রেরা প্রকৃতপক্ষে নারীদের দ্বারাই পরিচালকের তৈরি। কিন্তু প্রাক্‌স্বাধীনতা ইতিহাসের সূত্রে বাঙালি নারীরা অন্তঃপুরচারিণী থাকবার বদলে বহির্মুখী হওয়া শুরু করলেন—বাংলা রঙ্গালয়ে তাদের ঢেউ এসে লাগল। বাংলা নাটকে প্রথম অভিনয়ের যে মেয়েটি অভিনয় করেছিলেন, সেই সাধনা বসু ছিলেন, ছেলের সেজের নায়কী। সাধনা বসু ছাড়াও ভোলানাথের চাঁদবদন বাড়ির অভিনয়ে নারীর ভূমিকায় অবতীর্ণ হন যদু। এই সময় থেকেই সাংস্কৃতিকমনস্ক বাঙালি বুদ্ধিজীবীরা বুঝতে শুরু করলেন যে, থিয়েটার শুধু হাবলদ্বিক বিনোদনের জন্য নয়—সামাজিক বিবেকের কাছে প্রশ্ন করতে এবং কালপরিসরের জন্যও এর দরকার আছে। সুতরাং পড়ে উঠল 'আলেখ্যটি আর প্রেক্ষাগৃহ'—যেখানে অভিনেতা ও অভিনেত্রীরা জড় হতে লাগলেন প্রভূত অভিনয় এলাকাই এক পেশা হয়ে চরিত্র মূর্তনের এক আবহাওয়া তৈরি করে এবং নারীসাধিকারীর ভাবার 'আড়ষ্টতা' সহজে ঠিক মেলে না মেলে।

স্টার থিয়েটার সম্বন্ধে যত কথা হলেও এই থিয়েটারটি রঙ্গমঞ্চসংস্কারের পথপ্রদর্শক এবং তাদিনিকের নাট্যচর্চায় বিশেষ ঐতিহ্য গড়ে তুলেছিল। প্রায় পেরুনো বছর অতিক্রম করার পর এই রঙ্গালয়টি জরাজীর্ণ ও পরিত্যক্ত হয়ে থাকে বেশ কিছু দিন। এর জমীয়া খুলি অসম্ভবরকার মধ্যে কাটিয়েছেন ফলন। গত ১০ মার্চ এই থিয়েটারটি অলকার ডিজিটিসিপাল কর্পোরেশনের উদ্যোগে নতুনভাবে নির্মাণ শুরু হয়েছে। নতুন এই থিয়েটারে সেই বিনোদিনীর অভিনয়েই পুনঃপ্রতিষ্ঠা করা হবে, না তাদিনিকের নাট্যচর্চার নতুন দিশা ও দিশার ধারণা করা হবে—তা ঠিক করবে আগামী দিন এবং আগামী প্রজন্ম।

স্টার থিয়েটারের মালিকানায় কয়েকজন *

সাল	নাম	পরিচয়
১৮৮৩	ওপুধ বার	একী সাহারাড়ি ব্যবসায়ী
১৮৮৩	অমৃতলাল বসু ও অন্যান্য অভিনেতা	বিশিষ্ট নাট্যকার, অভিনেতা ও অর্ধাংশক।
	অমর দত্তগার	একী, নাট্যমোদী শ্রেণি হলেন।
	গিরিশচন্দ্র মল্লিক	কুর্ণ বণিক সমাজের বিশিষ্ট একী বাড়ি ও বহু সম্পত্তির মালিক শ্রেণি হলেন।
	জগদেশচন্দ্র মুখোপাধ্যায়	রঙ্গমঞ্চের প্রতিবেশী বাড়ি শ্রেণি এবং ম্যানেজার হলেন।
(১৯০৩ স্টার থিয়েটারের অন্তর্ভুক্তির পর)		
১৯৩৮	শলিলকুমার মিত্র	অভিজাত পরিবারের সন্তান। শ্রেণি ও প্রশাসনিক ম্যানেজার হলেন। আধুনিকীকরণের মূল দ্রষ্টা।
	রঞ্জিত দিবারাস	রঞ্জিতমল স্কাউন্ডেশন , চলচ্চিত্র প্রযোজক ও সিনেমাহলের মালিক

*প্রধু অংশের ভিত্তিতে রচিত

স্টার থিয়েটার—বাংলা থিয়েটারের ফিনিক্স

মহুয়া চৌধুরী

এখন আমরা যাকে স্টার থিয়েটার বলে জানি, আদতে স্টারের সূচনা কিন্তু সেই হাতিবাগান অঞ্চলের কর্নওয়ালিশ স্ট্রিটে নয়। ১৮৮৩ সালের ২১ জুলাই ৬৮ বিডন স্ট্রিটে গিরিশচন্দ্র ঘোষের 'দক্ষযজ্ঞ' নাটক দিয়ে শুরু হয়েছিল স্টারের যাত্রা। মাত্র ৪ বছরের আয়ুষ্কালে (১৮৮৩-১৮৮৭) প্রায় ২০টি নাটক এখানে অভিনীত হয়। এই স্টার নির্মিত হয়েছিল গুর্মুখ রায়ের অর্থে। এর নির্মাণের সঙ্গেই নটী বিনোদিনীর আত্মত্যাগ জড়িয়ে আছে। এখানে অভিনীত কয়েকটি উল্লেখযোগ্য নাটকের মধ্যে 'সীতার বনবাস', 'সধবার একাদশী', 'চৈতন্যলীলা' ইত্যাদি বিখ্যাত। ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব 'চৈতন্যলীলা' দেখতে এই স্টারেই পদার্পণ করেছিলেন। এই আদিপর্বের স্টারেই, বিনোদিনী দাসী তাঁর শেষ অভিনয় মঞ্চস্থ করেন 'বেল্লিক বাজার' নাটকে। বস্তুতপক্ষে, নটী বিনোদিনী ভূষিত হয়েছিলেন, 'মুন অফ্ স্টার কোম্পানি' অভিধায়।

সুতরাং বাংলা নাটকের এক গৌরবময় পর্বের সঙ্গে স্টারের যাত্রাপথ শুরু। কিন্তু এর সঙ্গে জড়িয়ে ছিল নানা উত্থান-পতন। ঠিক চার বছর পরেই ৩১ জুলাই ১৮৮৭ গোপাললাল শীল স্টার থিয়েটারের জমি কিনে নিলেন। ৬৮ বিডন স্ট্রিটে সূত্রপাত হল গোপাললাল শীলের নতুন থিয়েটার এমারেল্ড থিয়েটার।

এদিকে ১৮৮৮-র ২৫ মে সূত্রপাত হল আজকের স্টার থিয়েটারের। উদ্বোধন রজনীতে অভিনীত হয় 'নসিরাম' নাটক। এতে অভিনয় করেন অমৃতলাল বসু, অমৃতলাল মিত্র, অমৃতলাল মুখোপাধ্যায়, ত্রিপেন্দ্রনাথ মিত্র, স্ত্রী চরিত্রে ছিলেন, কাদম্বিনী, গঙ্গামণি ও তারাসুন্দরী প্রমুখ। ১৮৮৯ সালে গিরিশ ঘোষ এমারেল্ড থিয়েটার ছেড়ে স্টার থিয়েটারে যোগ দেন। মিনার্ভা থিয়েটারের ম্যানেজার হবার পূর্ব অবধি (১৮৯২) গিরিশ ঘোষ এর সঙ্গে যুক্ত ছিলেন। মতান্তরের কারণে গিরিশ ঘোষ পুনরায় মিনার্ভা ছেড়ে স্টারের 'ড্রামাটিক ডিরেক্টরের' পদ গ্রহণ করেন ১৮৯৬ সালের ১৫ এপ্রিল। স্টার সূচনাপর্ব থেকে গিরিশ ঘোষের মৃত্যু (১৯১২), পর্যন্ত প্রায় ১০০টি নানা ছোট বড় বাংলা পুরনো নাটক এবং কয়েকটি হিন্দি নাটক মঞ্চস্থ করে। ১৯২৩ সালে 'আর্ট থিয়েটার লিমিটেড' স্টার থিয়েটার মঞ্চে আসে।

আর্ট থিয়েটার লিমিটেডের ম্যানেজার ছিলেন অপরেশচন্দ্র মুখোপাধ্যায় এবং সেক্রেটারি ছিলেন প্রবোধচন্দ্র গুহ। স্টার রঙ্গমঞ্চে এঁদের যাত্রা শুরু হয় অপরেশচন্দ্রর 'কর্ণার্জুন' নাটক দিয়ে। এই সময়ে স্টারে অভিনয় করছেন অহীন্দ্র চৌধুরী, নরেশচন্দ্র মিত্র, নির্মলেন্দু লাহিড়ি। এখানে আরেকজনের কথা বলতে হয়, তখনও অখ্যাত কিন্তু

অজিত গাঙ্গুলি ও নির্মলকুমার

শরৎচন্দ্রের বহুল পঠিত ও জনপ্রিয় নায়ক দুর্গাদাস মুখোপাধ্যায়। এই নায়ক চরিত্রে তিনি বিভিন্ন ভূমিকায় অভিনয় করেছেন। কৃষ্ণের ভূমিকায় অভিনয় করেছেন ইন্দুভূষণ মুখোপাধ্যায়। রাধার ভূমিকায় হলেন বহু অভিনেত্রী প্রতিমা বন্দ্যোপাধ্যায়ের ভূমিকায় এবং কখনো ভূমিকায় অভিনয় করেন নিরুপমা গঙ্গোপাধ্যায়। 'কর্ণার্জুন' একদিনেই ২৯৭ বার অভিনীত হয়েছিল। এই থিয়েটারের অন্যতম কৃতিত্ব আলোর সর্বপ্রথম একাঙ্ক নাটক বলে অভিহিত 'দুর্যোধন রায়' প্রযোজনা। এছাড়াও এঁরা করিমগঞ্জ, শরৎচন্দ্রের কয়েকটি উপন্যাসের নাট্যরূপ প্রযোজনা করেন। এঁরা আরও প্রযোজনা করেন, রবীন্দ্রনাথের 'চিত্রা ও চৈতালী', 'চিরকুমার সভা', 'নিবেদন অভিনয়' ইত্যাদি ইত্যাদি।

কেমন লাগছে নেই, স্টারের এই সময়কাল এক যৌবনবতীর অবস্থা। 'আই' থিয়েটার লিমিটেডের পরে বিশির অনুপুরী বছর তিনেক তাঁর দল নিয়ে এখানে ছিলেন। এছাড়া ত্রিনেত্র পরেই মলিক-পক্ষের সঙ্গে আলোচনা হেতে তিনি স্টার থিয়েটার ছেড়ে দেন।

এরপর স্টার থিয়েটারের নতুন লেসি হন সলিলকুমার মিত্র। তাঁর সময়কালে মিত্র ৩৩ বছর স্টারের এক যুগের দুখ। এখানে ঘনিষ্ঠতাপূর্ব দুখ থেকে, ১৯৫৩ পর্যন্ত পরিচালক হিসাবে ছিলেন যতেন্দ্র গুপ্ত। ১৯৫৩ খ্রিস্টাব্দে সলিলকুমার, যতেন্দ্র গুপ্ত সহ সেই আমলের সব শিল্পীকে ছাড়াই করে নিয়ে আসেন চিত্র ও মঞ্চের খ্যাতনামা সব শিল্পীদের। দেবনারায়ণ গুপ্ত নলিনীরঞ্জনকে এবং শিশির মল্লিক এবং যামিনী মিত্র পরিচালিত নতুন নাটক 'শ্যামলী' প্রথম অভিনয় হল ১৯৫৩ খ্রিস্টাব্দের ১৪ অক্টোবর। এই সময়ে স্টারকে ফুলবেরার মতো পরিচয় করেছিলেন অহু সেন। ছবির জগতে সহ সকল যাবার সলিলের জগতের নিয়ন্ত্রণকারী নায়ক উত্তমকুমার এই নাটকের সূত্রে স্টার থিয়েটারে যোগ দেন। দুবছরেরও বেশি সময়কাল তিনি এই নাটকে অভিনয় করেছেন। শেষপর্যন্ত শেষমেশ সবকে ফেলে যেবার এই নাটকেই উত্তমকুমার তাঁর প্রথম ও শেষ অভিনয় করেন। তাঁর সহশিল্পী ছিলেন রবি বন্দ্যোপাধ্যায় ও সাবিত্রী চট্টোপাধ্যায়।

মৈথিলির স্বাস্থ্যের কারণে মঞ্চাভিনয় থেকে বিরত থাকার পর, অপর কিংবদন্তী অভিনেত্রী ছবি বিশ্বাস ১৯৫৯ খ্রিস্টাব্দে স্টার থিয়েটারে যোগ দেন। ওই একই বছরে 'সাহিত্য নাটক অকাদেমী' তাঁকে শ্রেষ্ঠ অভিনেত্রীর সম্মান দেন। এই সময়েই স্টারের নাট্যকার-নির্দেশক হিসাবে যুক্ত ছিলেন দেবনারায়ণ গুপ্ত। তাঁর অনবদ্য শেক্সপিয়র প্রথম প্রকাশ ঘটে 'হ্যামলেট' নাটকের মাধ্যমে সৌমিত্র চট্টোপাধ্যায়ের। ১৯৬০ খ্রিস্টাব্দে প্রযোজিত এই নাটকটির ৪৯৭টি প্রদর্শনী হয়েছিল। ১৯৭১ খ্রিস্টাব্দের ৩ এপ্রিল সলিলকুমার মিত্র প্রযোজক হিসেবে যোগ দেন বঙ্কিমচন্দ্রের কাহিনিকে নিয়ে। এরপর দু-শতক স্টার থিয়েটারে বিভিন্ন দল ছাড়া নিয়ে অভিনয় করতে থাকে। ১৯৯১ খ্রিস্টাব্দের ১৫ অক্টোবর সৌমিত্র চট্টোপাধ্যায়ের 'অটিক থিয়েটার' চলাকালীন অবস্থায়ে এক বিপর্যয়কর আগুনে পুড়ে ছাই হয়ে যায় আমাদের এক ঐতিহ্যবাহী থিয়েটারের এক সুবর্ণময় ঐতিহ্য।

কিন্তু নিয়তির এই পরিহাস সত্ত্বেও নিশ্চয়ই সেই ছাই থেকে আবার নতুন স্টার নিয়ে আসবে তার গর্ব, ঐতিহ্য এবং সাংস্কৃতিক প্রজন্মান্তর। সাম্প্রতিক বিপর্যয় ঘটলেও কলকাতা সৌভাগ্যের স্টারকে অধিকারের মাধ্যমে একবিংশ শতাব্দীর গোড়াতেই ইতিহাস নিলেন এক থিয়েটারের নবযুগ আনয়নের। জাতির ঐতিহ্য যেমন প্রতিফলিত হয় থিয়েটারে, থিয়েটারের উজ্জ্বল আলোকে জাতির থাকে জনমনের ইতিহাসে। তাই রঙ্গমঞ্চের মৃত্যু হয় না, স্টার পুড়লেও পোড়ে না।

নাটকের চার পথিকৃৎ

প্রশান্ত পালিত

বাংলা নাটকের ইতিহাস, বাংলার সংস্কৃতির এক উজ্জ্বল পরিচয়। অতীতের যে কয়েকজন প্রতিভাবান নাট্যকার জীবনের বিভিন্ন ক্ষেত্র থেকে এসে সফল নাটকের রচয়িতারূপে আত্মনিবেদন করেছিলেন, তার মধ্যে বেশ কয়েকজন আজও আমাদের কাছে শ্রদ্ধেয় ও স্মরণীয়। নাটকের কাহিনী, গতি, প্রকৃতি ও দর্শকের সম্পূর্ণ বদল হয়েছে। শুধু বদল হয়নি নতুন নতুন নাটক সৃষ্টির সামাজিক প্রেরণা .....।

গিরিশচন্দ্র ঘোষ : ১৮৪৪ খ্রিস্টাব্দের ২৮ ফেব্রুয়ারি কলকাতায় গিরিশচন্দ্রের জন্ম হয়। বাবার নাম নীলকমল ঘোষ। গিরিশচন্দ্র প্রবেশিকার পাঠ পর্যন্ত পড়াশোনা করে বিদ্যালয় ত্যাগ করেন। তারপর চার বছর বাড়িতে গভীর অধ্যয়নে মনোনিবেশ করেন। প্রথমে কয়েকজন বন্ধুর সঙ্গে মিলিত হয়ে বাগবাজারে একটি থিয়েটার দল গঠন করেন এবং 'সধবার একাদশী' নাটকের অভিনয়ে তিনি নিমচাঁদের ভূমিকা গ্রহণ করেন। কিছুকাল পর ন্যাশনাল থিয়েটার নাম হয়। এই থিয়েটারে টিকিট বিক্রয় আরম্ভ হলে গিরিশচন্দ্রের সঙ্গে আর সম্পর্ক থাকে না। কিন্তু পরে গ্রেট ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠিত হলে তিনি অবৈতনিকভাবে যোগদান করেন। পরে ১০০ টাকা বেতনে অধ্যক্ষের কর্মভার গ্রহণ করেন। নাট্যশালার সঙ্গে যুক্ত হবার পর থেকেই তিনি নাটক রচনায় প্রবৃত্ত হন এবং সর্বসমেত ৭০ খানি নাটক, প্রহসন, গীতিনাট্য রচনা করেন। তাঁর রচিত নাটকগুলি নাট্যজগতে যুগান্তর উপস্থিত করে। গিরিশচন্দ্রের মতো অভিনেতা আজও নাট্যজগতে বিরল। তাঁর মতো সুনিপুণ অভিনেতা আমাদের দেশে খুব কমই জন্মগ্রহণ করেছেন। ঠাকুর রামকৃষ্ণের ভক্ত ও শিষ্য গিরিশচন্দ্র ৮ ফেব্রুয়ারি ১৯১২ খ্রিস্টাব্দে পরলোকে গমন করেন। ১৮৮৩ খ্রিস্টাব্দে গিরিশচন্দ্রের প্রথম নাটক 'দক্ষযজ্ঞ' স্টার থিয়েটারে অভিনীত হয়।

দ্বিজেন্দ্রলাল রায় প্রখ্যাত কবি ও নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের জন্ম হয় ১৯ জুলাই, ১৮৬৩। সুকণ্ঠ গায়ক ও বীণিকার পিতার প্রভাবে তিনি অল্প বয়সেই গায়করূপে পরিচিত হন। ১৮৮৪ খ্রিস্টাব্দে প্রেসিডেন্সি কলেজ থেকে ইংরেজিতে এম এ পাশ করার পর সরকারি বৃত্তি-সহ কৃষিবিদ্যা শিক্ষার জন্য বিলাত যান। অল্প বয়সে কাব্য রচনা করে ১৯০০ খ্রিস্টাব্দ পর্যন্ত কবিতাই রচনা করেন। তাঁর রচিত প্রহসন, কমেডি, ফার্স ও হাস্যরসাত্মক রচনাবলি অত্যন্ত জনপ্রিয় হয়েছিল। জীবনের শেষ দশ বছর প্রধানত নাটক রচনায় মনোনিবেশ করেন। পৌরাণিক, সামাজিক ও ঐতিহাসিক ইংরেজি সবরকম নাটক রচনাতেই দক্ষতার পরিচয় দিয়েছেন। স্বদেশী আন্দোলনে ভিন্নের যে অভিনব জাতীয়তা ঘটেছিল তিনি তাঁর ঐতিহাসিক নাটকগুলিতে প্রতিফলিত করার চেষ্টা করেছেন। তাঁর রচনার মধ্যে 'চন্দ্রগুপ্ত', 'সাজাহান', 'মেবার পতন' ও 'প্রতাপ সিংহ' সর্বাধিক প্রসিদ্ধ। দ্বিজেন্দ্রলাল ১৭ মে, ১৯১৩ সালে লোকান্তরিত হন। দ্বিজেন্দ্রলালের রচিত 'রানা প্রতাপ' ১৯০৫ খ্রিস্টাব্দের ২২ জুলাই স্টারে প্রথম অভিনীত হয়।

রাজকৃষ্ণ রায় ১৮৪৯ খ্রিস্টাব্দের ২১ অক্টোবর রাজকৃষ্ণ রায়ের জন্ম হয়। কবি ও নাট্যকাররূপে তিনি অল্পের খ্যাতি লাভ করেছিলেন। তাঁর রচিত কয়েকখানি নাটক, উপন্যাস, কাব্য প্রভৃতির মধ্যে 'প্রহ্লাদ চরিত্র', 'নরমেধ যজ্ঞ', 'লায়লা মজনু', 'হিরণ্ময়ী', 'কিন্নরী', 'সংস্কৃত রামায়ণ ও অযোধ্যাকাণ্ডের পদ্যানুবাদ' প্রভৃতি গ্রন্থগুলি বঙ্গসাহিত্যে বিশেষ পরিচিত। তাঁর আগে এত বই খুব কম লেখকই রচনা করেছিলেন। তাঁর রচিত নাটকগুলির মধ্যে 'প্রহ্লাদচরিত্র', 'নরমেধ যজ্ঞ' ও 'লায়লা মজনু' স্টার রঙ্গালয়ে অভিনীত ও প্রশংসিত হয়েছিল।

ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ প্রখ্যাত নাট্যকার ক্ষীরোদপ্রসাদ ১২ এপ্রিল ১৮৬৩ সালে খড়নহে জন্মগ্রহণ করেন। ১৮৮৯ খ্রিস্টাব্দে রসায়নশাস্ত্রে এম এ পাশ করার পর প্রেসিডেন্সি অ্যাসোসিয়েট ইলিটিউশনে অধ্যাপনা শুরু করেন। ছাত্রাবস্থা থেকেই সাহিত্যচর্চায় আগ্রহী হন। অভিজ্ঞানের ছদ্মে রচিত 'ফুলশয্যা' নামে প্রথম কাব্যগ্রন্থটি প্রথম উচ্চমানসম্পন্ন বাংলা নাটক বলে বিশেষ প্রশংসা অর্জন করে। তাঁর রচিত 'আলিবাবা' (১৮৯৭) প্রথম রসোত্তীর্ণ সফল নাটক। ঐতিহাসিক পটভূমিতে তাঁর রচিত নাটকগুলির মধ্যে 'রঘুবীর', 'বঙ্গের প্রতাপাদিত্য', 'আলমগীর' ও 'নন্দকুমার' দেশাত্মবোধের জাগরণে সহায়তা করেছিল। তাঁর রচিত দুখানি পৌরাণিক নাটকের মধ্যে 'ভীষ্ম', ও 'মহলায়রাণ' রঙমহলে অসীম সাফল্যের সঙ্গে অভিনীত হয়েছিল। ১৯২৭ খ্রিস্টাব্দের ৪ জুলাই ক্ষীরোদপ্রসাদ পরলোক যাত্রা করেন।



স্টার: অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ

চিত্তরঞ্জন ঘোষ

"থিয়েটারে উন্নতি করতে হলে কী করব?" এক নবীন অভিনেতা এই প্রশ্নটি করেন দিশারূপ অভিনেতা অর্ধেন্দু চৌধুরীকে।

অর্ধেন্দু চৌধুরী বললেন, "ধরুন করে কাজ দেবে, ধরুন করে দাম দেবে।"

"কী রকম?"

"হঠাৎ দেখলে থিয়েটারে আগুন ধরে গেছে। তখন তুমি কী করবে?"

"আগুন নেভাবার চেষ্টা করব।"

"একদম ও চেষ্টা করবে না।"

"সে কী? কেন?"

"এ আগুন কোথা থেকে এল? তুমি জান না। তারার ইলিশির কথা ধরতে পারে। এ অভিজ্ঞতা যেকোনও হয়, তাই বা তুমি কী করে জানবে? সেক্ষেত্রে উপকারের জন্য করতে গিয়ে মালিকের ক্ষতিও তুমি করে ফেলতে পারো।"

অভিনেতাটি দুঃখিত হলে, "তাহলে আমি কী করব?" "সোজা চলে যাবে উলটো ফুটপাথে। নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে নয় দেখবে।"

"কী দেখব? চোখের সামনে—"

"পুড়লো যা নিবলো। আগুনের জন্য শেষ হয়ে গেল।"

"তখন তুমি কী করবে?"

"আর আমার কী করবার আছে! বাড়ি চলে যাব।"

"একদম না, বাড়ি যাবে না।"

"তাহলে কোথায় যাব? ফুটপাথেই দাঁড়িয়ে থাকবো কী করে?"

"না। তখন তুমি থিয়েটারের মালিকের কাছে যাবে। গিয়ে জিজ্ঞেস করবে, স্যার, আজ কি থিয়েটার হবে?"

"অর্থহীন এ প্রশ্ন।"

"তিনি যদি বলেন—না, হবে না—তখন বাড়ি যাবে। জিজ্ঞেস করবে এই জন্যে, মালিক যদি পরে বলেন, থিয়েটার আমার জন্যে আর পড়ুক, আমি অভিনয় করতুম। না জানিয়ে চলে গিয়ে অভিনয় বন্ধ করলেন তুমি, তোমার 'অ্যাবেন্স' নিতে হবে। তাই মালিকের কাছে অনুমতি নিয়ে তবে বাড়ি যাবে। নইলে প্রেমার ঘাড়ে অ্যাবেন্সের ভার চাপতে পারে। এটা মনে রাখতে বলছি।"

হয়তো নিছক গল্পই। হয়তো অর্ধেন্দু চৌধুরীর পেশাগত অভিজ্ঞতার বিষয়ে এটি একটি রস-আখ্যান। যদি তাই হোক, তবে আগুন লাগার ঘটনাটি অর্ধেন্দু তুললেন। নিশ্চয়ই বিষয় সংকট বোঝাতে। থিয়েটারে, মঞ্চে আগুন লাগে। ছবিটি কল্পনাপ্রসূত। কেন আগুন লাগতে পারে তার কিছু ইঙ্গিত দিয়েছেন অর্ধেন্দু চৌধুরী। কিন্তু এ আলোচনায় আমরা যাব না। এটা বিশেষজ্ঞদের আলোচ্য। সম্প্রতি বন্ধ হয়েছে স্টার। কলকাতার পেশাদারি থিয়েটারের মুকুটমণি।

স্টারের ইতিহাসের সূত্রপাত ১৮৮৩-তে। ন্যাশনাল থিয়েটারের [illegible] কয়েকজন নাট্যশিল্পী। ক্রমে এর মালিকানা চলে যায় অন্যদের হাতে। ১৮৮৩-তে মালিক ছিলেন প্রতাপ জহরি।

এই বাড়িটার সঙ্গে শিল্পীদের সম্পর্ক ভাল ছিল না। বিবাদটা চলছে এসে বিনোদিনীকে কেন্দ্র করে। অনুষ্ঠানের জন্যে বিনোদিনী দুটি নিয়েছিলেন। প্রধান ভূমিকা দুটির মধ্যে নিতে রাজি হলেন না "মহিলা কেরা ? তোমরা তো কাদ মেরি নিয়া।" বিদ্রিশ-অনুগত বিনোদিনীকে বিদায় করতে এতটা করলেন। একজন ধনী ব্যবসায়ীর পৃষ্ঠপোষকতায় তিনি একটি থিয়েটার করে দেবেন। তবে তিনি বিনোদিনীকে একঘরকারে হান। বিনোদিনী তখন একজন খ্যাতকর্মা অভিনেত্রী। তাঁর অভিনয় ত্যাগ করতে চান না বিনোদিনী। গিরিশ গণিকার সঙ্গে যে একনিষ্ঠ সাধকের চিত্রকে গুরুত্ব দেবেন। তাছাড়া বিনোদিনীর মনে এটির নাম হবে 'নি' থিয়েটার। পৃষ্ঠপোষক থিয়েটার করে দিলেন। বিনোদিনীর চরণামৃতের উপর উঠল স্টার, 'নি' থিয়েটার নয়। স্টার প্রতি-প্রত্যুষে ন্যাশনালেরই কার্বনকপি। উত্তরসূরি। প্রথম শিল্পী ও কর্মীরা প্রায় একই। বড় পার্থক্য মালিকানায়। পত্তনের সময় ন্যাশনাল ছিল শিল্পী ও কর্মীদের। স্টার হল একজন অভিনেতার। থিয়েটারে অনাত্মীয় নটী-সোদপুর এক অভিনেত্রী। নটী-যোগে মালিক বা পৃষ্ঠপোষক ধরা পেশাদারি থিয়েটারের ঐতিহ্যের অন্তর্ভুক্ত হয়ে আছে আজকেও।

স্টার নামের একটা পূর্বসূত্র আছে। ১৮৮৩-র ৬ ডিসেম্বরটি 'চাকর বধ' অভিনয়ের পর গিরিশচন্দ্র সকলে প্রতাপ জহুরির ন্যাশনাল থিয়েটার ছেড়ে আসেন। তার 'দক্ষযজ্ঞ' নিয়ে স্টারের যাত্রারম্ভ ঘটে ১৮৮৩-র ২১ জুলাই। দুয়ের মধ্যে মাত্র পাঁচ মাসের ব্যবধান। এই সময়ে অর্থাভাব হল তৈরি হচ্ছিল। গিরিশচন্দ্র তখন আলমবাজার স্টার কোম্পানি নামে একটি জল পড়ে বেঙ্গল থিয়েটার হল-এ কয়েকটি নাটক করেন। এই স্টার নামটিই প্রতাপজির 'নি' নামটিকে হটিয়ে দেয়। স্টার জন্মাবার আগেই তার নাম গিরিশ সংগঠনে একরকম ঠিক হয়েই ছিল।

বাগবাজার থিয়েটারের জন্মলগ্নে একটা জাতীয় আবেগ কাজ করেছিল। 'ন্যাশনাল' নামের উপযোগী হবে না বলে ন্যাশনাল থিয়েটারের পত্তন-র সময় গিরিশ বিধুর করেছিলেন। স্টারের আগে প্রায় সব থিয়েটারের নামই জাতীয় আবেগের একটা ছাপ থাকত। ন্যাশনাল, বেঙ্গল, গুরিয়েন্টাল, গ্রেট ন্যাশনাল ইত্যাদি। স্টার এই ধরনের ব্যতিক্রম হোলো। এই সময় থেকে থিয়েটারের নাম হয় এমারেল্ড, টীন, মিনার্ভা, ক্লাসিক, রঙ্গালয়, সিটি, কোহিনুর, আর্ট থিয়েটার, মিত্র, প্রাণ, ফাউন, কর্নওয়ালিস,

নরেশ মিত্র

এম্পায়ার, রঙমহল, নাট্যনিকেতন, ছবিঘর ইত্যাদি। নামের মধ্যেই পরাধীনতার একটা ছাপ আছে। তবে আমাদের ন্যাশনালও পুরো ন্যাশনাল নয়।

নাম নিয়ে আমাদের থিয়েটারের ইতিহাস বেঙ্গলে একটা বড় সৃষ্টিছাড়া 'নরেশ বেঙ্গল থিয়েটার'। জাতীয় সূত্র মেনে আগে নাম ছিল, বেঙ্গল থিয়েটার। ১৮৯০-এর ৭ জানুয়ারি মহারানী ভিক্টোরিয়ার বড় ছেলে প্রিন্স অলবার্ট ভিক্টরের অন্তর্ধানের জন্যে ঘণ্টের মাঠে বেঙ্গল থিয়েটার 'শোকসভা' অভিনয় হোয়। তারপর থেকে এই নামের আগে যোগ করে 'রয়াল' জনতাটা 'রয়াল' অর্থাৎ 'রয়ালিস', আমরা ন্যাশনাল। জাতীয় বোধে উদ্দীপ্ত কিন্তু আমরা রাজভক্ত, নরমপন্থী, আমরা সংবেদিক, কিন্তু বিদেশি শাসক-রাজার প্রতি অনুগ্রহে নত।

গিরিশরা ভেবেছিলেন নিজেদের একটা থিয়েটার। অর্থাৎ শিল্পী ও কর্মীদের থিয়েটার। কিন্তু একজন অভিনেত্রীর জন্য মালিক হওয়ার কথা ওঠে, তখন তিনি তা সমর্থন করতে পারেন না। ছলে ও কৌশলে সে-প্রস্তাব বানচাল করে দেন। অর্থাৎ গণিকা অভিনেত্রী ঠিক 'নিজেদের নয়'। যদিও কথাটাই 'পর' অর্থে বলা হয়েছে বিনোদিনীর লেখায় ছত্রে ছত্রে তার প্রমাণ আছে। অর্থাৎ রঙ্গীয় বাড়ি পরের ধুলো দিলেই আমরা 'রয়াল'। কিন্তু একজন অভিনেত্রী অন্ন-বাসে-বাস দিলেও সে 'বাইরের লোক' বা 'পর'। গিরিশ গণিকা নিয়ে অভিনয় করার পক্ষে অনেক কথা বলেছেন। এই সব দেখে মনে হয়, তাঁদের নিছক স্বার্থে, প্রয়োজনে, প্রমুখ হিসেবে তাঁদের মূল্য দিতে নয়।

পত্তনীন দেশের মধ্যবিত্ত প্রয়াসের শীর্ষবিন্দুতা নিয়ে বাগবাজার থিয়েটার, তার 'ন্যাশনাল' থিয়েটার, স্টারও এই পথেরই পথিক। কিন্তু গিরিশ প্রমুখ 'ন্যাশনালের' বিখ্যাত শিল্পীরা অনেকেই স্টারের সঙ্গে যুক্ত ছিলেন। তাই গোড়া থেকেই স্টার সম্পর্কে অনুগ্রহের প্রবণতা ছিল বেশি। প্রযোজনা পুরণ না হলে ক্ষোভ বা দুঃখ প্রকাশ করত। পুরণ হলে খুশি হয়। স্টারকে তারা অনেকটাই নিজেদের মনে করত। এই ফিরে ফিরে স্টার যথার্থই 'ন্যাশনাল'। নামে ন্যাশনালের কাছ থেকে সরে গেলেও ন্যাশনাল থিয়েটারের স্বত্ব তারা প্রথমের স্টারেরই রয়েই দেখত।

অল্পের বছরের মধ্যেই 'অনুসন্ধান' পত্রিকা (১৫ শ্রাবণ ১২৯৭) লিখল "আজকাল থিয়েটারের বাজারে স্টার থিয়েটারের খাতিই নামডাক। কারণকে কলাকে চারিদিকে সুখ্যাতির ছড়াছড়ি। আর সেইজন্যই, স্টার থিয়েটারে কোন নিন্দু অভিনয় হইয়ে গুনিলেই লোক আর ঘরে

না—তিনি তাঁর সমস্যাই অভিনয় দেখিয়ে তুলবেন।"

আমার কিন্তু মনে হয় এই 'অনুসন্ধান' পত্রিকাতেই (৩০ সেপ্টেম্বর ১৮৯০) লেখা হয় "স্টার থিয়েটারের অন্তরঙ্গ খুলিয়া।" তারা স্টারের উপর অনেক আশা ভরসা করেছিলেন। কিন্তু সে-আশা এখন নিচ্ছে না। ফ্রি-শোর ও অভিনয়-লোপ দেখে তাঁরা ক্ষুব্ধ। সাংবেদিক আশঙ্কান্বিত হয়েছেন, মেয়েদের বারবার আসরে নামা কেলেঙ্কারির কথা তুলেছেন।

এখানে যে সব লোকের কথা বলা হয়েছে, তা অন্যান্য থিয়েটারেরও ছিল। হয়তো বেশিই ছিল। কিন্তু স্টার সম্পর্কে অন্যান্য সংবাদ অনুযোগ। সেই সংবাদ মনোযোগেই পরিচয় এটা। সাময়িক কোনও কারণে খুব রুষ্ট 'অনুসন্ধান' পত্রিকার সম্পাদক। কিন্তু এই বিরুদ্ধ সমালোচনার শুরু 'আলা-উদ্দিন'-র কথা নিয়ে। আর এ কথায় এই সত্যে ঘরে রাখবার যে 'স্টারের বড়ই নামরাক' ইত্যাদি শনিরপ্রতিষ্ঠা ঘটিয়েছে 'অনুসন্ধান'ই পাওয়ার মাত্র দু মাস আগে।

বাংলা থিয়েটারের সূচনায় নীলদর্পণ, উপেন্দ্রনাথ দাসের শরিফ এবংনিয়ে 'ন্যাশনাল' তার কিছুটা ছিল। (অন্যান্য আরও অবশ্য ছিল)। ১৮৭৬-এর আগে নানা কারণে এই 'ন্যাশনাল' তারের একটা বিশ্লেষণ করা যায়। ১৮৭৬ সালে নাটি নিয়ন্ত্রণ আইন হয়। এর পরে 'ন্যাশনাল' বিষয়টা বাদ পড়ে, ইংরেজ বিরুদ্ধ নাটা-বিশ্লেষণ লিখিত হয়ে পড়ে। ক্রমে ঝোঁক বাড়ে পৌরাণিক দিকে। এই পুরাণ-চর্চা তখনো ভারত-সন্তানী নয়, তখনো হিন্দুত্ব-সন্তানী। ধারণা নয় তখনো, তখনো অপৌরাণিক। 'মুক্তির' তারে রক্তির দিকে ঝোঁক নেই। কর্মিক প্রায় সবই হিন্দু। তাই বিক্রি ভাল, ব্যবসা ভাল। তাছাড়া তখন হিন্দু-পুনরুজ্জীবনের শরৎ হাওয়া লেগেছে। তার প্রভাবও পড়ল মঞ্চে। এবং স্টারেও।

স্টারে অভিনয় দেখতে এলেন শ্রীরামকৃষ্ণ। নটী-সাধিকা-প্রেমু নাটী জগতকে তখন পৌরা বাঙালিরা মনে করত নরক। সেই নরকে পা দিলেন শ্রীরামকৃষ্ণ। দেখলেন টৈতন্যলীলা। অভিনয় দেখার পরে বিনোদিনীর সঙ্গে দেখা করেছেন। বিনোদিনীর আবার উপর হাত দিয়ে 'মাকে হৃদয়ে পবিত্র' করে বলেছেন, "মা, তোমার চৈতন্য হোক।" বিনোদিনীর ওঁকে মনে হয়েছে 'পাতকীতারণ পতিতপাবন'. পরে অন্যান্য দিনে শ্রীরামকৃষ্ণ দেখেছেন প্রহ্লাদ চরিত্র, বিল্বমঙ্গল চরিত্র, দক্ষযজ্ঞ।

অমৃতলাল বসু

শ্রীরামকৃষ্ণের মঞ্চের সঙ্গে সংযোগ রাখতে স্টারের সঙ্গেই সংযোগ, এই সংযোগ থেকেই ওঁর প্রভাব নানা রঙ্গমঞ্চেই ছড়িয়ে পড়ে। বিনোদিনীকে তিনি মানুষের মর্যাদা দেন, শিল্পীর সম্মান দেন। সেই সম্মান পায় অনেক সকল শিল্পী। শুধু অভিনেত্রী নয়, অভিনেতারাও অনেকে 'পাপ'-সমের হীনতাবোধ থেকে উত্তীর্ণ হয়। এমন কি কর্তৃপক্ষেরও পরিবর্তে বলবার মতো একটা কথা হল যে, তারা নটী-নায়ক দেখতে যাচ্ছে না, যাচ্ছে ধর্ম-চর্চা করতে। বিদেশিক ও বাঙালিরা সংকীর্তন শুনতে ভেঙে পড়লেন। স্টার থিয়েটারে যাত্র হয়ারে ঘোষণা করতে লাগল Soul-dissolving Hari Sankirtan.

কর্মাধ্যক্ষলাল স্টার থিয়েটারের উদ্বোধন হল ১৮৮৮-র ২৩ মে তারিখে। উদ্বোধনসঙ্গীতে অমৃত বসু লিখিত একটি কবিতা গাইও করলেন। "হিন্দুধ্রুপ কোহিনুরাকার / ধর্ম প্রাণ ভোরে পরিচয়—/ ধর্ম বাসনার।" জাতীয় রঙ্গালয় হওয়ার কথা ছিল যার, সেই নিজের প্রসঙ্গেপে যার যাত্রা শুরু, সে এই পর্বে পরে বসলাতো। জাতীয় রঙ্গালয় হয়ে গেল ধর্ম রঙ্গালয়। অনেকের কাছে 'হিন্দু' ও 'জাতীয়' প্রায় সমার্থক হয়ে গেল।

এত ধর্ম-সংকীর্তন অবশ্য অনেকের পছন্দ হচ্ছিল না। সমসাময়িক নাটকে 'সরস' (২২ সেপ্টেম্বর, ১৮৮৮) অভিযোগ হল পাক্ষিক 'অনুসন্ধান' পত্রিকা লেখে "স্টার রোশনাই সহর ভুলিয়া—লোকের রুচির প্রতি লক্ষ্য করিয়া নাটক চিত্রের উৎকর্ষ দেখাইতে অগ্রসর হইয়াছেন...। ধর্মের ঢেউ, হরিবোলের ধুম এখন কিছু অধীকৃত হইতে চলিল।... এ অভিনয়ে সমাজের মহতেই উপকার হইবে তাহিবয়ে কোন সন্দেহ নাই।" (সাহিত্য-সাময়িক-চরিত্রমালা—৪৭)। স্টারের কাছে এই পত্রিকা ধর্মের ঢেউ বা হরিবোলের ধুম চায় না। চায় সমাজ-উপকারী নাটক। এবং সেটাই 'লোকের রুচি', এঁদের মতে।

স্টারের স্বাধীনতীতি ছিল। আমার ইংরাজ প্রীতিও ছিল। ১৯০৪ সালের ৬ সেপ্টেম্বর বঙ্গভঙ্গের সরকারি ঘোষণার দিন শোক-পালন করে অভিনয় বন্ধ রাখা হয়। ২৪ ডিসেম্বর বিদেশি দ্রব্য বর্জন বিষয়ক নাটক 'সাবাস বাঙালি' অভিনীত হয়। অবশ্য বাজেয়াপ্তিতে স্টারের ভয় ছিল না। ১৮৯২ সালের ১৬ জানুয়ারি মহারানি ভিক্টোরিয়ার পুত্র ডিউক অফ এডিনবরা ডিউকের মৃত্যুতে 'জাতীয় শোক' পালন করে অভিনয় বন্ধ রাখে। ২০ জানুয়ারি তারিখে বিজ্ঞাপনে জানায়, 'শক সেন্স দি কুইন' অর্কেস্ট্রার বাজানো হবে এবং দর্শকেরা যেন সবাই তখন থিয়েটারে থেকে সম্মান জানায়। ১৮৯৭-এর ২১ জুন

করিয়া নিরিশবাবুকে 'ইংরাজ কুটিলী' অভিনীত হয়। মিনার্ভা থিয়েটারের পঞ্চমবর্ষের পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে নাট্যের আনন্দ উৎসব।

এই জাতীয় অনুষ্ঠানটিই ও হিন্দুধর্ম প্রীতির সঙ্গে যুক্ত ছিল প্রত্যক্ষভাবে বিনোদ। 'সরলা' থেকেই একটা পৃষ্ঠায় দিই। 'ভারতী' পত্রিকায় (অগ্রহায়ণ ১৩০৩) মিনার্ভা থিয়েটারের অভিনীত 'সরলা' সম্পর্কে একটি আলোচনা বেরোয়। "নিরিশ বাবুর পঞ্চকন্যা নাটক থিয়েটারের পক্ষগণ সর্বতোভাবে অনুকরণ করিয়াছেন।... অনুশোচনা হয় যে একের ত্রুটি অন্যের সংশোধিত হইল না কেন ?" এই ত্রুটির মধ্যে প্রথম একটি অভিনয় চিত্র রয়েছিলেন। 'ভারতী'-র সমালোচক বলছেন, "পরিত্রাণ শেষে যখন বাটে গিয়া উত্তীর্ণ হয়, তখন সে নিজের দীনা অবস্থার করে, তখন আর তাহাকে কিছুতেই মানানো করা যায় না। প্রাণপণে বিলুপ্ত করিতে গিয়া যখন অভিনেত্রীরা পদোন্মাদ পাদক্ষেপকে তাঁহাদের চিত্তকে পরি পরিমাণে নিহিত এবং দীর্ঘশ্বাসে দীর্ঘশ্বাস প্রভৃতির নিহিত চলনকে উচ্চ কণ্ঠে অনুবাদ করিয়াছেন, বিলুপ্ত জলিয়াস যখন তাহাকে স্পষ্ট উচ্চারণে মনে মোকদ্দমা করিয়াছেন, প্রতি রাত্রি দর্শকমণ্ডলী আমোদের জন্য এই ইসি টিপার অনুসরণ করিতেছেন, তখন তাঁহারা নিজের বর্ণাশুদ্ধি নিজে পালাতে করিতেছেন। তখন কালাকালপরে হিন্দু নাগরেরা অধিবাসী হলে বিলুপ্তাক্ষর হলে 'ধ' তৎ সৎ' পদ উচ্চারণ করেন তখন কি একেবারেও তাঁহাদের আক্ষেপের কারণ থাকে না ? পত্র পত্র বিশ্ব অপ্রাণ কালে বলিয়া ইহা শুনিয়া যদি একদিনের জন্যও কি অন্তরে প্রবেশ করে নাই ?"

নাটকীয় প্রয়োগক্ষেত্রে সীমা অনেক সময় চমৎকার 'অভিনয়'-গুণের অবতারণা করে অভিনয়ের ছন্দের ঢেউ তোলে। কখনো উপর আসনে বসে কখনো দাঁড়িয়ে, ও কিংবা (দক্ষিণে) অঙ্গে প্রত্যুষীয় পাত্রের উপরে অবতরণের নৃত্য, পাশির পোশাক ছুলে নিয়ে আকাশে ওড়া (নাটকীয়ই), পিয়ানোর (বৃষকেতু) প্রভৃতি দেখানো হত। অনেক অঙ্কে এই জাতীয় কৌশল কৃত্য বিশ্লেষণ দেখানো হয়েছে।

অভিনয়ের ক্রমবিকাশের অভিনয় ইতিহাস বিশ্লেষণের সাহায্যে দৃষ্টিগোচর হয়। ন্যাশনাল থিয়েটারের 'মেঘনাদ বধ' অভিনয়ের প্রসঙ্গে 'ভারতী' পত্রিকায় বাসনার নাট্যশালা সম্পর্কে এবং তাদের অভিনয় ইতি সম্পর্কে এই মন্তব্য করে "অমৃতের নাট্যশালার একটা বড় আশ্চর্য দেখিতেছি, কতকগুলি ইংরাজ ছাত্রের আবশ্য

হরি ভিখারী

হইয়াছে, কিন্তু যেমনের বয়ঃ দেখিয়াছিলাম আজো তাহাই দেখিতেছি, ইহার আর উন্নতি হইল না। যাঁর বল অভিনয় করিতে হইলেই তাঁহারা চিৎকার করিতে থাকেন, কখন বল হইলেই তাঁহারা নিস্তব্ধ টানিয়া টানিয়া বিকৃত অস্বাভাবিক স্বরে কাঁদিতে থাকেন, হাস্যরসের অবতারণা করিতে হইলে বিবিধ অসম্ভব অঙ্গভঙ্গি করিয়া বিকৃত কণ্ঠে যে কত প্রকার ভাঁড়ামি করিতে থাকেন তাহার অন্ত নাই। যাঁর চলার পরীর অভিনয় যে কিরূপ তাহা তাঁহারা জানেন না। তুলির চলন আস্ফালনই তাঁহাদের আদর্শ। তাঁহারা যখন চিৎকার, অভিনয় করিতে থাকেন, তখন তখন বলের অতিরিক্তার ঘূর্ণে অঙ্গভঙ্গি উল্টা এমন বিপরীত ভোগ হয় যে, তাহা আর বলিবার নহে, আর তাঁহারাও না করিলেও যে হাসাইবার সহায় উপায় আছে ইহা কি তাঁহারা এ পর্যন্ত বুঝিবেন না ? কিন্তু দর্শকমণ্ডলীরই বা কিরূপ বিচার ? নাটকের যদি কোন বীর প্রাণপণে তার কণ্ঠে চিৎকার করিতে পারিলেন, যদি কোন লোকোত্তর ব্যক্তি দুই তিনটি কথা বলিয়া সোজা হইয়া মূর্ছা যাইতে পারিলেন, তবে আর রক্ষা নাই, করতালির পর করতালি রঙ্গভূমির অন্তর্ধান হয়ে অপেক্ষাও আমাদের বিরক্ত করিয়া তোলে। দর্শকমণ্ডলীর রুচির উপর অভিনেতার এবং অভিনেতাদের অভিনেতার উপর দর্শকমণ্ডলীর রুচির উন্নতি নির্ভর করে সত্য এবং নাট্যশালাধ্যক্ষেরা বলিতে পারেন যে দর্শকদের যাহা ভাল লাগে সেই অনুসারেই তাহাদের কার্য করিতে হইবে। কিন্তু ইহা তাঁহারা নিশ্চিত জানিবেন যে, ভাল অভিনয় হইলে দর্শকদের সন্তোষজনক হইবে না ইহা অসম্ভব। যদি দর্শকদের রুচি একই বিকৃত হইয়া থাকে, তবে তাঁহাদের দেখেই হইয়াছে এবং তাঁহাদেরই দ্বারে তাহার সংস্কারের ভারও আছে। ...মেঘনাদের চরিত্র যদিও সুন্দর সংগতভাবে অভিনীত হইয়াছিল কিন্তু প্রমীলা চরিত্র তেমনি জঘন্য। প্রথমত সে যাহাই বলুক না কেন, তাহার মুখের ভাবের কিছুমাত্র পরিবর্তন হয় না, কি এক প্রকার হাসি, তাহার মুখে সর্বদাই লাগিয়াছিল। দ্বিতীয়ত সে অত দৌড়াদৌড়ি করে কেন বুঝিতে পারিলাম না। সে ছুটিয়া রঙ্গস্থলে প্রবেশ করে এবং ছুটিয়া রঙ্গস্থল হইতে প্রস্থান করে....। রাবণের অভিনয় ভালো হয় নাই। সেখানে সখীকে সম্বোধন করিয়া কি সুন্দর 'ভাল আছি পরিচয়' ইত্যাদি তাহার প্রতি ছত্রে ছত্রে ঔষধ উপদেশের ভাব প্রকাশ রহিয়াছে, করিয়েছেন, সে স্থলে রাবণ

এমন চাহারার সঙ্গে বিলাস করিয়াছিলেন যে তাহা অভিনয় বিশ্লেষকদের দৃষ্টিও এড়াইয়া যাইতে পারিত।" যোগেনের অভিনয় সম্পর্কে অন্যান্য অভিনেতার এমনি অভিমত যে তাহাই আশ্চর্য!"

ন্যাশনাল থিয়েটারের এই অভিনেতার বিরুদ্ধে প্রধান অভিযোগ অতি অভিনয় এবং সংযমের অভাব। একে দুহাতে কিছুটা কমিয়ে উঠতে পেরেছিল স্টার। স্টারের 'প্রফুল্ল' প্রসঙ্গে 'ভারতী' ও 'বালক' পত্রিকার (কার্তিক ১২৯৬) বলা হয়েছে যে আট দশ বছর আগের অভিনয় ছিল 'অত্যন্ত রগরগে'। দর্শকরা যাঁদের প্রকাশ করতেন 'টিংকার গার্জনে' বেহেড মাতিসুরে বিনিয়ে বিনিয়ে কথা বলত। সমস্যাই ছিল 'অস্বাভাবিক'। এখন আগের চেয়ে কিছুটা ভাল, তবুও এখনও যোগেশ (অমৃত মিত্র) অভিনয়ের জায়গায় 'অতি অত্যন্ত টিংকার' করে, 'সাধারণ ভাষাতেই' মনের আবেগ অধিক প্রকাশ পায়, তা এঁরা এখনও জানেন না। জগদম্বিনী (হিরাঝিনি) সবচেয়ে ভাল। অভিনয় 'স্বাভাবিক'। 'কিন্তু জগদম্বিনী বাঙ্গালাদেশের স্ত্রীলোক হইয়া একবার রাগরাগিনী সহকে, একবার কম্পাউণ্ডারের সুর—বলা নাই কহা নাই কখন কি দিয়ে ইয়া একটু কেমন খেয়াল।" অন্যান্য মেয়েদের অভিনয়ের প্রসঙ্গে করেন বলছেন 'কিছু লিখিয়া কহা বড় দায়'

'ভারতী' ও 'বালক' পত্রিকার 'চৈতন' নাটকের প্রসঙ্গে কথা হয়েছে। লিখেছেন : "অভিনয় প্রীতি হইয়াছি।" সবচেয়ে ভাল পূর্ণিমায় অহী ও ধরণীর অভিনয়। "অহীর পরিহাসচ্ছলে যথার্থ উক্তিগুলি সুন্দর অভিনীত হইয়াছিল। চৈত ও জগদম্বার অভিনয় উত্তম হইয়াছে। গঙ্গামণি ও তাঁহার সখীও মন্দ হয় নাই। আহেরীগণের নৃত্য ও সঙ্গীত সুন্দর হইয়াছিল।" কিন্তু "বৃদ্ধ বৃন্দাবনির মধ্যে একটিও ঐতিহাসিক বৃদ্ধ নাই, কেবল কতকটা অস্বাভাবিক কম্পকম্প দেখা গেল বিন্দুবাসীর পাগলিনীর অভিনয় একটু অতিরঞ্জিত মনে হইল।"

স্টারে 'বুদ্ধদেব চরিতে'র অভিনয় দেখে 'ভারতী' ও 'বালক'-এর সমালোচক 'বিশেষ সন্তুষ্ট' হয়েছেন। সমস্তেরই ছাড়িনয় বিশেষতঃ প্রভা গঙ্গোপাধ্যায় ও নিরুপমার অভিনয় 'আশাপেক্ষা অতি সুন্দর হইয়াছিল। এ প্রকার বিষয়ের অভিনয় সমাজের পক্ষে প্রকৃতই মঙ্গলজনক।" সমালোচক সমাজের কথাটা বিশেষভাবে স্মরণ করেছেন।

'ভারতী' ও 'বালক'-এর সমালোচক স্টারে 'হাম্বির' দেখেননি। কিন্তু বলেছেন, "স্থানে স্থানে মুক্তকচির অভাব লক্ষিত হয়।

নাট্যকার দেবী

অশ্লীল কথাগুলি না বলিলেই ভাল হইত।" অর্থাৎ ভালো মঞ্চের ভাঁড়-মোর খুড়ো কাটিয়ে উঠতে পারেনি স্টার।

বাংলা মঞ্চে তিনি নাটকের প্রথম অভিনয় করেন স্টার। তেজচন্দ্রনি রাজলক্ষ্মীদের ঠাট্টা করেছেন। তবে তাঁর মৃত্যুতে স্টার বন্ধ থাকে এবং তাঁর স্ত্রীকে অর্থ সাহায্য করা হয়। এই উদার সৌজন্য স্টার দেখিয়েছে। যেন বাংলা থিয়েটারের প্রতিনিধি তারা, বাংলা থিয়েটারের পক্ষ থেকে এই সব পত্রিকা পালন করেছে তারা।

অনেকগুলি রবীন্দ্র-নাটকের প্রযোজনা করেছে স্টার। অবশ্য রবীন্দ্রনাথকে অবতরণ অনুপ্রেরণায় করেছে স্টার। দ্বিজেন্দ্রলাল রচিত 'আনন্দবিদায়' স্টারে নাচিয়েছিলেন তরুর দত্ত।

বিডন স্ট্রিট স্টারের প্রতিষ্ঠার মূলে সবচেয়ে-বড় কর্মকর্তা বিনোদিনীর। কিন্তু সেখানে কাজ করার তাঁর শক্তি ছিল না। প্রতিষ্ঠাপনে স্টারের গঠনে বিনোদিনীর বিশেষ আর্থিক ও অন্যবিধ সহায়তা ছিল। কিন্তু বিনোদিনীর শক্তি ছিল না সেখানে। তাঁর সব নাটক সেখানে করা হয়েছে। কিন্তু স্টারে তিনি যেন সর্বদাই অন্যায়ী। এই আসছেন, আবার চলে যাচ্ছেন, আবার আসছেন। বিনোদিনীর মানসিক দুর্বলতার কথা, কিন্তু তাঁকে বঞ্চিত করা হয়েছে। নিরিশেরও মানসিক দুর্বলতার কথা। কিন্তু তিনি মানসিকতা ফেরেছেন বেশ্যায়। তাঁর দুজনেই যেন একাধারে মানসিক এবং অ-মানসিক। নৈতিক দিক থেকে মানসিক, অর্থনৈতিক দিক থেকে তা নয়। অহীন্দ্রও তা নয়। আমরা অবশ্য দোষ-গুণের বিচারে যাচ্ছি না। কিন্তু এ কথা সত্য যে মানসিক বা অ-মানসিক যে কোনও একটা হলে অন্যদের সঙ্গে সম্পর্কে কম ভুল পাওয়ার। কিন্তু একাধারে মানসিক এবং অমানসিক হলে সম্পর্ক জটিল হয়ে পড়ে। ভুল বোঝাবুঝির সম্ভাবনা বাড়ে। দুই ক্ষেত্রেই তা দেখেছে।

স্টার প্রযোজনায়-নির্দেশনায় কাজ-যাঁরা সহায়তা পায়নি বিনোদিনীর। স্টারের মূলের নিরুপমা নিলির অকালমৃত্যু তাঁর নবনাট্য মন্দির পর্বে (১৯০৬-৭৭) মাত্র কয়েক বছর ছিলেন স্টারে। তাঁর কর্মজীবনে তেমনই স্টারের ঘটিয়ে। দুই যুগের দুই প্রজন্মের বিশেষ অনুকূলতা না পেয়েও স্টার কিন্তু অনবদ্যই উজ্জ্বল। গোপাললাল শীলের কাছে স্টার কর্তৃপক্ষ বাড়ি বিক্রি করেছিল, কিন্তু গুডউইল বিক্রি করেনি। এ তাঁদের দীপ্ত অহংকার নয়। সত্যি একটা গুডউইল তাঁর সৃষ্টি করেছিলেন। তাই বাংলা নাট্যমঞ্চের দুই যুগসন্ধিক্ষণের অনুকূলতা না পেয়েও তাঁরা

সৌমিত্র চট্টোপাধ্যায় উৎপলকুমার

থিয়েটারে এক নয়ন। এ এক প্রাপ্তির ঘটনা।

প্রথম দিকে প্রশাসনকে ঘরে রেখেছিলেন অমৃতলাল বসু। দ্বিতীয় পর্বে অপরেশ-প্রবোধ জুটি। নির্বেশনায় পরিচিত ছিলেন অপরেশ-কবীন্দ্র প্রমনাথ। সিনিয়রকুমারের আলোর কারুকাজ যখন ছিল অলবিয়ারে জুটি থিয়েটারের (স্টার) হাতে নবরূপের উন্মোচন হয়েছিল। এই দুই সিনিয়রকুমারের নামে ছিলিত, কিন্তু সিনিয়রকুমারের প্রতিস্পর্ধী থিয়েটার জুটি থিয়েটার (স্টার)। এই অবস্থা দীর্ঘজীবন বজায় ছিল।

তৃতীয় পর্ব সলিল মিত্রের প্রশাসনে সমৃদ্ধ। দক্ষ, ভদ্র। কর্মীদলের কিন্তু কারো কাছে নাক গলাননি। তাঁর সঙ্গে যাঁরা কাজ করেছেন তাঁরা সকলেই তাঁর প্রশংসায় মুখর। কর্মী-শিল্পীদের বেতনক্রম, প্রভিডেন্ট ফান্ড গ্র্যাচুইটি— এ সবই তিনি প্রবর্তন করেছিলেন। এবং এ সব এই একবারই ঘোষণা হয়ে বাংলা থিয়েটারে হয়েছিল, হয়েছিল স্টারে।

এঁর দীর্ঘ প্রশাসনকালে পর পর দুজন নির্দেশক প্রশাসনের কাজ করেছেন। মনোজ মিত্র ও বেতারকুমার মিত্র। মনোজবাবু সৌখিনিক ও ঐতিহ্যিনিক নাটকেই বেশি করেছেন। ব্যক্তিগত সম্পর্কে তিনি নির্মলেন্দু-অনুরাগী। অভিনয় ক্ষেত্রে শিশির-অনুসারী। এই দুইয়ের মধ্য দিয়ে তাঁর যাত্রা। বেতারকুমার শুধু করেছেন সামাজিক নাটক। অনেকগুলি তার মধ্যে আধুনিক উপন্যাসের নাট্যরূপ। মধ্যবিত্ত বাঙালির সঙ্গে সেন্টিমেন্ট তাঁর প্রধান উপজীব্য।

সলিল মিত্রের পরে মালিক হলেন রঞ্জিতকুমার আলোকচিত্র। তিনি নির্দেশকও। তবে নাটক নয়, সিনেমার ক্ষেত্রে। তবে তাঁর সম্পর্কেও একটি কথা বলবার আছে। তিনি মঞ্চে আসেননি। তবে সলিল মিত্র প্রবর্তিত শিল্পী-কর্মীদের অনেক সুযোগ-সুবিধা প্রত্যাহার করে নিয়েছেন। তাঁর আমলেই মালিক-কর্মচারী বিরোধে অনেক দিন স্টার বন্ধ থাকে। অভিনেতাদের সময় নির্দেশক ছিলেন সৌমিত্র চট্টোপাধ্যায়।

সেখানে কাজ করেছিলেন অহীন্দ্র চৌধুরী সম্পর্কে একটি গল্প দিয়ে। সেখানে নবীন অভিনেতার মুখে শেষ প্রশ্ন ছিল "আজ কি অভিনয় হবে স্যার ?" যদি তিনি বলেন 'হবে না', তবে অভিনেতা বাড়ি যাবেন। পক্ষের অভিনেতা বাড়ি ফিরে নিশ্চিন্তে ঘুমোতে পারেন। তিনি নিশ্চিন্ত যে তাঁর ওপর 'অ্যাবসেন্ট'-এর দাগ টানা হচ্ছে না। কিন্তু বাস্তবে শিল্পী-কর্মীরা অতটা নিশ্চিন্ত হতে পারেন না। তাঁদের আতঙ্ক ঘুরতে থাকবে পরের প্রশ্ন "আজ কি শো হবে, স্যার। ...পরশু...তরশু ...অন্তে ?"

এই প্রশ্ন আজ স্টারের শিল্পীদের কর্মীদের। সাধারণ বাঙালিরও। সবার।

সৌমিত্র, মাননীয় দেখা করেছিলেন রাজ্য সরকারের প্রতিনিধির সঙ্গে। সেখানে কোনও আনুকূল্য পাওয়া যায়নি। একজন কেন্দ্রীয় মন্ত্রী আশা দিয়েছিলেন। কিন্তু সেটা এখনও পর্যন্ত মৌখিক কথা মাত্র। আর্থিকভাবে কিছু হয়নি। প্রোমোটার আছে। তারা হল রাখতে রাজি। কিন্তু তারা লাভি জমি নিজেদের স্বার্থে ব্যবহার করবে। শিল্পীদের দৃষ্টি সরে আছে। তারা ঐক্যবদ্ধ কোনও কর্মসূচি রাখতে পারেনি। এ ছাড়াও আছেন জমির মালিক। আছেন দেনদার, সাব-দেনদার। সকলেরই কিন্তু স্বার্থ আছে। দাবি আছে। আছে অন্য দিকে আইনের বেড়াজাল। এর মধ্যে দুত, তাৎক্ষণিক স্টারে অভিনয়ের আঁচ লাগছে শিল্পীদের, কর্মীদের। ঐতিহ্যিনিক স্টার কি চিরদিনের মতো ছাই হয়ে যাবে ? নাকি পুরাণের ফিনিক্স্ পাখির মতো ছাই থেকে পুনর্জীবন লাভ করবে ? অথবা পুরাণের পুনর্জন্ম আর হবে না ? এই প্রশ্ন আজ সকলের সামনে। কিন্তু উত্তর দেবে কে ? বাংলার বন্ধু কিছুই এখন ভরসা। স্টারও কি সেই পথ নেবে ? দীর্ঘ কষ্টসাধ্য তার যাত্রা। এই অগ্নিপরীক্ষা তার প্রথম নয়। কলকাতা কালোবাজারে ফিরিয়ে যাচ্ছে দৈনিক একটি একটি করে, বেসরকারি অভিজ্ঞতায় নতুন যেন থিয়েটার হল হওয়া এখন অসম্ভব। যেগুলি আছে তারাও যে কোনও মুহূর্তে থাকবে না। এমন সময় স্টারের মঞ্চের দীপ্তি নিবে গেলে তা গোটা বাঙালি জাতির পক্ষেই হবে মর্মান্তিক। কিন্তু স্টারকে বাঁচিয়ে তোলার কার্যকরী কোনও উদ্যোগ এখনও দেখা যাচ্ছে না, এ কথা গভীর দুঃখের সঙ্গেও কঠিন সত্য। এই উদ্যোগ কে নেবে ?

[প্রসঙ্গত : উল্লেখ্য]

'স্টার'র বিজ্ঞাপন : সেকাল ও একাল

প্রশান্ত পলিত

স্টার থিয়েটারের প্রতিষ্ঠার কাল থেকেই শুরু হয়ে যায় বিজ্ঞাপনের মাধ্যমে ব্যাপক প্রচার। অভিজাত ও শিক্ষিত সমাজে রঙ্গালয়ের কথা পৌঁছে দিতে হবে। কলকাতার বাসিন্দারা নাটকের প্রতি অনুরাগী এবং তাঁরাই নাটকের পৃষ্ঠপোষক। নির্বাক ও সবাক ছায়াছবির সূচনার পরেও নাটকের খুলা কিছুমাত্র ম্লান হয়নি। নাটককে জনপ্রিয় করতে এবং অভিনেতা ও অভিনেত্রীদের প্রচার অভিযান চালাতে স্টারের তুলনা হয় না। থিয়েটারের আয়ের পাঁচ শতাংশ খরচ করা হত বিজ্ঞাপন ও প্রোগ্রাম প্রকাশ করে। শুরুতে দৈনিক সংবাদপত্রে এবং সাপ্তাহিক ও মাসিকপত্রে বিজ্ঞাপন দেওয়া চালু হয়। তবে ইংরেজি সংবাদপত্রে বা সাপ্তাহিক কোনও কাগজে স্টার থিয়েটারের বিজ্ঞাপন খুব বেশি চোখে পড়ে না। ইংরেজি পত্রপত্রিকায় বাংলা নাটকের সমালোচনাও খুব কম প্রকাশিত হয়েছে। স্বাধীনতার পরবর্তী যুগে নাটকের রমরমার সঙ্গে সঙ্গে প্রতিযোগিতাও বহুলাংশে বেড়ে যায়। ফলে ব্যবসায়িক কারণে নিয়মিত বিজ্ঞাপন ও প্রচার ব্যাপকভাবে প্রসারলাভ করে।

বিভিন্ন কালের কয়েকটি নির্বাচিত দিনের পত্রপত্রিকা থেকে বিজ্ঞাপন এখানে পুনঃ প্রকাশ করা হল। বিজ্ঞাপনগুলি অনুধাবন করলে তখনকার রীতিনীতি, আঙ্গিক, ভাষার ব্যবহার প্রচারের গুরুত্ব ও চরিত্র সহজেই অনুমান করা যাবে। অযথা ভাষান্তর বা অনুবাদ করলে মূল বিজ্ঞাপনটির চরিত্র ক্ষুণ্ণ হতে পারে। তাই যথাযথ ঐতিহাসিক বিজ্ঞাপনগুলি দিয়ে, তখনকার সামাজিক ইতিহাসের কিছু পরিচয় খুঁজে বার করার প্রচেষ্টা বোধ করি অবান্তর হবে না। স্টার থিয়েটারের ইতিহাস অনুসন্ধানে বিজ্ঞাপনগুলি মূল্য উপাদানরূপে চিহ্নিত হতে পারে....।

STAR-MELA

BABOO GOORMOOKH ROY

Sunrise, [illegible] p.m.

Babus & Ghosts Are Present.

DAKSHA YAJNA

THE DEATH OF SATI

The largest and most comfortable Theatre
Mechanic and Magical Wonders!!!
Musical Director, Professor Nancy Madhuri Sikdar.

বিগত ছিন্ন মীয় থিয়েটারের উদ্বোধন উপলক্ষে স্টেটসম্যান পত্রিকায় প্রকাশ বিজ্ঞাপন—১১ জুলাই, ১৮৮৩। বিজ্ঞাপনে ঘোষণা করা হয়েছিল বিজ্ঞাপনে ঐতিহাসিক নাটক 'দক্ষযজ্ঞ' দিয়ে হবে শুরু। নাটক পরিচালনার দায়িত্বে ছিলেন কেদারনাথ চৌধুরী।

A RECEPTION

GRAND GALA NIGHT

for the reception of

BABOO SURENDRO NATH BANERJEE

at the

"STAR THEATRE"

BEADON-STREET.

On Friday, the 17th August 1883.

UNPRECEDENTED AND HIGHLY SENSATIONAL

WONDERS OF NECROMANCY,

MYSTICAL FEATS OF SPIRITUALISM,

INGENIOUS & MECHANICAL AUTOMATA,

Never before witnessed in India,

AND VARIOUS

OTHER MYSTERIES WILL BE GIVEN

BY THE

ARYAN CONVERSING SOCIETY,

IN AID OF

"THE NATIONAL FUND".

Doors to open at 7-30 p.m.

MEDALS & PAMPHLETS

Two dozen of Medals and Jubilee Pamphlets

To be distributed at the

STAR THEATRE,

On Wednesday and Thursday, the 16th & 17th instant.

Thursday, the 17th February at 9 p.m.

JUBILEE SONG

BRAHMO BEHAGAT

BRIHA KATOO

WONDERFUL DECAPITATION,

Pantomime Bellick Bazaar,

G. C. GHOSH, Manager.

১৮৮৭ খ্রিস্টাব্দের ১৭ ফেব্রুয়ারির স্টেটসম্যান পত্রিকায় এই বিজ্ঞাপনটি ব্যবহৃত হয়েছিল। মহারানী ভিক্টোরিয়ার অনেকের ২৫ বছরের পূর্তি উপলক্ষে সুলভ মেডেল ও জুবিলি পুস্তিকা বন্টন করা হয়েছিল মঞ্চে বিভোর অভিনেত্রী একবার 'আহা' বিনোদিনী। এর সঙ্গে ছিল জুবিলি উপলক্ষে বিশেষ গানের অনুষ্ঠান। 'বিলাতফেরত', 'মেডিক ডাক্তার', 'বিলাত বিভ্রাট' ও 'বৃদ্ধকেলু' প্রহসনাভিনয়। পুলিসের অনুমোদনের সঙ্গে পরিচালনাটি ছিল বিনিময়ের মেয়াদ...।

বাঙালি পুরোনো ঐতিহ্যের অনুসরণে অনুষ্ঠানে আরম্ভিক হয়েছিল এক বিজ্ঞাপনের, ১৭ আগস্ট, ১৮৮৩। বিজ্ঞাপনটির ঘনঘন পুনরাবৃত্তি। অনুষ্ঠান ৭.৩০ বিজ্ঞাপনটি উদ্দেশ্য ছিল। প্রায় অর্ধ জনতার উপস্থিতি দেখে অবাক হয়ে গেল সকল দিক। এই বিজ্ঞাপনটি স্টেটসম্যান পত্রিকায় প্রকাশিত হয়।



AMUSEMENTS.

STAR THEATRE.

CORNWALLIS-STREET.

TO-NIGHT,

PROFULLA.

EMERALD THEATRE

CORNWALLIS-STREET.

SATURDAY, THE

PRAHLAD

SUNDAY,

PRAHLAD

BARRISTER

MONDAY,

PRAHLAD

ষ্টার থিয়েটার ও আলফ্রে থিয়েটারের বিজ্ঞাপনটী কেবল সংবাদপত্রের রবিবারের সংখ্যায় তিনের প্রতিযোগিতা বন্ধ করা যায়। রবিবারের রাত্রে অভিনয় রাত্রে নাট্যশালায় কেবল ভিন একখানা ছাপান আমোদের। সাময়িক ও পৌরাণিক নাটক দেখার জন্য তখন প্রতিদিন রাত্র প্রায় বিভিন্ন রবিবারে সাধারণ লোক ভিড় করত। নাটকের বিজ্ঞাপন বিজ্ঞাপনের সংবাদপত্রে প্রকাশিত হওয়ার ফলে সংবাদপত্রগুলি অনেক গ্রাহকের জন্য একটী বিশেষ মূল্য সংরক্ষণ করতে বাধ্য হয়েছিল।

ষ্টার থিয়েটার ও মুক্ত থিয়েটারের পরিচালন নতুন করে বিশেষভাবে প্রতিষ্ঠা করবার উদ্দেশ্যে প্রকাশ করেছিল। এই দ্বিতীয় থেকে অভিনয় সম্বন্ধে কৃষ্টির আলোচনা নতুন রকমের বিশেষ বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশ করা হয়। কিন্তু বিশেষ নতুন কিছুর দেখবার জন্য কলকাতা প্রভৃতি ইংরাজ ও বাঙালী দর্শক এই পরিবর্তিত কলকাতার দৃশ্যের ও অভিনয় দেখবার জন্য বিশেষভাবে ভাল ভাল অভিনেতা পাই।

THE NEW "STAR"

A new [illegible] for the production of plays in the vernacular [illegible] recently been opened in Cornwallis-street, [illegible] the corner of Grey-street. The building is a distinct [illegible] improvement on anything in the shape of a native play [illegible] that exists in Calcutta, and is worth the inspection of European visitors. The cost of erecting it has been [illegible] we learn, over a lakh-and-a-half of rupees, and it has [illegible] capacity for an audience of 1,500 people. All the requirements of a modern theatre appear to have been met [illegible] proper measures taken to secure the safe exit of the audience in case of alarm. The approach and entrance are handsome and effectively illuminated with minute pavement [illegible] suggestive of incandescents electric lighting. The staircases are tastefully picked out with plants and softly carpeted. The base of the house is occupied by several [illegible] secure seats, and a pit, while the first floor comprises a tier of private boxes and dress circle comfortably [illegible] with chairs and divans, for Oriental patrons who like to take their drama in the national posture. The Royal Box is decorated in Parisian style, while the boxes the zenana [illegible], with a private [illegible] approach, occupies the whole of the second floor. A [illegible] chandelier sets off the rich adornment of the ceiling, [illegible] dress circle, and the footlights effectively illuminate the [illegible] proscenium. Upstairs are [illegible] smoking-rooms for European visitors, in which, [illegible] interval of the play, they may find mental refreshment [illegible] another kind among the pages of *The Mahratta*, *Indian Mirror* or the latest sensation of Gaboriau [illegible] upon the tables; or, if preferred, the interval may be [illegible] devoted to contemplating the portraits of Eliza [illegible] Miss Bessie Palmer, Connie Gilchrist, or Mrs. Beere [illegible] Tree which adorn the walls. The entrance hall [illegible] bronze medallions of Shakespeare, Byron, and Michael Angelo.



ব্যক্তিগত জীবনে অভিনয় করা ও প্রযোজনা করা ছাড়াও অমরেন্দ্রনাথ দত্তের অন্যতম কৃতিত্ব তাঁর থিয়েটারের সিনিয়র এক্টর পরিবেশন করেছিলেন। রঙ্গালয়ের বাইরে গিয়ে অভিনয়ে উৎসাহদান তাঁদের সিনিয়রদের ও কর্তাব্যক্তিদের একটি অভিনয় পরিকল্পনা এনে দেয়। এই ভাবে একটি অনুষ্ঠানের আয়োজন আমরা আমাদের বিশ্বিত করে তোলে... । প্রথম পৃষ্ঠিকার প্রথম পাতাটি এখানে মুদ্রিত করা হল

১৪ ডিসেম্বর, ১৯১৪

কৃষ্ণকান্ত ওরফে অভিনয় কৌশলে পৃষ্ঠিকাটী ছাপাতে যখন তেমন নিম্ন জাতীয় নেতৃবৃন্দের সমালোচনার মিথ্যা অপবাদ প্রচার করেন, তখনি 'সম্পাদকীয় আসরে প্রকাশ' বলায় প্রেক্ষ টীকায় তাঁর থিয়েটারের সাফাই গাওয়া

৭ ডিসেম্বর, ১৯১৫, অমৃতবাজার পত্রিকা

[illegible]

আলোচ্য ছবিতে বিশেষ উল্লেখযোগ্য অভিনয় প্রদর্শন করিয়াছেন [illegible]

ষ্টার

আজ সোমবার হইতে ও শুক্রবার ।।

আজ — বেলা ৪টায়

কপালকুণ্ডলা

[illegible]

আজ — সন্ধ্যা ৬টায়

বিজয়নগর

[illegible]

আজ — বেলা ৪টায়

কপালকুণ্ডলা

[illegible]

রঙ্গনগর—গত হইতে আরম্ভ

১। জন্মাষ্টমী ২। মাতৃসেবা

৩। বিজয়নগর (বর্ণিকা সংস্করণ)

৪। মহারাজা নন্দকুমার

৫। কপালকুণ্ডলা

বিগত ৪ঠা শ্রীকৃষ্ণের জন্মোৎসবে বিশেষত্ব আনা হয়েছে ১৯ শ্রাবণের অনেকাংশে পরিবর্তে পরপর শ্রীকৃষ্ণদেবের ৩ খানি। কিন্তু তার মধ্যে দুইখানার নাটকের বিজ্ঞাপন এবং সম্বাদটী উপলক্ষে ১টি অভিনয় অবশ্যই অনুষ্ঠানের ব্যবস্থা করে

[illegible] ৪ আগস্ট, ১৯৪১

ষ্টার থিয়েটার

● বন্দে মাতরম্ ●

১৭৫৭ !!!

পলাশীর আম্রকুঞ্জে যাহার যে দশা তার বিশ্লেষণে—

১৯৪৭

১৫ই আগষ্ট !!!

স্বাধীনতা-সূর্য্য !!!

স্বাধীন আকাশের নীচে আমরা যেন আমাদের অধিকারের প্রশ্ন করি।

● জয় হিন্দ ●

— আজ বেলা ২টা ও ৬টায় —

৪। শতবর্ষ আগে

শনি ৪।৫, ২টায়—"ঘরে বাইরে"

শনি, রবি ৬টায়—"মহারাজা নন্দকুমার"

আগামী ১৫ আগষ্ট, ১৯৪৭ সালে স্বাধীনতার পরিকল্পনার প্রকাশিত শীঘ্র বিশেষত্বের বিজ্ঞাপন। সেখানে নন্দকুমার, শিবরাত্রি প্রভৃতি প্রসিদ্ধ ঐতিহাসিক নাটকের অভিনয় সম্ভব হয়। বিশেষত ও প্রচুর আনন্দে এই নাম অভিনয় সুরু হয়ে যায়। আজকের দর্শকের সহানুভূতিপূর্ণ আন্তরিক সেবার ইচ্ছা রাখিয়াও—[illegible]



রাজসিংহ

তাপসী

ডাঃ নীহাররঞ্জন গুপ্তর কাহিনী অবলম্বনে রবীন্দ্রসঙ্গীত-সমৃদ্ধ 'তাপসী' চিত্রের বিজ্ঞাপনে অত্যাধুনিকতার প্রয়ত্ন প্রতিফলনা। ভাষা লিপির অবলম্বনে পরিকল্পিত হয়। রবীন্দ্রসঙ্গীত বিশেষজ্ঞ অমলি সেনগুপ্তের সংগীত পরিচালনায় পরিচয় ছিলেন। নটনটী তালিকা প্রকাশিত হয়নি এবং অধিক জানিনীয় ছিলেন। 'তাপসী' ফেলুনীর মধ্যে নিশ্চয় পাবিয়া আছে।

স্টার থিয়েটারের কথা

দেবনারায়ণ গুপ্ত

স্টার থিয়েটার পুড়ে যাবার পর পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি নাট্যকার ও নির্দেশক দেবনারায়ণ গুপ্তকে অনুরোধ করে 'স্টার থিয়েটারের কথা' নামে একটি পুস্তিকা লেখান এবং প্রকাশ করেন। স্টার থিয়েটার সম্বন্ধে স্বল্প পরিসর বিশিষ্ট এই ইতিবৃত্ত ভবিষ্যতের মানুষের কাছে অতীব মূল্যবান। পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সৌজন্যে পুস্তিকা থেকে কিয়দংশ প্রকাশিত হল —সম্পাদক

বিশ্বের নাট্যসাহিত্য বিশেষভাবে উল্লিখিত আছে ইংরেজ আমলে ১৮৭২ সালে কলকাতায় প্রথম পাবলিক থিয়েটার প্রতিষ্ঠিত হয়। এ থিয়েটারের নাম ছিল 'ন্যাশনাল থিয়েটার'। তারপর ১৮৭৩ সালে ১৬ আগস্ট বেঙ্গল থিয়েটার, আর গ্রেট ন্যাশনাল থিয়েটার হয়েছে এ বছরই ৩১ ডিসেম্বর। এর আগে প্রথম ন্যাশনাল থিয়েটারের অবলুপ্তি ঘটে। তাই পরবর্তীকালে গিরিশচন্দ্রের আমলে 'গ্রেট' শব্দটি তুলে দিয়ে শুধুই 'ন্যাশনাল থিয়েটার' নামকরণ করা হয়। সাধারণ রঙ্গালয় প্রতিষ্ঠিত হওয়ার পরে ১৮৮৩ সালে ৬৮ নং বিডন স্ট্রিটে 'স্টার থিয়েটার' প্রতিষ্ঠিত হয়। প্রতাপ জহুরির মালিকানায় ন্যাশনাল থিয়েটারে নট-নাট্যকার গিরিশচন্দ্র ঘোষ যোগদান করেন। গিরিশচন্দ্রের দক্ষ পরিচালনায় স্টার থিয়েটারের প্রভূত উন্নতি হয় কিন্তু প্রতাপ জহুরির দুর্ব্যবহারে গিরিশচন্দ্র সদলবলে ঐ থিয়েটারের ছেড়ে চলে যান।

এই সময় রাজস্থানের বৈষ্ণব সম্প্রদায়ভুক্ত যুবক গুরমুখ রায় মুসাদ্দি একটি রঙ্গালয় স্থাপনে এগিয়ে আসেন। ইতিপূর্বে ন্যাশনাল থিয়েটারের প্রায় প্রতিটি নাটকেরই অভিনয় তিনি দেখতেন। বিনোদিনীর রূপে তিনি এতই আকৃষ্ট হন যে গিরিশচন্দ্র, বিনোদিনী প্রমুখ অন্যান্য শিল্পীরা ন্যাশনাল থিয়েটার ছেড়ে দেবার পর, বিনোদিনীকে কাছে পাওয়ার শর্তসাপেক্ষে গিরিশচন্দ্র প্রমুখ শিল্পীদের কাছে একটি নতুন থিয়েটার করার প্রস্তাব দেন। গিরিশচন্দ্র, দানু নিয়োগী, অমৃতলাল প্রমুখরা বিশেষ উৎসাহ বোধ করেন এবং বিনোদিনীর কাছে গুরমুখ রায়ের প্রস্তাব সম্পর্কে অকপটে জানান। কিন্তু বিনোদিনী সে সময়ে যাঁর অধীনে ছিলেন সেই জমিদার পুত্রটির সঙ্গে প্রতারণা করতে অস্বীকার করেন। এর কিছুদিন পরে গিরিশচন্দ্র প্রমুখ যাঁরা বিনোদিনীকে গুরমুখের প্রস্তাবে রাজি করানোর চেষ্টা করছিলেন তাঁরা বিশ্বস্তসূত্রে খবর পান যে জমিদার পুত্রটি দেশে গিয়ে বিবাহ করেছেন। এই খবরটি বিনোদিনীর কানে তুলে তাঁরা বলেন 'সে যদি ঘর বাঁধার প্রস্তাব করেও তোমার সঙ্গে প্রতারণা করে, তাহলে তুমিই বা গুরমুখকে প্রত্যাখ্যান করতে যাবে কেন ?' এরপর বিনোদিনী কথাটির সত্যাসত্য জানবার

জন্য সময় নিয়ে কবির পুত্র জ্ঞানেন্দ্র পাবের সম্প্রতি অভিনয়ের পুরাটি মেপে রিপোর্ট করেছেন। প্রথমে বিনোদিনী গিরিশচন্দ্র, অমৃতলাল প্রমুখদের প্রস্তাবে রাজি হন না—পরে তাঁরা তাঁকে বুঝিয়ে বলেন—থিয়েটারের নাম হবে তোমারই নামে 'বি থিয়েটার'। তখন তিনি রাজি হন। পরে অবশ্য থিয়েটারের নামকরণ করা হয়েছিল 'স্টার থিয়েটার'। সে প্রসঙ্গে আমরা পরে বিশদভাবে আলোচনা করব। শেষ পর্যন্ত বিনোদিনী গুরুমুখের অভিনেত্রী হয়ে রাজি হন। গুরুমুখ বিনোদিনীকে কাছে পাওয়ার পর গিরিশবাবুর পরিকল্পনা মতো জমিটি নিজের নামে রেজেস্ট্রি করে নেওয়া হয় এবং একটি কমলালয় প্রতিষ্ঠিত হয়। নাম দেওয়া হয় 'স্টার থিয়েটার'।

অনেকে আপত্তি তুলেছেন, আমার স্টার থিয়েটার খুলে আমাদের পরও বলেছেন বিনোদিনীকে নাকি গিরিশবাবু, অমৃতলাল প্রমুখরা প্রবঞ্চিত করেছিলেন। আপাতদৃষ্টিতে এ কথা মনে হলেও এর মূলে একটি কারণ আছে। সে কারণটি হল এই, রঙ্গালয়ের নিজে কারামালা নিয়ে এবং সম্প্রদায়ের অভিনয় জমাটি নির্ভরযোগ্য ছিল। তার ওপরে সে সময়ে তুমি 'স্টার থিয়েটার' নাম না দিয়ে কোনও অভিনেত্রীর নামে দেওয়া হয়, তাহলে অনেকেই থোপরে থিয়েটারের ছায়াও মাড়াতেন না। কিন্তু এর আগে ও ছাড়ে পরা অনেকে নাম 'বি থিয়েটার' না হয়ে স্টার হওয়ায়ে বিনোদিনীর মুখের সীমা ছিল না। আপাতদৃষ্টিতে মেনে নিলেও সমবর্তীদের কাছ থেকে এ ব্যবস্থার আজীবন মনে রেখেছিলেন। এ প্রসঙ্গে তিনি 'আমার কথা'-র লিখেছেন, 'আমি মনের আমি নাই যে উহাতে হলনা ছাড়া আমার নজির এমনভাবে অমনং ব্যবস্থাই করিবেন। কিন্তু এই টাকার স্বার্থ ত্যাগ করিয়ে আমার যে ক্ষতি বা হইয়াছিল তাঁহাদের এই ব্যবহারে আমার অভিমান মনোকষ্ট হইয়াছিল বলিয়া এ সম্বন্ধে আর কখন কাহাকেও কোনও কথা বলি নাই, কিন্তু ইহা ভুলিতেও পারি নাই, এই ব্যবহার বরাবর মনে ছিল।' যাই হোক, শেষ পর্যন্ত 'স্টার থিয়েটার' নামেই কমলালয়টি পরিচিতি লাভ করে।

প্রথমে বিনোদিনী মনে নিলেও আমার শেষেও গিরিশবাবুর ওপর কিন্তু তাঁর কোনও অভিমান ছিল না। তাঁর 'আমার কথা' গ্রন্থের এক জায়গায় তিনি লিখেছেন, 'এক মনে অভিমান হইলে একটি গ্রন্থি থাকে, আমারও পর সহজ দোষ ছিল। কিন্তু অনেকেই আমার বড় স্নেহ করিতেন, বিশেষত রঙ্গমঞ্চের গিরিশবাবুর স্নেহমিশ্রিত আমার প্রতিভার একটু বেশি প্রত্যুত্তর করিত; সেই জন্য দোষ আমারই অধিক হইত। কিন্তু আমার অভিমান অনেকটা উপেক্ষার জন্য সকলেই, প্রকাশ করিতেন এবং দোষ ভুলিয়া আমার প্রতি স্নেহের আরও অধিক বিকাশ পাইত। আমি তাঁহাদের সেই অমায়িক স্নেহ কখনও ভুলিতে পারিব না।'

আমার এক জায়গায় লিখেছেন

'গিরিশবাবুর সঙ্গে আমার কোন অসদ্ভাব, মন অভিমান কখ প্রায়ই চলত। তিনি আমার অত্যধিক আদর দিতেন, স্নেহ দিতেন। অভিমান তাই বড় পেয়ে উঠতেছিল, তাকে আমি তাঁর সঙ্গে অসদ্ভাব করতাম, কিন্তু তার জন্য তিনি আমার একটি দিনের জন্য প্রথম কোনও কাজ অটিনি যাতে তাঁর এতটুকু ক্ষতি হয়।'

যাই হোক, অবশেষে স্টার থিয়েটারের বাড়ি তৈরি হয়ে গেল। এই সময় প্রতাপ জহুরি নাগপাল থিয়েটার চালাতে না পেরে বাড়ির একটা অংশ ভাড়া দিতে শুরু করেন। এই সুযোগে স্টার থিয়েটার সেজন্যে দিনে নিয়ে নিজেদের বাড়ি তৈরির কাজে লাগিয়ে দেন। এইভাবে স্টার থিয়েটারের পুনর্নির্মাণের কাজ সম্পূর্ণ হয়ে গেল ১৮৮৩ সালের ২১ জুলাই অমাবস্যায়। গিরিশচন্দ্রের 'দক্ষযজ্ঞ' নাটক দিয়ে স্টার থিয়েটারের দরোজা খুলে দেওয়া হল। এতৎসম্পর্কে The Indian Daily News 21 July-1883 তারিখে প্রকাশিত বিজ্ঞাপনটি তুলে দেওয়া হল

Grand Opening Night

STAR THEATRE, Beadon Street

Proprietor Baboo Goormukh Roy

Saturday, 21st July

Baboo G. C. Ghose's New Drama

DAKSHYA YAJNA

Everything Grand and Wonderful

G. C. Ghose, Manager

অভিনয় করেছিলেন দক্ষ গিরিশচন্দ্র, মহাদেব অমৃতলাল মিত্র, সতী বিনোদিনী ইত্যাদি। এরপর ১১/৮ তারিখে গিরিশচন্দ্রের 'জনা প্রহিত', ২৯/৮ তারিখে গিরিশচন্দ্র 'রাবণের চনবাস' অভিনীত হয়। এ নাটকটি ইতিপূর্বে প্রতাপ জহুরির নাগপাল থিয়েটারে প্রথম মঞ্চস্থ হয়েছিল। ২৩/১ তারিখে হয় 'সীতার বনবাস'। এটির আগে নাগপাল থিয়েটারে মঞ্চস্থ হয়েছিল। ২৪/১০ তারিখে অমৃতলালের 'তাজের উপর বাটিপাড়ি,' ১৩/১২ তারিখে গিরিশচন্দ্রের 'নল দময়ন্তী' অভিনয় হয়। এই সময়ে গুরুমুখ রায় সাপ্তাহিক ও পাক্ষিক ভাড়ায় স্টার থিয়েটারের ঘর ছাড়তে বাধ্য হন। সেই সঙ্গে বিনোদিনীর সম্পর্কও মধুর হয়ে ওঠে। ১৮৮৪ সালের শেষের দিকে গুরুমুখ রায় 'জনা সম্প্রদায়' ভেঙে দেন। ১১ হাজার টাকায় বিনিময়ে অমৃতলাল মিত্র, পাঁচকড়ি দে, হরিপ্রসাদ বসু ও অমৃতলাল বসুকে স্টার থিয়েটার বিক্রি করে দেন। থিয়েটার ছেড়ে দেবার সময় 'স্টার থিয়েটারে' বিনোদিনীরও কিছু স্বত্ব থাকে গুরুমুখ রায় তা মেনেছিলেন। কিন্তু গিরিশচন্দ্র, অমৃতলাল প্রমুখেরা বিনোদিনীর বিদায় ও নতুন শিল্পী নিয়ে দেখাতে যে থিয়েটারে এখন লোকসানই বেশি। তখন বিনোদিনীর মতো কয়লোকের ছেলের থিয়েটার করতে এসে পথের ভিখারি হয়ে গেছে। বিনোদিনী থিয়েটারের মালিক হলে লোকসানের দায়ভার কখন

'চৈতন্যলীলা' নাটকে অভিনেতার ভূমিকায় নটীসম্রাজ্ঞী তারাসুন্দরী

করা কষ্টকর হবে। এমনকি ভদ্রাসনটুকু চলে গেলে পথে দাঁড়াতেও হতে পারে। বিনোদিনী ছেলেমানুষ বলেই বিষয়ের গুরুত্ব বুঝতে পারছেন না। তখন বিনোদিনীর মা ও বিধিমা থিয়েটারের স্বত্ত্ব ত্যাগে রাজি হন। যে থিয়েটার বিনোদিনীর মুখলা নির্মিত সেখানে তাঁর স্বত্ত্বও রইল না।

অতঃপর উপরোক্ত চারজন স্টার থিয়েটারের মালিক হলেন। এদের আমলে ১৮৮৪ সালের ২৯/৩ তারিখে মঞ্চস্থ হল গিরিশচন্দ্রের 'কমলে কামিনী', ২৬/৪ তারিখে গিরিশচন্দ্রের 'বৃষকেতু', ও 'হীরার ফুল' এবং অমৃতলালের 'চাটুয্যে বাঁড়ুয্যে, ৭/৬ তারিখে গিরিশচন্দ্রের 'শ্রীবৎস-চিন্তা' এবং ২/৮ তারিখে গিরিশচন্দ্রের 'চৈতন্যলীলা'। চৈতন্যলীলা' নাটকটিকে বাংলার নাট্যজগতের land-mark বা বিকৃটিক বলা যেতে পারে। কারণ এই নাটকের অভিনয়ের পর সারা বাংলাদেশে আলোড়ন সৃষ্টি হয়। বহু জ্ঞানী-গুণী-পণ্ডিত ও বৈষ্ণব সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তি এই নাটকের অভিনয় দেখতে আসেন। গিরিশচন্দ্রের নাট্য রচনাশৈলী ও বিনোদিনীর চৈতন্য-এর ভূমিকায় অভিনয় দর্শক মানসে বিশেষভাবে রেখাপাত করে। পরমপুরুষ শ্রীশ্রীরামকৃষ্ণদেব এই নাটকের প্রশংসার কথা শুনে ২১ সেপ্টেম্বর অভিনয় দেখতে আসেন এবং অভিনয় দেখতে দেখতে সমাধিস্থ হয়ে পড়েন। জনৈক ভক্ত ঠাকুরকে জিজ্ঞেস করেন—'কেমন দেখলেন' ? উত্তরে পরমপুরুষ বলেন, 'আসল নকল এক দেখলাম'। পরে বিনোদিনীকে মাথায় হাত দিয়ে আশীর্বাদ করে বলেন—'মা, তোর চৈতন্য হোক'। রামকৃষ্ণদেব সেই থেকে নাট্যজগতের আরাধ্য দেবতা হিসাবে পূজিত হচ্ছেন। এই ঘটনার পর দর্শকসংখ্যা যেমন বৃদ্ধি পেতে থাকে—তেমনই

স্টার থিয়েটারের সুনাম বৃদ্ধি পেতে থাকে। এই বছরের নাটক হল ২২/১১ তারিখে নিত্যনিরঞ্জনের 'সুখের প্রদীপ' ও অমৃতলালের 'বিবাহ বিভ্রাট'।

১৮৮৪ সালের ১৩/১ তারিখে অক্ষয় হল নিত্যনিরঞ্জনের 'নিবাই সন্ন্যাস', ২৫/৩ তারিখে বঙ্কিমচন্দ্রের 'মৃণালিনী' (নাট্যরূপ নিত্যনিরঞ্জন), ২৬/৪ তারিখে মহীনচন্দ্র সেনের 'পলাশীর যুদ্ধ' (নাট্যরূপ নিত্যনিরঞ্জন), ৪৩/৫ তারিখে নিত্যনিরঞ্জনের 'প্রহসনরঙ্গ', ১২/৯ তারিখে নিত্যনিরঞ্জনের 'বুদ্ধদেব চরিত'।

১৮৮৬ সালের ১২/৬ তারিখে অক্ষয় হল নিত্যনিরঞ্জনের 'নিষ্কলঙ্ক ঠাকুর' ২৩/১২ তারিখে নিত্যনিরঞ্জনের 'বেহিক বাজার'। এটাই বিনোদিনী অভিনীত শেষ নাটক।

১৮৮৭ সালের ২১/৫ তারিখে অক্ষয় হল নিত্যনিরঞ্জনের 'রূপসনাতন'। এই বছর ৩১/৭ তারিখে গিরিশ স্ট্রিট স্টারের শেষ অভিনয় 'বুদ্ধদেব চরিত' ও 'বেহিক বাজার' নাটকের অভিনয় দিয়ে। ১৮৮৩ সাল থেকে ১৮৮৭ সাল পর্যন্ত স্টার থিয়েটারে মোটের মোট ৫০টি নাটক অভিনীত হয়। ১৮৮৬ সালের প্রথম মাসে সারদাসুন্দরীর শরৎপুরুষ শ্রীশ্রীরামকৃষ্ণদেবকে দেখবার কথা এবং এই বছরেই বিনোদিনী থিয়েটারের সঙ্গে সকল সম্পর্ক ছিন্ন করে মাত্র ২৪ বছর বয়সে পারলৌকিক জীবনে প্রবেশ করেন।

গিরিশ স্ট্রিট ৩১ জুলাই ১৮৮৭ সালে স্টার থিয়েটারের শেষ অভিনয়ের পর কলকাতার বিখ্যাত ধনী শোভাবাজার শীল থিয়েটারের অর্ধেক কিনে নিয়ে স্টার থিয়েটারকে বাড়ি খালি করার নোটিশ দিলেন। নিরীহ দুঃখাং ভাবে জলে পড়ে গেলেন। অনেক তালেগোলের পর নিত্যনিরঞ্জনের সঙ্গে শোভাবাজার শীলের চুক্তি হল—৩০,০০০ (ত্রিশ হাজার) টাকার বিনিময়ে তাঁরা বাড়িটি খালি করে দেবেন কিন্তু স্টার থিয়েটারের নামটি তাঁদেরই থাকবে। তাঁরা এই টাকার অন্য কোথাও বসবাস প্রতিষ্ঠার চেষ্টা করবেন। শোভাবাজার শীল থিয়েটারের বাড়িটি দখল নিয়ে তার নাম দিলেন 'এমারেল্ড থিয়েটার'।

গিরিশ স্ট্রিট ছেড়ে উৎখাত হয়ে স্টার কোম্পানি শহর ও শহরতলির টাকা সংগ্রহের জন্য অভিনয় করতে লাগলেন এবং ভাড়াতে বসবার প্রতিষ্ঠার চেষ্টা চালাতে লাগলেন। হঠাৎ একটা সুযোগ এসে গেল। চালেঞ্জকুক লেন ও তাঁর বাড়ির জমি থেকে বহিবাগানে প্রায় ৫০ কাঠা জমি কেনা হল ২৭,০০০ (সাতাশ হাজার) টাকায়। এদিকে শোভাবাজার শীল নতুন বাসায় এসেছেন প্রতিষ্ঠা করে তার ম্যানেজার করলেন জ্ঞানেন্দ্রনাথ চৌধুরীকে। কিন্তু তিন মিনিট শোভাবাজার হয়ে দাঁড়াল থিয়েটারে। তখন শোভাবাজার শীল থিয়েটারকে থেকে বাসকরার প্রস্তাব দিলেন তাঁর থিয়েটারে শোভাবাজারের জন্য। নিরিশচন্দ্র প্রত্যাখ্যান করলেন। শোভাবাজার শীলের অনেক অনুরোধ উপরোধের পর ঠিক হলো— শোভাবাজারকে এককালীন বোনাস হিসাবে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা, এবং মাসোহারা, নাটকার ও অভিনেতা হিসাবে মাসে ৩৪০ টাকা মাসিক পেতেন। তবুও নিত্যনিরঞ্জন রাজি হন না, পরে স্টার থিয়েটারের পৃষ্ঠপোষকদের জোর রাজি হন। শোভাবাজার শীলের দেওয়া বোনাসের টাকা থেকে ১৯,০০০ (উনিশ হাজার) টাকা ট্রাস্টিবাগানের জমিতে নতুন পৃষ্ঠপোষকের জন্য তাঁর বন্ধুদের হাতে তুলে দিলেন।

নাট্যশালার ভিত্তিপ্রস্তর স্থাপন হল, কাগজে বিজ্ঞাপন দেওয়া হল—অমৃতলাল বসু হলেন ম্যানেজার। ১৮৮৭ সালের ৩০ ডিসেম্বর 'দি ষ্টেটসম্যান' পত্রিকায় সংবাদ বেরুল "...স্টার থিয়েটার, ৭৬/৩ কর্নওয়ালিশ স্ট্রিট (গ্রে স্ট্রিটের কাছাকাছি) তাঁদের নবনির্মিত ভবনে অনতিবিলম্বে কার্যারম্ভ করবে।

—ম্যানেজার অমৃতলাল বসু

বিজ্ঞাপন দেওয়া হল

OUR HUMBLE DEBUT
At the New Building
STAR THEATRE
Cornwallis Street. 1888
OPENING NIGHT
Friday, the 25th and Saturday,
26th May at 9 p.m.
Sunday, the 27th At Candle Light
NEW DRAMA NASIRAM
Price of Admission

Royal Box (to seat 5)	Rs.	10
Box (to seat 4)	Rs.	14
Box (to seat 2)	Rs.	8
Dress Circle	Rs.	4
Orchestra Stall	Rs.	3
Stall	Rs.	2
Pit	Rs.	1
Gallery	Rs.	0
Zenana (to seat 4)	Rs.	10
Zenana	Rs.	2

Tram car will run after the close of performance from the Theatre to the Bow Bazar Crossing. Fare-Six Pice. Tickets can be secured at once from the Box Office.

Amritlal Bose.
Manager

অমৃতলাল বসুর অভিনয়—নতুন অভিনয়ের পরিচালনা, অভিনয়, নির্দেশকের এবং অভিনয় করেছেন—'State Railway Service-এ কর্মরত জ্যেষ্ঠভ্রাতার বিরুদ্ধে এবং বসু ভাইদের নামে, আদালতে নিয়ে যাবেন বলে অভিযোগ করেছেন Messrs P. C. Miller & Co.'

নতুন স্টার থিয়েটারের প্রথম নাটক 'সেবক' রচিত 'কালীপ্রসন্ন'। এই 'সেবক' কিন্তু নিত্যনিরঞ্জনই অভিনয় করেন। তখন তিনি শোভাবাজার শীলের কাছে চুক্তিবদ্ধ থাকায় অন্যনামে নাটক

লিখতে পারেন নি। এ অবশ্যই রাত্রিবাসরে স্টার থিয়েটারের যাত্রা শুরু। অভিনয় পরিবর্তনের সঙ্গে সঙ্গে স্টার থিয়েটারেরও অনেক পরিবর্তন হয়েছে—বৈদ্যুতিকরণ, আধুনিকীকরণ, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রভৃতি. তবুও এই সেদিন পর্যন্ত স্টার যেন পথের বাঙালীপনা সহজিয়া কলা ধরে রাখে ঐতিহ্য বহন করে আসছিল।

আমার ফিরে আসি স্টারের নাটকের প্রসঙ্গে। 'আলীবাবা' - এরপর ২১/৯ তারিখে মঞ্চস্থ হল প্রাক্তনমন্ত্রী পঞ্চানন্দবাবুর 'জলিয়ে' উপন্যাস অবলম্বনে 'সরলা' (নাটকরূপ : অমৃতলাল)। এই সময় শোভন শীল এদেরকে থিয়েটার জন্য লোভনে লিজ নিলেন, ফলে গিরিশচন্দ্র চুক্তিমুক্ত হয়ে স্টারের জন্য নাটক লিখতে শুরু করলেন।

১৮৯৯ সালের ২১/৪ তারিখে অভিনীত হল তাঁর মৃণালকান্তী নাটক 'প্রফুল্ল', ৭/৯ তারিখে 'হারানিধি' এবং ২৪/১২ তারিখে রসরাজ অমৃতলালের 'কাঞ্চনবাবা'।

১৮৯০ সালের ২৩/৭ তারিখে গিরিশচন্দ্রের 'চৈতন্য', ১৩/৯ তারিখে গিরিশবাবুর 'মলিনা-বিকাশ', ২৩/১২ তারিখে অমৃতলালের 'বাবুলালা', ২৪/১২ তারিখে গিরিশচন্দ্রের 'মহাপূজা' প্রভৃতি মঞ্চস্থ হল।

গিরিশচন্দ্রের দ্বিতীয়া স্ত্রী সুরতসুন্দরীর মৃত্যুর পর তাঁর শিশু-সন্তানটি খুবই অসুস্থ হয়ে পড়ে। কোনও ঔষধ চিকিৎসায় কোনও ফল না হওয়ায় অভাগ্যের পরামর্শে তিনি তাঁকে নিয়ে বায়ু পরিবর্তনের জন্য মধুপুরে যান। এদিকে থিয়েটারে অনুপস্থিতির জন্য স্টারের স্বত্বাধিকারীগণ তাঁকে কর্তৃপক্ষের পত্র লেখেন। এই পত্র পাঠানো হয় যে সময়কার অফিসরনিক সম্পাদক মন্মথনাথ ভাদুরির পরামর্শে। এ সম্পর্কে গিরিশচন্দ্রের জীবনীকার অবিনাশচন্দ্র গঙ্গোপাধ্যায় এক জায়গায় লিখেছেন—'যে গিরিশচন্দ্র অন্তরঙ্গে অনেক করিয়া একদিন স্টার-এর জন্য নাটক লিখিয়া দিয়াছিলেন, যে গিরিশচন্দ্র পাঁচ বছরের জন্য নিজেকে বিক্রয় করিয়া ষোল হাজার টাকা স্টারকে দিয়াছিলেন—স্টার থিয়েটার সেই গিরিশচন্দ্রকে বরখাস্ত করিয়া চিঠি পাঠাইলেন।'

১৮৯১ সালে গিরিশচন্দ্র স্টার থিয়েটার ছেড়ে দিলেন। এই সময়ে গিরিশবিহীন স্টারে অভিনয় হল—৭১/৩ তারিখে অমৃতলালের 'সাবাস আমরা', ১৩/৪ তারিখে রাজকৃষ্ণ রায়ের 'নায়কের স্বপ্ন', ২২/৮ তারিখে 'বিলাপ', ৫/১২ তারিখে রাজকৃষ্ণ রায়ের 'সরলা-মঙ্গল', ২৪/১২ তারিখে অমৃতলালের 'সাবাস বাহাদুর'। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অন্যপ্রসঙ্গকে গ্রহণ করে রচিত হল 'বিদ্যাসাগর'।

১৮৯২ সালে রাজকৃষ্ণ রায়ের 'অনাথিনী' (২৬/১১), ও 'অভিমন্যু' (২৪/১২), অমৃতলালের 'কালাপানি' ২৪/১২ তারিখে মঞ্চস্থ হয়। এই বছরেই স্টারে প্রথম গিরিশ নাটক মঞ্চস্থ হল 'কৃষ্ণ বিকাশ' (৯/৮)।

১৮৯৩ সালে অমৃতলালের 'বিবাহ বা বিষম বন্ধন' (২৬/৮), রাজকৃষ্ণ রায়ের 'মেবারের অরেঞ্জজীব' (২৩/১২), গিরিশচন্দ্রের নাটক 'রাম রহিমের' (গিরিশচন্দ্রের 'দীয়ার বরবাদ এই গিরি কলমসে') অভিনীত হল।

১৮৯৪ সালে অমৃতলালের 'বাবু' (১/১), নৃত্যগোপাল কবিরত্নের 'অবতারলীলা' (৪/৮), বঙ্কিমচন্দ্রের 'মন্ত্রশক্তি' (নাটকরূপ অমৃতলাল), অমৃতলালের 'একাকার' (২৪/১২) মঞ্চস্থ হল।

১৮৯৫ সালে গিরিশচন্দ্রের 'অযুধ' (১৩/৭, পুনরাভিনয়), মৃত্যুগোপাল কবিরত্নের 'স্ত্রী-বুদ্ধি' (৯/১০) পরিবেশিত হল।

১৮৯৬ সালে বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা' (নাটকরূপ অমৃতলাল) ১১ জানুয়ারি মঞ্চস্থ হল। এই বছরের এপ্রিল মাসে গিরিশচন্দ্র আবার ফিরে এলেন স্টারে। কর্তৃপক্ষরা তাঁকে আসতে বলায় তিনি বলেন যে তাঁকে ডাকা হবে না। তখন কর্তৃপক্ষ তাঁকে নাট্যাচার্য ও নাট্যশিক্ষালয় করে রাখা করে নিলেন। মঞ্চস্থ হল তাঁর রচিত নাটক 'আলাপাহার' (২৬/৬)।

১৮৯৭ সালে মঞ্চস্থ হল অমৃতলালের 'বৌমা' (১/১), এবং 'চীনক ঝুবিলি' (২১/৬), 'শাবাস-প্রফুল্ল' (১১/৯), 'আশ্চর্যকথন' (১৮/১২), পরের নাটকগুলি গিরিশচন্দ্র রচিত। মহারানী ভিক্টোরিয়ার সিংহাসন লাভের ষাট বৎসর পূর্তি উপলক্ষে রচিত হয় 'হীরক জুবিলি'।

১৮৯৮ সালে লেখা শিল অমৃতলালের 'হরমা বিয়াটি' (১/১)। এই বছরের মে মাসে ছেলের জন্য সাহিত্যিকভাবে স্টার থিয়েটার বন্ধ থাকে এবং এই সময়ে গিরিশচন্দ্র স্টার ছেড়ে চলে যান। পরে মঞ্চস্থ হল অমৃতলালের 'হলিডেস্ক' (১৩/৯) এবং অমৃতলালের 'বাবু' (২৯/১০) সঙ্গে নিয়েছি দেখা।

১৮৯৯ সালে নৃত্যগোপাল কবিরত্নের 'মুক্তকেশীর' নাটকের বাংলা 'অবতারলীলা' নামে অভিনীত হয় (২৬/৮)। অমৃতলালের 'সাবাস্ আমিন' (২৩/৯), ডি এল রায়ের 'বিরহ' (৪/১১) যথাক্রমে মঞ্চস্থ হল।

১৯০০ সালেই স্টার থিয়েটারে গ্যাস বাতির পরিবর্তে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করা হয়। বৈদ্যুতিক আলোয় প্রথম নাটক অমৃতলালের 'আশ্চর্য বন্ধু' (২৮/৪), অমৃতলালের 'কৃপণের ধন' (২৯/৫)। রাজকুমার রায়চৌধুরীর 'বিজয়লক্ষ্মী' (১৯/৮), মনমোহন বসুর 'প্রণয় পরীক্ষা' (১০/১১), দ্বিজেন্দ্রলালের 'ত্রাহস্পর্শ' (২৪/১২) এবং অমৃতলালের 'বাবুকলী' (২৩/১২) মঞ্চস্থ হল।

হাতিবাগানে স্টার থিয়েটার গড়ার পর থেকে নাটকের সেঞ্চুরিলাভ অর্থাৎ ১৮৮৭ থেকে ১৯১২ সাল পর্যন্ত প্রায় ৬২ খানা ছোটবড় ভালো নতুন নাটক বা ১৪/১৬ খানা পুরনো এবং কয়েকটি গিরি নাটকের মঞ্চস্থ হয়েছে।

অবশ্য আমি স্টার থিয়েটারের নাটকের কথায়। ১৯১০ সালে মনমোহন গোস্বামীর 'ধর্ম বিপ্লব' (২৯/৩), জগদেন্দ্রনাথ মিত্রের 'বিশ্বমিলন' (৩/৩) 'ভরপাতাল' (৪/১২) মঞ্চস্থ হয়। এই

মঞ্চে অভিনয় পুরনো নাটক 'আবীরকিরণ', 'অশ্রুসরোবরা', 'ঈশ্বরিচি', 'মুখোশধারিণী', 'অহীন্দ্র ঠাকুরদি', 'মেরী ক্রীসমাসটী', 'বিবাহ', 'জন্ম', 'নীরজাক্ষ', 'শঙ্খচূড়', 'বৃন্দাবিনী' ইত্যাদি প্রভৃতি নাটিকাগুলির মতো মঞ্চে অভিনীত হয়।

১৯১৪ সালে বাঙালার বন্দ্যোপাধ্যায়ের 'আত্মপুরী' (১/১), অমরেন্দ্রনাথ অধের 'মত ভাটোনাসি' (৩৩/৪), রবীন্দ্রনাথের 'মিলি' গল্প অবলম্বনে 'অকলঙ্ক শশী' (প্রতিভা রায়লাল বন্দ্যোপাধ্যায়) এবং অমরেন্দ্রনাথ মতের 'অভিনেত্রীর জন্ম' (১৩/১২) মঞ্চস্থ হয়।

১৯১৫ সালে অমরেন্দ্রনাথ অধের 'প্রেমের জেলখানা', রায়লাল বন্দ্যোপাধ্যায়ের 'মেসোমাই', ফণীভূষণী মৈত্রীর 'অন্ধ জগৎ' (৩/২) ভূপেন বন্দ্যোপাধ্যায়ের 'আমার মা' (২১/৪) জলধর সেনের 'রাজা চন্দ্রশেখর' (২১/৮), প্রবীরলাল বন্দ্যোপাধ্যায় রচিত 'ভাত উপাখ্যান' (১৮/৯), হরিসাধ বসুর 'বসু মহাশয়' (৯/১০), 'দি মার্টিন আন্ড জেনিস'-এর ভূপেন বন্দ্যোপাধ্যায়-কৃত নাট্যরূপ 'শঙ্খবালা' (৪/১২), ভূপেন বন্দ্যোপাধ্যায়ের 'পৌলমীয়ী' (৮/১২) এবং মনমোহন গোস্বামীর 'ঘটনাচক্রের ফোরজ' (১৩/১২) অভিনীত হয়।

১৯১৬ সালের ৩ ফেব্রুয়ারি অমরেন্দ্রনাথ মঞ্চ পরিচালনা করেন। এই বছরে মঞ্চস্থ হয়েছিল ভূপেন বন্দ্যোপাধ্যায়ের 'অকলঙ্কিনী' (১১/৩), যোগেশ বসুর 'যোগেন্দ্রলাল' (৮/৪), 'বাঙাল মেজ' (৩/৪) 'জল ছাড়ে' (১৪/৬), প্রবীরলাল বন্দ্যোপাধ্যায়ের 'আত্মদানী' (৭/১), 'প্রায়শ্চিত্ত' (৪/১১), মনমোহন গোস্বামীর 'সাধনা', গৌরীর মুখোপাধ্যায়ের 'সাধনা' (২৪/১২) প্রভৃতি।

১৯১৭ সালে নতুন যোগ দিলেন অমরেন্দ্রলাল হালদার। তাঁর সময়ে অভিনীত হয় নারায়ণ বসুর 'কুলবধূ' (২১/১), যোগেশ বসুর 'যেমন সাজা' ও 'রাগের মেলা'।

১৯১৮ সালে অমরেন্দ্রবাবু নিউ্রিয়েটার ত্যাগ করে স্টার থিয়েটারের শিক্ষক হিসাবে যোগ দিলেন। এই বছরে মঞ্চস্থ হয় হারাধন মুখোপাধ্যায়ের 'রূপজেবী' (১১/১), অক্ষিমচন্দ্রের কাহিনী অবলম্বনে 'মৃন্ময়ীর ঘড়' (১৯/১)। এই বছরের মাঝামাঝি অভিনীত হল প্রবীর লাহা কাহিনী 'বিবাহ মেলা' (নাটক ভূপেন বন্দ্যোপাধ্যায়), ভূপেনবাবুর 'বিলাবন্দী' (১/৯), প্রবীর চট্টোপাধ্যায়ের 'আহত অভিমান' (২/১১)। এই বছরে অমরেন্দ্রনাথ মুখোপাধ্যায় স্টার থিয়েটারের কর্তৃত্ব গ্রহণ করেন।

১৯১৯ সালে মঞ্চস্থ হল পেশুলিয়েরের 'ওথেলো' (অনুবাদ : যোগেন্দ্রনাথ বসু) ৮/৩, নির্মলশিব বন্দ্যোপাধ্যায়ের 'মুখের মত' (৩০/৩), ক্ষীরোদপ্রসাদের পুরোনো নাটক 'নিরাজী', অমরেন্দ্রনাথের 'উলসী' (১৭/৫), এবং 'দু-দুখো সাপ' (৯/৮), ভূপেন বন্দ্যোপাধ্যায়ের 'বৈবাহিক' (২৪/১২) এবং যোগেশ বসুর উপন্যাস অবলম্বনে 'স্বীকৃত প্রভাত' প্রভৃতি।

১৯২০ সালের এপ্রিল মাসে অমরেন্দ্রনাথ স্টার থিয়েটারের যোগ দিলেন। মঞ্চস্থ হল 'রাজীবলোচন' (২২/৬), যোগেশ বসুর 'কৃষ্ণকুমারী' (১২/৬), অমরেন্দ্রনাথের 'বিচারক' (২৭/৮)।

১৯২১ সালে অমরেন্দ্রনাথের 'বাসবদত্তা' (১৪/১), ক্ষীরোদপ্রসাদের 'মমতাময়ী' (২/৪) এবং অমরেন্দ্রনাথের 'অহংকারের যোগ' (৪/১১) মঞ্চস্থ হয়।

১৯২২ সালে নির্মলশিব বন্দ্যোপাধ্যায়ের 'সরলা জায়ক' (১/৭), অমরেন্দ্রনাথের 'অনাথ' (১১/৮) এবং ওই নাটিকাবেরই 'কুলমা' (২০/৯)।

১৯২৩ সালে অমরেন্দ্রনাথ বেশকিছু বিশিষ্ট অভিনেতাকে হারান। এরই সন্ধিক্ষণে প্রতিষ্ঠান গড়ে তোলেন—এদের মধ্যে ছিলেন কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায় (ন্যাশনাল ব্যাঙ্কের ম্যানেজার), শরৎচন্দ্র ঘোষ (মনিলিটার), কৃষ্ণচন্দ্র মিত্র (শিল্পপতি), নির্মলচন্দ্র (মনিলিটার ও জার্নাল মেজর), এবং হরিপদ চট্টোপাধ্যায় (ওকালতি চট্টোপাধ্যায় এন্ড সন্সের অংশীদার)। নাম দেওয়া হল 'আর্ট থিয়েটার লিমিটেড'। ম্যানেজার হলেন অমরেন্দ্রনাথ এবং সেক্রেটারি প্রবোধচন্দ্র গুহ। ডিরেক্টর অভিনীত হল শরৎচন্দ্রের 'পরীনায়ক'। ভূপেনবাবু ভাগলপুর থেকে এখানকার সন্ধানানায় তিনজন শিল্পীকে—হিমাংশু চক্রবর্তী, প্রবীর চৌধুরী ও ইন্দুভূষণ মুখোপাধ্যায়কে আনালেন। নরেশ মিত্র, নির্মলেন্দু লাহিড়ী, তুলসী বন্দ্যোপাধ্যায়, তুলসী বন্দ্যোপাধ্যায়, তুলসীলাহিড়ী (পরে), মনোরমা, নিভাননী, কৃষ্ণবন্দিতা, শিপ্রাবরালা প্রভৃতি বিশিষ্ট শিল্পী যোগী আর্ট থিয়েটারকে সমৃদ্ধ করলেন। এই বছরে ৩০ জুন আর্ট থিয়েটারের পরিচালনাধীনে স্টারে অভিনীত হল সে যুগের ইতিহাস সৃষ্টিকারী নাটক প্রযোজনা অমরেন্দ্রচন্দ্রের 'কর্ণার্জুন'। 'কর্ণার্জুন' নাটিকাটি স্টার থিয়েটারে তিন শতাধিক রজনী একটানা অভিনীত হয়ে নতুন নজিরের সৃষ্টি করে। এর ১০০তম রজনী হয় ২৪ মে ২৪,২০০তম রজনী ৪ আগস্ট ১৯,২০০তম রজনীর উৎসব অনুষ্ঠিত হয় ২৮ ডিসেম্বর ২৩ তারিখে। তারপরের ২৪ ডিসেম্বর মঞ্চস্থ হল প্রথম বাংলা একাঙ্কিকা 'দশের ডাকে' ভূমির ডাক'।

১৯২৪ সালে অমরেন্দ্রনাথের 'ইরানের রানী' (১১১) অভিনীত হল।

১৯২৫ সালে প্রযোজনা ক্ষীরোদপ্রসাদের 'গোলকুণ্ডা' (৪/২), রবীন্দ্রনাথের 'চিরকুমার সভা' (১৮/৭), নির্মলশিব বন্দ্যোপাধ্যায়ের 'জলকুমারী' (৩/১২), রবীন্দ্রনাথের 'পূরাপ্রবেশ' (৫/১২), অমরেন্দ্রচন্দ্রের 'মন্দিরী' (২৩/১২) এবং নরেশ সেনগুপ্তের 'অভিনয় মেজে'।

১৯২৬ সালে রবীন্দ্রনাথের 'বলীকরণ' (১০/১) এবং 'বিবাহ অভিপ্রায়' (১৬/৪), অমরেন্দ্রচন্দ্রের 'শ্রীকৃষ্ণ' (১৪/৫), গৌরীন্দ্রনাথের 'সাধ টাকা' (৭/৭), রবীন্দ্রনাথের 'গোগাবোধ' (২৩/৭), অমৃতলালের 'অবাকজলপান' (১০/১১) এবং অমরেন্দ্রচন্দ্রের 'চরিত্রহীন' (২৪/১২) মঞ্চস্থ হয়।

১৯২৭ সালে রবীন্দ্রনাথের 'চিত্রাঙ্গদা' (১৩/৪), ও 'পরিত্রাণ' (১৯/৯) অপরেশচন্দ্রের 'মেবার পতন' (৩/১২) এবং 'পুষ্পাঞ্জলিরা' (২৮/১২) উপন্যাসিত হল। এই বছর আর্ট থিয়েটার মনমোহন থিয়েটার-ভাড়া নিয়ে দুপক্ষে দুটো বাংলাদেই চালাতে লাগলেন। আর্ট থিয়েটারের অন্যতম মনমোহনে মঞ্চস্থ হল অপরেশচন্দ্রের 'ঐশ্বরাস্ত্র' (১/৭)। অন্যত্র বছরের 'চাঁদ সওদাগর' (১৮/৯), শচীন্দ্রনাথ চট্টোপাধ্যায়ের 'আবরীন' (২৩/১২)। এছাড়াও অনেকগুলি পুরোনো নাটক অভিনীত হয়। ১৯২৮ সালের জুন মাসে আর্ট থিয়েটার মনমোহন অঞ্চলের স্থায় ছেড়ে দেন। কারণ হিসেবে 'একশো বছরের বাংলা থিয়েটার' গ্রন্থের লেখক নিশির বসু লিখেছেন

> "...স্টার ও মনমোহন একই রাস্তা দিয়ে হওয়ায় নির্ধারিত টিকিট বিক্রেতাদের অভিনয়ে (অনেক সময় একই দিনে) অসুবিধা হতে হয়। দুই মঞ্চে অভিনেতার এই টানা-পোড়েনের ফলে নট-নটীরা ক্রমাগতই অসন্তোষ প্রকাশ করতেন এবং সে কারণে তাঁদের এবং পরিচালকের পক্ষে সর্বশক্তি নিয়োগ করে রঙ্গালয়ের নাট্য প্রযোজনার নিজেদের নিজস্ব ধারা ঠিক ঠিক অনুসরণ করা ক্রমশই অসম্ভব হয়ে উঠেছিল। ফলে, মনমোহন থিয়েটারের স্বর্ণযুগীন প্রযোজনার যান প্রতিষ্ঠার পর্যায়ে পৌঁছায়নি। সুযোগ পেলে কোনও কোনও পত্র-পত্রিকা এসবের সমালোচনা করেছে, আর্ট থিয়েটারের এখন আর এক সঙ্গে দুটো রঙ্গালয় চালানো উচিত নয়।"

নাট্যকার নিশিরকুমার ভাদুড়ী ১৯০১ সালে আদেশিকা থেকে ফিরে এসে বিভিন্ন মঞ্চে অভিনয় করার পর নাট্যমন্দিরের পক্ষ থেকে স্টার থিয়েটার লিজ নিয়ে ১৯০৩ সালের শেষের দিকে নিজ পুরনো নাটকের পুনরাভিনয় করালেন 'মোহান্ত' (২৮/১২) 'পাষাণের অজ্ঞাতবাস' (২৯/১২), 'বিজিয়া' ও 'মৌচাক ভাঙা' (৩০/১২), 'রাজাকৃষ্ণ' এবং 'বিভিন্নাভি'।

১৯০৪ সালে শচীন্দ্রনাথের 'বিরাজ বৌ' (নাট্যরূপ নিশির ভাদুড়ী ২৮/৭), সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'সুরধা' (২৭/৯), মন্মথ রায়চৌধুরীর 'অভিমানী' (১১/১১), শচীন সেনগুপ্তের 'মনের মানুষ' (২৪/১১), শচীন্দ্রনাথের 'নিজাম' (১৪/১২) মঞ্চস্থ হয়।

১৯০৫ সালে সরোজকৃষ্ণ রায়ের 'শ্যামা' (২৮/১), শচীন্দ্রনাথের 'পুরনারী', 'অজন্তা' নামে এবং জলধর চট্টোপাধ্যায়ের 'রীতিমতো নাটক' (১১/১২) অভিনীত হয়। নিশিরকুমার ভাদুড়ী এ নাটক রচনায় সঙ্গে যুক্ত ছিলেন। নাট্যকার হিসেবে তাঁর নামও প্রচারিত হয়েছিল।

১৯০৬ সালে মঞ্চস্থ হয় রবীন্দ্রনাথের 'গোড়াযোগ' (২৪/১২) এবং দ্বিজু পুরনো নাটক।

১৯০৭ সালে অনেকগুলি নতুনিনের অভিনয়ের পর মন্ত-নাট্যমন্দির স্টার থিয়েটার ছেড়ে চলে যায়। নিশির ভাদুড়ী তাঁদের থিয়েটারে নতুন পুরনো মিলিয়ে প্রায় ১০ খানা নাটক মঞ্চস্থ হয়। এরপর মনমোহন-মোক্ষদাদের জন্য নিউ স্টার থিয়েটার বন্ধ থাকে। ওই বছরের ৪ আগস্ট স্টার থিয়েটার ভাড়া নিয়ে ঘোষণা করলেন, তাঁরাই দেবা নাটক 'গৌরাঙ্গমুন্দর' (৪/১০)। এই সময় বিডন পার্ক বিশ্বসিংহের জন্যে স্টার থিয়েটারের লেজি হলেন। স্টার মঞ্চে জন্ম নিল 'লেটেস্ট অঙ্কের ফিল্ম সিনিমেটো'। এদের প্রযোজিত নাটক হলেন গোবর্ধনের 'বিদ্যাপতি' (১৭/১১), অন্নদাচরণ খাস্তগীর 'অভিশপ্তিকা' (২৫/১২) এবং হরিসাধন মুখোপাধ্যায়ের 'রাজপুরিণী' (৪৩/১২)।

১৯০৮ সালে মঞ্চস্থ হল শচীন সেনগুপ্তের 'কামেরে লক্ষী' (১২/৩) বিডন পার্ক স্টার থিয়েটার ছেড়ে দিয়ে 'নিউ ডিমেন্ট' থিয়েটারের উপেন্দ্রকুমার মিত্রের সুযোগ্য পুত্র সলিলকুমার মিত্র স্টার থিয়েটারের নতুন লেজি হলেন। তাঁর সুষ্ঠু পরিচালনাধীনে স্টার থিয়েটার ২৯ মার্চ ০৮ থেকে ৩৫ মার্চ '২১ পর্যন্ত টানা ৩৩ বছরের স্বনাম এক গৌরবময় ইতিহাস রচনা করে। মিনার্ভা থেকে স্টারে এসে প্রথমে মিনার্ভার চলতি নাটক 'দর্পহরণ' নিয়ে শুরু করে 'পাতাটীর্থ', 'শিবাজী' প্রভৃতি নাটকগুলির পুনরাভিনয় হয়। পরিচালক ছিলেন সলিল মিত্রের মামাতো ভাই কালীপ্রসন্ন ঘোষ। এরই পরিচালনাধীনে নতুন নাটক মঞ্চস্থ হল মন্মথ রায়ের 'চক্রশালী' (৩/৩), সুধীন্দ্রনাথ রাহার 'বাংলার মেয়ে' (১০/৯) এবং অমিলাল বন্দ্যোপাধ্যায়ের 'সাধুসের'।

১৯৫০ সালের শেষের দিকে পরপর দেশ অনেকগুলি নাটকের ঘোষণার পরও সলিলবন্ধুর অসুখ হল মনোমোহনের মতো স্টার থিয়েটারের স্বত্ব নিয়ে পারলেন না। তাই এই বিপর্যয়। এবার তিনি সর্বস্বান্ত হয়ে হাতে তুলে নিয়ে প্রথমেই নজর দিলেন পুরনোকালের কাজে। অনেকদিন অভিনয় বন্ধ রেখে প্রায় ৬০ হাজার টাকা ব্যয়ে আধুনিক রুচি অনুযায়ী আমূল পুর সংস্কার করলেন তিনি। মনোমোহনের আমলের সব অভিনেতা-অভিনেত্রীরাই ফিরে এসে যোগদান করলেন। তাছাড়া পরিচালক এলেন ছিরি ও মঞ্চের মালী নতুন শিল্পীগোষ্ঠী। এঁদের মধ্যে ছিলেন উপেন্দ্রকুমার, অমর গাঙ্গুলী, রবি রায়, ভানু বন্দ্যোপাধ্যায়, অনুপকুমার, শ্যাম লাহা, সন্তোষ সিংহ, বিভূতি ভট্টাচার্য, কৃষ্ণধন মুখোপাধ্যায়, তুলসী চক্রবর্তী, সন্তুদাস, সাবিত্রী চট্টোপাধ্যায়, রেবা দেবী, রমা দেবী, শেফালী প্রমুখ শিল্পীরা। যুগ পরিচালক হলেন শিশির মল্লিক ও কামিনী ছিরি, নাটকের আমি। একদিকে পুরনোকালের ও নিজ নির্বাচিত চরকিতে নতুন সেনের তত্ত্বাবধানে মুর্তিমান রঙ্গমঞ্চের নিযুক্তিকার্য চলতে লাগল, অন্যদিকে আমি নিরুপমা দেবীর বিখ্যাত উপন্যাস 'শ্যামলী'র নাট্যরূপ নিয়ে ব্যস্ত হলাম। নাটক ঘোষণা আর পুরনোকালের প্রায় এক সঙ্গেই শেষ হল।

১৯৫০. সালের ১৫ আগস্টের 'শ্যামলী' নাটক নিয়ে নাট্যঘরে নব পর্যায়ে স্টার থিয়েটারের শুভ উদ্বোধন হল।

এই প্রসঙ্গে 'দেশ' পত্রিকায় লেখা হল

"...নাটমন্দিরটির ডিজাইন ও বাইরে আয়নার সাজানোর কথা হয়েছে। নতুন করে বসার আসনগুলিকে আরামপ্রদ করে তোলা হয়েছে। দর্শকাসনের আলোর অনুপ্রবেশও অনেকখানিই বন্ধ করা হয়েছে। এদিকে আলোর পুনর্বিন্যাস করে মাটিতে নেওয়া হয়েছে এবং মঞ্চের শিল্পী ও কুশলীদেরও আরামের ও সুবিধার কথা পরিপূর্ণভাবে মাথায় রেখে দেওয়া হয়েছে। সেট-সেটিং নিয়েও সব আলোচনা নতুন। অতিরিক্ত ও বিচক্ষণ অলঙ্করণের এবং শিল্পীদের মনে নতুন ও উদ্দীপনাময়ের সমন্বয়ের ঘটিয়ে দেয় তোলা হয়েছে। ...সর্ব বিষয়েই বিশ্বাস পরিবর্তনের ফলেই সৃষ্টি ও অনুভূতি এগোতে পারবে না। আর এ পরিবর্তনের ব্যাপারে শেষপর্যন্ত মঞ্চকে নতুন আলোয় উদ্ভাসিত দিয়েছে, একটা উদ্দীপনার সঞ্চার করেছে।" (দেশ : শারদীয়া ১৩৭৮)

'শ্যামলী' নাটকের শতরজনী উপলক্ষে রঙ্গনীয় আয়োজনের অনুষ্ঠান হয় ১৮ মার্চ, '৬৪ দ্বিশতরজনী রজনী উপলক্ষে ২৫ আগস্ট, '৬৪ ত্রিশতরজনীর রজনীর উপলক্ষে ১৩ জানুয়ারি, '৬৫ এবং চতুর্থশতরজনী রজনীর উপলক্ষে ৬ জুলাই, '৬৫ তারিখে এবং শেষ অভিনয় ১৩ নভেম্বর, '৬৫ তারিখে। শীর্ষ ২৬ মাস একটানা ৪৮৫ রজনী 'শ্যামলী' পেশাদার রঙ্গমঞ্চে অভিনীত হয় এক নতুন রজিতের সৃষ্টি করে। এক জনার কারণে (যেমন নাটিকাটি 'রঙ্গালয়ের রিকর্ডিং')।

১৯৬৫ সালের ১৪ ডিসেম্বর মঞ্চস্থ হল শরৎচন্দ্রের কাহিনীর উপন্যাস 'পরিণীতা', নাট্যরূপ দিয়েছিলেন অদ্রি, পরিচালনায় ছিলেন নির্মল মল্লিক। 'শ্যামলী' ছেড়ে যাবার আগে উত্তমকুমার স্টার থেকে নিজের নিয়োজন—তাঁর স্থানে নতুন নায়কে এলেন তরুণী অভিনেতা অনিলবরণ ও নায়িকা তরুণ মুখোপাধ্যায়। ১৯৬৬ সালের ১৪ জুলাই 'পরিণীতা'র একটানা ১৩৫তম অভিনয়ের সাথ করে সলিলবাবু আবার নতুন করে পুরোদমে মন দিলেন। মাস ছয়েক থিয়েটার বন্ধ রেখে 'শ্যামলী' নাটকের নতুন সাজ সরঞ্জাম সহ রেকাবপুরের আনুষ্ঠানিক করলেন। তারপর সুবাদে শ্রীবৃদ্ধির পরিকল্পনার আমূলপরিবর্তন অলঙ্করণ করলে হল, তারা হল শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা। ১৯৬৭ সালের ৮ ফেব্রুয়ারি 'দৈনিক বসুমতী'তে লেখা হল

"...প্রচুর অর্থব্যয়ে মঞ্চ ও প্রেক্ষাগৃহের আমূল সংস্কার সাধন করেছেন স্টারের কর্তৃপক্ষ। দর্শকাসনের বসবার আসন বদলেছে, আরও আরামপ্রদ, প্রেক্ষাগৃহের অলঙ্করণ হয়েছে আকর্ষণীয়। শীতাতপ নিয়ন্ত্রণ-যন্ত্র স্থাপিত হওয়ায় দর্শকদের সুখ স্বাচ্ছন্দ্য বেড়েছে প্রচুর পরিমাণে।

'শ্যামলী'র অভিনব সাফল্য যে এঁদের দর্শকের সুখ স্বাচ্ছন্দ্যের প্রতি আরও বেশি সচেতন করে তুলেছে এতে তার কোনো এর বিন্দুমাত্র অর্থব্যয় করতেও এঁরা বিন্দুমাত্র দ্বিধা করেন, এর দ্বারা এঁদের যে নিষ্ঠা ও কর্তব্যবোধের পরিচয় পাওয়া গেল, তা অকুণ্ঠ প্রশংসার যোগ্য। এঁরা যে দর্শকের কথা থেকে শুধু আমাদেরই কথাটা মনে রাখেন তা, সেই সঙ্গে এঁদের অনেকখানি নিজের এগিয়ে আসতে পারেন, এইখানেই এঁদের সততা ও নিষ্ঠা প্রমাণিত হয়েছে।...স্টার রঙ্গমঞ্চ আজ বাঙালীর গৌরবের বস্তু।"

১৯৫৭ সালের ৭ জানুয়ারি নবরূপে নব বেশে উদ্ভাসিত হয়ে আবার দর্শকদের অভিবাদন জানাল স্টার থিয়েটার। এবার সে উপহার দিল নরেশচন্দ্রের 'শ্রীকান্ত' (১ম ও ২য় পর্ব)। নাট্যরূপ আমার। পরিচালনা : নির্মল মল্লিক। মঞ্চ পরিকল্পনা : বটীন্দ্র সরকার (নানুবাবু)। দ্বিতীয় রজনী থেকে যোগেন রায়। সুরু সংযোজনা : দুর্গা সেন। নৃত্য পরিকল্পনা : নরহর ঘোষ। এ নাটকে স্টারে যোগ দিয়েছেন নির্মলকুমার ও শিপ্রা মিত্র। সঙ্গে নিয়মিত শিল্পীরা—অনুপকুমার, তুলসী চক্রবর্তী, কৃষ্ণধন মুখোপাধ্যায়, শ্যাম লাহা, রবীন বন্দ্যোপাধ্যায়, অনুপ মুখার্জী, সুবোধ দাস, শান্তিগোপাল, অপর্ণা দেবী, নবিতা চট্টোপাধ্যায়, বেলারানী প্রমুখ। নাটিকাটি একটানা চলল ১৯৫৮ সালের ২ মে পর্যন্ত। 'অমৃতবাজার পত্রিকা' লিখল

"নরেশ মেহতার অবিস্মরণীয় অনবদ্য অভিনয় মেজদাদাবাবু 'শ্রীকান্ত'র নাট্যে অপরূপ সম্পদ করেছেন সুন্দর ও সার্থকভাবে।...'অভয়া' চরিত্রে নবিতা, 'অভয়ার মা' রূপে অনুপ মুখোপাধ্যায়, 'শ্রীকান্ত' রূপে নির্মলকুমার, 'রাজলক্ষ্মী' ওরফে 'পিয়ারী বাইজী' রূপে শিপ্রা, 'ইন্দ্রনাথ' রূপে সুবোধ এবং 'অন্নদা' অনুপকুমার ঃ-র চরিত্রের পরিচয়ের আজ সার্থক অভিনয়ে মুর্ত করে তুলেছেন।"

"টেলির সাহায্যে দৃশ্য পরিবর্তন, হলঘরে শীতাতপ নিয়ন্ত্রণ ও সাউন্ডের সাহায্যে বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থায় স্টার রঙ্গমঞ্চ বহু-রঙ্গমঞ্চের পথিকৃৎ হয়ে রইল।"

(দেশপত্রিকা ১৪ বর্ষ ৪৭ সংখ্যা ১৩৫৭)

'শ্রীকান্ত' নাটকের ১০০তম রজনী ২২ জুন, '৫৭ ২০০তম রজনী ১১ নভেম্বর '৫৭ এবং ৩০০তম রজনী ২২ এপ্রিল, '৫৮ সালে অনুষ্ঠিত হয়েছে।

১৯৫৮ সালের ২ জুন মঞ্চস্থ হল 'রাজলক্ষ্মী', শ্রীকান্ত উপন্যাসের ৩য় ও ৪র্থ পর্ব অবলম্বনে। নাট্যরূপ আমার। পরিচালনা : নির্মল মল্লিক। মঞ্চসজ্জা ও আলোকসম্পাতে বটীন্দ্র সরকার (নানুবাবু)। শীতাতপ : যোগেন রায়। সুরকার : মানবেন্দ্র মুখোপাধ্যায়। অভিনয়ে স্টার থিয়েটারের নিয়মিত শিল্পীরা। 'রাজলক্ষ্মী' নাটিকাটি একটানা ১০৪ রাত্রি অভিনয়ের পর পরি বছর ২১ ডিসেম্বর পর্যন্ত চলে। 'লোকসেবক' পত্রিকায় লেখা হয়—

"মঞ্চসজ্জা অভিনয় এবং দৃশ্যসজ্জা চমৎকার। নাটকের পরিচালনাও হয়েছে নিখুঁত।"

নাটকের ১০০তম রজনীর উৎসব অনুষ্ঠিত হয় ২৭ অক্টোবর, '৮৮।

নতুন নাটকের প্রস্তুতির জন্য দরজায় পেতে ২৪ ডিসেম্বর থেকে দ্বিতীয় পর্যায়ে 'শ্যামলী' নাটকের পুনরাভিনয় শুরু। অবশ্য হয়েছিল ৩৮ রজনী—শেষ অভিনয় হয় ১৫ ফেব্রুয়ারি, '৯১।

১৯৯৯ সালের ১২ মার্চ মঞ্চোপযোগী অনুবাদ 'সৃষ্টি-দৃষ্টি' উপন্যাস অবলম্বনে 'ডাকঘরলেনে' (নাট্যরূপ ও প্রযোজনা) মঞ্চস্থ হল। এই নাটক থেকে নাট্য পরিচালনার অভিনবত্ব আমার ওপর এসে পড়ল। মঞ্চসজ্জা ও আলোকসম্পাতের দায়িত্বে ছিলেন অনিল বসু। আমি প্রথমেই নিয়ে এলাম নাটকটি শুরি ঝিকাশ এবং নায়িকার জন্যে সর্বপ্রথম সন্ধান দিয়েছে। সহযোগিতায় ছিলেন পূর্বের নিয়মিত শিল্পীরা। দীর্ঘ ন'বছর পরে মঞ্চে এসে ঝুমি ঝিকাশ এই নাটকে অনবদ্য অভিনয় করলেন। সমালোচনা প্রসঙ্গে 'দেশ' পত্রিকায় লেখা হল

> '....দীর্ঘকাল পরে ঝুমি ঝিকাশের অনবদ্য অভিনয়ের জন্যেও দেখতে হবে এই নাটক। 'দীপেনের'-এর মনের অন্তর্দ্বন্দ্ব আশা-আকাঙ্ক্ষা এবং সংবেদনশীল স্ত্রীর আবহাওয়া সহজ প্রকৃতি তিনি অপূর্ব নিষ্ঠা ও কৃতিত্বের সঙ্গে রূপায়িত করেছেন। স্ত্রীর অভিনয়ের মধ্যে কয়েকটি গভীর নাটকীয় মুহূর্তের সৃষ্টি করে গেছেন।....মুখসজ্জার দিক দিয়ে নাটকটি অত্যন্ত প্রশংসার দাবি রাখে। মঞ্চে বহির্প্রকৃতির রূপ দেখানোর কৌশল এক কথায় চমৎকার। দীপেনের-এর ঘরে রামমিনি ও জলীয়দের আগমনের দৃশ্যটি খুবই সুন্দর। নাটকটির মঞ্চসজ্জা, আলোক-সূচনা ও আলোকসম্পাত বৈশিষ্ট্যের দাবি রাখে।'
>
> (দেশ / ৫ই ডিসেম্বর ১৯৯৯/১৮ অগ্র ১৪০৬)

'ডাকঘরলেনে' নাটকের ১০০তম ও ২০০তম অভিনয়োৎসবের অনুষ্ঠিত হয়েছিল ২১ আগস্ট, '৯৯ এবং ২২ জানুয়ারি, '০০ তারিখে।

এরপরে ঘরে বসে বিদেশের জনপ্রিয় উপন্যাসের নাট্যরূপই কেবল মঞ্চস্থ হয়ে এসেছে। এবার মঞ্চস্থ হল আমার মৌলিক নাটক 'পরমহংস শ্রীশ্রীরামকৃষ্ণ', ১৯ মার্চ, ১৯৮০। নির্দেশনার ভূমিকায় অবতীর্ণ অভিনয় করেছিলেন ঝুমি ঝিকাশ। এই নাটকের সমালোচনা প্রসঙ্গে 'জনসেবক' পত্রিকায় লেখা হল

> '....পরমহংস শ্রীশ্রীরামকৃষ্ণ' দেখে এই কথাটাই মনে হলো যে শাশ্বত শিল্পীর চির-পুরাতনকে ঘিরিয়ে অভিনয়ে নবীন আধুনিকের ছোঁয়া দিয়ে পরিবেশন করেছেন। আমাদের পরীক্ষায় এই নাটকের প্রযোজনা শিল্পের নাট্যরূপায়ণটির বিশেষ বৈশিষ্ট্যের ধারণাকে অক্ষুণ্ণ রেখেছে বিশেষভাবে। নাটকের পরিচালক যেখানে প্রয়োজন তাকে আমরা অভিনন্দন জ্ঞাপন করি....'
>
> (জনসেবক ৮ / ১৯৮০)

পত্র-পত্রিকায় সুখ্যাতি লাভের নাটকখানি টিকতে পারেনি। মাত্র ৭৬ রজনী অভিনয়ের পর বন্ধ করে দিতে হয়। নতুন নাটকের প্রস্তুতির জন্য ১৫ দর্শকে 'ডাকঘরলেনে' অভিনীত হয় ১১ জুলাই, '৯০ থেকে ৪১ জুলাই, '৯০ পর্যন্ত ১১ রজনী। এরপর ১১ আগস্ট, '৯০ তারিখে অভিনীত হল মুখোশ খোলের ভিন্নধর্মী উপন্যাস 'প্রেতপুরী'। নাট্যরূপ ও পরিচালনা আমার। এবার নায়কের ভূমিকায় এলেন বিশ্বজিৎসেনের বন্ধু প্রীতিভাজন অরুণ হাজরা। কমল মিত্র, তাপু গঙ্গোপাধ্যায়, অনুপকুমার, সান্ত্বিকী চট্টোপাধ্যায়, লিলি চক্রবর্তী (সংযোজন বাসনাতে প্রথম), বীনা পাল প্রমুখ নিয়মিত শিল্পীরা। ঘরোয়া থিয়েটারের আবহে ঘিরে শেষ তার পুরনো রীতিতে। পুরো ১৯৯১ সাল জুড়ে 'প্রেতপুরী'। নাটকের ১৭০তম, ২০০তম, ৩০০তম রজনীর উৎসব অনুষ্ঠিত হয় যথাক্রমে ১৭ জানুয়ারি, '৯১, ২৩ জুন '৯১ এবং ১৮ নভেম্বর, '৯১ তারিখে। ১৯৯২ সালের ১৮ ফেব্রুয়ারি ৩৭৩তম অভিনয়ের পর 'প্রেতপুরী' বন্ধ হয়ে যায়।

১৯৯২ সালের ৮ মার্চ মঞ্চস্থ হল শক্তিপদ রাজগুরুর উপন্যাস অবলম্বনে 'শেষরক্ষি' নাট্যরূপ ও পরিচালনা আমার। মঞ্চ আলোক : অনিল বসু। শীতিকার শিবপ্রসাদ রায়। অভীষ্ট কুণ্ডু সেন। অভিনয়ে বিশেষভাবে শিল্পীরা। এই নাটকটি প্রায় ৩ বছরের সঙ্গে রজনীর সংখ্যা বাড়ে। মঞ্চস্থ হয়ে গিয়েছে, সেখানেও এই নাটক 'অভিনীত', তার সঙ্গে মঞ্চস্থ হল মঞ্চস্থ আরেক যৌথপরিবার নাটক 'আরাধনা'। ২৩ ডিসেম্বর থেকে দ্বিতীয় পর্যায়ে শুরু হল 'শেষরক্ষি'। ক্রমবর্ধমান ভিড়ে নাটকটি ২২০ রাত্রি অভিনীত হয়েছিল। এই নাটকের ১০০তম রজনী উৎসব অনুষ্ঠিত হয় ২৫ আগস্ট, '৯২ এবং শেষ অভিনয় ৩ ফেব্রুয়ারি, '৯৫ তারিখে।

১৯৯৩ সালের ১৪ ফেব্রুয়ারি শীতের মরসুমে নাটক প্রযোজনা নীহাররঞ্জন গুপ্তের কাহিনী অবলম্বনে 'ডাকসাঁই'। নাট্যরূপ ও পরিচালনা আমার। অভীষ্ট কুণ্ডু সহযোগিতা করেছিল। এই নাটকে প্রথম অভিনয়ে করলেন সৌমিত্র চট্টোপাধ্যায় ও মঞ্চে। সমালোচনা প্রসঙ্গে 'যুগান্তর' পত্রিকা লিখলেন—

> 'ডাকসাঁই' নাটকে সৌমিত্র চট্টোপাধ্যায় প্রথম অভিনয়রজনীই চমকপ্রদের দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছেন। সৌমিত্র অভিনয় চরিত্রটিকে (দীপক) একটি লক্ষণীয় বৈশিষ্ট্য দান করেছে এবং সামগ্রিক অভিনয়ের দিকটিতে এই অভিনয় নিঃসন্দেহে বিশেষ কৃতিত্বের পরিচায়ক।
>
> তিনখানি রবীন্দ্রসঙ্গীত এবং পরিবেশ রচনায় রবীন্দ্র-সঙ্গীতের সুষ্ঠু সার্থকভাবে ব্যবহার করা হয়েছে নাটকটিতে। মুখসজ্জা এবং সুষ্ঠু আলোকসম্পাতের দাবি অনিল বসুর।
>
> (যুগান্তর ১৮ মার্চ, ১৯৯৩)

নাটকটি ৪৬৭তম অভিনয়ের পর ১৯৯৪ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত চলে। 'ডাকসাঁই'র ১০০তম, ২০০তম, ৩০০তম এবং ৪০০তম রজনীর আয়োজনের মধ্য দিয়ে

১৪ জুলাই, '৮৩, ২৭ ফেব্রুয়ারি, '৮৪ ১৪ জুলাই, '৮৪ এবং ৫৮ নভেম্বর, '৮৪।

১৯৮৫ সালের ১৮ ফেব্রুয়ারি মঞ্চস্থ হল বিমল মিত্রের 'একক দশক শতক'। নাট্যরূপ ও পরিচালনা আমার। সঙ্গীত আলাদি খন্দিলার। মঞ্চ ও আলো অনিল বসু। গীত রচনা পূরবী মুখোপাধ্যায়। নৃত্য পরিকল্পনা গীতিমা দাস। ২৬৪ রাত্রি অভিনয়ের পর ১৯৯৬ সালের ১৭ এপ্রিল নাটকটি শেষ হয়। এই নাটকটি নিয়ে বিদেশনগরে দুবার আলোড়ন সৃষ্টি হয়েছিল।

১৯৮৬ সালের ২৮ এপ্রিল মঞ্চস্থ হল 'সখী'। নাটকটি রচনা ও পরিচালনা আমার। সঙ্গীত কালীপদ সেন। আলো ও মঞ্চ অনিল বসু। গীত রচনা পূরবী মুখোপাধ্যায়। এই নাটকে নায়কের ভূমিকায় সর্বাঙ্গ সুন্দরভাবে প্রথম অভিনয় করলেন এবং নায়িকার ভূমিকায় প্রথম পুরস্কার চট্টোপাধ্যায়— সঙ্গে শহরের নিয়মিত শিল্পীরা। এই নাটকের জনপ্রিয়তা 'শাস্তনী' নাটকের রেকর্ডও ভেঙে দিয়েছিল। সমালোচনা প্রসঙ্গে 'দেশ' পত্রিকায় লেখা হল—

> '...দর্শকের দাবি এই নাটক অনন্তকাল পূর্ণ করবে। ঘটনার পর ঘটনা নাট্যকার-পরিচালক যেভাবে গড়ে তুলেছেন, তা দর্শকদের কৌতূহলকে সজাগ রাখে। পরিস্থিতি ও পরিণতি এই নাটকের মত দাবী। কোন ঘটনাই অকারণে দীর্ঘ নয় এবং নাটকটির মত অকৃপণ অভিনেতা-অভিনেত্রীরা, যাঁর মধ্যে দিয়ে নাট্যকার কল্পিত চরিত্রগুলির মধ্যে একটি বাস্তবিক ছবি এঁকেছেন। 'সখী' একটি ভালো নাটক, যার উপস্থাপনা ও উপলব্ধির দর্শকরা সানন্দে গ্রহণ করবেন।'

/দেশ ১১ জুন, ৮৬/

'সখী' নাটকের সাফল্যের ১৯৮৭ সালে আর কোনও নাটক বানাতে হয়নি। এই ১০০তম, ২০০তম ও ৫০০তম অভিনয় উপলক্ষে যথাক্রমে ২৩ নভেম্বর, '৮৯ ও জুন, '৯৭ এবং ৭ সেপ্টেম্বর, '৯৮ তারিখে। নাটকটি রচনার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয় আমাকে 'সুধাংশুকান্ত পুরস্কার'-এ ভূষিত করেন।

১৯৮৮ সালের ২৪ অক্টোবর শহরে মঞ্চস্থ হল 'পরিণতা'। রচনা ও পরিচালনা আমার। সঙ্গে নিয়মিত শিল্পী ও অভিনেত্রীরা এবং অতিথি চট্টোপাধ্যায়। নাটকটি ৪৫১ সন্ধ্যা চলার পর ৭ ফেব্রুয়ারি, '৯১ তারিখে শেষ হয়। এর ১০০তম ও ২০০তম রজনীর অনুষ্ঠান হয় যথাক্রমে ২৮ জুন, '৯০ এবং ১৩ সেপ্টেম্বর, '৯১ তারিখে। পুরো দুটো বছর পার করে গেল 'পরিণতা'।

১৯৯১ সালের ৮ ফেব্রুয়ারি মঞ্চস্থ হল 'নীলম'। রচনা ও পরিচালনা আমার। সঙ্গে শহরের নিয়মিত শিল্পী এবং অভিনেত্রীবৃন্দ। নাটকটি ২০৪ রাত্রি চলার পর ২ জানুয়ারি '৯২ তারিখে বন্ধ হয়। শতবর্ষ বিনোদিনী-এর ইতিহাস চলচ্চিত্রে বলি ১৯৩৪ সাল থেকে এই বিনোদিনীর ভালোবাসার সলিলসমাধান ছিল। তারপর রঙ্গমঞ্চের সঙ্গে মিত্র পরিবারের সম্পর্কে সেই বিশ শতকের খোড়া খেয়ে। সলিলবাবুর সঙ্গে শহরের সম্পর্ক তিন দশকেরও বেশি। সেই দীর্ঘকালের ঐতিহ্যের বন্ধন ছিন্ন করে ১ এপ্রিল, '৯১ থেকে সলিলবাবু রঙ্গমঞ্চটি তুলে দিলেন বঙ্গিম নিরঞ্জনের স্বত্বাধিকারী বঙ্গিমচন্দ্র অপারেটরদের হাতে। সলিলবাবুর বিদায়ের সঙ্গে সঙ্গে একটি যুগের পরিসমাপ্তি ঘটল। বঙ্গিমবাবু প্রথম প্রথম মঞ্চের শিল্পী ও কলাকুশলীদের বহাল রেখে 'সীমা' নাটকটি চালাতে লাগলেন। এই পর্যায়ের আর একটি উল্লেখযোগ্য ঘটনা কালোত্তীর্ণের মুক্তিযুদ্ধ। এই পরিপ্রেক্ষিতে বঙ্গিমবাবু প্রযোজনা করলেন আমার লেখা মঞ্চ নাটক। মঞ্চস্থ হয়েছিল ৮ মে, '৯১ তারিখে। ১৯৭২ সালের ৯ জানুয়ারি সর্বাঙ্গ ১০০৫ম অভিনয়ের পর 'সীমা' নাটকটি বন্ধ হয়।

১৯৭২ সালের ২১ জানুয়ারি মঞ্চস্থ হল অশোকপুরী দেবীর 'মন্ত্রণা', নাট্যরূপ ও পরিচালনা আমার। অভিনয়ে শহরের নিয়মিত শিল্পীদের সঙ্গে অতিথিরাও ছিল। এই নাটকে মঞ্চ আলোকসম্পাতে অনিল বসু অপূর্ব দক্ষতার পরিচয় দেন। নাটকটি ১৮ ফেব্রুয়ারি, '৭৩ পর্যন্ত ২৬৭তম রজনী অভিনয়ের পর বন্ধ হয়।

১৯৭৩ সালের ১৮ মার্চ মঞ্চস্থ হল 'বিদ্রোহী নায়ক'। রচনা ও পরিচালনা আমার। রঙ্গমঞ্চের পঞ্চাশৎ উপলক্ষে-এর আধুনিকতম নিবেদিতায় সে যুগের নট-নাটিকার উপেক্ষনাথ মঞ্চের জীবনী অবলম্বনে। 'সুখের বিনোদিনী' নাটক রচনা ও অভিনয়ের জন্য তিনি তখনকার ইংরেজ সরকারের কাছে ক্ষমা চেয়েছিলেন। আমার এই নাটকটিও তখনকার বিশ্ববিদ্যালয় কর্তৃক 'সুধাংশুকান্ত পুরস্কার' পায়। ১০৪তম অভিনয়ের পর ৩০ আগস্ট, '৭৩ তারিখে নাটকটি বন্ধ হয়ে যায়। এরপর ২০ সেপ্টেম্বর '৭৩ তারিখে মঞ্চস্থ হল শরীন বন্দ্যোপাধ্যায়ের 'অন্তরঙ্গবধূ'। পরিচালনা আমার। সঙ্গীত পরিচালনা করেছিলেন হিরিপ্রসন্ন। ১৭৭তম অভিনয়ের পর ২৮ এপ্রিল, '৭৪ তারিখে নাটকটি শেষ হয়। ১৯৭৩ সালের গোড়ার দিকে আমার সঙ্গে শহরের সম্পর্ক ছিন্ন হয়। সেই সঙ্গে শহরের পুরাতন শিল্পীগোষ্ঠীকেও বিদায় দেওয়া হয়। এরপরিবর্তন নতুন করে গড়ি উপলক্ষে ২৫ ডিসেম্বর, '৭৩-এ মঞ্চস্থ হয়ের 'মুক্তির ডাক' মঞ্চস্থ হয়। আবার সময়ে শহরে ছোট-বড় নাট্যরূপ ও মৌলিক নাটক নিয়ে প্রায় ২০ খানা নাটক মঞ্চস্থ হয়।

১৯৭৪ সালের ৩১ মে মঞ্চস্থ হল তুষার মুখোপাধ্যায়ের 'শরিফ'। পরিচালনা : অমিয় মোষ। নাটিকা : পরিমল বিশ্বাস। ৩০৭ রাত্রি অভিনয়ের পর ২২ জুন, '৭৫ তারিখে নাটকটি বন্ধ হয়ে যায়।

১৯৭৫ সালের ১৮ জুন মঞ্চস্থ হয় অমিয়ভূষণের 'কৃষ্ণকলঙ্কের উইল' (নাট্যরূপ তুষার মুখোপাধ্যায়)। প্রথম উপন্যাস ও 'কৃষ্ণকলঙ্কে'র ভূমিকায় মঞ্চের শুরু। পরিচালনা

রঙ্গিমহল কালেক্টরিয়া। ৫৪৫তম রজনী অভিনয়ের পর ২৪ জে. '৭৭ তারিখে নাটকটি বন্ধ হয়। ১৯৭৬ সালের ১৮ সেপ্টেম্বর পরাধীনতার অন্ধকারবাহিনীতে 'মন্বন্তর' (নাটক নীহারঞ্জন হয়) মঞ্চস্থ হয়।

১৯৭৭ সালের ২৭ জুন অভিনীত হল অমিত মুখোপাধ্যায়ের 'সমাজ'। প্রধান উপকরণ ও অভিনয়ে অংশগ্রহণ করেন। পরিচালনা : রঙ্গিমহল কালেক্টরিয়া। সঙ্গীত : হিমাংশুরঞ্জন। ৪৩৭ রজনী অভিনয়ের পর নাটকটি ১২ ডিসেম্বর '৭৮ তারিখে বন্ধ হয়।

১৯৭৮ সালের ১৪ ডিসেম্বর শুরু হল তপেশ্বু পাত্রুলির 'সংগ্রাম'। নাটকটি খুবই জনপ্রিয় হয়। মাত্র ২৮ রজনীর পর ১৮ জানুয়ারি '৭৯ তারিখে বন্ধ হয়ে আবার দ্বিতীয় পর্যায়ে 'কৃষ্ণকান্তের উইল চলাতে হয়। এবারও ৭৭তম অভিনয় হয়ে ২৯ এপ্রিল '৭৯ পর্যন্ত চলে। দু'বারে নাটকটি ৬২২ রাত্রি অভিনীত হয়।

ছয়মাস বন্ধ থাকার পর চলচ্চিত্রের অভিনয় পাত্রুলির 'মানু' পালটি 'সমাধান' নামে মঞ্চস্থ করেন মেসার্স হাজরা। 'সমাধান' শুরু হয় ১৯৭৯ সালের ৪ জুলাই। সংগঠনে ঘথারীতি পূর্বতন পরিচালকবর্গ। ১৯৭৯ থেকে ১৯৮৫ সাল পূর্ণ করে ১৩ মার্চ, '৮৬ সাল পর্যন্ত প্রায় ৭ বছর একটানা ১৩২৪ রজনী চলার পর নাটকটি বন্ধ হয়। ১৯৮৪ সালের ১১ নভেম্বর অমেন্দ্র গুপ্ত পরলোকগমন করেন। এই 'সমাধান' নাটকেই তাঁর শেষ অভিনয়। 'সমাধান' স্টারের সব নাটকের রেকর্ড ভেঙে এক নতুন নজির সৃষ্টি করে।

১৯৮৪ সালের ১৪ই এপ্রিল শুরু হয় নব সামাজিক নাটক অঙ্গন শ্রীবুদ্ধী চিত্রকাহিনী 'সাপের বাড়ি'র অভিনয়। এ নাটকটির তীব্রবিন চলার পর (১০৫ রজনী) ১৯৮৯ সালের ১৭ জুন বন্ধ হয়।

১৯৮৫ সালের ২৭ জানুয়ারি শুরু হল অজিত পাত্রুলির 'শাপমোচন'। ২৯১তম অভিনয়ের পর ১৩ এপ্রিল, '৮৬ তারিখে শেষ হয়

১৯৮৬ সালের ১৪ এপ্রিল শুরু হল অশাপূর্ণা দেবীর বিখ্যাত চিত্রসফল কাহিনী 'সুবর্ণলতা'। নাট্যরূপ অজিত পাত্রুলি। এই নাটকের নায়িকা ছিলেন সুপ্রিয়া দেবী। ৩৮৮তম অভিনয়ের পর ২২ নভেম্বর '৮৭ সালে নাটকটি বন্ধ হয়। এই বন্ধের আর একটি নব সামাজিক নাটক 'খেলনা' শুরু হয় ৩১ ডিসেম্বর '৮৬ তারিখে। ৭২ রজনীর পর বন্ধ হয়ে যায়।

১৯৮৭ সালের ১৫ এপ্রিল শুরু হল 'ঘরে ঘরে'। ১০৭তম অভিনয়ের পর ২১ আগস্ট, '৮৭-তে নাটকটি বন্ধ হয়ে যায়। ইতিমধ্যে মাঝে মাঝে অর্ধশিবেকের শুরু হয়। থেকে যায়ন. ১৯৮৭ সালের ১ ডিসেম্বর থেকে '৮৮ সালের ৩০ নভেম্বর পর্যন্ত প্রতিদিন পক্ষ থেকে স্টার থিয়েটারে 'সক-আইটি' ঘোষণা করে হলগুলিকে এক বছরে বন্ধ রাখেন। এটিও বঙ্গের ইতিহাসে একটা রক্ষিদর্শীয় ঘটনা।

১৯৮৯ সালের ২৪ ফেব্রুয়ারি শুরু হল অজিত পাত্রুলির 'চাকরী'। ৪৫৫তম অভিনয়ের পর ৩০ এপ্রিল নাটকটি বন্ধ হয়ে যায়। এটিই রঙ্গিমহলের শেষ প্রযোজনা। একাধিক নাটকে পরপর লোডশেডিংয়ের পর রঙ্গিমহলের ডেকরেটার অনুপ গুপ্ত ও ফলস সেলসম্যান তাড়া দিলেন। এঁরা প্রযোজনা করলেন 'বরযাত্রী'। এই নাটকের মাধ্যমে স্টার আবার ফিরে পেল তার ঐতিহ্যকে। পরপর রজনী উৎসবও হল, কিন্তু পুর্ণাঙ্গনাটকের ১১৭তম অভিনয়ের পর নাটকটি হঠাৎ বন্ধ হয়ে গেল ১৩ মার্চ '৯০ তারিখে।

১৯৯০ সালে ১৮ মার্চ থেকে প্রযোজকদলের আনুকূল্যে এলেন প্রখ্যাত নট-নাট্যকার ও পরিচালক সত্য বন্দ্যোপাধ্যায় তাঁর দলবল নিয়ে শুরু হল 'নরমেধ'। ইতিমধ্যে অনুপ গুপ্ত ও ফলস সেলসম্যান নিজেদের নতুন নাটক প্রস্তুত করতে লাগলেন। 'নরমেধ' নাটকের শেষ অভিনয়েই কর্তৃপক্ষ অভিযোগ আনেন — নাটকের পরাক্রম রজনীর উৎসব হল। এইসব দেখে রঙ্গিমহলের আশ্রয়ে একটি নাটক প্রযোজনা করলেন 'অমীমা প্রোডাকসন্স'। শুরু হয় ২৭ এপ্রিল, '৯০ এবং শেষ হয় ১১ ডিসেম্বর, '৯০ তারিখে ৪০৫তম অভিনয়ের পর। ইতিমধ্যে অনুপবাবু ফলসম্যানদের প্রস্তুতিপর্ব শেষ হয়ে গিয়েছে। ১৯৯০ সালের ৯ ডিসেম্বর শুরু হল 'নটের নির্দেশ'। গল্প/পরিচালনা/সঙ্গীত প্রযোজনা সৌমিত্র চট্টোপাধ্যায়। অভিনয়ে সৌমিত্র চট্টোপাধ্যায়, তাপসী চক্রবর্তী, রবি ঘোষ, শ্রীলা মজুমদার, অরুণকুমার প্রমুখ। বিষয়টি সাজানো এনে দিল এই নাটক। ১৯৯১ সালের জানুয়ারিতে ১০০তম রজনীর স্বাগতোৎসবের অনুষ্ঠান হল। কিন্তু পূর্ণাঙ্গনাটকের ৫১৬তম অভিনয়ের পর ১৯৯১ সালের ১৩ অক্টোবর সরকারী পৃষ্ঠপোষকতায় রাত্রি ১টার জাতকিক অভিনয়ের সম্পূর্ণ অবসান হয়ে গেল পরাধীনতা অর্থের ঐতিহ্যবাহী বিনোদনকেন্দ্র প্রেক্ষাগৃহ স্টার থিয়েটার, যার সঙ্গে সম্পর্ক ছিল আমার সুদীর্ঘকালের। শুধু তাই নয়—আমার সময়ে স্টার থিয়েটারকে সাজানো হয়েছিল, নীতিতাল নিয়ন্ত্রিত করা হয়েছিল। প্রেক্ষাগৃহের অভ্যন্তরে আলোকপাত করেছিলেন প্রখ্যাত শিল্পী সুধাংশু চ্যাটার্জি। শিল্পী ও কলাকুশলীদের প্রতিযোগিতা মূলক ব্যবস্থা করা হয়েছিল। এক কথায় বলতে পারি, আমার সময়ে স্টার থিয়েটারে একটা গৌরবময় অধ্যায়ের সূচনা হয়েছিল। যাকে আমি রিয়ে রিয়ে 'চিত্রলাক্ষ্মী' বলে পড়ে তুলেছিলাম, অজিত চেলিয়ানে নিখাদ এক রাত্রের আলোয় সেই চিত্রলাক্ষ্মী অন্তর্হিত হয়ে গেল। শুধু থেকে গেল মস্তিষ্কোপরি অবেদনাদায়ী যা আগামী আসার পথের প্রতি মুহূর্তেই পরিবর্তনের সকল করিয়ে নিচ্ছে এই সেই স্টার থিয়েটার। হলগুলি আবার নতুন করে গড়ে উঠবে কিনা জানি না। যদিও বা গড়ে ওঠে, আমার জীবদ্দশায় আমি তা দেখতে পাব না—তাই উত্তরসূরী গবেষকদের জন্যে স্টার থিয়েটারের আনুপূর্বিক ইতিবৃত্ত এই পুস্তিকায় ধরে রেখে গেলাম।

/ পরিচালক এবং কলাকুশলীর তালিকা /

বাংলা নাট্যশালার উজ্জ্বল জ্যোতিষ্ক স্টার থিয়েটার

সত্য বন্দ্যোপাধ্যায়

থিয়েটারের সঙ্গে আগুনের অগ্নিনকুল সম্পর্ক হাজার হাজার বছরের পুরনো। ইউরোপের থিয়েটারের প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব এস্‌কাইলাসের বিখ্যাত নাটক 'প্রমিথিউস বাউন্ড' (খ্রিঃ পূঃ ৪৫৭)-এর নায়ক প্রমিথিউস অলিম্পাস গিরি থেকে দেবরাজের অমূল্য ধন আগুন চুরি করে মানবজাতির হাতে তুলে দিয়েছিলেন দেবরাজ জিয়ুসের নিষেধাজ্ঞা অগ্রাহ্য করে ; ফলে তাঁকে পাহাড়ের সঙ্গে শৃঙ্খলাবদ্ধ করে রাখা হয় এবং ঈগলপাখি দিনের পর দিন তাঁর যকৃৎ ঠুকরে ঠুকরে খায়। অবশেষে মহাবীর হারকিউলিসের হস্তক্ষেপে তিনি মুক্তিলাভ করেন। মানুষের দেবতা হতে এই অসম সাহসিক সংগ্রাম আজও পৃথিবীর মানুষের হৃদয়ে অমলিন। কথাটা বার বার মনে পড়েছিল ১৪ অক্টোবর ১৯৯১—যেদিন আমাদের বাংলার নাট্যপ্রেমীদের হৃদু গর্বের স্টার থিয়েটার ভস্মীভূত হয়েছিল।

খুব বেশি দিন নয়—মাত্র দুশো বছর আগে আমাদের এই কলকাতায় ১৭৯৬ সালে ভারতবন্ধু রুশ ভাষাবিদ, সংগীতজ্ঞ, নাট্যকার, নির্দেশক মেরাসিম স্টেপানোভিচ লেবেডেফের তিল তিল করে রক্ত দিয়ে গড়ে তোলা 'বেঙ্গলি থিয়েটার' ব্রিটিশ বণিক সম্প্রদায়ের ষড়যন্ত্র মঞ্চশিল্পী জোসেফ ব্যাটল-এর স্বহস্তে অগ্নিসংযোগে ভস্মীভূত হয়। ১৯২২ সালে গিরিশচন্দ্রের স্মৃতিবিজড়িত মিনার্ভা থিয়েটার প্রথম রাত্রিতে 'ম্যাকবেথ' অভিনয় চলাকালীন অগ্নিদগ্ধ হয়ে ভস্মীভূত হয়। এই কারণেই বিদেশের প্রায় অধিকাংশ থিয়েটারে দেখেছি মঞ্চে সামনের পর্দারও সামনে একটি 'fire curtain'-এর ব্যবস্থা থাকে যাতে মঞ্চে কোনভাবে অগ্নিকাণ্ড ঘটলে গোটা প্রেক্ষাগৃহকে বাঁচানো সম্ভব হয়। আমাদের গোড়া দেশে ব্যবসায়ীরা এসব সম্বন্ধে অর্থাৎ নগদ মুনাফা ব্যতীত অন্য সব বিষয়ে চরম উদাসীন।

স্টার থিয়েটার আমাদের বাংলা নাট্যজগতের বিশাল ঐতিহ্যের বাহক, যেখানে স্বয়ং রবীন্দ্রনাথ থেকে গিরিশচন্দ্র, অর্ধেন্দুশেখর, বিনোদিনী, মহেন্দ্র গুপ্ত, অমৃতলাল, ছবি বিশ্বাস, আরও অনেক বিশিষ্ট নাট্যব্যক্তিত্বদের পদধূলিতে ধন্য কর্মচঞ্চল এক থিয়েটার।

স্টার থিয়েটারের দীর্ঘ ইতিহাসের পাতা উল্টে প্রথমে দেখি ১৮৮৩ সালে গিরিশচন্দ্র ন্যাশনাল থিয়েটার থেকে যখন সরে এলেন তখন তিনি নিজস্ব নাট্যদল গঠন করে ব্যবসায়ী গুরুমুখ রায়ের সহায়তায়, বিনোদিনীর সহযোগিতায় ৬৮ নম্বর বিডন স্ট্রিটে ন্যাশনাল থিয়েটারের উল্টোদিকে প্রতিষ্ঠা করলেন স্টার থিয়েটার। ২১ জুলাই ১৮৮৩ সালে 'দক্ষযজ্ঞ' নাটকের অভিনয় নিয়ে রঙ্গালয়ের দ্বারোদ্ঘাটন হল। ৩১ জুলাই স্টার থিয়েটারে শেষ অভিনয় গিরিশচন্দ্র রচিত 'বুদ্ধদেব চরিত' ও বেল্লিকবাজার'। ১৮৮৭ সালে গিরিশ-বিনোদিনীর সৃষ্ট

থিয়েটার হিল হাজার টাকায় বিক্রি হয়ে গেল। মালিকানা হস্তান্তরের ফলে থিয়েটারের নতুন নামকরণ হল 'এমারেল্ড' থিয়েটার। সমকালের উল্লেখযোগ্য ঘটনা এই থিয়েটারেই প্রথম বিদ্যুতের সাদরাদ চালু হল।

এই এমারেল্ড থিয়েটারেই রবীন্দ্রনাথের 'রৌদ্রকুরমীর ঘটি' অবলম্বনে প্রযোজিত হয় 'রাজা বসন্ত রায়' এবং ১৮৯০ সালে 'রাজা ও রানী'। এমারেল্ড চলাকালীনই ১৮৮৮ খ্রিস্টাব্দের ২৪ মে অমৃতলাল বসু, অমৃতলাল মিত্র প্রমুখেরা মিলিত হয়ে নতুন স্টার থিয়েটার প্রতিষ্ঠা করলেন ৭৪/৩ কর্নওয়ালিস স্ট্রিটে।

১৮৮৯ সালের ৪ ফেব্রুয়ারি গিরিশচন্দ্র গোপাললাল শীলের এমারেল্ড থিয়েটার-এর সঙ্গে চুক্তি শেষ হলে নতুন স্টার থিয়েটারের জয়যাত্রা শুরু হল। ১৮৯০ সালে এসে সেখানে যোগ দিলেন নিরীহ-চরিত্র সুরেন্দ্রনাথ ঘোষ যিনি দানীবাবু। দানীবাবুর পর শুরু হল নাটক 'চণ্ড'। ১৮৯১ সালে স্টার থিয়েটার ছাড়লেন গিরিশ ; তাঁর অনুপস্থিতিতে মঞ্চস্থ হল নাটক 'বিলাস' এবং পরবর্তী সময়ে বঙ্কিমচন্দ্রের উপন্যাস-নির্ভর 'মহাপেশ্বর' (১৮৯৪) এবং 'বাঙ্গলিনে' (১৮৯৬)— অমৃতলাল বসুর নাটকগুলি। এরপর গিরিশচন্দ্র পুনরায় স্টারে প্রত্যাবর্তন করলে শুরু হয় থিয়েটারের গিরিশচন্দ্র-অমৃতলালের যুগান্তকারী যুগ।

স্টার থিয়েটারে ফিরে এসে গিরিশ প্রথম নাটক 'কালাপাহাড়ে' মুখ্য ভূমিকায় নিজেকে ছাড়া দানীবাবু, নগেন্দ্রবালা, নরীসুন্দরী, অমৃতলাল প্রমুখ যোগ্য অভিনেতা-অভিনেত্রীবর্গকে। স্টার থিয়েটারের ইতিহাসে এটা ছিল স্বর্ণময় যুগ।

কিন্তু বছর ঘুরতে না ঘুরতে গিরিশচন্দ্র পুনরায় স্টার থিয়েটারের সঙ্গে সম্পর্ক ত্যাগ করলেন। থিয়েটারের ব্যবসায়িক স্বার্থের কথা চিন্তা করে নাটকের পাশাপাশি যুক্ত হল বায়োস্কোপ দেখানোর ব্যবস্থা। নাটকার হিসেবে গিরিশচন্দ্রের স্থান পূরণ করতে তখন এলেন তখনো নাট্যজগতের দুই বিপক্ষ নাটকার দ্বিজেন্দ্রলাল ও ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ। ১৯০৩ সালে ১৫ আগস্ট ক্ষীরোদপ্রসাদের 'প্রতাপাদিত্য' শুরু হল ; এরপরবর্তীকালে তাঁর 'নরমেধযজ্ঞ' ও 'নন্দকুমার' নাটক দুটিও স্টার থিয়েটারেই অভিনীত হয়। দ্বিজেন্দ্রলাল লিখলেন 'রানা প্রতাপ' (১৯০৩ / ২২ জুলাই)।

১৯১২ সালে ৯ ফেব্রুয়ারি গিরিশচন্দ্র শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ; উল্লেখযোগ্য যে তিনি স্টার থিয়েটারে ১৯০৭ সালে শেষ নাটক মঞ্চস্থ করেন তাঁর সর্বাধিক পঠিত 'প্রফুল্ল' নাটকটি। বলা বাহুল্য গিরিশের মৃত্যুতে বাংলা রঙ্গমঞ্চের গৌরবময় অধ্যায় ইতিহাস হিসেবে চিহ্নিত হয়ে পড়ে।

১৯২০ সালে গিরিশের জন্মশতবর্ষে আপরেশচন্দ্র মুখোপাধ্যায় স্টার থিয়েটারের লেসি হিসেবে দায়িত্ব নিলে নতুন যুগের পালাবদল শুরু হল। ১৯২৩ সালের ৫০ ঘণ্টা অপরেশচন্দ্রের 'কর্ণার্জুন' মঞ্চস্থ করে ঘিনোদে রাত্রি অতিক্রান্ত করে নতুন ইতিহাস সৃষ্টি করল এবং স্টার থিয়েটারের হারানোগৌরব পুনরুদ্ধার হল। অপরেশচন্দ্রকে ঘিরে যুক্ত হলেন নিরুপমা চক্রবর্তী, অহীন্দ্র চৌধুরী, নরেশচন্দ্র মিত্র, ইন্দুভূষণ মুখোপাধ্যায়, নিরঞ্জন লাহিড়ী, দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় প্রমুখ বাংলা রঙ্গমঞ্চের সর্বশ্রেষ্ঠ অভিনেতৃবৃন্দ।

